ক্যুইজ ডায়েরী

বরুণ মজুমদার

মণ্ডল এণ্ড সন্স
১৪, বঙ্কিম চ্যাটার্জী স্ট্রীট, কলিকাতা-৭০০০৭৩

লেখকের কৈফিয়ৎ

প্রথম যখন ক্যুইজের বই লিখি এবং তা প্রকাশিত হয় তখন বইটার অস্বাভাবিক জনপ্রিয়তা আমাকে বিশেষভাবে অনুপ্রাণিত করে। এবার সম্পূর্ণ নতুন আঙ্গিকে ছাত্রছাত্রী, প্রতিযোগিতামূলক পরীক্ষার পরীক্ষার্থী —সকলের প্রয়োজনের প্রতি লক্ষ্য রেখে ক্যুইজ ডায়েরী তুলে দিলাম তাঁদেরই হাতে।

আজকাল ক্যুইজ বা প্রশ্নোত্তরের প্রতিযোগিতা বেশ জনপ্রিয় হয়ে উঠেছে। এতে চটজলদি সব কিছু সকলে জানতে পারেন। আজকের সমাজে ছেলেমেয়েদের সব বিষয়ে কিছু জ্ঞান থাকা আবশ্যক হয়ে পড়েছে। বিষয়ভিত্তিক জ্ঞানটা কত গভীর সে যাচাইটা অবশ্য অন্য ব্যাপার। কিন্তু তথ্যমুখী প্রশ্নের জন্য সকলকে প্রস্তুত থাকতেই হয়। তারই জন্য প্রয়োজন ক্যুইজের বই-এর। অনেক বিষয়ে একত্রে ক্যুইজের ভাল বই বাংলাভাষায় বিশেষ নেই। অথচ এ ধরনের একটা বই খুবই জরুরী। এই জরুরী প্রয়োজনের কথা মনে রেখেই আলাদা আলাদা বিষয় নিয়ে একত্রে এই ক্যুইজের বই লেখাতে আগ্রহী হলাম। আগ্রহটা আরো বাড়িয়ে দিলেন শংকর মণ্ডল। এই বই প্রকাশে আমাকে নানাভাবে সাহায্য করেছেন চন্দ্রশেখর মান্না (অঙ্ক) ও শিপ্রা মজুমদার। বাংলা ভাষায় এই ধরনের একটা বই ছাত্রছাত্রী থেকে শুরু করে সকলের উপকারে লাগবে বলে আমার বিশ্বাস। বই-এর গুণাগুণ-বিচারের ভার তুলে দিলাম পাঠকদের ওপর। সবশেষে বলে রাখি যে, একই ধরনের প্রশ্ন অন্য অনুচ্ছেদে ইচ্ছাকৃতভাবে সংযোজন করা হয়েছে। ত্রুটি হলে এটা ইচ্ছাকৃত ত্রুটি বলা যায়।

সূচীপত্র

উৎসর্গ

অচেনাকে চেনার, অজানাকে জানার মধ্যে যাঁরা আনন্দ পান—তাঁদের উদ্দেশ্যেই উৎসর্গীত হ'ল আমার ক্যুইজ ডায়েরী।

গ্রন্থকার

সাধারণ জ্ঞানের প্রশ্নোত্তর

প্রঃ (১) কুইজ শব্দটার অর্থ কি ?

উঃ লাতিন ভাষায় ক্যুইজ (QUIZ) শব্দের মানে কী বা কে। এর সঙ্গে এই ক্যুইজ শব্দটার মিল থাকা সম্ভব। অষ্ট্রেলিয়রা কৌতুহলী বোঝাতে ক্যুইজি শব্দটা ব্যবহার করে থাকেন। অভিধানে অবশ্য ক্যুইজের অর্থ বাতিক-গ্রস্ত। অক্সফোর্ড ইংরাজী অভিধানে একথা লেখা আছে।

প্রঃ (২) ক্যুইজারী কাকে বলে ?

উঃ ক্যুইজের সংগ্রহকে বলা হয় ক্যুইজারী।

প্রঃ (৩) প্যারিসের আইফেল টাওয়ারের উচ্চতা কত ?

উঃ ৩শো মিটার।

প্রঃ (৪) বিগবেন কি ?

উঃ বৃটিশ পার্লামেণ্টে যে ঘড়িটা আছে তার নাম বিগবেন। আগে বিগবেন বলতে ঐ ঘড়িটার ঘণ্টাটাকেই বোঝাতো। কিন্তু পরবর্তীকালে গোটা ঘড়িটার নাম হয় বিগবেন। বেঞ্জামিন হল ১৮৫৯ সালে এটি নির্মাণ করেন।

প্রঃ (৫) ইহুদীদের টুপির নাম কি ?

উঃ ইয়ারমুলকে।

প্রঃ (৬) একটামাত্র লাইনের ওপর দিয়ে কোন রেলগাড়ী চলতে পারে ?

উঃ মনোরেল।

প্রঃ (৭) স্পেনের পার্লামেণ্টের নাম কি ?

উঃ কর্টেজ।

প্রঃ (৮) ইউনিসেফ এর সদর দপ্তর কোথায় ?

উঃ সানফ্রান্সিসকোতে।

প্রঃ (৯) রাষ্ট্রসঙ্ঘ ১৯৮৭ সালকে কিসের বছর হিসাবে ঘোষণা করেছে ?

উঃ গৃহহীনদের আশ্রয় জোগানোর বছর হিসাবে।

প্রঃ (১০) 'আংকল স্যাম'-এর আসল নাম কি ?

উঃ স্যামুয়েল উইলসন।

প্রঃ (১১) কোন নদীর ওপর ভাকরা-নাঙ্গাল বাঁধ তৈরী হয়েছে ?

উঃ শতদ্রু নদীর ওপর ।

প্রঃ (১২) নোবেল পুরস্কার বিজয়ী এক বিখ্যাত ব্যক্তি আততায়ীর গুলিতে নিহত হয়েছিলেন । ঐ ব্যক্তিটির নাম কি ?

উঃ মার্টিন লুথার কিং ।

প্রঃ (১৩) মহাত্মা গান্ধী মৃত্যুর আগে শেষ কথা কি বলেছিলেন ?

উঃ হায় রাম ।

প্রঃ (১৪) মার্কিন প্রেসিডেণ্ট মিঃ রোণাল্ড রেগানের অস্ত্রোপচারেব সময় যে বাঙালি ডাক্তার সেখানে উপস্থিত ছিলেন তাঁর নাম কি ?

উঃ ডাঃ বিমল ঘোষ ।

প্রঃ (১৫) কোন সাগরে একটাও মাছ নেই ?

উঃ রেডসীতে ।

প্রঃ (১৬) রাষ্ট্রসংঘের মানবাধিকার দিবস কবে ?

উঃ প্রতিবছর ১০ই ডিসেম্বর ।

প্রঃ (১৭) ১৯৬৯ সালের ২১শে জুলাই এ্যাপোলো-১১-র যে চালক প্রথম চাঁদের মাটিতে নেমেছিলেন, সেই জায়গাটার নাম কি ?

উঃ নিস্তরঙ্গ সমুদ্র (সী অফ ট্র্যাংকুইলিটি) ।

প্রঃ (১৮) ইজভেস্তিয়া সংবাদপত্রটা কোন দেশ থেকে প্রকাশিত হয় ?

উঃ সোভিয়েট ইউনিয়ন থেকে ।

প্রঃ (১৯) আন্তর্জাতিক আদালত কোথায় অবস্থিত ?

উঃ হেগ-এ ।

প্রঃ (২০) সেনাবাহিনীর ক্যাপ্টেনের সমতুল্য নৌবাহিনীর কোন পদ ?

উঃ লেফ্‌টেনাণ্ট ।

প্রঃ (২১) সেনাবাহিনীর লেফটান্যাণ্ট কর্ণেলের সমতুল্য বিমান-বাহিনীর কোন পদ ?

উঃ উইং কমাণ্ডার ।

প্রঃ (২২) পশ্চিম জার্মানীর সরকার প্রধানকে কি বলা হয় ?

উঃ চ্যান্সেলার ।

প্রঃ (২৩) কোন গ্রহের তাপমাত্রা সবচেয়ে কম ?

উঃ প্লুটো । (—২২০ ডিগ্রি সেণ্টিগ্রেড)

প্রঃ (২৪) রোমানরা যাকে নেপচুন বলতেন, গ্রীকদের সেই সমুদ্রের দেবতার নাম কি ?

উঃ পশিডন।

প্রঃ (২৫) মার্কিন যুক্তরাষ্ট্রের রকেট পরীক্ষাস্থল কোথায় ?

উঃ কেপ কেনেডী।

প্রঃ (২৬) বৃটিশ গীর্জার ধর্মীয় প্রধান কে ?

উঃ ক্যাণ্টারবেরীর আর্চ বিশপ।

প্রঃ (২৭) রেডক্রশের প্রতিষ্ঠা করেন কে ?

উঃ ১৮৬৪ সালে হেনরী ডুরাণ্ট প্রতিষ্ঠা করেন।

প্রঃ (২৮) রাষ্ট্রসঙ্ঘের কোন সংস্থা শিশুদের সাহায্য করে ?

উঃ ইউনিসেফ।

প্রঃ (২৯) আন্তর্জাতিক রেডক্রশের সদর দপ্তর কোথায় ?

উঃ জেনেভায়।

প্রঃ (৩০) বৃহস্পতি গ্রহে ১৯৭৩ সালের ডিসেম্বরে যে মহাকাশ যানটা পেঁাছেছিল তার নাম কি এবং কবে সেটি উৎক্ষেপণ করা হয় ?

উঃ পাওনীয়ার-১০। ১৯৭২ সালের মার্চ মাসে সেটি মহাকাশে উৎক্ষিপ্ত হয়েছিল।

প্রঃ (৩১) জার্মান সংস্কৃত পণ্ডিত যাঁর নামে দিল্লীতে একটি হলের নাম ও কলিকাতায় একটি ভবনের নাম রাখা হয়েছে তিনি কে ?

উঃ ম্যাক্সমুলার।

প্রঃ (৩২) হল্যাণ্ডের কোন শহর ওলন্দাজ সরকারের কেন্দ্রভূমি এবং রাণীর বাসস্থান আছে ?

উঃ হেগ।

প্রঃ (৩৩) ব্রডগেজ ও ন্যারোগেজে দুটি রেল লাইনের মধ্যে কতটা ফাঁক থাকে ?

উঃ ব্রডগেজে ৫ ফুট ৬ ইঞ্চি বা ১·৬৭ মিটার। ন্যারোগেজে ৭৫ সেণ্টিমিটার।

প্রঃ (৩৪) বয় স্কাউটস ও গার্ল গাইডস আন্দোলনের সূচনা করেন কে ?

উঃ রবার্ট ব্যাডেন পাওয়েল।

প্রঃ (৩৫) অন্ধদের পড়ার জন্য ব্রেইল পদ্ধতি আবিষ্কার করেন কে ?

উঃ লুই ব্রেইল।

প্রঃ (৩৬) আন্তর্জাতিক বোঝাপাড়ার ক্ষেত্রে অবদানের জন্য কোন মার্কিনীকে নেহরু স্মারক পুরস্কার দেওয়া হয় ?

উঃ মার্টিন লুথার কিং কে।

প্রঃ (৩৭) ইংরাজীতে কথা বলার সময় সবচেয়ে বেশী ব্যবহার করা হয় কোন শব্দটা ?

উঃ আই (i)।

প্রঃ (৩৮) একজন বিখ্যাত ভারতবাসীর মায়ের নাম ছিল স্বরূপ-রাণী। ঐ বিখ্যাত ব্যক্তিটি কে ?

উঃ পণ্ডিত জওহরলাল নেহরু।

প্রঃ (৩৯) সারে জাঁহা সে আচ্ছা—এই গানটা কার লেখা ?

উঃ মহম্মদ ইকবালের লেখা।

প্রঃ (৪০) 'বম্বে ডাক' জিনিষটা কি ?

উঃ সুঁটকি মাছ।

প্রঃ (৪১) আমরা যাকে কলম্বাস বলে জানি স্পেনীয় ভাষায় তাঁকে কি বলা হয় ?

উঃ ক্রিস্টাবেল কোলন।

প্রঃ (৪২) কোন দেশে অতীতে মেয়েরা বিয়ের সময় হাতের বুড়ো আঙুলে আংটি পরতেন ?

উঃ ইংলণ্ডে ষোড়শ ও সপ্তদশ শতকে মেয়েরা বিয়ের সময় ঐভাবে আংটি পরতেন।

প্রঃ (৪৩) কোনো একটা দেশে এমন ৬টা ভাষার সন্ধান পাওয়া গেছে যে ভাষায় কথা বলার জন্য মাত্র একটা করেই মানুষের সন্ধান মিলেছে। দেশটার নাম কি ?

উঃ উত্তর আমেরিকা।

প্রঃ (৪৪) মাঝরাতে কোথায় সূর্য দেখা যায় ?

উঃ নরওয়েতে।

প্রঃ (৪৫) 'লিট্‌ল কর্পোরাল' নামে কে প্রসিদ্ধি অর্জন করেছিলেন ?

উঃ ফরাসী সম্রাট নেপোলিয়ান।

প্রঃ (৪৬) প্রথম বাংলা নির্বাক ও সবাক চলচ্চিত্রের নাম কি ?

উঃ নির্বাক চলচ্চিত্রের নাম বিল্বমঙ্গল আর সবাক চলচ্চিত্রের নাম জামাইষষ্ঠী।

প্রঃ (৪৭) চিন্তাশীল মনষী মানবেন্দ্রনাথ রায়ের আসল নাম কি ?

উঃ নরেন্দ্রনাথ ভট্টাচার্য।

প্রঃ (৪৮) পেন্টাগন বলতে কি বোঝায় ?

উঃ পেন্টাগন মার্কিন রক্ষী বাহিনীর সদর দপ্তর।

প্রঃ (৪৯) সাধারণের জন্য কোন ভারতীয় প্রথম বিলেতে যান ?

উঃ রাজা রামমোহন রায়।

প্রঃ (৫০) প্রতি বছর কোন দেশে রাষ্ট্রপতি বা প্রেসিডেন্ট নির্বাচন হয় ?

উঃ সুইজারল্যান্ডে।

প্রঃ (৫১) 'ল্যান্ড অব সিলভার' কোন দেশের নাম ?

উঃ আর্জেন্টিনা।

প্রঃ (৫২) ফ্রান্সের প্রাচীন নাম কি ছিল ?

উঃ গল।

প্রঃ (৫৩) ঢাকার পুরানো নাম কি ছিল ?

উঃ জাহাঙ্গীর নগর।

প্রঃ (৫৪) 'আরাম হারাম হ্যায়' উক্তিটা কার ?

উঃ পণ্ডিত জওহরলাল নেহরুর।

প্রঃ (৫৫) টেম্পল অফ টুথ কোথায় অবস্থিত ?

উঃ শ্রীলঙ্কার ক্যান্ডিতে।

প্রঃ (৫৬) পৃথিবীর কোন মহিলা সবচেয়ে বেশী উপাধি পেয়েছেন ?

উঃ বৃটেনের রাণী ভিক্টোরিয়া।

প্রঃ (৫৭) নিজেদের মধ্যে শুধু শিষ দিয়ে কথাবার্তা চালায় কোথাকার মানুষেরা ?

উঃ ক্যানারী দ্বীপপুঞ্জের মানুষেরা।

প্রঃ (৫৮) Alphabet শব্দটা কোন ভাষা থেকে নেওয়া হয়েছে ?

উঃ গ্রীক ভাষা থেকে।

প্রঃ (৫৯) কোন দেশের জাতীয় পতাকায় বাদ্যযন্ত্রের ছবি আঁকা আছে ?

উঃ আয়ার ল্যাণ্ডের।

প্রঃ (৬০) সাম্প্রতিককালে সূর্যের একই দিকে ৯টি গ্রহের সমাবেশ ঘটেছিল? কবে কত বছর পরে এই ঘটনা ঘটে?

উঃ ১৯৮২ সালের ১০ই মার্চ এই বিরল ঘটনা ঘটে ১ হাজার ২৫ বছর পরে।

প্রঃ (৬১) মিসেস কোরাজোন অ্যাকুইনো কে?

উঃ ফিলিপিন্সের প্রেসিডেণ্ট।

প্রঃ (৬২) এশিয়ার কোন দেশ প্রথম ভূপৃষ্ঠে উপগ্রহ উৎক্ষেপন করে?

উঃ জাপান। ১৯৭০ সালের ১১ই ফেব্রুয়ারী এটা করে।

প্রঃ (৬৩) কোন ভারতীয় বিশ্ব সুন্দরী খেতাব (মিস ওয়ার্ল্ড) অর্জন করেন এবং কবে?

উঃ রীতা ফরিয়া ১৯৬৯ সালে এই খেতাব অর্জন করেন।

প্রঃ (৬৪) সোভিয়েট ইউনিয়নের সরকারী সংবাদ সংস্থার নাম কি?

উঃ তাস।

প্রঃ (৬৫) পৃথিবীর সবচেয়ে পুরানো যাদুঘর কোনটা?

উঃ অক্সফোর্ডের আসমোলিয়ান মিউজিয়াম। এটি তৈরী হয় ১৬৭৯ সালে।

প্রঃ (৬৬) আন্তর্জাতিক শ্রম দিবস হিসাবে পালন করা হয় কোন দিনটা?

উঃ ১লা মে বা মে দিবসটি।

প্রঃ (৬৭) রাষ্ট্রসংঘের গ্রন্থাগারটি কার নামে হয়েছে?

উঃ দাগ হ্যামারশিল্ডের নামে।

প্রঃ (৬৮) নোবেল পুরস্কার প্রবর্তন করা হয় কোন সালে এবং কোন দেশ তা দিয়ে থাকে?

উঃ ১৯০১ সালে। ডিনামাইটের আবিস্কর্তা আলফ্রেড নোবেল ৭০ লক্ষ ডলার রেখে গিয়েছিলেন। তার সুদ থেকে প্রতিবছর ১০ই ডিসেম্বর সুইডেন এই পুরস্কার ঘোষণা করে থাকে।

প্রঃ (৬৯) বাংলাদেশকে ভারতের পর প্রথম কোন দেশ স্বীকৃতি দিয়েছিল?

উঃ ভূটান।

প্রঃ (৭০) টাকা কোন দেশের মুদ্রার নাম ?

উঃ ভারত, বাংলাদেশের ও পাকিস্তানের।

প্রঃ (৭১) জাপানী মুদ্রার নাম কি ?

উঃ ইয়েন।

প্রঃ (৭২) মেক্সিকোর মুদ্রার নাম কি ?

উঃ পেসো।

প্রঃ (৭৩) মার্কিন মুদ্রার নাম কি ?

উঃ ডলার।

প্রঃ (৭৪) ইটালীর মুদ্রার নাম কি ?

উঃ লিরা।

প্রঃ (৭৫) শিলিং কোন দেশের মুদ্রা ?

উঃ অস্ট্রিয়া।

প্রঃ (৭৬) কিয়াৎ কোন দেশের মুদ্রা ?

উঃ বার্মা।

প্রঃ (৭৭) গ্রীসের মুদ্রার নাম কি ?

উঃ ড্রাকমা।

প্রঃ (৭৮) চীন দেশের মুদ্রার নাম কি ?

উঃ ইউয়াম (টেইল)।

প্রঃ (৭৯) ক্রোন কোন দেশে মুদ্রা ?

উঃ নরওয়ে ও সুইডেনের।

প্রঃ (৮০) ফ্রান্সের মুদ্রার নাম কি ?

উঃ ফ্রাঁ।

প্রঃ (৮১) মার্ক কোন দেশের মুদ্রা ?

উঃ জার্মানীর।

প্রঃ (৮২) ইরাকী মুদ্রার নাম কি ?

উঃ দিনার।

প্রঃ (৮৩) ইরানের মুদ্রার নাম কি ?

উঃ রিয়াল।

প্রঃ (৮৪) বিয়ের ২৫ বছর পূর্তিতে ইংরাজীতে বলা হয় 'সিলভার ওয়েডিং'। বিয়ের দ্বিতীয় বার্ষিকীকে ইংরাজী কি বলে ?

উঃ কটন।

প্রঃ (৮৫) গ্রীণল্যান্ড বিশ্বের বৃহত্তম দ্বীপ। বিশ্বের দ্বিতীয় বৃহত্তম দ্বীপ কোনটা ?

উঃ নিউগিনি।

প্রঃ (৮৬) বিশ্বের বৃহত্তম অস্ত্র রপ্তানিকারী দেশ কোনটা ?

উঃ মার্কিন যুক্তরাষ্ট্র।

প্রঃ (৮৭) বিশ্বের দ্বিতীয় বৃহত্তম অস্ত্র রপ্তানিকারী দেশ কোনটা ?

উঃ সোভিয়েট ইউনিয়ন।

প্রঃ (৮৮) মুসলমানরা প্রতিবছর মক্কা ও মদিনাতে যে তীর্থযাত্রা করেন তাকে কি বলা হয় ?

উঃ হজ।

প্রঃ (৮৯) চাঁদের মাটিতে ১৯৬৬ সালের ২রা জুন যে মার্কিন মহাকাশযান নেমেছিল তার নাম কি ?

উঃ সার্ভেয়র-১।

প্রঃ (৯০) বৃটেনের 'ছায়া প্রধানমন্ত্রী' কাকে বলা হয় ?

উঃ বিরোধী দলের নেতাকে।

প্রঃ (৯১) ফসিল কি ?

উঃ উদ্ভিদ ও প্রাণীর অবশিষ্টাংশের প্রস্তরীভূত অবস্থা।

প্রঃ (৯২) বিশ্বের প্রথম মহিলা প্রধানমন্ত্রী কে ?

উঃ শ্রীমতী সিরিমাভো বন্দরনায়েকে (শ্রীলঙ্কা)।

প্রঃ (৯৩) বিশ্বের প্রথম তিনজন মহিলা প্রধানমন্ত্রী কে কে ?

উঃ ভারতের শ্রীমতী ইন্দিরা গান্ধী, শ্রীলঙ্কার শ্রীমতী সিরিমাভো বন্দর নায়েকে এবং ইস্রাইলের মিসেস গোল্ডা মেয়ার।

প্রঃ (৯৪) অর্থনীতিতে প্রথম নোবেল পুরস্কার পান কে ?

উঃ নরওয়ের জান টিনবারগেন ও রাগনার ফ্রিস যৌথভাবে এই পুরস্কার পান।

প্রঃ (৯৫) অর্থনীতিতে দ্বিতীয় নোবেল পুরস্কার পান কে ?

উঃ মার্কিন যুক্তরাষ্ট্রের পল স্যামুয়েলসন।

প্রঃ (৯৬) সারা পৃথিবীতে যারা আত্মহত্যা করে তাদের মধ্যে বেশীর ভাগই বিষ খেয়ে বা বেশীমাত্রায় ঘুমের ওষুধ খেয়ে আত্মহত্যা করে। আত্মহত্যার ক্ষেত্রে দ্বিতীয় কোন পন্থা বেশী লোক বেছে নেয় ?

উঃ গলায় দড়ি দিয়ে ঝুলে।

প্রঃ (৯৭) ভারতের প্রথম গভর্নর জেনারেল কে ছিলেন ?

উঃ লর্ড মাউণ্টব্যাটেন।

প্রঃ (৯৮) ভারতের মাউণ্টব্যাটেনের পর কে এই পদে অধিষ্ঠিত হন ?

উঃ চক্রবর্তী রাজাগোপালাচারী।

প্রঃ (৯৯) মহাকাশে প্রথম নভোচারী কে ?

উঃ ইউরি গ্যাগারিন।

প্রঃ (১০০) মহাকাশে দ্বিতীয় নভোচারী হিসাবে কে পাড়ি দেন ?

উঃ এ্যালান শেপার্ড।

প্রঃ (১০১) কোন দেশে সবচেয়ে বেশী তামাক উৎপাদন হয ?

উঃ মার্কিন যুক্তরাষ্ট্রে।

প্রঃ (১০২) অশোকের শিলালিপি, যা তিনি পাথরে ও স্তম্ভে খোদাই করেন, তা কোন হরফে লেখা ?

উঃ ব্রাহ্মি হরফে।

প্রঃ (১০৩) টমাস হার্ডির লেখার সঙ্গে ইংলণ্ডের কোন অংশ বেশী সম্পর্কযুক্ত ?

উঃ ডরসেট।

প্রঃ (১০৪) ফ্রান্সের জাতীয় থিয়েটারের নাম কি ?

উঃ কমেডি ফ্রাংকাইস।

প্রঃ (১০৫) কোন বই লিখে জিম করবেট বিখ্যাত হয়েছিলেন ?

উঃ ম্যান ইটার্স অফ কুমায়ুন।

প্রঃ (১০৬) ঈশপের গল্পে কি ধরনের লেখা আছে ?

উঃ মানুষের দোষ, গুণ তুলে ধরার জন্য প্রাণী সম্পর্কিত গল্প।

প্রঃ (১০৭) শেক্সপীয়রের নাটকে হ্যামলেট নামে যে নায়কের সন্ধান পাই, সেই হ্যামলেট কোন দেশের রাজপুত্র ছিলেন ?

উঃ ডেনমার্কের।

প্রঃ (১০৮) শেক্সপীয়রের রচনাগুলি অন্য কার রচনা বলে মনে করা হোত ?

উঃ ক্রিস্টোফার মার্লো।

প্রঃ (১০৯) মার্ক টুইনের আসল নাম কি ?

উঃ স্যামুয়েল লাঙ্গোর্ণ ক্লেমেন্স।

প্রঃ (১১০) কে শর্টহ্যান্ড লেখা উদ্ভাবন করেছিলেন ?

উঃ স্যার আইজাক পিটম্যান।

প্রঃ (১১১) পৃথিবীর প্রাচীনতম বিশ্ববিদ্যালয় কোনটি ?

উঃ বিশ্বের প্রাচীনতম বিশ্ববিদ্যালয় কারউইন বিশ্ববিদ্যালয়। মরক্কোর ফেজ-এ ৮৫৯ খৃীষ্টব্দে এই বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়েছিল।

প্রঃ (১১২) বৃটেনের কোথায় প্রথম বৈদ্যুতিক ট্রেন চালু হয়েছিল ?

উঃ ব্লাকপুলে।

প্রঃ (১১৩) ভারতের সবচেয়ে দীর্ঘ রেল স্টেশন কোনটা ?

উঃ খড়্গপুর।

প্রঃ (১১৪) বিবেকানন্দ স্মারক শিলা কোথায় ?

উঃ ত্রিবান্দ্রমের কাছে কন্যাকুমারীতে।

প্রঃ (১১৫) চোখ বন্ধ করে দাঁড়ি পাল্লা নিয়ে এক মহিলা দাঁড়িয়ে আছেন—প্রতীকটা কিসের ?

উঃ ন্যায় বিচারের প্রতীক।

প্রঃ (১১৬) রাত ১২টা থেকে একটা এই সময়টাকে ইংরাজীতে কি বলা হয় ?

উঃ জিরো আওয়ার।

প্রঃ (১১৭) জাতীয় পতাকা অর্দ্ধনমিত রাখা হয় কখন ?

উঃ জাতীয় শোকের সময়।

প্রঃ (১১৮) পতাকা অর্দ্ধনমিত রাখা কিসের প্রতীক ?

উঃ শোকের প্রতীক।

প্রঃ (১১৯) লাল আলো কিসের প্রতীক ?

উঃ বিপদের প্রতীক।

প্রঃ (১২০) রাষ্ট্রসঙ্ঘের নিরাপত্তা পরিষদের সদস্য সংখ্যা বর্তমানে কত ?

উঃ ১৫। এর মধ্যে স্থায়ী সদস্য ৫ এবং অস্থায়ী সদস্য ১০।

প্রঃ (১২১) 'বন্দেমাতরম' কথাটির অর্থ কি ?

উঃ মাতৃভূমির বন্দনা করা, সাদর সম্ভাষণ জানানো।

প্রঃ (১২২) কোন বিখ্যাত ইংরেজ রাজনীতিবিদের ডাক নাম ছিল 'ডিজি' ?

উঃ বেঞ্জামিন ডিস্রায়েলী।

প্রঃ (১২৩) ফুমিসিনো বিমান বন্দরটা কোথায় ?

উঃ রোমে।

প্রঃ (১২৪) ফিলিপ মাউণ্টব্যাটেন কে ?

উঃ ডিউক অফ্ এডিনবরা। রাণী এলিজাবেথের স্বামী।

প্রঃ (১২৫) ইহুদি মেনুহিন কত বছর বয়সে প্রথম জনসমক্ষে বেহালা বাজিয়েছিলেন ?

উঃ ৭ বছর বয়সে।

প্রঃ (১২৬) 'এ্যাটলাস' কাকে বলে ?

উঃ পৃথিবীর ভার কাঁধে বহনকারী ইউরেনাসের বংশধর দানবকে (টাইটন) বলে এ্যাটলাস।

প্রঃ (১২৭) ফিলিপিন্সের প্রাক্তন প্রেসিডেণ্টের নামে একটা আন্তর্জাতিক পুরস্কার চালু আছে। সেটার নাম কি ?

উঃ র‍্যামন ম্যাগসেসে পুরস্কার।

প্রঃ (১২৮) মিশরের শেষ রাজার নাম কি ?

উঃ রাজা ফারুক। ১৯৫০ সালে তিনি সিংহাসনচ্যুত হন।

প্রঃ (১২৯) মার্কিন যুক্তরাষ্ট্রের কংগ্রেস ম্যান বা কংগ্রেস সদস্য কাদের বলা হয় ?

উঃ সেখানকার সিনেট এবং প্রতিনিধি সভার সদস্যদের।

প্রঃ (১৩০) 'স্থাপত্য' ও 'ভাস্কর্য'-এর মধ্যে পার্থক্য কি ?

উঃ সাধারণ ভাষায় ঘর, বাড়ী প্রভৃতি নির্মাণ করার বিদ্যাকে স্থাপত্য' আর কোথাও কোন কিছু কেটে বা খোদাই করে তৈরী করার বিদ্যাকে 'ভাস্কর্য' বলে।

প্রঃ (১৩১) আলেয়া কাকে বলে ?

উঃ জলাভূমিতে এক প্রকার গ্যাস তৈরী হয়। সেই গ্যাস কখনো কখনো বাতাসের সংস্পর্শে এসে জ্বলে ওঠে। এই জ্বলে ওঠা গ্যাসকে আলেয়া বলে।

প্রঃ (১৩২) 'ম্যাটিনী শো কথাটা কবে থেকে চালু হয় এবং কিভাবে উৎপত্তি হয় ?

উঃ রোমান ক্যাথলিক খ্রীষ্টানরা গীর্জায় উপাসনার জন্য সাতটি সময় বেঁধে দেন। দুপুরের একটি সময়কে বলা হয় 'ম্যাটিনস'। এই 'ম্যাটিনস্' শব্দটি থেকে 'ম্যাটিন' কথাটার উৎপত্তি হয়। এই কারণে সিনেমার দুপুরের-শো-কে বলা হয় 'ম্যাটিনি শো'।

প্রঃ (১৩৩) পৃথিবীর মধ্যে সবচেয়ে বেশী প্লাটিনাম মজুত আছে কোথায়?

উঃ ইউরাল পর্বতে।

প্রঃ (১৩৪) বন শহরটা কোন নদীর তীরে অবস্থিত?

উঃ রাইন নদীর তীরে।

প্রঃ (১৩৫) থর মরুভূমি কোথায়?

উঃ ভারতের রাজস্থানে।

প্রঃ (১৩৬) পুলিৎজার পুরস্কার কি এবং কি জন্য এই পুরস্কার দেওয়া হয়?

উঃ মার্কিন যুক্তরাষ্ট্রে সাহিত্য, সঙ্গীত ও নৃত্যের জন্য এই পুরস্কার দেওয়া হয়ে থাকে।

প্রঃ (১৩৭) রাষ্ট্রসঙ্ঘের সদর দপ্তর কোথায়?

উঃ নিউ ইয়র্কে।

প্রঃ (১৩৮) ১৯৭১ সালে নোবেল শান্তি পুরস্কার পেয়েছিলেন কে?

উঃ চ্যান্সেলার উইলি ব্র্যান্ট।

প্রঃ (১৩৯) ইউনেস্কোর সদর দপ্তর কোথায়?

উঃ প্যারিসে। ইউনেস্কো হল রাষ্ট্রসঙ্ঘের শিক্ষা, বিজ্ঞান এবং সাংস্কৃতিক সংস্থা।

প্রঃ (১৪০) আই, এম, এফ কি?

উঃ ইণ্টারনাশ্যানাল মনিটারী ফাণ্ড বা আন্তর্জাতিক অর্থ তহবিল।

প্রঃ (১৪১) ইংরাজীতে কোন দুটি মাসের নাম দুইজন রোমান সম্রাটের নামানুসারে হয়েছে?

উঃ জুলাই ও আগষ্ট। যথাক্রমে রোমান সম্রাট জুলিয়াস সীজার ও অগাষ্টাস সীজারের নামানুসারে দুটি মাসের নাম হয়েছে।

প্রঃ (১৪২) রুশ বিপ্লবের অন্যতম নেতা জর্জেস দাঁতো ১৭৯৪ সালের ৫ই এপ্রিল নিহত হন। কিভাবে তিনি নিহত হন?

উঃ তাঁকে গিলোটিনে হত্যা করা হয়।

প্রঃ (১৪৩) ১৭১২ সালের ৬ই এপ্রিল নিউইয়র্কে কারা বিদ্রোহ করেছিল ?

উঃ ক্রীতদাসরা।

প্রঃ (১৪৪) সেনাবাহিনীতে 'প্লাটুন' কথাটা শোনা যায়। প্লাটুন কি ?

উঃ একজন লেফট্যানেন্ট বা সেকেণ্ড লেফট্যানেণ্টের অধীনে পদাতিক বাহিনীর ৫০ জন সৈন্যের এক ডিভিশনকে প্লাটুন বলে।

প্রঃ (১৪৫) বেড়ালের কয়েকটা জীবন আছে বলে একটা প্রবাদ আছে। কটা জীবনের কথা চালু আছে ?

উঃ ৯টা।

প্রঃ (১৪৬) গোল্ডরাস চলচ্চিত্রে যে কৌতুকাভিনেতা অভিনয় করেছেন তাঁর নাম কি ?

উঃ চার্লি চ্যাপলিন (ইংলণ্ড)।

প্রঃ (১৪৭) এস্কিমোরা প্রথম যে নৌকা ব্যবহার করে তার নাম কি ?

উঃ কিয়াক।

প্রঃ (১৪৮) ইগলু কি ?

উঃ মেরু অঞ্চলে এস্কিমোদের বরফের তৈরী ঘর।

প্রঃ (১৪৯) শ্লেজ গাড়ী কারা ব্যবহার করে ?

উঃ মেরু অঞ্চলে এস্কিমোদের ব্যবহৃত কুকুরে টানা গাড়ী হল শ্লেজগাড়ী।

প্রঃ (১৫০) বৃটিশ প্রধানমন্ত্রীর সরকারী বাসভবন কোথায় ?

উঃ লণ্ডনের ১০ নম্বর ডাউনিং স্ট্রীটে।

প্রঃ (১৫১) অস্ট্রেলিয়ার জাতীয় প্রতীক কি ?

উঃ ক্যাঙ্গারু।

প্রঃ (১৫২) ক্যানাডার জাতীয় প্রতীক কি ?

উঃ ম্যাপেল গাছের পাতা।

প্রঃ (১৫৩) ফ্রান্সের জাতীয় ফুল কি ?

উঃ পদ্ম ফুল (লিলি)।

প্রঃ (১৫৪) মিশরের সাদা সোনা (হোয়াইট গোল্ড) বলতে কি বোঝায় ?

উঃ তুলো।

প্রঃ (১৫৫) যে রোমান রাজপ্রাসাদটা বর্তমানে ইটালির প্রেসিডেণ্টের সরকারী বাসভবন হয়েছে, তার নাম কি ?

উঃ কুইরিন্যাল প্যালেস।

প্রঃ (১৫৬) দ্বিতীয় বিশ্বযুদ্ধে বিধ্বস্ত দেশগুলির পুনর্গঠনে সাহায্যের জন্য মার্কিন যুক্তরাষ্ট্র যে অর্থনৈতিক পরিকল্পনা নিয়েছিল তার নাম কি ছিল ?

উঃ মার্শাল প্ল্যান।

প্রঃ (১৫৭) 'এরোফ্লোট' বিমান সংস্থা কোন দেশের ?

উঃ সোভিয়েট ইউনিয়নের।

প্রঃ (১৫৮) ইউরোপের কোন দেশে রাস্তার বাঁ দিক দিয়ে গাড়ী চালানো হয় ?

উঃ ইংলণ্ডে।

প্রঃ (১৫৯) কোন উপজাতি সমাজে মেয়েরা কখনো ওড়না গায়ে দেয় না, অথচ পুরুষেরা দিনে বা রাত্রে ওড়না গায়ে দিয়ে থাকে ?

উঃ সাহারা মরুভূমির তুয়ারেগ উপজাতি সমাজে।

প্রঃ (১৬০) হল্যাণ্ডের জাতীয় ফুল কি ?

উঃ টিউলিপ। এটা এক ধরণের ঘণ্টাকার বহু বর্ণের ফুল।

প্রঃ (১৬১) বৃটিশ সংবিধানের মোট কটা খণ্ড আছে ?

উঃ একটাও নয়। কেননা বৃটিশ সংবিধান অলিখিত।

প্রঃ (১৬২) হাইড পার্কটা কোথায় ?

উঃ লণ্ডনে।

প্রঃ (১৬৩) রাষ্ট্রসঙ্ঘে অনেক সময়ে কোনো দেশ একটা প্রস্তাবে 'ভিটো প্রয়োগ করেছে শোনা যায়। এই কথাটার অর্থ কি এবং কোথা থেকে এসেছে ?

উঃ ভিটো কথার অর্থ আমি নামঞ্জুর করলাম। কথাটা এসেছে লাতিন শব্দ থেকে।

প্রঃ (১৬৪) কে, জি, বি গোয়েন্দা সংস্থা। এটা কোন দেশের গোয়েন্দা সংস্থা ?

উঃ সোভিয়েট ইউনিয়নের।

প্রঃ (১৬৫) মার্কিন গোয়েন্দা সংস্থার নাম কি ?

উঃ সি, আই, এ।

প্রঃ (১৬৬) রোমানদের অগ্নির দেবতার নাম কি ?

উঃ ভালক্যান।

প্রঃ (১৬৭) কোন দেশে অশ্বারোহী পুলিশ অপরাধীদের ধরার কাজে নিয়োজিত ?

উঃ কানাডা। এঁরা হলেন কানাডার রাজকীয় মাউণ্টেড পুলিশ।

প্রঃ (১৬৮) ইংরাজী মার্চ মাসের নাম কি থেকে হয়েছে ?

উঃ রোমানদের যুদ্ধের দেবতা 'মার্স' থেকে।

প্রঃ (১৬৯) কোন দেশে রেল লাইন নেই ?

উঃ আইসল্যাণ্ডে।

প্রঃ (১৭০) মৃতদেহ শকুন দিয়ে খাইয়ে সৎকার করে কারা ?

উঃ পার্শীরা।

প্রঃ (১৭১) কোন দেশে পুলিশ নেই, সৈন্য নেই বা রাজস্ব নেই ?

উঃ এণ্ডোরা। দেশটা স্পেন ও ফ্রান্সের মধ্যে অবস্থিত। এর আয়তন ১৭৫ বর্গমাইল।

প্রঃ (১৭২) ভারতের জাতীয় পতাকার অশোকচক্রে মোট কটা দণ্ড আছে ?

উঃ ২৪টা।

প্রঃ (১৭৩) সোভিয়েট ইউনিয়নের আইন পরিষদের নাম কি ?

উঃ সুপ্রীম সোভিয়েট।

প্রঃ (১৭৪) জাপানের আইন পরিষদের নাম কি ?

উঃ ডায়েট।

প্রঃ (১৭৫) বৃটেনের রাষ্ট্রীয় প্রতীক কি ?

উঃ গোলাপ ফুল।

প্রঃ (১৭৬) জাপানের রাষ্ট্রীয় প্রতীক কি ?

উঃ চন্দ্রমল্লিকা ফুল।

প্রঃ (১৭৭) হ্যারিকিরি কি ?

উঃ জাপানে ছুরি দিয়ে পেট ফাঁসিয়ে আত্মহত্যার নাম।

মহাকাশ ও পৃথিবী সম্পর্কে

প্রঃ (১) সৌরজগত কি ?

উঃ সূর্যের সংসারের নাম সৌরজগৎ। সূর্যের এই সংসার গ্রহ, উপগ্রহ এবং নানা প্রকার জোতিষ্ক নিয়েই। গ্রহ ইত্যাদি জোতিষ্ক সূর্যকে কেন্দ্র করে আপন আপন কক্ষপথে ঘুরছে। এদের কারোর নিজের আলো নেই, সূর্যের আলোতে এরা আলোকিত।

প্রঃ (২) সূর্য বলতে কি বোঝায় ?

উঃ পৃথিবীর নিকটবর্তী মহাশূন্যে অবস্থিত জ্বলন্ত আলোক উৎস। বিভিন্ন ধাতু এবং 'হিলিয়াম' ইত্যাদি কয়েকটি গ্যাস রহস্যময় প্রাকৃতিক উপায়ে যে অগ্নিরাশি হয়ে জ্বলছে, সেই আমাদের সূর্য। কোথা থেকে কিভাবে ঐ সব গ্যাস সঞ্চিত হচ্ছে তা এখনও রহস্যময়।

প্রঃ (৩) আকাশ বলতে কি বোঝায় ?

উঃ আকাশ হল সীমাহীন মহাশূন্য। এই সীমাহীন শূন্যতার মধ্যে নিজ নিজ কক্ষ পথে ঘুরে বেড়াচ্ছে অসংখ্য জ্যোতিষ্ক।

প্রঃ (৪) পৃথিবী থেকে সূর্যের দূরত্ব কত ?

উঃ প্রায় ১৫ কোটি কিলোমিটার,।

প্রঃ (৫) পৃথিবীর তুলনায় সূর্য কত গুণ বড় ?

উঃ ১৩ লক্ষ গুন বড়।

প্রঃ (৬) কিভাবে গ্রহগুলো সৃষ্টি হয়েছে ?

উঃ জ্যোতির্বিজ্ঞানীরা মনে করেন ৩০০ থেকে ৪০০ কোটি বছর আগে কোন এক অজ্ঞাত কারণে সূর্যের অগ্নিপিণ্ডের মধ্যে প্রচণ্ড বিস্ফোরণ ঘটেছিল। তারই ফলে সূর্যের অগ্নিপিণ্ডের খানিকটা তরল জ্বলন্ত বস্তু ছিটকে বিভিন্ন দূরত্বে সরে গিয়ে সূর্যকে কেন্দ্র করে ঘুরতে থাকে। কালক্রমে বড় টুকরোগুলো শীতল হয়ে গ্রহ এবং ক্ষুদ্র টুকরোগুলো সৌর কণিকা বা গ্রহাণু হয়ে সৌরমণ্ডলের মধ্যে ঘুরছে।

প্রঃ (৭) নক্ষত্র বলতে কি বোঝায় ?

উঃ মহাশূন্যে অবস্থিত আপন আলোকে উজ্জ্বল, জ্যোতিষ্ক।

এগুলো বিশালাকার, এমনকি সূর্যের থেকে বড় ও দূরবর্তী। সূর্য নিজেও একটি নক্ষত্রই। পৃথিবীর নিকটবর্তী বলে এর তাপ এবং উজ্জ্বলতা প্রচণ্ড। সূর্যের আলো পৃথিবীতে পৌঁছতে ৮ মিনিট ১৬ সেকেণ্ডের মত সময় লাগে। এমন নক্ষত্রও আছে যাদের আলো এখনও পর্যন্ত পৃথিবীতে এসে পৌঁছায়নি।

প্রঃ (৮) সূর্যের কটি গ্রহ এবং তাদের নাম কি?

উঃ সূর্যের ৯টি গ্রহ। (১) বুধ (২) বৃহস্পতি (৩) শুক্র (৪) শনি (৫) মঙ্গল (৬) পৃথিবী (৭) ইউরেনাস (৮) নেপচুন (৯) প্লুটো। তবে বৃহস্পতি ও মঙ্গল গ্রহের মধ্যবর্তী মহাশূন্যে কিছু গ্রহাণু বা গ্রহকণিকা আছে।

প্রঃ (৯) সূর্যের নিকটতম গ্রহের নাম কি?

উঃ বুধ।

প্রঃ (১০) পৃথিবীর নিকটতম গ্রহের নাম কি?

উঃ শুক্র।

প্রঃ (১১) পৃথিবীর নিরক্ষীয় ব্যাস এবং পরিধি কত?

উঃ পৃথিবীর ব্যাস—১২৭৫৭ কিলোমিটার এবং পরিধি—৪০ হাজার ২ শো ৩২ কি.মি.।

প্রঃ (১২) গ্রহের এক বছর সময় বলতে কি বোঝায়?

উঃ যে সময়ের মধ্যে গ্রহ সূর্যকে একবার ঘুরে আসে সেই সময়কে ঐ গ্রহের একবছর বলে।

প্রঃ (১৩) পৃথিবীর বছর কত দিনে হয়?

উঃ পৃথিবীর বছর হয় ৩৬৫ দিন ৫ ঘণ্টা ৪৮ মিনিট ৪৬ সেকেণ্ডে।

প্রঃ (১৪) উপগ্রহ বলতে কি বোঝ?

উঃ যেসব জোতিষ্ক গ্রহকে কেন্দ্র করে ঘুরছে সেইগুলোকে উপগ্রহ বলে।

প্রঃ (১৫) কোন গ্রহের কটা উপগ্রহ আছে?

উঃ মঙ্গলের ২টি উপগ্রহ, পৃথিবী ও নেপচুনের যথাক্রমে ১টি এবং ২টি করে, ইউরেনাসের ৫টি, শনির ১০টি ও বৃহস্পতির ১২টি। অন্য গ্রহের কোনো উপগ্রহ নেই।

প্রঃ (১৬) চাঁদের কি নিজের আলোক আছে?

উঃ না। সূর্যের আলোকে চাঁদ আলোকিত হয়।

প্রঃ (১৭) পৃথিবীকে একবার ঘুরতে চাঁদের কতদিন সময় লাগে ?

উঃ পৃথিবীকে একবার ঘুরতে চাঁদের সময় লাগে—২৭ দিন ১২ ঘণ্টা ৪৫ মিনিট।

প্রঃ (১৮) পৃথিবী থেকে চাঁদ কত দূরে ?

উঃ পৃথিবী থেকে চাঁদ ১ কোটি ৮৫ লক্ষ কিলোমিটার দূরে।

প্রঃ (১৯) চাঁদের কি প্রাণ আছে ?

উঃ না চাঁদের প্রাণ নেই। সমস্তই ঠাণ্ডা হয়ে গিয়েছে। প্রাণের জন্য যে সামান্যতম উত্তাপ দরকার তাও চাঁদের নেই।

প্রঃ (২০) চাঁদের কলঙ্ক বলতে কি বোঝ ?

উঃ চাঁদের শুকিয়ে যাওয়া সাগর এবং আগ্নেয় পর্বতের জ্বালামুখগুলো অন্ধকারময় দেখায়। ওগুলোই চাঁদের কলঙ্ক।

প্রঃ (২১) উল্কা কাকে বলে ?

উঃ ধাতু ও পাথরের গঠিত মহাশূন্যে স্বেচ্ছাবিহারী কতগুলো পদার্থ। এগুলো পৃথিবীর মাধ্যাকর্ষণের টানে সময় সময় তীব্র গতিতে পৃথিবীর দিকে ছুটে আসে এবং বায়ুমণ্ডলের সঙ্গে সংঘর্ষে জ্বলে ওঠে। আমরা একে তারা খসে যাওয়া বলি। আবার কখন কখন এগুলো বায়ুমণ্ডলের মধ্যে পুড়ে ছাই হয়ে যায়। আবার উল্কার অবশেষ ধাতুমিশ্রিত প্রস্তর পৃথিবী পৃষ্ঠে এসে পড়ে। দক্ষিণমেরুতে অনেক উল্কা পাওয়া গিয়েছে। বিশেষ কোন কারণে মেরু অঞ্চলে উল্কাপাত বেশী হয়।

প্রঃ (২২) ধূমকেতু বলতে কি বোঝ ?

উঃ মহাশূন্যে ভ্রমনরত এক শ্রেণীর জ্যোতিষ্ক। এদের পেছনদিকে থাকে বাষ্পময় পুচ্ছ বা লেজ এবং ডিম্বাকৃতি কক্ষপথে সূর্যকে প্রদক্ষিণ করে।

প্রঃ (২৩) পৃথিবীর নিকটতম নক্ষত্র কি ?

উঃ পৃথিবীর নিকটতম নক্ষত্র প্রক্সিমা সেণ্টারাই।

প্রঃ (২৪) সূর্যগ্রহণ বলতে কি বোঝ ?

উঃ চাঁদ, সূর্য ও পৃথিবী এক সরলরেখায় উপস্থিত হয়ে যখন চাঁদের ছায়া সূর্যের ওপর পড়ে তখন সূর্যের সেই অংশ অন্ধকার হয়ে যায়। একেই বলে সূর্যগ্রহণ। অমাবস্যা তিথিতে এই ঘটনা ঘটতে পারে। তবে সব অমাবস্যায় সূর্যগ্রহণ হয় না।

প্রঃ (২৫) চন্দ্রগ্রহণ কি ?

উঃ আপন কক্ষপথে ঘুরতে ঘুরতে পৃথিবী যখন সূর্য ও চন্দ্রের মাঝখানে উপস্থিত হয় তখন চন্দ্রের ওপর পৃথিবীর ছায়া এক একবার পড়ে। তখনই চন্দ্রগ্রহণ হয়। পূর্ণিমা তিথিতে চন্দ্রগ্রহণ হয়। তবে সব পূর্ণিমাতে নয়।

প্রঃ (২৬) ছায়াপথ বলতে কি বোঝায় ?

উঃ অন্ধকার রাত্রিতে আকাশ পরিস্কার থাকলে উত্তর দক্ষিণে বিস্তৃত নক্ষত্রকণাখচিত সাদা মত একটি পথের আদল দেখা যায়। আসলে ক্ষুদ্র ক্ষুদ্র অগণিত নক্ষত্রের সমষ্টিই ছায়াপথ।

প্রঃ (২৭) কোন্ অক্ষাংশ থেকে কোন্ অক্ষাংশ পর্যন্তকে হিমমণ্ডল বলে ?

উঃ দুই গোলার্ধে ৬৬½ ডিগ্রী অক্ষাংশ থেকে ৯০ ডিগ্রী বা মেরুবিন্দু পর্যন্ত।

প্রঃ (২৮) নাতিশীতোষ্ণ মণ্ডল পৃথিবী পৃষ্ঠ থেকে কত দূরে বিস্তৃত ?

উঃ উত্তর গোলার্ধের সাড়ে ২৩ ডিগ্রী থেকে সাড়ে ৬৬ ডিগ্রী অক্ষাংশ পর্যন্ত আর দক্ষিণ গোলার্ধের সাড়ে ২৩ ডিগ্রী থেকে সাড়ে ৬৬ ডিগ্রী অক্ষাংশ পর্যন্ত। এই অঞ্চলে সূর্য কখনও মাথার ওপর আসে না বা সূর্য কিরণ লম্বা ভাবে পড়ে না।

প্রঃ (২৯) উষ্ণ মণ্ডল পৃথিবী পৃষ্ঠ থেকে কত দূরে বিস্তৃত ?

উঃ কর্কট ক্রান্তি থেকে মকর ক্রান্তি রেখা পর্যন্ত।

প্রঃ (৩০) ককটক্রান্তি রেখা কাকে বলে ?

উঃ নিরক্ষরেখা থেকে সাড়ে তেইশ ডিগ্রী উত্তরে অবস্থিত একটি কল্পিত অক্ষরেখা। এই রেখা উত্তর গোলার্ধে অবস্থিত। উত্তর গোলার্ধে এই পর্যন্ত সূর্য কিরণ লম্ব ভাবে পড়ে। নিরক্ষরেখা থেকে এই পর্যন্ত উত্তর গোলার্ধের সর্বাধিক উষ্ণ মণ্ডল।

প্রঃ (৩১) ভারতের কোন্ কোন্ স্থানের ওপর দিয়ে কর্কটক্রান্তি রেখা গিয়েছে ?

উঃ রাঁচি, নবদ্বীপ, সাজাপুর, দুর্গাপুর, সাঁচি, ছোটরণ।

প্রঃ (৩২) মকরক্রান্তি রেখা কাকে বলে ?

উঃ নিরক্ষরেখা থেকে ২৩½ ডিগ্রী-দক্ষিণে অবস্থিত একটি কল্পিত

অক্ষরেখা। এই রেখা দক্ষিণ গোলার্ধে অবস্থিত। দক্ষিণ গোলার্ধের এই পর্যন্ত সূর্য কিরণ লম্বভাবে পড়ে। নিরক্ষরেখা থেকে এই পর্যন্ত দক্ষিণ গোলার্ধের সর্বাধিক উষ্ণ মণ্ডল।

প্রঃ (৩৩) অক্ষাংশ এবং দ্রাঘিমাংশ দ্বারা কি কি জানা যায়?

উঃ (১) পৃথিবী পৃষ্ঠের যে কোন স্থান নিমেষের মধ্যে নির্দেশ করা যায়।

(২) লোক্যাল টাইম এবং স্ট্যান্ডার্ড টাইম দ্রাঘিমার হিসেবে জানা যায়। কোন স্থানের প্রাকৃতিক অবস্থা কেমন হবে তার অনেকটা অনুমান করা যায় অক্ষাংশ থেকে।

প্রঃ (৩৪) অক্ষাংশ কি নির্ণয় করে?

উঃ পৃথিবীর কোন বিশেষ স্থান নিরক্ষরেখা থেকে কতটা দূরে অবস্থিত তা নির্ণয় করে।

প্রঃ (৩৫) কোন দ্রাঘিমা থেকে ভারতীয় স্ট্যান্ডার্ড টাইম ধরা হয়?

উঃ এলাহবাদের কাছে ৮২ ডিগ্রী ৩০ মিনিট পূর্ব দ্রাঘিমা থেকে।

প্রঃ (৩৬) সূর্যকে সারা বছর কি হিম মণ্ডলে দেখতে পাওয়া যায়?

উঃ না, একটি দিন সূর্যকে দেখতে পাওয়া যায় না। অন্য দিনগুলোতে সূর্যকিরণ হেলে পড়ে। দিগন্ত থেকে সূর্যকে উঁচুতে উঠতে দেখা যায় না।

প্রঃ (৩৭) জলবায়ু কাকে বলে?

উঃ কোন একটি বড় অঞ্চলের দীর্ঘ সময়ের আবহাওয়ার গড় প্রাকৃতিক অবস্থাকে জলবায়ু বলে।

প্রঃ (৩৮) আবহাওয়া কাকে বলে?

উঃ কোন নির্দিষ্ট স্থানের নির্দিষ্ট একটি দিনের তাপমাত্রা, বৃষ্টি-তাপ, বাতাসের চাপ, বাতাসের আদ্রর্তা, সূর্যলোকের উজ্জ্বলতা বা মেঘাচ্ছন্নতা ইত্যাদি এই সব অবস্থাকে আবহাওয়া বলে।

প্রঃ (৩৯) ঝড় কি?

উঃ কোন স্থানের বায়ুমণ্ডলে তীব্র আকারে নিম্নচাপের সৃষ্টি হলে পাশ্বর্বর্তী উচ্চচাপ অঞ্চল থেকে বায়ু প্রচণ্ড বেগে ছুটে এসে নিম্নচাপের স্থানটি পূর্ণ করে। এই প্রচণ্ড বেগে ছুটে আসা বায়ুকেই ঝড় বলে।

প্রঃ (৪০) টর্ণেডো কিসের নাম?

উঃ টর্ণেডো এক প্রকার বিধ্বংসী ঘূর্ণী ঝড়-এর নাম।

প্রঃ (৪১) টাইফুন কি?

উঃ টাইফুন এক রকম ঝড়। ফিলিপাইন এবং জাপানের কাছে জুলাই থেকে অক্টোবরের মধ্যে যে প্রবল ঝড় ওঠে তাকেই টাইফুন বলে।

প্রঃ (৪২) ভূমিকম্প কাকে বলে?

উঃ কোন গুরুতর পরিবর্তনের জন্য ভূপৃষ্ঠের অভ্যন্তরে যে কম্পন ভূপৃষ্ঠে অনুভূত হয় তাহাই ভূমিকম্প।

প্রঃ (৪৩) ভূমিকম্প কোন অঞ্চলে বেশী হয়?

উঃ আগ্নেয়গিরি অঞ্চলে অর্থাৎ যে অঞ্চলে ভঙ্গিল পর্বত বেশি।

প্রঃ (৪৪) দ্বীপ কাকে বলে?

উঃ স্বাভাবিক জল বেষ্টিত স্থল ভাগকে দ্বীপ বলে।

প্রঃ (৪৫) হ্রদ কাকে বলে।

উঃ স্থল বেষ্টিত স্বাভাবিক জল ভাগকে হ্রদ বলে।

প্রঃ (৪৬) পৃথিবীতে মহাদেশ কয়টি ও তাদের নাম কি?

উঃ পৃথিবীতে মহাদেশ সাতটি। (১) এশিয়া। (২) অস্ট্রেলিয়া। (৩) ইউরোপ। (৪) আফ্রিকা। (৫) উত্তর আমেরিকা। (৬) দক্ষিণ আমেরিকা। (৭) দক্ষিণ মেরু।

প্রঃ (৪৭) পৃথিবীতে মহা সমুদ্র কয়টি এবং তাদের নাম কি?

উঃ পৃথিবীতে মহা সমুদ্র ৫টি। (১) উত্তর মহাসাগর। (২) দক্ষিণ মহাসাগর। (৩) আটলান্টিক মহাসাগর। (৪) প্রশান্ত মহাসাগর। (৫) ভারত মহাসাগর।

প্রঃ (৪৮) পৃথিবীর আয়তন কত?

উঃ ৩২ কোটি ৯১ লক্ষ ১০ হাজার বর্গ কিলোমিটার।

প্রঃ (৪৯) পৃথিবীর ব্যাস কত?

উঃ পৃথিবীর ব্যাস ১২ হাজার ৮৭৪ কিলোমিটার।

প্রঃ (৫০) পৃথিবীর জলভাগের আয়তন কত?

উঃ ২২ কোটি ৭৩ লক্ষ ৬৮ হাজার বর্গ কিলোমিটার।

প্রঃ (৫১) পৃথিবীর বয়স কত?

উঃ ৩০০ থেকে ৫০০ কোটি বছর।

প্রঃ (৫২) পৃথিবীর বৃহত্তম শহর কোনটি?

উঃ পৃথিবীর বৃহত্তম শহর লণ্ডন।

প্রঃ (৫৩) পৃথিবীর স্থল ভাগের আয়তন কত ?

উঃ ৯ কোটি ৩৭ লক্ষ ৪২ হাজার বর্গ কিলোমিটার।

প্রঃ (৫৪) পৃথিবীর গতি কয় প্রকার ও কি কি ?

উ৹ পৃথিবীর গতি দুই প্রকার (১) আহ্নিক গতি (২) বার্ষিক গতি।

ধর্ম ও পৌরাণিক বিষয়ে কুইজ

প্রঃ (১) রাজা ভগীরথ কোন বংশের রাজা ছিলেন ?

উঃ ইক্ষাকু বংশের।

প্রঃ (২) কর্ণের স্ত্রীর নাম কি ছিল ?

উঃ পদ্মাবতী।

প্রঃ (৩) রামায়ণে যে লক্ষ্মণের কথা আছে তার স্ত্রীর নাম কি ?

উঃ ঊর্মিলা।

প্রঃ (৪) বিষ্ণু হাতে যে গদা রয়েছে তার নাম কি ?

উঃ কৌমদকী।

প্রঃ (৫) রামায়ণে রামের যে বোনের কথা লেখা আছে সেই বোনের নাম কি ?

উঃ শান্তা।

প্রঃ (৬) ভরতের স্ত্রীর নাম কি ছিল ?

উঃ মাণ্ডবী।

প্রঃ (৭) কৃষ্ণের মার নাম কি ?

উঃ দেবকী

প্রঃ (৮) গোপাল, গোবিন্দ, কাহ্ন কে ছিলেন ?

উঃ শ্রীকৃষ্ণ !

প্রঃ (৯) কৃষ্ণের পৌত্রের নাম কি ?

উঃ অনিরুদ্ধ।

প্রঃ (১০) ব্রহ্মার আর এক নাম কি ?

উঃ প্রজাপতি।

প্রঃ (১১) নরসিংহ কে ?

উঃ বিষ্ণুর ৪র্থ অবতার।

প্রঃ (১২) ঐরাবত কার বাহন ?

উঃ ইন্দ্রের বাহন।

প্রঃ (১৩) কৃষ্ণের পিতার নাম কি ?

উঃ বসুদেব।

প্রঃ (১৪) 'ঈশান' কোন দেবতার নাম?

উঃ শিব।

প্রঃ (১৫) কোন দেবীর বাহন মকর?

উঃ গঙ্গা।

প্রঃ (১৬) কোন দেশের দেবী আর্টেমিস?

উঃ প্রাচীন গ্রীস।

প্রঃ (১৭) কোন দেশের দেবতা 'রা'?

উঃ প্রাচীন মিশর।

প্রঃ (১৮) প্রাচীন নরওয়ের দেবতার নাম কি?

উঃ 'থর'।

প্রঃ (১৯) "কল্প" কাকে বলে?

উঃ ব্রহ্মার জীবনে একটা দিন ও একটা রাত্রি। দিনে ব্রহ্মান্ড সৃষ্টি ও রাতে লয় প্রাপ্তি। একেই বলে 'কল্প'।

প্রঃ (২০) ত্রিভুবন কি কি?

উঃ স্বর্গ, মর্ত্য ও পাতাল।

প্রঃ (২১) পঞ্চরত্ন কি?

উঃ মণি, মুক্তা, প্রবাল, স্বর্ণ ও রৌপ্য।

প্রঃ (২২) পঞ্চভূত কি কি?

উঃ ক্ষিতি, অপ, তেজ, মরুৎ, ব্যোম।

প্রঃ (২৩) পঞ্চশস্য কি কি?

উঃ ধান, মুগ, মাষকলাই, যব, তিল।

প্রঃ (২৪) পঞ্চতীর্থ কি কি?

উঃ কুরুক্ষেত্র, গয়া, গঙ্গা, প্রভাস, পুষ্কর।

প্রঃ (২৫) পঞ্চপল্লব কি কি?

উঃ আম্র, পাকুড়, বট, অশ্বত্থ, যজ্ঞডুমুর।

প্রঃ (২৬) পঞ্চবট বলতে কোন কোন্ গাছ বুঝায়?

উঃ অশ্বত্থ, বট, বেল, অশোক, আমলকী।

প্রঃ (২৭) পঞ্চকষায় কি কি?

উঃ জাম, শিমুল, বেড়েলা, কুল, বকুল।

প্রঃ (২৮) পঞ্চেন্দ্রিয় কোন্ কোন্‌টি ?

উঃ চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক।

প্রঃ (২৯) পঞ্চনদ কি কি ?

উঃ শতদ্রু, বিপাসা, বিতস্তা, ইরাবতী, চন্দ্রভাগা।

প্রঃ (৩০) সপ্তস্বর্গ কি কি ?

উঃ ভূঃ, ভূব, স্বঃ, জনঃ, মহঃ, তপঃ, সত্য।

প্রঃ (৩১) সপ্তসুর কি কি ?

উঃ ষড়জ, ঋষভ, গান্ধার, মধ্যম, পঞ্চম, ধৈবত, নিষাদ।

প্রঃ (৩২) সপ্তর্ষি কে কে ?

উঃ মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু, বশিষ্ঠ।

প্রঃ (৩৩) সপ্তরথী কে কে ?

উঃ দ্রোণ, কৃপ, কর্ণ অশ্বত্থামা, শকুনি, জয়দ্রথ ও দুঃশাসন।

প্রঃ (৩৪) সপ্ত সমুদ্র কি কি ?

উঃ লবণ, ইক্ষু সুরা, ঘৃত, দধি, দুগ্ধ, জল।

প্রঃ (৩৫) সপ্তশতী কাকে বলে ?

উঃ গীতা ও চণ্ডীতে সাত শত শ্লোক আছে বলে এদের 'সপ্তশতী' বলা হয়।

প্রঃ (৩৬) অষ্ট ঐশ্বর্য কি কি ?

উঃ অণিমা, মহিমা, লঘিমা, গরিমা, প্রাপ্তি, প্রাকাম্য, ঈশিত্ব, বশিত্ব।

প্রঃ (৩৭) অষ্টধাতু কি কি ?

উঃ সোনা, রূপা, তামা, রাঙ, খাদ, সীসা, লোহা, পারদ।

প্রঃ (৩৮) অষ্টাঙ্গ কি কি ?

উঃ জানু, পদ, হস্ত, বক্ষঃস্থল, মস্তিষ্ক, বুদ্ধি (মন), বাক্য (জিহ্বা), দৃষ্টি (চক্ষু)।

প্রঃ (৩৯) নবরত্ন কি কি ?

উঃ মুক্তা, মাণিক্য, বৈদুর্য, গোমেদ, হীরক, বিদ্রুম, পদ্মরাগ, মরকত, নীলকান্ত।

প্রঃ (৪০) নবগ্রহ কি কি ?

উঃ রবি, সোম, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি, রাহু ও কেতু।

প্রঃ (৪১) নব পত্রিকা কি কি ?

উঃ রম্ভা, কচু, হরিদ্রা, মানকচু, বিল্ব, অশোক, জয়ন্তী, ধান্য, দাড়িম্ব।

প্রঃ (৪২) পুরাণোক্ত অষ্ট নায়িকা কে কে ?

উঃ মঙ্গলা, বিজয়া, ভদ্রা, জয়ন্তী, অপরাজিতা, নন্দিনী, নারসিংহী, কৌমারী।

প্রঃ (৪৩) ভগবতীর অষ্টশক্তির রূপ কি কি ?

উঃ উগ্রচণ্ডা, প্রচণ্ডা, চণ্ডগ্রা, চণ্ডনায়িকা, চণ্ডা, চণ্ডাবতী, চণ্ডারূপা ও অতিচণ্ডিকা।

প্রঃ (৪৪) দশাবতার কি কি ?

উঃ মৎস্য, কূর্ম, বরাহ, নৃসিংহ, বামন, পরশুরাম, দাশরথি রাম, বলরাম, বুদ্ধ ও কল্কি।

প্রঃ (৪৫) দেবী দুর্গার দশটি অস্ত্র কি কি ?

উঃ শক্তি, ত্রিশূল, ঢাল, খড়্গ, অঙ্কুশ, চক্র, পূর্ণচাপ, বাণ, খেটক ও পাশ।

প্রঃ (৪৬) পঞ্চবাণ কাকে বলে ?

উঃ নবমল্লিকা, চ্যুত, নীলোৎপল, অরবিন্দ, অশোক। এই পাঁচটিকে পঞ্চবাণ বলে।

প্রঃ (৪৭) অষ্টবসু কি কি ?

উঃ বিষ্ণু, প্রভাব, ভব, সোম, অনল, ধ্রুব, প্রত্যুষ ও অনিল। (অপ, ধ্রুব, সোমা, অনল, অনিলা, ধারা, প্রত্যুষা ও প্রভাব।)

প্রঃ (৪৮) সাত মহারথী কাকে বধ করেন ?

উঃ অভিমন্যুকে।

প্রঃ (৪৯) কামধেনু ছিল কোন ঋষির ?

উঃ বশিষ্ঠের।

প্রঃ (৫০) ইন্দ্রপ্রস্থ কার রাজধানী ছিল ?

উঃ যুধিষ্ঠিরের।

প্রঃ (৫১) তপস্যাবলে কোন ক্ষত্রিয় ব্রাহ্মণ হয়েছিলেন ?

উঃ বিশ্বামিত্র মুনি।

প্রঃ (৫২) বজ্র তৈরী হয়েছিলেন কার অস্থি দিয়ে।

উঃ দধীচি মুনির অস্থি দিয়ে।

প্রঃ (৫৩) কোন ব্রাহ্মণ ২১ বার পৃথিবীকে নিঃক্ষত্রিয় করেছিলেন ?

উঃ পরশুরাম।

প্রঃ (৫৪) পরশুরামের বাবার নাম কি ?

উঃ জমদগ্নি।

প্রঃ (৫৫) চিত্রগুপ্ত কে ছিলেন ?

উঃ ধর্মরাজের কেরাণী ছিলেন।

প্রঃ (৫৬) অসুর ও দেবতাদের বাবা ও মার নাম কি ?

উঃ মহর্ষি কশ্যপ উভয়েরই পিতা, দিতি ও অদিতি কশ্যপের স্ত্রী, উভয়েই দক্ষ প্রজাপতির কন্যা, দিতির সন্তান অসুরগণ এবং অদিতির সন্তান দেবতাগণ।

প্রঃ (৫৭) বাল্মিকী কে ?

উঃ পৃথিবীর আদি কবি।

প্রঃ (৫৮) রামায়ণ কে রচনা করেন ?

উঃ মহর্ষি বাল্মিকী।

প্রঃ (৫৯) মহাভরতের রচয়িতা কে ?

উঃ ব্যাসদেব।

প্রঃ (৬০) রামায়ণে ক'টি শ্লোক ও ক'টি অধ্যায় আছে ?

উঃ এতে আছে ২৪ হাজার শ্লোক ও পাঁচশো অধ্যায়।

প্রঃ (৬১) পঞ্চম বেদ কাকে বলে ?

উঃ মহাভারতকে।

প্রঃ (৬২) গণেশের গজমুণ্ড হয়েছিল কেন ?

উঃ শনির দৃষ্টিতে গণেশের মুণ্ড দগ্ধ হয়েছিল, তখন বিষ্ণু গণেশের শোকাতুর মাকে শান্ত করার জন্য গণেশের কাঁধে গজমুণ্ড বসিয়ে তাকে পুনরায় বাঁচিয়ে তোলেন।

প্রঃ (৬৩) দুর্গাপূজা অকালে করেছিলেন কে ? এই পূজাকে কি বলে ?

উঃ রামচন্দ্র, শরৎকালে রাবণবধের আগে রামচন্দ্র এই পূজা করেছিলেন। শরৎকালে এই পূজাকে অকাল বোধন বলে।

প্রঃ (৬৪) নীলকণ্ঠ কার নাম ? তাঁর এরূপ নাম হয়েছিল কেন ?

উঃ মহাদেবের নাম, সমুদ্র মন্থনের সময় তিনি তাঁর কণ্ঠে বিষ ধারণ করেছিলেন তাই তাঁর নাম নীলকণ্ঠ।

প্রঃ (৬৫) বাবার আদেশে নিজের মাকে হত্যা করেছিলেন কোন্ মুনিপুত্র ?

উঃ পরশুরাম। জমদগ্নির পুত্র।

প্রঃ (৬৬) ইন্দ্রের রাজধানীর নাম কি ছিল ?

উঃ অমরাবতী।

প্রঃ (৬৭) কোন দেবতার নাম পঞ্চানন ?

উঃ শিব।

প্রঃ (৬৮) রাশি কয়টি ও কি কি ?

উঃ রাশি দ্বাদশটি—মীন, কর্কট, তুলা, বৃষ, ধনু, সিংহ, মকর, কন্যা, মেষ, মিথুন, কুম্ভ ও বৃশ্চিক।

প্রঃ (৬৯) বাংলা ভাষার উদ্ভব কি থেকে ?

উঃ মাগধী অপভ্রংশ বা পূর্বী অপভ্রংশ থেকে পূর্ব ভারতের যে ৬টা আধুনিক ভাষার জন্ম হয়েছে তার মধ্যে একটা ভাষা হচ্ছে বাংলা।

প্রঃ (৭০) আদি ভারতীয় ভাষা কি ?

উঃ যীশুখৃষ্টের জন্মের দেড় হাজার বছর আগে আর্যরা ভারতে প্রবেশ করার সময় যে ভাষা সঙ্গে করে নিয়ে আসেন, অর্থাৎ তাঁরা যে ভাষায় কথাবার্তা বলতেন, কাব্য সাহিত্য রচনা করতেন, তাকে।

প্রঃ (৭১) কোন সময় অক্ষয় তৃতীয়া পালন করা হয় ?

উঃ বৈশাখ মাসের তৃতীয়া তিথির শুক্ল পক্ষে।

প্রঃ (৭২) কল্পতরু কাকে বলে ?

উঃ দেববৃক্ষ। তার কাছে যা চাওয়া যায় তাই পাওয়া যায়।

প্রঃ (৭৩) কুবের কোথায় থাকতেন ?

উঃ কৈলাসের অলকাপুরীতে।

প্রঃ (৭৪) কোন অবতার রূপে বিষ্ণু কলিযুগে আসবেন ?

উঃ কল্কি অবতার রূপে।

প্রঃ (৭৫) চৌদ্দ ভুবন কি ?

উঃ ভূঃ, ভুবঃ, স্বঃ, মহঃ, জন, তপঃ, সত্য, অতল, বিতল, সুতল, মহাতল, রসাতল, তলাতল, পাতাল।

প্রঃ (৭৬) সমুদ্র মন্থনের দড়ি কি ও দণ্ড কি ?

উঃ বাসুকি নাগ সমুদ্র মন্থনের দড়ি ও মন্দার পর্বত সমুদ্র মন্থনের দণ্ড।

প্রঃ (৭৭) কার নাম 'একদন্ত' ?

উঃ গণেশের।

প্রঃ (৭৮) বেদের শেষ অংশের নাম কি ?

উঃ বেদান্ত বা উপনিষদ।

প্রঃ (৭৯) বৈদিক সাহিত্য বলতে কি বোঝায় ?

উঃ বেদ ও বেদান্ত।

প্রঃ (৮০) বৈদিক সমাজটা চার শ্রেণীতে বিভক্ত ছিল—সেগুলি কি কি ?

উঃ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র।

প্রঃ (৮১) আর্যদের সমগ্র জীবন চতুরাশ্রমে বিভক্ত ছিল। এই চতুরাশ্রম কি ?

উঃ ব্রহ্মচর্য, গার্হস্থ, বাণপ্রস্থ ও সন্ন্যাস। সে সময়ে ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যদের এই চারটি আশ্রম পালন করতে হত।

প্রঃ (৮২) জৈন ধর্মের মূল প্রবর্তক কে ?

উঃ পার্শ্বনাথ।

প্রঃ (৮৩) জৈন ধর্মের মূল উদ্দেশ্য কি ?

উঃ আত্মার চিরমুক্তিলাভ।

প্রঃ (৮৪) একখানা জৈন ধর্মগ্রন্থের নাম কি ?

উঃ পরিশিষ্ট পার্বণ।

প্রঃ (৮৫) বৌদ্ধ ধর্মের প্রবর্তক কে ?

উঃ গৌতম বুদ্ধ।

প্রঃ (৮৬) বুদ্ধদেব কোথায় সর্বপ্রথম ধর্মপ্রচার করেন ?

উঃ বারাণসীর কাছে সারনাথে মৃগশিখা বনে।

প্রঃ (৮৭) বৌদ্ধধর্মের মূল লক্ষ্য কি ?

উঃ নির্বাণলাভ হল বৌদ্ধ ধর্মের মূল লক্ষ্য।

প্রঃ (৮৮) বৌদ্ধদের প্রধান ধর্মগ্রন্থের নাম কি এবং তা কি ভাষায় লেখা ?

উঃ ত্রিপিটক। এটা পালি ভাষায় রচিত।

প্রঃ (৮৯) অহিংসা পরম ধর্ম—এটা কোন্ ধর্মের মূলনীতি ?

উঃ বৌদ্ধ ধর্মের।

প্রঃ (৯০) আর্যসত্য বলতে কি বোঝায় ?

উঃ দুঃখের কারণ আছে, এটা দূর করা সম্ভব এবং দুঃখনাশের উপায় আছে—এই হল আর্য সত্য।

প্রঃ (৯১) আলেকজান্ডারের বিরুদ্ধে কোন্ ভারতীয় রাজা যুদ্ধ করেন?

উঃ বিতস্তা ও চন্দ্রভাগা নদী মধ্যবর্তী অঞ্চলের রাজা পুরু।

প্রঃ (৯২) কুষাণ রাজবংশের প্রথম সম্রাট কে ছিলেন ?

উঃ কুজুল-কদফিসিস।

প্র০ (৯৩) কুষাণ বংশের শ্রেষ্ঠ রাজা কে ছিলেন ?

উঃ কণিষ্ক।

প্রঃ (৯৪) কণিষ্ক কোন্ অব্দের প্রবর্তন করেছিলেন ?

উঃ শকাব্দ।

প্রঃ (৯৫) শকাব্দ কোন্ সময় থেকে গণনা করা হয় ?

উঃ ৭৩ খ্রীষ্টাব্দ থেকে শকাব্দ গণনা করা হয়।

প্রঃ (৯৬) বসুমিত্র, অশ্বঘোষ ও নাগার্জুন—এরা কারা ?

উঃ কণিষ্কের আমলে এই তিনজন ছিলেন বৌদ্ধ গ্রন্থ রচয়িতা।

প্রঃ (৯৭) চরক যে গ্রন্থ রচনা করেছিলেন, তার নাম কি ?

উঃ চরক সংহিতা।

প্রঃ (৯৮) শকারি উপাধি গ্রহণ করেছিলেন, কোন্ রাজা ?

উঃ দ্বিতীয় চন্দ্রগুপ্ত।

প্রঃ (৯৯) মৌর্য বংশের প্রথম ও শেষ রাজার নাম কি ?

উঃ মৌর্য বংশের প্রথম রাজা হলেন চন্দ্রগুপ্ত মৌর্য ও শেষ রাজা হলেন সম্রাট বৃহদ্রথ।

প্রঃ (১০০) আলেকজান্ডার কত খ্রীষ্টাব্দে ভারত আক্রমণ করেন ?

উঃ আলেকজান্ডার খ্রীষ্টপূর্ব চতুর্থ শতকে ভারত আক্রমণ করেন।

প্রঃ (১০১) অর্থশাস্ত্র কে রচনা করেন ?

উঃ কৌটিল্য 'অর্থশাস্ত্র' রচনা করেন।

প্রঃ (১০২) নিস্ক কি ?

উঃ বৈদিক যুগের মুদ্রাকে নিস্ক বলা হত।

প্রঃ (১০৩) অশোক কত খ্রীষ্টাব্দে সিংহাসনে বসেন ?

উঃ ২৬৯ খ্রীষ্ট পূর্বাব্দে অশোক সিংহাসনে বসেন।

প্রঃ (১০৪) হূণদের বিরুদ্ধে কোন্ গুপ্ত রাজা খ্যাতি অর্জন করেন ?

উঃ দ্বিতীয় চন্দ্রগুপ্ত হূণদের বিরুদ্ধে খ্যাতি অর্জন করেন।

প্রঃ (১০৫) গঙ্গার অপর নাম 'ভাগীরথী' বলা হয় কেন?

উঃ সগর রাজার ৬০ হাজার পুত্র অভিশপ্ত হয়ে মারা যায়। তাদের উদ্ধারের জন্য ভগীরথ তপস্যা করে গঙ্গাকে মর্তে আনেন। সঙ্গে সঙ্গে সগর সন্তানরা অভিশাপমুক্ত হয়ে স্বর্গে চলে যায়। ভগীরথ গঙ্গাকে মর্তে এনেছিলেন বলেই গঙ্গার অপর নাম ভাগীরথী।

প্রঃ (১০৬) গঙ্গাকে জাহ্নবী বলা হয় কেন?

উঃ প্রচণ্ড বেগে গঙ্গা যখন মর্তে নেমে আসছিল, তখন জহ্নুমুনির যজ্ঞভূমি গঙ্গার স্রোতে ভেসে যায়। রাগে জহ্নুমুনি তখন গঙ্গাকে পান করে নেন। ভগীরথ স্তব করে ঐ মুনিকে তুষ্ট করলেন। তখন সন্তুষ্ট হয়ে জহ্নুমুনি তাঁর জানু চিরে গঙ্গাকে বের করে দেন। তাই গঙ্গার অপর নাম জাহ্নবী।

প্রঃ (১০৭) হিন্দুদের প্রাচীন ধর্মগ্রন্থের নাম কি।

উঃ বেদ।

প্রঃ (১০৮) উপনিষদ কি?

উঃ হিন্দুদের একটা পবিত্র ধর্মগ্রন্থ। এতে আছে ব্রহ্ম অর্থাৎ ঈশ্বর ও ব্রহ্মাণ্ড অর্থাৎ বিশ্ব জগৎ সম্পর্কে আলোচনা। জ্ঞান-ভাণ্ডারের একটা অমূল্য রত্ন এই উপনিষদ।

প্রঃ (১০৯) পাণ্ডব জননী কুন্তীর পিতৃদত্ত নাম কি?

উঃ পৃথা।

প্রঃ (১১০) শ্রীকৃষ্ণ যে বিদর্ভরাজ কন্যাকে বিয়ে করেছিলেন তার নাম কি?

উঃ রুক্মিণী।

প্রঃ (১১১) ভীমের রাক্ষস পুত্রের নাম কি?

উঃ ঘটোৎকচ।

প্রঃ (১১২) শ্রীকৃষ্ণের ভগিনীর নাম কি?

উঃ সুভদ্রা।

প্রঃ (১১৩) অর্জুনের রথের নাম কি?

উঃ কপিধ্বজ।

প্রঃ (১১৪) কুরুক্ষেত্র যুদ্ধে পরাজিত হয়ে দুর্যোধন কোন হ্রদে লুকিয়ে ছিলেন।

উঃ দ্বৈপায়ন হ্রদে।

প্রঃ (১১৫) অভিমন্যুকে যে সাত জন রথী বধ করেছিলেন তাদের নাম কি?

উঃ জয়দ্রথ, দ্রোণ, কৃপ, কর্ণ অশ্বত্থমা, দুর্যোধন ও শকুনি।

প্রঃ (১১৬) কৃষ্ণের পুত্র শাম্বের মাতার নাম কি?

উঃ জাম্ববতী।

প্রঃ (১১৭) ব্যাসদেবের মায়ের নাম কি?

উঃ সত্যবতী।

প্রঃ (১১৮) একলব্যের পিতার নাম কি?

উঃ হিরণ্যধনু।

প্রঃ (১১৯) কৃষ্ণের শঙ্খের নাম কি?

উঃ পাঞ্চজন্য।

প্রঃ (১২০) খান্ডব দাহের সময় কৃষ্ণ কার কাছ থেকে কৌমন্দকী গদাটি লাভ করে ছিলেন?

উঃ বরুণের কাছ থেকে।

প্রঃ (১২১) গান্ধারী সর্বদা নিজের চোখে একখন্ড বস্ত্র বেঁধে রাখতেন কেন?

উঃ স্বামী ধৃতরাষ্ট্র অন্ধ ছিলেন বলে।

প্রঃ (১২২) দুর্গার ললাট থেকে কালী আবির্ভূতা হন কোন যুদ্ধে?

উঃ শুম্ভ নিশুম্ভের যুদ্ধে।

প্রঃ (১২৩) বৃত্রাসুরের অনুচরেরা কি নামে পরিচিত ছিল?

উঃ কালকেয়।

প্রঃ (১২৪) কালির পিতা ও মাতার নাম কি?

উঃ ক্রোধ পিতার নাম। মাতার নাম হিংসা।

প্রঃ (১২৮) কালির পুত্র ও কন্যার নাম কি?

উঃ ভয় ও মৃত্যু।

প্রঃ (১২৯) জন্মাষ্ঠমী উৎসব পালন করা হয় কি উপলক্ষ্যে?

উঃ ভগবান শ্রীকৃষ্ণের জন্মদিন উপলক্ষ্যে।

প্রঃ (১৩০) গ্রীকপুরাণে কার বীণার সুর বন্যজন্তুরা মন্ত্র মুগ্ধের মতো শুনতো ?

উঃ অর্ফিউস।

প্রঃ (১৩১) গ্রীক পুরাণ অনুযায়ী কে সমগ্র ভূমন্ডলের ভার বহন করেন ?

উঃ অ্যাটলাস।

প্রঃ (১৩২) ভারতীয় পুরান অনুযায়ী কে সমগ্র ভূমন্ডলের ভার বহন করে ?

উঃ বাসুকী নাগ।

প্রঃ (১৩৩) বাইবেল এ কোরাণ অনুযায়ী মানব জাতির আদি পুরুষ ও নারী কে ?

উঃ আদম ও ইভ।

প্রঃ (১৩৪) গ্রীক পুরাণে কোন দেবতার শতচক্ষু ?

উঃ আর্গাস।

প্রঃ (১৩৫) গ্রীক ও রোমানদের কাছে কে সূর্য দেবতা রূপে পূজিত হতেন ?

উঃ অ্যাপেলো।

প্রঃ (১৩৬) গ্রীক দেবতা জিউসের সঙ্গে রোমানদের কোন দেবতার সাদৃশ্য পাওয়া যায় ?

উঃ জুপিটার।

প্রঃ (১৩৭) গ্রীক পুরাণে বর্ণিত ৯ মাথা বিশিষ্ট সাপের নাম কি ?

উঃ হাইড্রা।

প্রঃ (১৩৮) গ্রীকপুরাণে জুপিটার, নেপচুন, প্লুটো কার পুত্র ছিলেন ?

উঃ স্যাটর্ন।

প্রঃ (১৩৯) রোমানদের অগ্নিদেবতা ভলক্যানকে গ্রীকরা কি বলে ?

উঃ হেফায়েস্টাস্।

প্রঃ (১৪০) মিশরের সূর্য দেবতার নাম কি ?

উঃ 'রা'।

প্রঃ (১৪১) মিশরীয়দের 'ওরিসিস' গ্রীকদের কোন দেবতা হিসাবে স্বীকৃতি পেয়ে ছিলেন ?

উঃ ডাইওনিসাস।

প্রঃ (১৪২) রোমানদের নিদ্রার দেবতার নাম কি ?

উঃ সমনাস।

প্রঃ (১৪৩) মিশরের পবিত্রতার প্রতীক কি ?

উঃ আইবিস।

প্রঃ (১৪৪) এথেনা ও মিনার্ভা দুই গ্রীকদেবীর সঙ্গে আমাদের পুরাণে কোন দেবীর মিল আছে ?

উঃ সরস্বতী দেবীর সঙ্গে।

প্রঃ (১৪৫) গ্রীক পুরাণে অর্ধ মানবী ও অর্ধপক্ষীনীটির নাম কি ?

উঃ সাইরেনস।

প্রঃ (১৪৬) রোমানদের সৌন্দর্যের দেবী কে ?

উঃ ভেনাস।

প্রঃ (১৪৭) গ্রীক পুরাণে কে সর্বদা তৃষ্ণায় কাতর হয়ে থাকতেন ?

উঃ ট্যান্‌ট্যালাস্‌।

প্রঃ (১৪৮) হারকিউলিসের স্ত্রীর নাম কি ছিল ?

উঃ ডেজারিনা।

প্রঃ (১৪৯) গ্রীক পুরাণে স্বপ্নের দেবতার নাম কি ?

উঃ মর্ফিয়াস।

প্রঃ (১৫০) গ্রীক পুরাণে ইতিহাসের অধিষ্ঠাত্রী দেবী কে ?

উঃ ক্লিও।

প্রঃ (১৫১) গ্রীকদের চারুশিল্পের দেবী কে ?

উঃ এথিনা।

প্রঃ (১৫২) গ্রীক পুরাণে আলোকের অধিষ্ঠাত্রী দেবী কে ?

উঃ ডায়েনা।

প্রঃ (১৫৩) প্রমিথিউয়াস কে ?

উঃ ইনি মাটির মানব মূর্তিতে স্বর্গ থেকে আগুন এনে জীবনী শক্তি দান করেছিলেন।

প্রঃ (১৫৪) মেষপালক দেবতার নাম গ্রীক পুরাণে বর্ণিত আছে। সেই দেবতার নাম কি ?

উঃ প্যান।

প্রঃ (১৫৫) এক দুর্ধর্ষ সিংহকে মেরে হারকিউলিস তার চামড়া পরেছিলেন। সেই দুর্ধর্ষ সিংহটার নাম কি?

উঃ নেমেয়ো।

প্রঃ (১৫৬) গ্রীক পুরাণের বর্ণনা অনুযায়ী পুরুষ ও নারী পাথরে পরিণত হত কার দিকে তাকালে?

উঃ ছিন্ন মস্তক মেডুসার দিকে।

প্রঃ (১৫৭) গ্রীক পুরাণে 'ওরিয়েন' মৃত্যুর পর নক্ষত্রমণ্ডলে স্থান পেয়েছিল বলে জানা যায়। এই ওরিয়েন কে?

উঃ এক শিকারী দৈত্য।

প্রঃ (১৫৮) মুসলীম ধর্মে হাদি কাকে বলে?

উঃ মুসলীম ধর্মের সামাজিক নিয়মাবলী সম্পর্কে হজরত মহম্মদের বাণীকে।

প্রঃ (১৫৯) খুতা কাল্লামিন কাদের বলা হয়?

উঃ হজরত মহম্মদের বাণীকে যারা সর্বস্ব জ্ঞান করে।

প্রঃ (১৬০) ভারতীয় মুসলমানরা কোরানের নির্দেশ অনুযায়ী পশ্চিমদিকে মুখ করে নামাজ পড়েন কেন?

উঃ কারণ ভারতের পশ্চিমদিকে মক্কা অবস্থিত বলে।

প্রঃ (১৬১) হজযাত্রার শেষ দিন কবে?

উঃ ইদুজ্জোহার দিন।

প্রঃ (১৬২) প্রথম খলিফা হিসাবে হজরত মহম্মদের পর কে নির্বাচিত হয়েছিলেন?

উঃ আবু বকর।

প্রঃ (১৬৩) আদম কে?

উঃ কোরাণ ও বাইবেলের বর্ণনা অনুযায়ী মানব জাতির আদি পুরুষ।

প্রঃ (১৬৪) কপালমোচন তীর্থ কি?

উঃ যে জায়গায় ব্রহ্মার ছিন্নমুণ্ড পড়েছিল সেই জায়গার নাম।

প্রঃ (১৬৫) নিকষা কে ছিলেন?

উঃ রাবণের মাতা।

প্রঃ (১৬৬) শ্রুতকীর্তি কার স্ত্রীর নাম?

উঃ শত্রুঘ্নের স্ত্রীর নাম।

প্রঃ (১৬৭) রামচন্দ্র সীতার অন্তর্ধানের পর কার ওপর রাজকার্য চালানোর ভার দিয়েছিলেন ?

উঃ নিজের পুত্র কুশ-এর ওপর।

প্রঃ (১৬৮) রাক্ষসরাজ রাবণের মৃত্যু পর তার যে পত্নী বিভীষণকে বিয়ে করেন তার নাম কি ছিল ?

উঃ মন্দোদরী।

প্রঃ (১৬৯) এক মুনির ঋষ্য অর্থাৎ হরিনের মত সিং ছিল। তাঁর নাম কি ?

উঃ ঋষ্যশৃঙ্গ।

প্রঃ (১৭০) অঙ্গদ ও চন্দ্রকেতু কে ?

উঃ লক্ষ্মণের দুই পুত্র।

প্রঃ (১৭১) কৌস্তভ মণিটা কি ?

উঃ সমুদ্র মন্হনের সময় ওঠা মণির নাম।

প্রঃ (১৭২) কোন পাখী সীতাকে হরণ করার সময় রাবণকে বাধা দিয়েছিল ?

উঃ জটায়ু।

প্রঃ (১৭৩) নন্দিনী কামধেনু কার নাম ?

উঃ বশিষ্ঠের কাছ থেকে বিশ্বামিত্র মুনি যে গাভীটা হরণ করতে চেয়েছিলেন তার নাম।

প্রঃ (১৭৪) সুষেণ কে ছিলেন ?

উঃ শ্রীরামচন্দ্রের বানর সৈন্যদের চিকিৎসক।

প্রঃ (১৭৫) মাতৃজঠরে থেকে বেদ চর্চা করতেন কোন মুনি ?

উঃ পরাশর।

প্রঃ (১৭৬) মিশরের পৌরাণিক উপাখ্যানে আলোর দেবতা কে ?

উঃ হোরাস।

প্রঃ (১৭৭) জৈন ধর্মের প্রবর্তক কে ?

উঃ মহাবীর।

প্রঃ (১৭৮) বৌদ্ধ ধর্মের প্রবর্তক কে ?

উঃ বুদ্ধদেব।

———

ক্যুইজে ভারত

প্রঃ (১) ভারতের জাতীয় প্রতীক কি ?

উঃ অশোক স্তম্ভ।

প্রঃ (২) স্বাধীনতার পর ভাবতের প্রথম নির্বাচন হয কোন সালে ?

উঃ ১৯৫১ সালে।

প্রঃ (৩) ভারতে বৈদ্যুতিক ট্রেন চালু হয কবে ?

উঃ ১৯২৫ সালে।

প্রঃ (৪) ভারতের জাতীয় ফুল কি ?

উঃ পদ্ম।

প্রঃ (৫) ভাবতে কোথায় কবে প্রথম টেলিফোন চালু হয়েছিল ?

উঃ কলকাতায় ১৮৮১ সালে প্রথম টেলিফোন চালু হয়।

প্রঃ (৬) আই. সি. এস পরীক্ষায় প্রথম কোন ভারতীয় উত্তীর্ণ হন ?

উঃ সত্যেন্দ্রনাথ ঠাকুর।

প্রঃ (৭) পণ্ডিত নেহরু কোন বিদ্যালয়ে পড়াশুনা করেন ?

উঃ হ্যারো।

প্রঃ (৮) পণ্ডিত জওহরলাল নেহরুব মৃত্যুর পর ভারতের প্রধানমন্ত্রী হিসাবে কে কাজ চালান ?

উঃ গুলজারিলাল নন্দ।

প্রঃ (৯) ভারতীয় সংবিধানে কতগুলি ধারা আছে ?

উঃ ৩৯৫টি।

প্রঃ (১০) ভারতীয় সংবিধান কে রচনা করেন ?

উঃ ডঃ বি. আর. আম্বেদকর।

প্রঃ (১১) কুরুক্ষেত্র কোথায় অবস্থিত ?

উঃ উত্তরপ্রদেশে।

প্রঃ (১২) ভারতের জাতীয় প্রতীক সংরক্ষিত আছে কোথায় ?

উঃ সারনাথ মিউজিয়ামে।

প্রঃ (১৩) ভারতের কোন অভয়ারণ্যে এক শিংওয়ালা গণ্ডার পাওয়া যায় ?

উঃ আসামের কাজিরাঙ্গা অভয়ারণ্যে।

প্রঃ (১৪) হিন্দুস্থান কপার লিমিটেডের আগেকার নাম কি ছিল ?

উঃ ইণ্ডিয়ান কপার কর্পোরেশন। ১৯৭২ সালের ১০ই মার্চ জাতীয়করণের পর বর্তমান নাম হয়।

প্রঃ (১৫) ভারতের প্রথম সংবাদপত্র কোনটি এবং কবে প্রকাশিত হয় ?

উঃ জেমস অগষ্টাস হিকির 'বেঙ্গল গেজেট'। এটি ১৭৮১ সালের ২৯শে জানুয়ারী প্রথম প্রকাশিত হয।

প্রঃ (১৬) ভারতের জাতীয় পতাকার দৈর্ঘ্য ও প্রস্থেব অনুপাত কি ?

উঃ ৩ ঃ ২। লম্বায় তিন মিটার হলে তা চওড়ায় ২ মিটাব হতে হবে।

প্রঃ (১৭) ভারতেব কোন শহরে এখনো ট্রাম চলে ?

উঃ কলকাতায়।

প্রঃ (১৮) ভারতে কবে প্রথম বিমানে ডাক পরিবহণ করা হয এবং সেই উপলক্ষ্যে একটি নতুন ডাকটিকিট প্রকাশিত হয় ?

উঃ ১৯১১ সালের ১৮ই ফেব্রুয়ারী।

প্রঃ (১৯) রামায়ণ মহাভারতেব উপাখ্যানকে অবলম্বন করে কোন নৃত্য নাট্য গড়ে উঠেছে ?

উঃ কথাকলি। এটার উৎপত্তি কেরালা থেকে।

প্রঃ (২০) এভারেষ্ট গিরিশৃঙ্গ প্রথম জয় করেন কে ?

উঃ শেরপা তেনজিং ও এডমণ্ড হিলারী। ১৯৫৩ সালের ২৯শে মে তারা ঐ শৃঙ্গে আরোহন করেন।

প্রঃ (২১) মীনাক্ষী মন্দিরের জন্য বিখ্যাত কোন শহব ?

উঃ মাদুরাই।

প্রঃ (২২) ভারতে ডাক ব্যবস্থার প্রচলন হয় কবে ?

উঃ ১৮৫৪ সালে।

প্রঃ (২৩) আমাদের দেশে কোন কলেজে প্রথম পাশ্চাত্ত্য শিক্ষা দেওয়া হয়েছিল ?

উঃ হিন্দু কলেজে। এখন এর নাম প্রেসিডেন্সী কলেজ। এটি স্থাপিত হয় ১৮১৭ সালে।

প্রঃ (২৪) হিমাচল রাজ্য গঠিত হয় কবে ?

উঃ ১৯৭১ সালে ২রা এপ্রিল হিমাচলপ্রদেশ রাজ্য গঠন করা হয়।

প্রঃ (২৫) ভারত-সোভিয়েট মৈত্রী চুক্তি ও ভারত-পাক যুদ্ধ হয় ১৯৭১ সনের কবে ?

উঃ মৈত্রী চুক্তি হয় ৯ই আগষ্ট, যুদ্ধ হয় ৩—১৬ ডিসেম্বর।

প্রঃ (২৬) ১৯৭২ সালের উল্লেখযোগ্য ঘটনা কি কি ?

উঃ ১৯৭২ সালের ঘটনা—ভারতের পঞ্চম সাধারণ নির্বাচন। মেঘালয়, মণিপুর ও ত্রিপুরা এবং কেন্দ্র-শাসিত অরুণাচল ও মিজোরামের উদ্বোধন। ভারত-পাকিস্তান সিমলা চুক্তি স্বাক্ষরিত হয় ৩রা জুলাই।

প্রঃ (২৭) ১৯৭২ সালের স্মরণীয় ঘটনা কি কি ?

উঃ ১৯৭২ সালে ভারতে প্রথম পরমাণু বিস্ফোরণ এবং ভারতীয় বৈজ্ঞানিক সত্যেন বোসের মৃত্যু হয়।

প্রঃ (২৮) ১৯৭৫ সালে কোন রাজ্য ভারতের অঙ্গরাজ্য হিসেবে যুক্ত হয়।

উঃ সিকিম ভারতের অঙ্গরাজ্য হিসেবে যুক্ত হয়।

প্রঃ (২৯) ১৯৭৭ সালের উল্লেখযোগ্য ঘটনা কি কি ?

উঃ ১৯৭৭ সালের উল্লেখযোগ্য ঘটনা—ভারতের ষষ্ঠ লোকসভা নির্বাচন, স্বাধীনতা লাভের পর কংগ্রেস দলের কেন্দ্রীয় শাসন হতে বিদায়-গ্রহণ, প্রেসিডেন্ট ফকরুদ্দিন আলি আহ্‌মেদের মৃত্যু, মোরারজি দেশাই ভারতের প্রধানমন্ত্রী নির্বাচিত হন।

প্রঃ (৩০) ১৯৭৯ সালের স্মরণীয় ঘটনা কি কি ?

উঃ প্রধানমন্ত্রী মোরারজি দেশাই-এর পদত্যাগ (১৫ই জুলাই)। চৌধুরী চরণ সিং প্রধানমন্ত্রী মনোনীত হন (২৮শে জুলাই) এবং পদত্যাগ করেন ২০শে আগষ্ট।

প্রঃ (৩১) ১৯৮০ সালের বিশেষ কয়েকটি ঘটনা কি কি ?

উঃ ১৯৮০ সালের বিশেষ ঘটনার মধ্যে আছে সপ্তম লোকসভা নির্বাচন। শ্রীমতী ইন্দিরা গান্ধী এবং তাঁর দলের জয়লাভ। তিনি আবার প্রধানমন্ত্রী নির্বাচিত হন।

প্রঃ (৩২) ১৯৮১ সালের উল্লেখযোগ্য ঘটনা কি কি ?

উঃ ১৯৮১ সালের উল্লেখযোগ্য ঘটনা হলো—ভারতের কৃত্রিম উপগ্রহ 'রোহিণী' মহাকাশে উৎক্ষিপ্ত হয় ৩১শে মে এবং ভারতের বার্তাবাহী উপগ্রহ

'অ্যাপেল' ফরাসী গিয়ানায় ইউরোপিয়ান স্পেস এজেন্সি থেকে মহাকাশে ছেড়ে দেওয়া হয়।

প্রঃ (৩৩) ১৯৮৪ সালে কে নিহত হন ?

উঃ ১৯৮৪ সালের ৩১শে অক্টোবর ভারতের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী নিহত হন।

প্রঃ (৩৪) ভারতের মধ্যে সবচেয়ে বড় ব-দ্বীপ কোথায় অবস্থিত ?

উঃ ভারতের মধ্যে সবচেয়ে বড় ব-দ্বীপ সুন্দরবনে অবস্থিত।

প্রঃ (৩৫) ভারতের মধ্যে সবচেয়ে বড় রেল সেতু কোনটি ? এটি লম্বায় কত ফিট্ ?

উঃ ভারতের মধ্যে সবচেয়ে বড় রেল সেতু হলো শোন ব্রীজ। এটি লম্বায় ১০ হাজার ৫২ ফুট।

প্রঃ (৩৬) ভারতের মধ্যে সবচেযে বড় ঝুলন্ত সেতু কোনটি ? এটি কত ফিট্ লম্বা ?

উঃ ভারতের মধ্যে সবচেয়ে বড় ঝুলন্ত সেতু হলো হাওড়া ব্রীজ। এটি রবীন্দ্র সেতু নামেও পরিচিত। এটি লম্বায় ২,১৫০ ফিট্।

প্রঃ (৩৭) ভারতের মধ্যে সবচেয়ে বড় কংক্রিটের সেতু কোনটি ?

উঃ ভারতের মধ্যে সবচেয়ে বড় কংক্রিটের সেতু হলো ফরাক্কা।

প্রঃ (৩৮) ভারতের মধ্যে সবচেয়ে বড় গুহা মন্দির কোনটি ? এটি কোথায় অবস্থিত ?

উঃ ভারতের মধ্যে সবচেয়ে বড় গুহা মন্দির হলো ইলোরা। এটি মহারাষ্ট্রে অবস্হিত।

প্রঃ (৩৯) ভারতের মধ্যে সবচেয়ে বড় বারান্দা কোনটি ? এটি লম্বায় কত ফিট্ ?

উঃ ভারতের মধ্যে সবচেয়ে বড় বারান্দা হলো রামেশ্বরম্ মন্দিরের বারান্দা। এটি লম্বায় ৪,০০০ ফিট্।

প্রঃ (৪০) ভারতের মধ্যে সবচেয়ে বড় মসজিদ কোনটি ? এটি কোথায় অবস্হিত ?

উঃ ভারতের মধ্যে সবচেয়ে বড় মসজিদ হলো জুম্মা মসজিদ। এটি দিল্লীতে অবস্হিত।

প্রঃ (৪১) ভারতের মধ্যে উচ্চতায় সবচেয়ে বড় বাঁধ (Dam) কোনটি ? এটি কোথায় অবস্থিত এবং উচ্চতায় কত ফিট্ ?

উঃ ভারতের মধ্যে উচ্চতায় সবচেয়ে বড় বাঁধ হলো ভাক্‌রা-নাঙ্গাল। এটি পাঞ্জাবে অবস্থিত। এর উচ্চতা হলো ৭৪০ ফিট্।

প্রঃ (৪২) ভারতের মধ্যে লম্বায় সবচেয়ে বড় বাঁধ কোনটি ? এটি কোথায় অবস্থিত এবং লম্বায় কত ফিট্ ?

উঃ ভারতের মধ্যে লম্বায় সবচেয়ে বড় বাঁধ হলো হীরাকুঁদ। এটি পৃথিবীর মধ্যেও বৃহত্তম। এটি উড়িষ্যায় অবস্থিত এবং লম্বায় ৪,৮০০ মিটার।

প্রঃ (৪৩) ভারতের মধ্যে সবচেয়ে বড় বৈদ্যুতিক ট্রেন চলাচল ব্যবস্থা কোথা থেকে কোন পর্যন্ত ?

উঃ ভারতের মধ্যে সবচেয়ে বড় বৈদ্যুতিক ট্রেন চলাচল ব্যবস্থা হলো বম্বে থেকে পুনার মধ্যে।

প্রঃ (৪৪) ভারতের মধ্যে সবচেয়ে বড় মূর্তি কোন্‌টি ? এটি কোথায় অবস্থিত ? এটি উচ্চতায় কত ফিট্ ?

উঃ ভারতের মধ্যে সবচেয়ে বড় মূর্তি হলো গোমতেশ্বরের। এটি কর্ণাটকে অবস্থিত এবং এর উচ্চতা ৫৭ ফিট্।

প্রঃ (৪৫) ভারতের মধ্যে প্রবচেয়ে বড় রেলওয়ে প্ল্যাটফর্ম কোন্‌টি ?

উঃ ভারতের মধ্যে সবচেয়ে বড় রেলওয়ে প্ল্যাটফর্ম হলো খড়্গপুরের। এটি পৃথিবীর মধ্যেও বৃহত্তম। এটি লম্বায় ২,৭৩৩ ফিট্।

প্রঃ (৪৬) ভারতের মধ্যে সবচেয়ে বড় রাজপথ কোন্‌টি ?

উঃ ভারতের মধ্যে সবচেয়ে বড় রাজপথ হলো গ্রাণ্ড ট্রাঙ্ক রোড। লম্বায় ১,৫০০ মাইল।

প্রঃ (৪৭) ভারতের মধ্যে সবচেয় উঁচু টাওয়ার (Tower) কোন্‌টি ?

উঃ ভারতের মধ্যে সবচেয়ে উঁচু টাওয়ার হলো কুতবমিনার। এটি দিল্লীতে অবস্থিত এবং এর উচ্চতা ২৮৮ ফিট্।

প্রঃ (৪৮) ভারতের মধ্যে সবচেয়ে বড় গম্বুজ কোন্‌টি ? এটি কোথায় অবস্থিত ?

উঃ ভারতের মধ্যে সবচেয়ে বড় গম্বুজ হলো বিজাপুরের গোল গম্বুজ। এর বাইরের ব্যাসার্ধ ১৪৪ ফিট।

প্রঃ (৪৯) ভারতের মধ্যে সবচেয়ে বড় চিড়িয়াখানা কোন্‌টি ?

উঃ ভারতের মধ্যে সবচেয়ে বড় চিড়িয়াখানা হলো কলকাতার আলিপুরের জুলজিক্যাল গার্ডেন।

প্রঃ (৫০) ভারতের মধ্যে সবচেয়ে বড় যাদুঘর কোনটি ?

উঃ ভারতের মধ্যে সবচেয়ে বড় কলকাতার ভারতীয় যাদুঘর।

প্রঃ (৫১) ভারতের মধ্যে সবচেয়ে বড় রাজ্য কোনটি ?

উঃ ভারতের মধ্যে সবচেয়ে বড় রাজ্য হলো মধ্যপ্রদেশ।

প্রঃ (৫২) ভারতের মধ্যে সবচেয়ে বড় বনভূমি কোথায় অবস্থিত ?

উঃ ভারতের মধ্যে সবচেয়ে বড় বনভূমি আসামে অবস্থিত।

প্রঃ (৫৩) ভারতের মধ্যে সবচেয়ে জনাকীর্ণ রাজ্য কোনটি ?

উঃ ভারতের মধ্যে সবচেয়ে জনাকীর্ণ রাজ্য হলো উত্তরপ্রদেশ।

প্রঃ (৫৪) ভারতের সবচেয়ে বড় জলপ্রপাত কোনটি ?

উঃ ভারতের সবচেয়ে বড় জলপ্রপাত হলো কর্ণাটকের জগ জলপ্রপাত।

প্রঃ (৫৫) ভারতের মধ্যে সবচেয়ে বড় মাছের চিড়িয়াখানা কোন রাজ্যে অবস্থিত ?

উঃ ভারতের মধ্যে সবচেয়ে বড় মাছের চিড়িয়াখানা মাদ্রাজে অবস্থিত।

প্রঃ (৫৬) ভারতেব মধ্যে সবচেয়ে বড় গ্রন্থাগার কোনটি? এটি কোথায় অবস্থিত ?

উঃ ভারতের মধ্যে সবচেয়ে বড় গ্রন্থাগার হলো কলকাতার ন্যাশন্যাল লাইব্রেরী।

প্রঃ (৫৭) ভারতের মধ্যে সবচেয়ে বড় ফটক কোনটি এবং এটি কার তৈরী ?

উঃ ভারতের মধ্যে সবচেয়ে বড় ফটক হলো বুলন্দ্‌ দরওয়াজা। এটি ফতেপুর সিক্রিতে অবস্থিত এবং সম্রাট আকবর তৈরি করেছেন।

প্রঃ (৫৮) ভারতের মধ্যে সবচেয়ে বড় টাঁকশাল কোথায় অবস্থিত ?

উঃ কোলকাতার কাছে অবস্থিত আলিপুরের টাঁকশাল।

প্রঃ (৫৯) ভারতের মধ্যে সবচেয়ে উঁচু মন্দির কোনটি ?

উঃ ভারতের মধ্যে সবচেয়ে উঁচু মন্দির হলো মীনাক্ষী মন্দির। এটি তামিলনাড়ুর মাদুরায় অবস্থিত। উচ্চতা ১৫২ ফুট।

প্রঃ (৬০) ভারতের মধ্যে সবচেয়ে বড় ধাতুস্তম্ভ কোনটি।

উঃ ভারতের মধ্যে সবচেয়ে বড় ধাতুস্তম্ভ হলো অশোক স্তম্ভ।

প্রঃ (৬১) ভারতের মধ্যে সবচেয়ে বড় ময়দান কোনটি ?

উঃ ভারতের মধ্যে সবচেয়ে বড় ময়দান হলো কোলকাতার গড়ের মাঠ।

প্রঃ (৬২) ভারতের মধ্যে সবচেয়ে বড় পুকুর কোনটি ?

উঃ ভারতের মধ্যে সবচেয়ে বড় পুকুর হলো আসামের শিবসাগর।

প্রঃ (৬৩) ভারতের মধ্যে সবচেয়ে বড় স্তূপ কোনটি ?

উঃ সবচেয়ে বড় স্তূপ হলো সাঁচীস্তূপ। এটি মধ্যপ্রদেশের ভূপাল রাজ্যে অবস্থিত। এর উচ্চতা ৪২ ফুট।

প্রঃ (৬৪) ভারতের মধ্যে সবচেয়ে বড় উদ্যান কোনটি ?

উঃ হাওড়ার শিবপুরে বোটানিক্যাল গার্ডেন।

প্রঃ (৬৫) ভারতের মধ্যে সবচেয়ে প্রাচীন গাছ কোনটি ? এর বয়স কত ?

উঃ একটা বিশাল বট গাছ। এর বয়স ১৭৬ বছরেরও বেশী। এটি শিবপুর বোটানিক্যাল গার্ডেনে আছে।

প্রঃ (৬৬) ভারতের মধ্যে সবচেয়ে বড় বিশ্ববিদ্যালয় কোনটি ? কত সালে স্থাপিত ?

উঃ কলকাতার বিশ্ববিদ্যালয়।

প্রঃ (৬৭) ভারতের মধ্যে সবচেয়ে বড় খাল কোনটি ?

উঃ বিকানীর খাল। এটি বিকানীর রাজ্যে অবস্থিত। এর দৈর্ঘ্য ৮০ মাইল।

প্রঃ (৬৮) ভারতের মধ্যে সবচেয়ে বড় গির্জা কোনটি ?

উঃ ভারতের মধ্যে সবচেয়ে বড় গির্জা হলো কোলকাতার সেণ্ট্ পলস্ ক্যাথিড্রাল। এটি কোলকাতায় অবস্থিত।

প্রঃ (৬৯) ভারতের সবচাইতে বড় রেল স্টেশন কোনটি ?

উঃ ভারতের সবচাইতে বড় রেল স্টেশন হলো বোম্বের ভিক্টোরিয়া টারমিনাস। একে সংক্ষেপে ভি. টি. বলা হয়।

প্রঃ (৭০) লোক চলাচলের দিক দিয়ে ভারতের সবচেয়ে বড় রেল স্টেশন কোনটি ?

উঃ লোক চলাচলের দিক দিয়ে ভারতের সবচেয়ে বড় রেল স্টেশন হলো কলকাতার শিয়ালদহ।

প্রঃ (৭১) ভারতের মধ্যে সবচেয়ে বড় বন্দর কোনটা ?

উঃ ভারতের মধ্যে সবচেয়ে বড় বন্দর হলো বম্বে।

প্রঃ (৭২) ভারতের মধ্যে সবচেয়ে বড় বিমান বন্দর কোনটা ?

উঃ ভারতের মধ্যে সবচেয়ে বড় বিমান বন্দর হলো বোম্বের সান্তাক্রুজ বিমান বন্দর।

প্রঃ (৭৩) ভারতের মধ্যে সবচেয়ে উঁচু রেল স্টেশন কোনটি ?

উঃ ভারতের মধ্যে সবচেয়ে উঁচু রেল স্টেশন হলো দার্জিলিং এর ঘুম।

প্রঃ (৭৪) ভারতের মধ্যে সবচেয়ে বড় নদী কোনটি ?

উঃ ভারতের মধ্যে সবচেয়ে বড় নদী গঙ্গা। এটি ২,৪৬৪ কিমি. লম্বা।

প্রঃ (৭৫) ভারতের মধ্যে সবচেয়ে বড় সুড়ঙ্গ পথ কোনটি ?

উঃ জহর টানেল। এটি পাঠানকোটে অবস্থিত।

প্রঃ (৭৬) ভারতের মধ্যে সবচেয়ে বড় রেলপথ কোনটি ?

উঃ উত্তর রেলপথ।

প্রঃ (৭৭) রাষ্ট্রপতি জাকির হোসেনের মৃত্যুর পর কোন প্রধান বিচারপতি স্বল্প সময়ের জন্য রাষ্ট্রপতির কাজ পরিচালনা করেন ?

উঃ বিচারপতি এম, হিদায়েতুল্লা।

প্রঃ (৭৮) কোন ভারতীয় বিশ্বসুন্দরী (মিস ওয়াল্ড) খেতার অর্জন করেন এবং কোন সালে ?

উঃ রীতা ফরিয়া ১৯৬৯ সালে এই খেতাব অর্জন করেন।

প্রঃ (৭৯) ভারতে শিল্প, সাহিত্য, বিজ্ঞান, জনসেবা প্রভৃতির ক্ষেত্রে ভারতরত্ন, পদ্মবিভূষণ, পদ্মভূষণ, পদ্মশ্রী প্রভৃতি উপাধি দেওয়ার কথা ঘোষণা করা হয় কোন তারিখে ?

উঃ প্রতি বছর ২৬ শে জানুয়ারী।

প্রঃ (৮০) ভারতের কোন রাজ্য থেকে সবচেয়ে বেশী কাজুবাদাম রপ্তানী হয় !

উঃ কেরালা।

প্রঃ (৮১) ভারতে, বীরচক্র, মহাবীরচক্র, পরমবীরচক্র ও অশোকচক্র উপাধি কি জন্য দেওয়া হয়ে থাকে ?

উঃ সশস্ত্র বাহিনীর জওয়ানদের সাহসিকতার জন্য এই পুরস্কার দেওয়া হয়ে থাকে।

প্রঃ (৮২) উদয়শঙ্কর কি জন্য বিখ্যাত ?

উঃ ভারতীয় ক্লাসিক নৃত্যের জন্য।

প্রঃ (৮৩) ভারতের বর্তমান সংবিধান চালু হয় কবে ?

উঃ ১৯৫২ সালের ২৬ শে জানুয়ারী।

প্রঃ (৮৪) ভারতের তৃতীয় পারমানবিক রি-অ্যাক্টরের নাম কি ?

উঃ জার্লিনা।

প্রঃ (৮৫) ভারতের সর্বোচ্চ জাতীয় উপাধির নাম কি ?

উঃ ভারতরত্ন।

প্রঃ (৮৬) ভারতরত্নের পর কম ক্রম অনুসারে কোন্ কোন উপাধি দেওয়া হয় ?

উঃ পদ্মবিভূষণ, পদ্মভূষণ ও পদ্মশ্রী।

প্রঃ (৮৭) ভারতের পূর্বদিকে কোন প্রতিবেশী রাষ্ট্র অবস্থিত ?

উঃ বার্মা।

প্রঃ (৮৮) ভারতের উত্তর-পশ্চিমদিকে কোন প্রতিবেশী রাষ্ট্র অবস্থিত ?

উঃ পাকিস্তান।

প্রঃ (৮৯) ভারতের কোথায় টাকা এবং ডাকটিকিট ছাপা হয় ?

উঃ নাসিকের সিকিউরিটি প্রেসে।

প্রঃ (৯০) আমাদের পঞ্চবার্ষিকী পরিকল্পনা কোন সালে চালু হয় ?

উঃ ১৯৫১ সালে।

প্রঃ (৯১) পাণ্ডিত জওহরলাল নেহরুর সমাধিক্ষেত্রের নাম কি ?

উঃ শান্তিবন।

প্রঃ (৯২) ওসমানিয়া বিশ্ববিদ্যালয়টা কোথায় ?

উঃ হায়দ্রাবাদে।

প্রঃ (৯৩) পাঞ্জাবী ভাষা কোন হরফে লেখা ?

উঃ গুরুমুখী।

প্রঃ (৯৪) ভারতের প্রথম জাতীয় উদ্যান কোনটি এবং কবে তা স্থাপিত হয় ?

— উঃ করবেট ন্যাশানাল পার্ক। এটি ১৯৩৬ সালের ৮ই আগস্ট স্থাপিত হয়। উত্তর প্রদেশের নৈনীতাল জেলায় এটি অবস্থিত।

প্রঃ (৯৫) করবেট ন্যাশানাল মার্কের আগেকার নাম কি ছিল ?

উঃ প্রথমে এর নাম ছিল Haily Nationl পার্ক। স্বাধীনতার পর এর

নাম রাখা হয় রামগঙ্গা ন্যাশানাল পার্ক। এরপর নাম পাল্টে রাখা হয় করবেট ন্যাশনাল পার্ক।

প্রঃ (৯৬) ভারতের রকেট উৎক্ষেপণ কেন্দ্রের নাম কি এবং এটা কোথায় অবস্থিত ?

উঃ থুম্বা। এটা কেরালার ত্রিবান্দ্রমের কাছে অবস্থিত।

প্রঃ (৯৭) ভারতে তৈরী প্রথম যাত্রীবাহী বিমানের নাম কি ?

উঃ এ্যাভরো বিমান। কানপুরের হিন্দুস্থান এ্যারোনটিক্স লিমিটেড সংস্থায় এটা তৈরী হয়।

প্রঃ (৯৮) ভারতে বছরের দীর্ঘতম দিন কোনটা ?

উঃ ২১ শে জুন।

প্রঃ (৯৯) ইংলণ্ডের কোন রানী ১৯৬১ সালে ভারত সফরে আসেন ?

উঃ রানী দ্বিতীয় এলিজাবেথ।

প্রঃ (১০০) আমাদের রাষ্টপতি রাজ্যসভায় কতজন সদস্য মনোনীত করতে পারেন ?

উঃ ১২ জন।

প্রঃ (১০১) পশ্চিম জার্মানীর সহযোগিতায় ওড়িশায় যে রাষ্ট্রয়ত্ব ইস্পাত কারখানাটা গড়ে উঠেছে তার নাম কি ?

উঃ রাউরকেল্লা ইস্পাত কারখানা।

প্রঃ (১০২) আমাদের দেশের প্রথম শব্দের চেয়ে দ্রুতগতি সম্পন্ন জেট জঙ্গী বিমানের নাম কি ?

উঃ এইচ এফ ২৪ মরুত। ব্যাঙ্গালোরের হিন্দুস্থান এ্যারোনটিক্স লিমিটেড কারখানায় এটি তৈরী হয়।

প্রঃ (১০৩) ভারতে আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে বিজয়ীকে কি পুরস্কার দেওয়া হয় ?

উঃ স্বর্ণময়ূর।

প্রঃ (১০৪) ভারতের কোথায় ডিজেল ইঞ্জিন তৈরী হয় ?

উঃ বারাণসীতে।

প্রঃ (১০৫) কোন জায়গায় ভারতের বৃহত্তম হেভি ইলেকট্রিক্যালস কারখানাটা আছে ?

উঃ মধ্যপ্রদেশে ভুপালে।

প্রঃ (১০৬) ভারতের কোথায় বৈদ্যুতিক রেল ইঞ্জিন তৈরী হয়?

উঃ চিত্তরঞ্জনে।

প্রঃ (১০৭) উত্তমাশা অন্তরীপ হয়ে ভারতে আসার জলপথ কে আবিস্কাব কবেন?

উঃ ভাস্কো-ডা গামা। ১৪৯৮ সালে তিনি এই পথ আবিস্কার করেন।

প্রঃ (১০৮) ভারতের জাতীয় পাখী কি?

উঃ ময়ুর।

প্রঃ (১০৯) "জয় হিন্দ" কথাটা চালু করেন কে?

উঃ নেতাজী সুভাষচন্দ্র বসু।

প্রঃ (১১০) ভারতে তৈরী প্রথম যুদ্ধ ট্যাঙ্কের নাম কি?

উঃ বৈজয়ন্ত ট্যাঙ্ক।

প্রঃ (১১১) ভারতে ভূদান আন্দোলনের সূচনা করেন কে?

উঃ আচার্য বিনোবা ভাবে। জমির মালিকদের তাদের মোট জমির এক ষষ্ঠাংশ ভূমিহীনদের মধ্যে বণ্টনের জন্য দান করার ব্যাপারে ১৯৫১ সালে বিনোবাজী এই আন্দোলন শুরু করেন।

প্রঃ (১১২) নতুনদিল্লীর যন্তরমন্তর পর্যবেক্ষণ কেন্দ্রটি তৈরী করেন কে?

উঃ মহারাজা জয়সিং

প্রঃ (১১৩) দিল্লীর বিজয়ঘাটে কার অন্ত্যেষ্টিক্রিয়া সম্পন্ন হয়েছিল?

উঃ প্রধানমন্ত্রী লাল বাহাদুর শাস্ত্রীর।

প্রঃ (১১৪) দক্ষিণ ভারতের কোন শহর দশেরা উৎসবের জন্য বিখ্যাত?

উঃ মহীশূর।

প্রঃ (১১৫) ভারতের সুপ্রীম কোর্টে সর্বাধিক কতজন বিচারপতি নিয়োগ করা যায়?

উঃ ১৩ জন।

প্রঃ (১১৬) আই, এন, টি, ইউ, সি কি?

উঃ ইন্ডিয়ান ন্যাশানাল ট্রেড ইউনিয়ন কংগ্রেস বা ভারতীয় জাতীয় ট্রেড ইউনিয়ন কংগ্রেস। এটা কংগ্রেসের শ্রমিক সংগঠন।

প্রঃ (১১৭) আমাদের রাষ্ট্রপতি মাসে কত টাকা বেতন পান?

উঃ ১০ হাজার টাকা।

প্রঃ (১১৮) ভারতে কোনো কেন্দ্রীয় বিল আইনে পরিণত করতে গেলে চূড়ান্ত পর্যায়ে কার স্বাক্ষর প্রয়োজন ?

উঃ রাষ্ট্রপতির।

প্রঃ (১১৯) ইউ, জি, সি কি ?

উঃ ইউনিভারসিটি গ্রান্টস্ কমিশন বা বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।

প্রঃ (১২০) ভারতীয় সেনাবাহিনীতে যদি কোনো অফিসারের পোষাকে জামার কাঁধের উপর তিনটে তারকা থাকে তবে তাঁর পদ কি ?

উঃ ক্যাপ্টেন।

প্রঃ (১২১) ভারতের রিজার্ভ ব্যাঙ্কের প্রধানকে কি বলা হয় ?

উঃ গভর্নর।

প্রঃ (১২২) জাতীয় জাহাজ চলাচল দিবস (ন্যাশানাল ম্যারিটাইম ডে) পালন করা হচ্ছে কোন দিন থেকে ?

উঃ ১৯৬৪ সালের ৫ই এপ্রিল।

প্রঃ (১২৩) ভারতের কোন শিল্পে সর্বাধিক সংখ্যক সংগঠিত শ্রমিক নিযুক্ত আছে এবং সর্বাধিক বিদেশী মুদ্রা অর্জিত হয় ?

উঃ চা শিল্পে।

প্রঃ (১২৪) আই. এন. এস. কথাটা আমরা জাহাজের সঙ্গে প্রায় দেখে থাকি। এটা কি ?

উঃ ইণ্ডিয়ান ন্যাভেল শিপ।

প্রঃ (১২৫) পশ্চিমাঞ্চলীয় সেনাবাহিনীর সদর দপ্তর কোথায় ?

উঃ সিমলা (হিমাচল প্রদেশের রাজধানী)

প্রঃ (১২৬) দক্ষিণাঞ্চলীয় সেনাবাহিনীর সদর দপ্তর কোথায় ?

উঃ পুণা

প্রঃ (১২৭) আমাদের দেশে লোকসভা নির্বাচনে প্রার্থী হতে গেলে সেই প্রার্থীর ন্যূনতম বয়স কত হতে হয় ?

উঃ ২৫ বছর।

প্রঃ (১২৮) ভারতে কারো রাষ্ট্রপতি হতে গেলে ন্যূনতম কত বয়স হতে হবে ?

উঃ ৩৫ বছর।

প্রঃ (১২৯) ভারতের কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার নাম কি ?

উঃ সি. বি. আই বা কেন্দ্রীয় তদন্ত ব্যুরো।

প্রঃ (১৩০) আজমীরে কোন মুসলীম সন্ত এর সম্মানে উর্স উৎসব হয়ে থাকে ?

উঃ খাজা মৈনুদ্দিন চিস্তি।

প্রঃ (১৩১) ভারতের কোন স্থানের সময়কে ভারতীয় প্রমাণ সময় বলে ধরে নেওয়া হয়েছে ?

উঃ এলাহাবাদ ও কোকনদের ওপর দিয়ে যে ৮২.৩০ দ্রাঘিমারেখা গিয়েছে তার সময়কেই ভারতীয় প্রমাণ সময় বলে ধরে নেওয়া হয়েছে।

প্রঃ (১৩২) ভারতের কোন শহরে চার মিনার মনুমেণ্ট আছে ?

উঃ হায়দ্রাবাদে।

প্রঃ (১৩৩) এয়ার ইণ্ডিয়া বিমান সংস্থার যে মূর্তিটা প্রতীক হিসাবে ব্যবহার করা হয় তার নাম কি ?

উঃ মহারাজা।

প্রঃ (১৩৪) শিক্ষক দিবস প্রতি বছর কোন দিন পালন করা হয় ?

উঃ ৫ই সেপ্টেম্বর। প্রাক্তন রাষ্ট্রপতি ও দার্শনিক স্বর্গত ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণানের জন্মদিনটি শিক্ষক দিবস হিসাবে পালন করা হয়। ১৮৮৫ সালের ৫ই সেপ্টেম্বর তিনি জন্ম গ্রহণ করেছিলেন।

প্রঃ (১৩৫) আমাদের দেশে সেনাবাহিনীতে সর্ব্বোচ্চ খেতাব কি দেওয়া হয়ে থাকে ?

উঃ ফিল্ড মার্শাল।

প্রঃ (১৩৬) কোঝিকোড়ের পুরানো নাম কি ছিল ?

উঃ কালিকট।

প্রঃ (১৩৭) তেলেগু আমাদের দেশের কোন রাজ্যের প্রধান ভাষা ?

উঃ অন্ধ্রপ্রদেশের।

প্রঃ (১৩৮) কোন রাজ্যের লোক গারো ভাষায় কথা বলেন ?

উঃ মেঘালয়।

প্রঃ (১৩৯) আমাদের দেশে আইনের কোন ধারা বলে এক জায়গায় ৫ জনের বেশী সমবেত হওয়া নিষিদ্ধ করা হয়।

উঃ ১৪৪ ধারা।

প্রঃ (১৪০) ভারতীয় মিলিটারী একাডেমী কোথায় অবস্হিত ?

উঃ দেরাদুন।

প্রঃ (১৪১) আমাদের দেশে সাধারণতঃ বিশ্ববিদ্যালয়ের পদাধিকার বলে আচার্য হন কারা ?

উঃ সংশ্লিষ্ট রাজ্যের রাজপালগণ।

প্রঃ (১৪২) কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় বিশ্বভারতীয় পদাধিকার বলে আচার্য হন কে ?

উঃ ভারতের প্রধানমন্ত্রী।

প্রঃ (১৪৩) ভারতের কোথায় সূর্যমন্দির বিশেষ বিখ্যাত ?

উঃ ওড়িশার কোনারকের সূর্যমন্দির।

প্রঃ (১৪৪) কুরুক্ষেত্র বিশ্ববিদ্যালয় কোথায় অবস্থিত ?

উঃ হরিয়ানায়।

প্রঃ (১৪৫) কৃষিপণ্ডিত কি ?

উঃ একটা পুরস্কার। ভারতে প্রতি বছর সর্বোচ্চ ফসল উৎপাদনকারী কৃষককে এই কৃষিপণ্ডিত পুরস্কার দেওয়া হয়। ভারতে সরকার এটা দিয়ে থাকেন।

প্রঃ (১৪৬) 'আকাশ শিক্ষক' এই অ্যাখ্যা দেওয়া হয়েছিল কাকে ?

উঃ ১৯৭৫-৭৬ সালে ভারতে উপগ্রহ যোগাযোগের মাধ্যমে যে শিক্ষা-মূলক দূরদর্শন কর্মসূচী চালু হয় তাকে এই অ্যাখ্যা দেওয়া হয়েছিল। 'সাইট' (S.I.T.E.) নামের এটা কর্মসূচী নেওয়া হয়েছিল।

প্রঃ (১৪৭) আমাদের দেশে বেতার অনুষ্ঠানের সূচনা হয় কোন সালে ?

উঃ ১৯৩৬ সালে।

প্রঃ (১৪৮) বর্তমানে ভারতে মোট বেতার কেন্দ্রের সংখ্যা কত ?

উঃ ৯৩।

প্রঃ (১৪৯) আকাশবাণীর প্রতীকে কোন্ কথাটা লেখা আছে ?

উঃ বহুজন হিতায় বহুজন সুখায়।

প্রঃ (১৫০) ভারতের রেলপথ মোট কটা অঞ্চলে বিভক্ত ?

উঃ ৯টা।

প্রঃ (১৫১) ঐ আঞ্চলিক রেলপথগুলির নাম কি ?

উঃ উত্তরাঞ্চল, উত্তর পূর্বাঞ্চল, উত্তর-পূর্ব সীমান্ত অঞ্চল, দক্ষিণাঞ্চল, দক্ষিণ মধ্যাঞ্চল, দক্ষিণ পূর্বাঞ্চল. পশ্চিমাঞ্চল, মধ্যাঞ্চল ও পূর্বাঞ্চল।

প্রঃ (১৫২) ভারতে বর্তমানে রিলে ট্রান্সমিটারসহ দূরদর্শন প্রচার কেন্দ্রের সংখ্যা কত ?

উঃ ১৯২।

প্রঃ (১৫৩) পণ্ডিত জওহরলাল নেহরু কোন্ সংবাদপত্র প্রকাশে সাহায্য করেছিলেন ?

উঃ লক্ষ্মৌ-এর 'ন্যাশানাল হেরাল্ড'।

প্রঃ (১৫৪) ভারতীয় রেলপথে বৈদ্যুতিকীকরণ ব্যবস্থার প্রবর্তন হয় কবে ও কোথায় ?

উঃ ১৯২৫ সালের ৩রা ফেব্রুয়ারী। বোম্বাই ও কুরলা ষ্টেশনের মধ্যে এটা চালু হয়।

প্রঃ (১৫৫) আমাদের দেশের নাম ভারতবর্ষ, কিন্তু প্রাচীনকালে কি নাম ছিল ?

উঃ জম্বুদ্বীপ।

প্রঃ (১৫৬) ভারতের নাম হিন্দুস্থান কিভাবে হলো ?

উঃ অতীতে ইরাণ দেশের লোকেরা আমাদের সিন্ধুনদকে 'হিন্দুনদ' বলে উচ্চারণ করত। ক্রমে ক্রমে সিন্ধুনদের আশপাশের জায়গাগুলো 'হিন্দুস্থান' নামে পরিচিত হল। গোটা দেশের নাম এভাবে হিন্দুস্থান হল।

প্রঃ (১৫৭) ভারতে জাতীয় পতাকার প্রতীক কি ?

উঃ ভারতীয় জাতীয় পতাকার প্রতীক অশোক স্তম্ভ।

প্রঃ (১৫৮) ভারতের জাতীয় পতাকা কবে গৃহীত হয়।

উঃ ১৯৪৭ সালের ২২শে জুলাই গণ পরিষদ্ এই পতাকা গ্রহণ করেন এবং ঐ বছরই ১৪ই আগস্ট জাতির উদ্দেশে এটা উৎসর্গ করা হয়।

প্রঃ (১৫৯) ভারতের জাতীয় পতাকার ত্রি-বর্ণ কিসের প্রতীক ?

উঃ ভারতের জাতীয় পতাকার ত্রি-বর্ণ প্রতীক হল—

গেরুয়া—ত্যাগ এবং সেবার প্রতীক।

সাদা—শান্তি এবং পবিত্রতার প্রতীক।

সবুজ—নির্ভীকতা এবং কর্মশক্তির প্রতীক।

প্রঃ (১৬০) ভারতের সংবিধান কে রচনা করেন ?

উঃ ডঃ বি. আর. আম্বেদকর।

প্রঃ (১৬১) ভারতে টেলিভিশন উদ্বোধন হয় কবে এবং কোথায় ?

উঃ নয়াদিল্লীতে ১৯৫৯ সালে।

প্রঃ (১৬২) ভারতে মেট্রিক ওজন কবে থেকে চালু হয় ?

উঃ ১লা এপ্রিল, ১৯৫৭ সাল থেকে।

প্রঃ (১৬৩) ভারতে নয়া পয়সার প্রচলন হয় কবে ?

উঃ ১৯৫৭ সালের ১লা এপ্রিল থেকে।

প্রঃ (১৬৪) ভারতে প্রথম টাকা তৈরি হয় কবে এবং কোথায় ?

উঃ ১৭৬৭ সালে প্রথম টাকা তৈরি হয় কলকাতা টাঁকশালে।

প্রঃ (১৬৫) ভারতের প্রথম সংবাদপত্র কি ? কবে প্রকাশিত হয় ?

উঃ 'জেমস্ আগস্ট হিকি' সম্পাদিত 'বেঙ্গল গেজেট' এটা ১৭৮১ সালের ২৯শে জানুয়ারী প্রকাশিত হয়।

প্রঃ (১৬৬) ভারতে ছাপাখানা চালু হয় কবে ?

উঃ ১৭৭২ সালে মাদ্রাজে।

প্রঃ (১৬৭) কবে ও কোথায় ভারতে বিদ্যুৎ চালু হয় ?

উঃ ১৮৯৮ সালে দার্জিলিং-এ ভারতের প্রথম বিদ্যুৎ চালু হয়।

প্রঃ (১৬৮) ভারতের রেলওয়ে সার্ভিস কমিশনের সদর দপ্তর কোথায় অবস্থিত ?

উঃ এলাহাবাদে।

প্রঃ (১৬৯) ভারতের জাতীয় কংগ্রেস কে এবং কবে প্রতিষ্ঠা করেন ?

উঃ ১৮৮৫ সালে ভারতের জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠা করেন এ্যাল্যান অক্টোভিয়ান হিউম। ভারতের উচ্চপদস্থ একজন ইংরেজ ছিলেন। অবসর গ্রহণের পর তিনি জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠা করেন।

প্রঃ (১৭০) ভারতে খ্রীষ্টধর্মের প্রথম প্রচারক কে ছিলেন ?

উঃ যীশুখ্রীষ্টর আপন শিষ্য সেন্ট টমাস।

প্রঃ (১৭১) কোন প্রাচীন ভারতীয় রাজা নাট্যকার ছিলেন ?

উঃ রাজা হর্ষবর্ধন নাট্যকার ছিলেন। তিনি যে তিনটি নাটক লেখেন সেগুলো হলো 'নাগানন্দ,' 'রত্নাবলী' এবং প্রিয়দর্শিকা'।

প্রঃ (১৭২) কোন বিখ্যাত ইংরেজ প্রথম ভারত দর্শনে আসেন ?

উঃ ফাদার টমাস স্টিভেন্স ১৫৭৯ সালে তিনি এদেশে আসেন।

প্রঃ (১৭৩) কোন ইংরেজ দূত প্রথম ভারত সম্রাটের সঙ্গে দেখা করেন?

উঃ জন নিউবেরী রাণী এলিজাবেথের চিঠি নিয়ে ভারতের সম্রাট আকবরের সঙ্গে দেখা করেন।

প্রঃ (১৭৪) কোন ইংরেজ ভারতে এক সময় নাম করা শিকারী এবং পরে ভারতীয় জীবন ধারার লেখক ছিলেন?

উঃ জিম করবেট।

প্রঃ (১৭৫) কোন ইংরেজ সাংবাদিক ঘুরে ঘুরে সিপাহী বিদ্রোহ দেখেন?

উঃ উইলিয়াম হাওয়ার্ড রাসেল। টাইমস্ অফ্ লণ্ডনের একজন সংবাদদাতা ছিলেন।

প্রঃ (১৭৬) ভারতের আয়তন কত?

উঃ ভারতের আয়তন ৩,২৮০,৮৪৩ বর্গ কিলোমিটার।

প্রঃ (১৭৭) ভারতের লোকসংখ্যা কত?

উঃ ভারতের লোকসংখ্যা ৬৮,৩৮,১০,০৫১ জন (১৯৮১ সালের লোক গণনা অনুসারে)।

প্রঃ (১৭৮) ভারতে পুরুষের সংখ্যা কত?

উঃ ভারতে পুরুষের সংখ্যা—৩৫,৩৩,৪৭,২৪৯ জন।

প্রঃ (১৭৯) ভারতে নারীর সংখ্যা কত?

উঃ ভারতে নারীর সংখ্যা ৩৩,০৪,৬২,৮০২ জন।

প্রঃ (১৮০) ভারতে মাথাপিছু বার্ষিক আয় কত?

উঃ ভারতে মাথা পিছু বার্ষিক আয় হলো ১৩৪৯ টাকা।

প্রঃ (১৮১) ভারতের প্রধান চারটি নগরী কি কি?

উঃ কলকাতা, দিল্লী, বোম্বাই ও মাদ্রাজ।

প্রঃ (১৮২) আমাদের দেশে মোট কটা চিড়িয়াখানা আছে?

উঃ ২৪টা।

প্রঃ (১৮৩) ভারতে হাইকোর্ট কটা আছে?

উঃ ১৮ টা।

প্রঃ (১৮৪) ভারতীয় সংবিধানের মোট কটা অনুচ্ছেদ আছে?

উঃ ৯টা

প্রঃ (১৮৫) ভারতীয় সংবিধানের মোট কটা ধারা আছে?

উঃ ৩৯৫টা।

ক্যুইজে পশ্চিমবঙ্গ

প্রঃ (১) পশ্চিমবঙ্গের মোট আয়তন কত ?

উঃ ৮৭ হাজার ৮শো ৫৩ বর্গ কিলোমিটার

প্রঃ (২) এই রাজ্যের মোট জনসংখ্যা কত ?

উঃ ৫ কোটি ৪৫ লক্ষ ৮০ হাজার ৬শো ৪৭ (১৯৮১ সালের জনগণনা অনুযায়ী)।

প্রঃ (৩) পশ্চিমবঙ্গে শহরের বাসিন্দার সংখ্যা কত ?

উঃ ১ কোটি ৪৪ লক্ষ ৪৬ হাজার ৭ শো ২১।

প্রঃ (৪) গ্রামাঞ্চলে কত লোক বাস করেন ?

উঃ ৪ কোটি ১ লক্ষ ৩৩ হাজার ৯ শো ২৬ জন।

প্রঃ (৫) এই রাজ্য তপশিলী জাতির লোক কত ?

উঃ ১ কোটি ২ লক্ষ ৭ শো ৬৮ জন।

প্রঃ (৬) তপশিলী উপজাতির লোক সংখ্যা কত ?

উঃ ৩ কোটি ৭০ হাজার ৬ শো ৭২।

প্রঃ (৭) পশ্চিমবঙ্গে জেলার সংখ্যা কত ?

উঃ ১৭ টি।

প্রঃ (৮) এই রাজ্য মহকুমার সংখ্যা কত ?

উঃ ৫১।

প্রঃ (৯) পশ্চিমবঙ্গে মোট ক'টি ব্লক আছে ?

উঃ ৩৪১টি।

প্রঃ (১০) এখানে মৌজার সংখ্যা কত ?

উঃ ৪১ হাজার ৩ শো ৯২

প্রঃ (১১) শহরের সংখ্যা কত ?

উঃ ২৯১।

প্রঃ (১২) পশ্চিমবঙ্গে গ্রাম পঞ্চায়েতের মোট সংখ্যা কত ?

উঃ ৩ হাজার ৩ শো ৫টি।

প্রঃ (১৩) এই রাজ্যে পৌরসভা কটি আছে ?

উঃ ১ শো ১১টা।

প্রঃ (১৪) পশ্চিমবঙ্গে পুলিশ থানার সংখ্যা কটা ?

উঃ ৩৪৪।

প্রঃ (১৫) এই রাজ্যের চাষের জমির পরিমাণ কত ?

উঃ ৫৫ লক্ষ ৭৫ হাজার হেক্টর।

প্রঃ (১৬) পশ্চিমবঙ্গে বনভূমির মোট আয়তন কত ?

উঃ ১১ লক্ষ ৮৬ হাজার হেক্টর।

প্রঃ (১৭) এই রাজ্যে মোট বর্গাদারের সংখ্যা কত ?

উঃ ১৩ লক্ষ ৩৯ হাজার।

প্রঃ (১৮) পশ্চিমবঙ্গে শিক্ষিতের হার কত ?

উঃ ৪০'৮৮ শতাংশ।

প্রঃ (১৯) এই রাজ্যে পুরুষদের মধ্যে শিক্ষিতের হার কত ?

উঃ ৫০'৪৯ শতাংশ

প্রঃ (২০) মহিলাদের মধ্যে শিক্ষার হার কত ?

উঃ ৩০'৩৩ শতাংশ।

প্রঃ (২১) কলকাতার সরকারী সচিবালয়ের নাম কি ?

উঃ মহাকরণ বা রাইটার্স বিল্ডিংস।

প্রঃ (২২) পশ্চিমবঙ্গে কবে যাত্রীবাহী ট্রেনের জন্য বৈদ্যুতিক লাইন চালু হয় ?

উঃ ১৯৫৭ সালের ৩০শে নভেম্বর। হাওড়া থেকে শেওড়াফুলি পর্যন্ত বৈদ্যুতিক লাইন চালু হয়। ১৯৫৮ সালের আগষ্ট মাসে তা বর্ধমান পর্যন্ত সম্প্রসারিত হয়।

প্রঃ (২৩) কলকাতার প্রতিষ্ঠা হয় কবে ?

উঃ ১৬৯০ সালের ২৪শে আগষ্ট জব চার্ণক বাণিজ্যতরীতে করে সুতানুটীর মাটিতে উপনীত হয়েছিলেন। ঐ দিনই কলকাতার প্রতিষ্ঠা দিবস বলে ধরা হর।

প্রঃ (২৪) কোন্ কোন্ গ্রাম নিয়ে কলকাতা শহরের পত্তন হয় ?

উঃ সুতানটি, গোবিন্দপুর ও কলকাতা—এই তিনটে গ্রাম নিয়ে।

প্রঃ (২৫) ভারতে বৃটিশ সাম্রাজ্যের ভিত্তি স্থাপন করেন কে ?

উঃ রবার্ট ক্লাইভ।

প্রঃ (২৬) পশ্চিমবঙ্গে কবে কোথায় প্রথম বাণিজ্যক যাত্রী ট্রেন চলেছিল ?

উঃ ১৮৫৪ সালের ১৫ই আগষ্ট হাওড়া থেকে হুগলী পর্যন্ত প্রথম ট্রেন চলেছিল।

প্রঃ (২৭) ভারতের সর্বপ্রথম মেট্রো রেল চলে কবে ও কোথায় ?

উঃ ১৯৮৪ সালের ২৪শে অক্টোবর কলকাতায় প্রথম মেট্রো রেল চলা শুরু করে। এসপ্লানেড থেকে ভবানীপুর পর্তন্ত এই ট্রেন চলে।

প্রঃ (২৮) মেট্রো রেলের যাত্রাপথকে টালিগঞ্জ পর্যন্ত সম্প্রসারিত করা হয় কবে ?

উঃ ১৯৮৬ সালের ২৯শে এপ্রিল।

প্রঃ (২৯) কলকাতায় প্রথম ট্রাম চলে কবে ?

উঃ ১৮৭৩ সালের ২৪শে ফেব্রুয়ারী শিয়ালদা থেকে আর্মেনিয়ান ঘাট পর্যন্ত ঘোড়ায় টানা প্রথম ট্রাম চলে।

প্রঃ (৩০) ভারতে প্রথম বিদ্যুৎ উৎপাদন শুরু হয় কবে ?

উঃ ১৮৯৯ সালের ১৭ই এপ্রিল কলকাতায় দি ক্যালকাটা ইলেকট্রিক্ সাপ্লাই কর্পোরেশনের উদ্যোগে প্রথম তাপবিদ্যুৎ উৎপাদন শুরু হয়।

প্রঃ (৩১) কলকাতা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট বা সি, আই, টি গঠিত হয় কোন সালে ?

উঃ ১৯১২ সালে কলকাতার উন্নয়ন ও সম্প্রসারনের জন্য ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট (সি, আই, টি) গঠিত হয়।

প্রঃ (৩২) কলকাতার রাস্তায় মোটর গাড়ী চলাচল শুরু করে কোন সালে ?

উঃ ১৮৯০ সালে।

প্রঃ (৩৩) কলকাতায় মোটর-বাস চলাচল করে কোন সালে ?

উঃ ১৯২২ সালে।

প্রঃ (৩৪) কলকাতায় প্রথম ট্যাক্সি চলে কোন সালে ?

উঃ কলকাতার রাস্তায় প্রথম ট্যাক্সি চলে ১৯০৬ সালে। তখন একটামাত্র ট্যাক্সি স্টাণ্ড ছিল গ্র্যাণ্ড হোটেলের সামনে।

প্রঃ (৩৫) কলকাতার জি, পি, ও, বা বড় ডাকঘরের কোন বছর সূচনা হয় ?

উঃ ডালহোসী স্কোয়ার এলাকায় ১৮৬৪ সালে এই পোষ্ট অফিসের সূচনা হয়। এটা তৈরী করতে সময় লাগে চার বছর। খরচ হয় সেই সময়ে সাড়ে ৬ লক্ষ টাকা। ১৮৬৮ সালে এটা সর্ব সাধারণের ব্যবহারের জন্য খুলে দেওয়া হয়।

প্রঃ (৩৬) কলকাতার ডালহৌসি স্কোয়ারের আগেকার একটা নাম ছিল, সেটা কি ?

উঃ গ্রীণ পার্ক।

প্রঃ (৩৭) বর্তমানে ডালহৌসি স্কোয়ারের নাম কি ?

উঃ বিনয়-বাদল দীনেশ বাগ বা সংক্ষেপে বি-বা-দী বাগ। ভারতের স্বাধীনতা সংগ্রামের শহীদের নামে এই নামকরণ হয়েছে।

প্রঃ (৩৮) কলকাতার রাইটার্স বিল্ডিংস বা মহাকরণ কোন সালে প্রতিষ্ঠিত হয় ?

উঃ ১৭৮৬ সালে। এটা আগে ছিল তিনতলা একটা সাদামাটা বাড়ী। বাংলার লেফ্‌টানান্ট গভর্ণর স্যার আশকে ইডেনের সময় (১৮৭৭—৮২) বাড়ীটার আমূল সংস্কার করে ওপরে একতলা বাড়িয়ে বর্তমান রূপ দেওয়া হয়।

প্রঃ (৩৯) বাড়ীটার নাম রাইটার্স বিল্ডিংস হল কেন ?

উঃ যতদূর জানা যায় ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর আমলে এই বাড়ীটা কেরানীদের থাকার জন্য ছিল। কেরানীদের তখন বলা হত 'রাইটার্স' বা জুনিয়ার ক্লার্ক। সেই থেকেই বাড়ীটার নাম হয় রাইটার্স বিল্ডিংস।

প্রঃ (৪০) রাইটার্স বিল্ডিংসের ঠিক পাশে পূর্বদিকে যে ঘড়িওয়ালা চার্চ রয়েছে সেটি কবে প্রতিষ্ঠিত হয় ?

উঃ ১৭৮৭ সালের ২৪ শে জুন।

প্রঃ (৪১) কলকাতার কালীঘাটের মন্দির কোন সালে তৈরী হয়েছিল ?

উঃ ১৮০৯ সালে।

প্রঃ (৪২) বর্তমানের হাওড়া ব্রিজটা কবে যানবাহন চলাচলের জন্য চালু হয় ?

উঃ ১৯৪৩ সালের ২৮শে ফেব্রুয়ারী।

প্রঃ (৪৩) কলকাতার ভিক্টোরিয়া মেমোরিয়াল ভবনটি কবে উদ্বোধন করা হয় ?

উঃ ১৯২১ সালের ২৮শে ডিসেম্বর। ১৯০৬ সালের ৪ঠা জানুয়ারী তদানিন্তন প্রিন্স অফ ওয়েলস রাজা পঞ্চম জর্জ এর ভিত্তি প্রস্তর স্থাপন করেন।

প্রঃ (৪৪) কলকাতায় কোন সালে টেলিফোন চালু হয় ?

উঃ ১৮৮৩ সালে। মোট ১২১ জন গ্রাহক নিয়ে কলকাতায় প্রথম টেলিফোন এক্সচেঞ্জ চালু হয়।

প্রঃ (৪৫) কলকাতার মেডিকেল কলেজ কবে উদ্বোধন করা হয় ?

উঃ ১৮৩৬ সালের মার্চ মাসে কলকাতা মেডিকেল কলেজের উদ্বোধন করা হয়। উদ্বোধন অনুষ্ঠানে পৌরোহিত্য করেন তদানিন্তন গভর্ণর জেনারেল লর্ড উইলিয়াম বেণ্টিংক।

প্রঃ (৪৬) ইণ্ডিয়ান এ্যাসোসিয়েশন বা ভারতসভা কে কবে তৈরী করেছিলেন ?

উঃ রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ বন্দোপাধ্যায় এই দেশ শাসনে ভারতীয়দের সসম্মানে অংশগ্রহণের দাবীতে ১৮৭৬ সালে এটা তৈরী করেন।

প্রঃ (৪৭) ইণ্ডিয়া লীগের প্রতিষ্ঠা করেন কে ?

উঃ মহাত্মা শিশিরকুমার ঘোষ। সরকার পরিচালনায় ভারতীয়দের প্রতিনিধিত্বের দাবীতেই তিনি এই সংগঠন গড়ে তোলেন।

প্রঃ (৪৮) অমৃতবাজার নামে কলকাতা থেকে যে ইংরাজী দৈনিক সংবাদপত্র প্রকাশিত হচ্ছে তার প্রতিষ্ঠাতা কে ?

উঃ মহাত্মা শিশিরকুমার ঘোষ।

প্রঃ (৪৯) কলকাতায় কোন সালে লটারীর প্রবর্তন হয় ?

উঃ ১৭৮৪ সালে।

প্রঃ (৫০) কলকতায় কোন বছর দেশলাই ব্যবহার শুরু হয় ?

উঃ ১৮৭৩ সালে।

প্রঃ (৫১) পশ্চিমবঙ্গে দশম বিধানসভার নির্বাচন হয় কবে ?

উঃ ১৯৮৭ সালের ২৩শে মার্চ।

প্রঃ (৫২) ঐ নির্বাচনে কারা ক্ষমতায় আসে ?

উঃ বামফ্রণ্ট।

প্রঃ (৫৩) মুখ্যমন্ত্রী হন কে ?

উঃ জ্যোতি বসু।

প্রঃ (৫৪) তৃতীয় বামফ্রণ্ট মন্ত্রিসভা মুখ্যমন্ত্রীর নেতৃত্বে কবে **শপথ** নেন ?

উঃ ঃ ১৯৮৭ সালের ৩১শে মার্চ।

প্রঃ (৫৫) কংগ্রেস ১৯৮৭ সালের বিধানসভা নির্বাচনে কটা আসন **পায় ?**

উঃ ৪০ টা।

প্রঃ (৫৬) পশ্চিমবঙ্গে বিধানসভার মোট আসন সংখ্যা কত ?

উঃ ২৯৪।

প্রঃ (৫৭) জ্যোতি বসুর নেতৃত্বে দ্বিতীয় বামফ্রণ্ট মন্ত্রিসভা **শপথ** নিয়েছিল কোন সালে ?

উঃ ১৯৮২ সালে।

প্রঃ (৫৮) কলকাতার ডালহৌসী স্কোয়ারের নাম পরিবর্তন করে **এখন** কি রাখা হয়েছে ?

উঃ বি-বা-দী বাগ।

প্রঃ (৫৯) বি-বা-দী বাগ তিন বিপ্লবীর নামে রাখা হয়েছে। **এই তিন** বিপ্লবীর নাম কি ?

উঃ বিনয়কৃষ্ণ বসু, বাদল গুপ্ত ও দীনেশ গুপ্ত।

প্রঃ (৬০) তারকেশ্বরের শিব মন্দির প্রতিষ্ঠিত হয় কোন সালে ?

উঃ ১৭২৯ সালে

প্রঃ (৬১) পশ্চিমবঙ্গে জমিদারী প্রথা বিলোপের বিলটা গৃহীত **হয়** কবে ?

উঃ ১৯৫৫ সালের ১৫ ই এপ্রিল।

প্রঃ (৬২) বৃহত্তর কলকাতার লোকসংখ্যা কত ?

উঃ ১৯৮১ সালের গণনা অনুযায়ী প্রায় ৯২ লক্ষ।

প্রঃ (৬৩) কলকাতায় ট্রাম লাইনের দৈর্ঘ্য কত ?

উঃ প্রায় ৪৫ মাইল।

প্রঃ (৬৪) কলকাতায় 'সল্টলেক স্টেডিয়াম' বা যুবভারতী ক্রীড়াঙ্গণের কবে উদ্বোধন হয়েছে ?

উঃ ১৯৮৫ সালের ২৫শে জানুয়ারী।

প্রঃ (৬৫) ফোর্ট উইলিয়াম কবে তৈরি হয়েছে ?

উঃ ১৭৭৩ সালে।

প্রঃ (৬৬) ভিক্টোরিয়া মেমোরিয়াল কবে খুলেছে ?

উঃ ১৯২২ সালে।

প্রঃ (৬৭) নাখোদা মসজিদ কবে তৈরি হয়েছে ? এতে এক সঙ্গে কত লোক নামাজ পড়তে পারে ?

উঃ ১৯২০ সালে। এতে প্রায় ১০ হাজার লোক একসাথে নামাজ পড়তে পারে।

প্রঃ (৬৮) শহীদ মিনারে সিঁড়ির সংখ্যা কত ?

উঃ ২১৩ টি।

প্রঃ (৬৯) কলকাতার রাজভবন কবে তৈরি হয়েছে ?

উঃ ১৮০২ সালে।

প্রঃ (৭০) কলকাতায় টেলিভিশন অনুষ্ঠান কবে থেকে আরম্ভ হয় ?

উঃ ১৯৭৫ সালের ১৪ই আগষ্ট।

প্রঃ (৭১) কলকাতায় ট্রাম গাড়ি কবে চালু হয় ? প্রথম ট্রাম গাড়ি কিসে টানতো ?

উঃ কলকাতায় ট্রাম গাড়ি চালু হয় ১৮৭৯ সালে। প্রথমে ট্রাম গাড়ি ঘোড়ায় টানতো।

প্রঃ (৭২) কলকাতায় বৈদ্যুতিক ট্রাম কবে চালু হয় ?

উঃ কলকাতায় বৈদ্যুতিক ট্রাম চালু হয় ১৯০০ সালে।

প্রঃ (৭৩) কলকাতা স্টেট টান্সপোর্ট কর্পোরেশন কবে স্থাপিত হয় ?

উঃ ৩১শে জুলাই, ১৯৪৮ সালে।

প্রঃ (৭৪) হাওড়া ব্রিজ কবে চালু হয় ?

উঃ হাওড়া ব্রিজ চালু হয় ১৯৪১ সালে ?

প্রঃ (৭৫) হাওড়া সাবওয়ে (সুড়ঙ্গপথ) কবে চালু হয় ?

উঃ ৩১শে জানুয়ারী ১৯৭৫ সালে।

প্রঃ (৭৬) শিয়ালদহের উড়ালপুল চালু হয় কবে থেকে ?

উঃ ১৯৮২ সালের ৩১শে মার্চ।

প্রঃ (৭৭) কার চেষ্টায় এবং কবে কলকাতা কর্পোরেশন গঠিত হয় ?

উঃ রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ বন্ধ্যোপাধ্যায়ের চেষ্টায় ১৯২৪ সালে কলকাতা কর্পোরেশন গঠিত হয় ?

প্রঃ (৭৮) কলকাতার ভারতীয় যাদুঘর কবে স্থাপিত হয় ?

উঃ ১৮০৮ সালে।

প্রঃ (৭৯) আলিপুর চিড়িয়াখানা কবে তৈরী হয় ?

উঃ ১লা জানুয়ারী, ১৮৭৫ সাল।

প্রঃ (৮০) শিবপুরের বোটানিক্যাল গার্ডেন কবে স্থাপিত হয় ?

উঃ ১৭৮৭ সালে।

প্রঃ (৮১) কলকাতায় ইডেন গার্ডেন কবে স্থাপিত হয় ?

উঃ ১৮৪০ সালে।

প্রঃ (৮২) কালিঘাটের কালী মন্দির কবে স্থাপিত হয় ?

উঃ ১৮০৯ সালে।

প্রঃ (৮৩) আলিপুরের টাঁকশাল কবে চালু হয় ?

উঃ ১৯৫২ সালে।

প্রঃ (৮৪) ফুটবলার পেলে কলকাতার মাঠে কবে খেলে গেছেন ?

উঃ ২৪শে সেপ্টেম্বর, ১৯৭৭ সালে।

প্রঃ (৮৫) কলকাতায় দমকল বাহিনী কবে প্রতিষ্ঠিত হয় ?

উঃ ১৮৯৩ সালে।

প্রঃ (৮৬) কলকাতায় ট্রাফিক পুলিশের সৃষ্টি হয় কবে থেকে ?

উঃ ১৯১০ সালে।

প্রঃ (৮৭) মনুমেণ্টের নাম কবে থেকে শহীদ মিনার হয়েছে ?

উঃ ৯ই আগস্ট, ১৯৬৯ সাল থেকে মনুমেণ্টের নাম হয় শহীদ মিনার।

প্রঃ (৮৮) কলকাতার টেলিফোন ব্যবস্থা কবে থেকে চালু হয় ?

উঃ ১৮৮২ সাল থেকে।

প্রঃ (৮৯) কলকাতার প্রথম হাসপাতাল কোনটি ? এটি কবে স্থাপিত হয় ?

উঃ কলকাতার প্রথম হাসপাতাল হলো 'ক্যাম্পেবেল' হাসপাতাল। বর্তমান নাম নীলরতন সরকার মেডিকেল কলেজ ও হাসপাতাল। স্থাপিত হয় ১৭৮৯ সালে। এর বর্তমান নাম নীলরতন সরকার (এন, আর, এস) মেডিকেল কলেজ ও হাসপাতাল।

বৃহত্তম ও ক্ষুদ্রতমের ক্যুইজ

প্রঃ (১) পৃথিবীর সবচেয়ে বড় মন্দিরটা কোথায় অবস্থিত ?

উঃ কম্পুচিয়ার আঙ্কোর ভাট-এ।

প্রঃ (২) পৃথিবীর সবচেয়ে বড় মসজিদ কোনটা ?

উঃ দিল্লীর জুম্মা মসজিদ। ১০ হাজার বর্গফুট আয়তনের এই মসজিদে এক সঙ্গে ১৫ হাজার লোক নমাজ পড়তে পারে।

প্রঃ (৩) পৃথিবীর গভীরতম হ্রদ কোনটা ?

উঃ বৈকাল হ্রদ।

প্রঃ (৪) সবচেয়ে উঁচু বুদ্ধমূর্তি পৃথিবীর কোন দেশে আছে ?

উঃ জাপানে।

প্রঃ (৫) এশিয়ার সবচেয়ে বড় গীর্জা কোনটা ?

উঃ সী ক্যাথিড্রাল।

প্রঃ (৬) এশিয়ার বৃহত্তম বাঁধ কোনটা ?

উঃ কৃষ্ণরাজ সাগর বাঁধ।

প্রঃ (৭) পৃথিবীর বৃহত্তম দ্বীপপুঞ্জ কোনটা ?

উঃ ইন্দোনেশিয়া।

প্রঃ (৮) পৃথিবীর সবচেয়ে বড় স্থলচর মাংসাশী পশু কি এবং কোথায় পাওয়া যায় ?

উঃ ব্রাউন রঙের কোডিয়াক ভাল্লুক। উত্তর আমেরিকার আলাস্কায় এটি পাওয়া যায়। এদের গড় উচ্চতা ৮ ফুট। গড় ওজন ১ হাজার ৫০ পাউন্ডের মত, অবশ্য দাঁড়ানো অবস্থায় এইসব ভাল্লুকের কোনো কোনোটির উচ্চতা ৯ ফুট পর্যন্ত হয়ে থাকে। এদের ওজন দেড় হাজার থেকে ১ হাজার ৬ শো পাউন্ড পর্যন্ত হয়ে থাকে।

প্রঃ (৯) পৃথিবীর মধ্যে সর্বাপেক্ষা বড় মহাদেশের নাম কি ?

উঃ এশিয়া মহাদেশ।

প্রঃ (১০) পৃথিবীর সর্বোচ্চ গিরিশৃঙ্গ এভারেস্ট আবিস্কার করেন কে ?

উঃ রাধানাথ শিকদার। ১৮৫২ সালে তিনি এটা আবিস্কার

প্রঃ (১১) জন সংখ্যায় পৃথিবীর বৃহত্তম নগর কোনটা।

উঃ শংহাই (চীন)।

প্রঃ (১২) পৃথিবীর সবচেয়ে বড় আয়তনের বাড়ী কোন্‌টি ?

উঃ রোম শহরের ভ্যাটিকানের প্রাসাদ। বড় ২০টি প্রাঙ্গণ এবং ১,৪০০ ঘর আছে। এই প্রাসাদ সাড়ে ১৩ একর জমির ওপর তৈরী।

প্রঃ (১৩) পৃথিবীব সর্বাপেক্ষা উচু গির্জা কোন্‌টি ?

উঃ জার্মানীর উল্‌ম্‌ ক্যাথিড্রাল গির্জা, এর উচ্চতা ৫২৯ ফুট।

প্রঃ (১৪) পৃথিবীর বৃহত্তম মহাকাব্য কোনটা ?

উঃ মহাভারত।

প্রঃ (১৫) পৃথিবীর সবচেয়ে বড় ঘড়ি কোন্‌টি ?

উঃ আমেরিকার জার্সি শহরের ঘড়ি। এই ঘড়ির পরিধি ৫০ ফুট। মিনিটের কাঁটা ২৭ ফুট ৩ ইঞ্চি আর ঘণ্টার কাঁটা ১৯ ফুট ৮ ইঞ্চি।

প্রঃ (১৬) পৃথিবীর সর্বাপেক্ষা বড় শহর কোন্‌টি ?

উঃ লণ্ডন। আয়তন ৭শো বর্গমাইল।

প্রঃ (১৭) পৃথিবীর সর্বাপেক্ষা ঘনবসতিপূর্ণ স্থান কোথায় ?

উঃ মোনাকো।

প্রঃ (১৮) পৃথিবীর সর্বাপেক্ষা লম্বা সেতু কোন্‌টা ?

উঃ পূর্ব-আফ্রিকার লোয়ার জাম্বেসী। এটা ১২ হাজার ফুট লম্বা।

প্রঃ (১৯) পৃথিবীর দীর্ঘতন বাঁধ কোন্‌টি ?

উঃ ওড়িশার হিবাকুঁদ বাঁধ। দৈর্ঘ্য ১৫ মাইলের বেশী।

প্রঃ (২০) পৃথিবীর মধ্যে বড় ঘণ্টা কোন্‌টি ?

উঃ রাশিয়ার রাজধানী মস্কো শহরের ঘণ্টা। উচ্চতা ১৯ ফুট ৩ ইঞ্চি, ব্যাস ২২ ফুট ৮ ইঞ্চি, আর ওজন ৫ হাজার ৪শো মন।

প্রঃ (২১) পৃথিবীর সর্বাপেক্ষা বড় পার্ক কোন্‌টি ?

উঃ যুক্তরাষ্ট্রের ইয়োলোস্টোন ন্যাশনাল পার্ক। এর আয়তন ৩ হাজার ৩শো ৫০ বর্গ মাইল।

প্রঃ (২২) পৃথিবীর সবচেয়ে বড় বন্দর কোনটি? এগুলো কোথায অবস্থিত ?

উঃ নিউইয়র্ক এবং নিউ জার্সি বন্দর। দুটিই মার্কিন যুক্তরাষ্ট্রে।

প্রঃ (২৩) পৃথিবীর মধ্যে উচ্চতার দিক দিয়ে সবচেয়ে বড় জলপ্রপাতের নাম কি ? এটি কোথায় অবস্থিত ?

উঃ পৃথিবীর মধ্যে উচ্চতার দিক দিয়ে সবচেয়ে বড় জলপ্রপাত হলো সল্টো এঞ্জেল ফলস। ভেনেজুয়েলায় অবস্থিত। উচ্চতা ২,৬৪৮ ফিট্।

প্রঃ (২৪) পৃথিবীর মধ্যে আয়তনে সর্ববৃহৎ জলপ্রপাত কোনটি ? এটি কোথায় অবস্থিত ?

উঃ ব্রাজিলে অবস্থিত গুয়াইরা জলপ্রপাত।

প্রঃ (২৫) পৃথিবীর মধ্যে সবচেয়ে বড় যাত্রীবাহী জাহাজ কোনটি ? এটি কোন দেশের ? মোট কত টন বইতে পারে ?

উঃ পৃথিবীর মধ্যে সবচেয়ে বড় যাত্রীবাহী জাহাজ হলো কুইন এলিজাবেথ। এটি ইংল্যাণ্ডের। মোট প্রায় ৮৩ হাজার টন ভার বইতে পারে।

প্রঃ (২৬) সবচেয়ে বড় থিয়েটার হলের নাম কি ? সেখানে কোন নাটক প্রথম দেখানো হয় এবং দর্শক আসন কত ?

উঃ চীনের বেজিং এ ন্যাশন্যাল পিপলস্ কংগ্রেস ভবন। ১৯৬৪ সালে ('পূর্ব দিগন্ত লাল') The East is Red নাটকটি প্রথম নিয়মিত অভিনয় হয়। এই থিয়েটারে ১০ হাজার লোক বসতে পারে।

প্রঃ (২৭) পৃথিবীর মধ্যে সবচেয়ে বড় রেলওয়ে স্টেশন কোনটি ? এটি কোথায় অবস্থিত এবং স্টেশনে কতগুলো প্লাটফর্ম আছে ?

উঃ নিউইয়র্কের গ্র্যান্ড সেন্ট্রাল টারমিনাল। সেখানে ৪৭ টা প্লাটফর্ম রয়েছে।

প্রঃ (২৮) সবচেয়ে বড় খাল কোনটি ?

উঃ স্টালিন খাল। এই খাল বাল্টিক সাগরকে হোয়াইট সাগরের সঙ্গে যুক্ত করেছে।

প্রঃ (২৯) পৃথিবীর মধ্যে সবচেয়ে বড় রেলওয়ে প্রতীক্ষালয় কোনটি ? এবং একসঙ্গে কত লোক বিশ্রাম নিতে পারে ?

উঃ 'চ্যাঙ' অ্যান বুলেভার্ড এটি চীনের বেজিং শহরে অবস্থিত। একসঙ্গে ১৪, হাজার লোক বিশ্রাম নিতে পারে এই প্রতিক্ষালয়ে।

প্রঃ (৩০) পৃথিবীর মধ্যে সবচেয়ে বড় রাজপথ কোনটি এবং কোথায় ?

উঃ সবচেয়ে বড় রাজপথ হলো ব্রডওয়ে। নিউইয়র্কে অবস্থিত।

প্রঃ (৩১) পৃথিবীর মধ্যে সবচেয়ে মূল্যবান ধাতু কোনটা ?

উঃ রেডিয়াম।

প্রঃ (৩২) পৃথিবীর মধ্যে সবচেয়ে বড় বারান্দা কোথায় ?

উঃ বড় বারান্দা হলো রামেশ্বরম্ মন্দিরের। এটি ৪ হাজার ফুট লম্বা।

প্রঃ (৩৩) সবচেয়ে জনাকীর্ণ শহর কোনটি?

উঃ সাংহাই।

প্রঃ (৩৪) পৃথিবীর মধ্যে সবচেয়ে বড় সুড়ঙ্গ রেলপথ কোনটি ? এটি কোথায় অবস্থিত ? লম্বায় কত মাইল ?

উঃ পৃথিবীর মধ্যে সবচেয়ে বড় সুড়ঙ্গ রেলপথ হলো বেলিয়াভো থেকে মেদভেদোকভ পর্যন্ত। এটা মস্কোর ভূগর্ভ রেলপথ। লম্বায় ১৯.০৭ মাইল।

প্রঃ (৩৫) পৃথিবীর মধ্যে লম্বায় সবচেয়ে বড় বাঁধ কোনটি ? এটি কোথায় অবস্থিত ?

উঃ পৃথিবীর মধ্যে লম্বায় সবচেয়ে বড় বাঁধ হীরাকুদ। এটি ভারতে অবস্হিত এবং ৪ হাজার ৮ শো মিটার লম্বা।

প্রঃ (৩৬) উচ্চতায় সবচেয়ে বড় বাঁধ কোনটি? এটি কোথায় অবস্হিত ?

উঃ পৃথিবীর মধ্যে উচ্চতায় সবচেয়ে বড় বাঁধ হলো নুরেক। এটা রাশিয়ায় অবস্হিত। এটা ১ হাজার ৪০ ফুট উঁচু।

প্রঃ (৩৭) পৃথিবীর মধ্যে আয়তনে সবচেয়ে বড় বাঁধ কোনটি ?

উঃ পাকিস্তানের “টারবিলা”।

প্রঃ (৩৮) পৃথিবীর মধ্যে সবচেয়ে লম্বায় বড় কোন গাছ ?

উঃ পৃথিবীর মধ্যে সবচেয়ে লম্বা গাছ হলো হাউয়ার্ড লিব্বে ট্রি। ক্যালিফোর্নিয়ার হামবোল্ট শহরে অবস্হিত। এই গাছের উচ্চতা ৩৮৫ ফুট।

প্রঃ (৩৯) সর্বাপেক্ষা বড় ফোয়ারা কোনটা এবং কোথায় অবস্থিত ?

উঃ ‘গ্রান্ড পার্ক বার্কিমহাম মেমোরিয়্যাল ফাউন্টেন’ নামক ফোয়ারা। এটা মার্কিন যুক্তরাষ্ট্রে রয়েছে।

প্রঃ (৪০) পৃথিবীর মধ্যে সর্বাপেক্ষা উঁচু স্মৃতিস্তম্ভ কোথায় অবস্হিত ?

উঃ মার্কিন যুক্তরাষ্ট্রে ওয়াশিংটন শহরে।

প্রঃ (৪১) পৃথিবীর মধ্যে সর্বাপেক্ষা বড় মোটর বাস কোথায় চলাচল করে ?

উঃ আমেরিকার কলোরাডো স্প্রিং-এর কাছে ক্যাম্প কায়নন নামক জায়গার সেনা ছাউনীতে।

প্রঃ (৪২) পৃথিবীর সর্বাপেক্ষা বড় হোটেল কোনটি ?

উঃ মার্কিন যুক্তরাষ্ট্রের শিকাগো শহরে 'স্টিভেন হোটেল'। এই হোটেলে ১ হাজার ৩শো ঘর আছে।

প্রঃ (৪৩) পৃথিবীর সর্বাপেক্ষা বড় সিনেমা হল কোনটি ?

উঃ নিউইয়র্ক শহরের 'রক্সি থিয়েটার'। এখানে একসঙ্গে ৬ হাজার লোক বসে সিনেমা দেখতে পারেন।

প্রঃ (৪৪) পৃথিবীর সর্বাপেক্ষা বড় বইয়ের দোকান কোনটি ?

উঃ লণ্ডনের 'ডব্লিউ অ্যাণ্ড জি ফয়েল লিঃ'।

প্রঃ (৪৫) সর্বাপেক্ষা বড় জলাধার কোনটি ?

উঃ উত্তর কলিকাতায় টালার ট্যাঙ্ক। ৯০ লক্ষ গ্যালন জল ধরে।

প্রঃ (৪৬) সবচেয়ে বেশী বজ্রপাত হয় কোন দেশে ?

উঃ জাভা দ্বীপে।

প্রঃ (৪৭) পৃথিবীর সর্বাপেক্ষা বড় সমুদ্রগামী জাহাজ কোন্‌টি ?

উঃ কুইন এলিজাবেথ। ওজন ৮৩,৬৭৬ টন। লম্বায় ৯৮৭ ফুট, চওড়ায় ১১৮ ফুট।

প্রঃ (৪৮) পৃথিবীর সর্বাপেক্ষা সঠিক সময় দেয় কোন্ ঘড়ি ?

উঃ গ্রীনিচের মানমন্দিরে যে বৈদ্যুতিক ঘড়িটি বসানো হয়েছে বৎসরে এক সেকেণ্ডেরও কম সময়ের হেরফের হয়। ঘড়িটি স্থাপন করা হয় ১৯৩৮ সালে।

প্রঃ (৪৯) সবচেয়ে দামী বই কোন্‌টি ?

উঃ 'কোডেক্স সিনাইটিকাস'।

প্রঃ (৫০) পৃথিবীর সবচেয়ে দামী জিনিস কি ?

উঃ রেডিয়াম ছিল সর্বাপেক্ষা দামী জিনিস। ১ গ্রাম রেডিয়ামের দাম দেড় লক্ষ টাকারও বেশী। বর্তমানে ইরিডিয়াম এর চেয়ে দামী।

প্রঃ (৫১) পৃথিবীর সর্বাপেক্ষা দ্রুতগামী যাত্রীবাহী বিমান কোথায় এবং গতিবেগ কত ?

উঃ মার্কিন যুক্তরাষ্ট্রে। গতিবেগ ঘণ্টায় ২ হাজার মাইল।

প্রঃ (৫২) বৃহত্তম হীরকের খনি কোথায় অবস্থিত ?

উঃ দক্ষিণ আফ্রিকার কিম্বার্লিতে।

প্রঃ (৫৩) পৃথিবীর সর্বাপেক্ষা বড় লবণের খনি কোথায় ?

উঃ অস্ট্রিয়ার ক্রাউনে।

প্রঃ (৫৪) পৃথিবীর সর্বাপেক্ষা ঠাণ্ডা শহর কোন্‌টি ?

উঃ সোভিয়েট ইউনিয়নের ভারখয়ানস্ক।

প্রঃ (৫৫) বিশ্বের বৃহত্তম মিউজিয়াম কোনটা।

উঃ নিউইয়র্কের আমেরিকান মিউজিয়াম অফ ন্যাচারাল হিস্ট্রি। ১৮৭৪ সালে তৈরী এই মিউজিয়ামের ১৯টি ভবন আছে। এর মেঝের আয়তন ৯৩ হাজার বর্গমিটার।

প্রঃ (৫৬) পৃথিবীর সবচেয়ে উঁচু মূর্তি (ষ্ট্যাচু) কোনটা।

উঃ সোভিয়েট ইউনিয়নের ভলসোগ্রেডের বাইরের দিকে মামেয়ী পর্বতে 'ম্যাদারল্যাণ্ড' মূর্তিটা। এর উচ্চতা ২৭০ ফুট। ১৯৪২-৪৩ সালে স্টালিনগ্রাদ যুদ্ধ জয়ের স্মারক হিসাবে মূর্তিটা তৈরী হয়েছে।

প্রঃ (৫৭) পৃথিবীর সবচেয়ে বড় যুদ্ধ জাহাজটার নাম কি ?

উঃ মার্কিন সপ্তম নৌবহরের অন্তর্গত 'এণ্টারপ্রাইজ' নামে জাহাজ। এটা ১ হাজার ১শো ২৩ ফুট লম্বা।

প্রঃ (৫৮) বিশ্বের সবচেয়ে দ্রুতগামী মাছের নাম কি ?

উঃ আটলাণ্টিক সেলফিশ। এর গতি ঘণ্টায় ৭৮.৮০ কিলোমিটার।

প্রঃ (৫৯) পৃথিবীর সবচেয়ে বেশী সংখ্যক যাত্রীবাহী বিমানের নাম কি ?

উঃ বোয়িং ৭৪৭। এটি ৩৬২ থেকে ৪৯০ জন যাত্রী নিয়ে ঘণ্টায় ৯৭৫ কিলোমিটার বেগে উড়তে পারে।

প্রঃ (৬০) পৃথিবীর বৃহত্তম আগ্নেয়গিরি কি ও কোথায় অবস্থিত ?

উঃ মান্নালোয়া। হাওয়াই দ্বীপপুঞ্জে অবস্থিত ?

প্রঃ (৬১) পৃথিবীর বৃহত্তম নদী কি ?

উঃ দক্ষিণ আমেরিকার আমাজন। দৈর্ঘ্য ৪ হাজার ১শো ৯৫ মাইল।

প্রঃ (৬২) দ্রুততম গতিতে বৈদ্যুতিক ট্রেন চলেছে কোন দেশে ?

উঃ মার্কিন যুক্তরাষ্ট্রের কলোরাডোতে। পিউবলো টেস্ট ট্রাকে ১৯৭৪ সালের ২৮শে মার্চ ঘণ্টায় ৩৭৬.৯ কিলোমিটার বেগে ট্রেন চলে।

প্রঃ (৬৩) সর্বাপেক্ষা গরম জায়গা কোনটি ?

উঃ পাকিস্তানের জেকোবাবাদ।

প্রঃ (৬৪) পৃথিবীর সর্বাপেক্ষা শুষ্ক শহর কোন্‌টি?

উঃ সুদানের রাজধানী খার্তুম।

প্রঃ (৬৫) সবচেয়ে স্যাঁতসেতে জায়গা কোন্‌টি?

উঃ পশ্চিম আফ্রিকার ক্যামেরুন পাহাড়ের পাদদেশ।

প্রঃ (৬৬) সর্বাপেক্ষা উঁচু দেশ কোন্‌টি?

উঃ তিব্বত ও পামীরের মালভূমি অঞ্চল।

প্রঃ (৬৭) সর্বাপেক্ষা নিচু দেশ কোন্‌টি?

উঃ হল্যাণ্ড।

প্রঃ (৬৮) পৃথিবীর বৃহত্তম রাজধানী শহব কোন্‌টি (লোকসংখ্যার হিসাবে)?

উঃ টোকিও (জাপান)।

প্রঃ (৬৯) পৃথিবীতে উচ্চতায় বৃহত্তম পাখী কোন্‌টি?

উঃ উট পাখী।

প্রঃ (৭০) পৃথিবীর প্রশস্ততম নদী কোনটা?

উঃ আমাজন। দৈর্ঘ্য ৩ হাজার ৯শো মাইল।

প্রঃ (৭১) পৃথিবীব প্রাচীনতম বিদ্যালয় কোন্‌টা?

উঃ ইতালিতে পেভিয়া বিদ্যালয়।

প্রঃ (৭২) আকারে বৃহত্তম স্থলচর পশু কোন্‌টা?

প্রঃ আফ্রিকা মহাদেশের হাতি।

প্রঃ (৭৩) পৃথিবীর সর্বাপেক্ষা উঁচু গিরিপথ কোন্‌টা?

উঃ কারগিল (ভারত)।

প্রঃ (৭৪) পৃথিবীর বৃহত্তম চিড়িয়াখানা কোনটা?

উঃ দক্ষিণ আফ্রিকার 'ক্রুগার ন্যাশনাল পার্ক'।

প্রঃ (৭৫) প্রাচীনতম কংক্রীটের বাঁধ কোন্‌টা?

উঃ মিশরের আশোয়ান বাঁধ।

প্রঃ (৭৬) সবচেয়ে বেশী ভূমিকম্প হয় কোন দেশে?

উঃ জাপানে।

প্রঃ (৭৭) পৃথিবীর উচ্চতম ঝুলন্ত সেতু কোনটা?

উঃ আমেরিকার 'রয়্যাল জর্জ কলরাডো'। ১,০৫৩ ফুট উঁচু।

প্রঃ (৭৮) পৃথিবীর বৃহত্তম মহাসাগর কোনটা।

উঃ প্রশান্ত মহাসাগর।

প্রঃ (৭৯) পৃথিবীর বৃহত্তম অফিস-গৃহ কোনটা ?

উঃ আমেরিকার পেণ্টাগন বিল্ডিং, আর্লিংটন। (আয়তন ৬৫ লক্ষ বর্গ ফুট।)

প্রঃ (৮০) পৃথিবীর বৃহত্তম দ্বীপ কোনটি ?

উঃ গ্রীনল্যাণ্ড। এর আয়তন ৮ লক্ষ ৪০ হাজার বর্গ মাইল।

প্রঃ (৮১) পৃথিবীর বৃহত্তম ব-দ্বীপ কোন্‌টি ?

উঃ সুন্দরবন (৮ হাজার বর্গ মাইল)।

প্রঃ (৮২) দীর্ঘতম রাজপথ কোন্‌টি ?

উঃ নিউইয়র্কের ব্রডওয়ে।

প্রঃ (৮৩) পৃথিবীর বৃহত্তম স্টেডিয়াম কোন্‌টি ?

উঃ প্রাগ্‌ শহরের স্ট্রাহোড স্টেডিয়াম। এখানে ২ লক্ষ ৪০ হাজার দর্শকের বসবার ব্যবস্থা আছে।

প্রঃ (৮৪) পৃথিবীর দীর্ঘতম প্রাচীর কোন্‌টি ?

উঃ চীনের প্রাচীর। এর দৈর্ঘ ১৪ শো মাইল।

প্রঃ (৮৫) পৃথিবীর বৃহত্তম জাহাজ চলাচলের খাল কোথায় ?

উঃ হোয়াইট সী ও বালটিকের মধ্যবর্তী হোয়াইট সী ক্যানেল। দৈর্ঘ্য ১৪১ মাইল।

প্রঃ (৮৬) পৃথিবীর উচ্চতম পর্বতশৃঙ্গ কোন্‌টি ?

উঃ এভারেস্ট। এর উচ্চতা ২৯ হাজার ২৮ ফুট।

প্রঃ (৮৭) পৃথিবীর উচ্চতম পর্বত কোনটা ?

উঃ হিমালয়।

প্রঃ (৮৮) পৃথিবীর দীর্ঘতম পর্বতশ্রেণী কোনটা ?

উঃ মার্কিন যুক্তরাষ্ট্রে আণ্ডিজ (৪৫০০ মাইল)।

প্রঃ (৮৯) পৃথিবীর বৃহত্তম জলপ্রপাত কোনটা ?

উঃ ভেনিজুয়েলা জলপ্রপাত (দক্ষিণ আমেরিকা)।

প্রঃ (৯০) উচ্চতম জলপ্রপাত কোন্‌টি ?

উঃ তুগেলা (দক্ষিণ আফ্রিকা)।

প্রঃ (৯১) পৃথিবীর সর্বাপেক্ষা লবণাক্ত জলের হ্রদ কোন্‌টি ?

উঃ কাস্পিয়ন সাগর।

প্রঃ (৯২) সর্বাপেক্ষা মিষ্টি জলের হ্রদ কোন্‌টি ?

উঃ সুপিরিয়র হ্রদ।

প্রঃ (৯৩) উচ্চতম বিমানঘাঁটি কোন্‌টি ?

উঃ লাডাক। এর উচ্চতা ১৪ হাজার ২শো ৬০ ফুট।

প্রঃ (৯৪) পৃথিবীর মধ্যে সবচেয়ে লোকসংখ্যা বেশী কোথায় ?

উঃ পৃথিবীর মধ্যে লোকসংখ্যা সবচেয়ে বেশী চীনে।

প্রঃ (৯৫) পৃথিবীর মধ্যে সবচেয়ে বড় শহর কোনটি ?

উঃ সবচেয়ে বড় শহর হলো অস্ট্রেলিয়ার কুইন্সল্যাণ্ড। এর আয়তন হলো ১৫ হাজার ৮২২ বর্গ মাইল।

প্রঃ (৯৬) পৃথিবীর মধ্যে সবচেয়ে বড় আবাসিক প্রাসাদ কোন্‌টি ? এটি কোথায় অবস্থিত ?

উঃ সবচেয়ে বড় আবাসিক প্রাসাদ হলো ভ্যাটিকান্‌। এটি ইতালিতে অবস্থিত।

প্রঃ (৯৭) পৃথিবীর মধ্যে সবচেয়ে বড় রাজপ্রাসাদ কোন্‌টি ?

উঃ ইম্পিরিয়াল প্যালেস। এটি চীনের বেজিং-এ অবস্থিত।

প্রঃ (৯৮) পৃথিবীর মধ্যে সবচেয়ে বড় গ্রন্থাগার কোন্‌টি? এটি কোথায় অবস্থিত এবং কত সালে স্থাপিত হয় ?

উঃ ইউনাইটেড স্টেটস্‌ লাইব্রেরী অফ কংগ্রেস। এটি আমেরিকার ওয়াশিংটনে অবস্থিত এবং ২৪শে এপ্রিল ১৮০০ খ্রীষ্টাব্দে স্থাপিত হয়। এতে ৭ কোটি ৮৬ লক্ষ ৪১ হাজার ২ শো ১২টা বই আছে।

প্রঃ (৯৯) পৃথিবীর মধ্যে সবচেয়ে বড় শহর কোনটি ?

উঃ সবচেয়ে বড় শহর হলো অষ্ট্রেলিয়ার কুইন্সল্যাণ্ড। এর আয়তন হলো ১৫ হাজার ৮২২ বর্গ মাইল।

প্রঃ (১০০) কোন গ্রহে দিন সবচেয়ে বড় ? উঃ শুক্রগ্রহে।

প্রঃ (১০১) সবচেয়ে কম বয়সে কে নোবেল পুরস্কার পেয়েছেন ?

উঃ অধ্যাপক স্যার উইলিয়াম লরেন্স ব্রাগ। বৃটেনের এই অধ্যাপক ১৯১৫ সালে মাত্র ২৫ বছর বয়সে এই পুরস্কার পান।

প্রঃ (১০২) পৃথিবীর কোন চিড়িয়াখানায় সবচেয়ে বেশী জীবজন্তু সংগৃহীত আছে ?

উঃ জার্মানীর পশ্চিম বার্লিনের চিড়িয়াখানায়। সেখানে প্রায় ২ হাজার সাড়ে তিনশো প্রজাতির প্রায় ১৩ হাজার ৭ শো জীবজন্তু আছে।

প্রঃ (১০৩) পৃথিবীর কোন দেশের লোক সবচেয়ে বেশী কফি পান করেন ?

উঃ সুইডেন। সেখানে এক একজন গড়ে বছরে সাড়ে ১৩ কেজির বেশী কফি পান করেন।

প্রঃ (১০৪) কোন দেশের সংসদ সদস্যদের বেতন সবচেয়ে বেশী ?

উঃ মার্কিন সিনেট সদস্যদের। তাঁদের মূল বেতন বছরে ৩০ হাজার ডলার।

প্রঃ (১০৫) কোন দেশে লোকে দৈনিক মাথাপিছু সবচেয়ে বেশী পরিমাণ মাংস খায় ?

উঃ উরুগুয়ে। সেখানে দৈনিক মাথাপিছু ৩১০ গ্রাম করে গড়ে মাংস খাওয়া হয়।

প্রঃ (১০৬) পৃথিবীর মধ্যে সবচেয়ে বড় মঠ কোনটি ?

উঃ তিব্বতে অবস্থিত ড্রুবাং মঠ।

প্রঃ (১০৭) পৃথিবীর মধ্যে গভীরতম গর্ত কোনটি ? এটি কোথায় অবস্থিত ?

উঃ পৃথিবীর মধ্যে গভীরতম গর্ত হলো মার্কিন যুক্তরাষ্ট্রের টেক্সাসে। এটা একটা তৈলকূপ। এটা ২৫ হাজার ৩৪০ ফুট গভীর।

প্রঃ (১০৮) পৃথিবীর মধ্যে সবচেয়ে বড় অ্যাকোয়ারিয়াম কোনটি ?

উঃ মার্কিন যুক্তরাষ্ট্রের শিকাগোর জন জি শেড্ অ্যাকোয়ারিয়াম। এতে জল ধরে ৩ লক্ষ ৭৫ হাজার গ্যালন।

প্রঃ (১০৯) পৃথিবীর মধ্যে উচ্চতম শহর কোনটি ? এটি কোথায় অবস্থিত ?

উঃ তিব্বতের শহর ফারি। এর উচ্চতা ১৪ হাজার তিনশো ফুট।

প্রঃ (১১০) পৃথিবীর মধ্যে সবচেয়ে বড় নৌবহর কার ?

উঃ আমেরিকার।

প্রঃ (১১১) পৃথিবীর মধ্যে সবচেয়ে গভীর খনি কোনটি ?

উঃ দক্ষিণ আফ্রিকার কার্লেটনভিলে। এখানে সোনা পাওয়া যায় এবং এর গভীরতা সাড়ে ১২ হাজার ফিট।

প্রঃ (১১২) পৃথিবীর মধ্যে সর্বাপেক্ষা ঘনবসতিপূর্ণ স্থান কোনটি ?

উঃ পৃথিবীর মধ্যে সর্বাপেক্ষা ঘনবসতিপূর্ণ স্থান হলো মনাকো।

প্রঃ (১১৩) পৃথিবীর মধ্যে সবচেয়ে বড় উপসাগর কোনটি ?

উঃ বঙ্গোপসাগর।

প্রঃ (১১৪) পৃথিবীর মধ্যে সবচেয়ে লম্বা রেলওয়ে প্লাটফর্ম কোনটি ?

উঃ পৃথিবীর মধ্যে সবচেয়ে লম্বা রেলওয়ে প্লাটফর্ম হলো খড়গপুরের রেলওয়ে প্লাটফর্ম। এটি পশ্চিমবঙ্গে অবস্থিত। লম্বায় ২,৭৩৩ ফুট।

প্রঃ (১১৫) পৃথিবীর মধ্যে সবচেয়ে বড় গম্বুজ কোনটি ? এটি কোথায় অবস্থিত ?

উঃ পৃথিবীর মধ্যে সবচেয়ে বড় গম্বুজ হলো মার্কিন যুক্তরাষ্ট্রের আলিয়াস্কোর লুসিয়ানা সুপারডোম, ব্যাসার্ধ ৬৮০ ফিট।

প্রঃ (১১৬) পৃথিবীর মধ্যে সবচেয়ে বড় মালভূমি কোনটি ? সমুদ্রপৃষ্ঠ থেকে কত উঁচুতে অবস্থিত ?

উঃ তিব্বতের মালভূমি। সমুদ্রপৃষ্ঠ থেকে ৩,৭০০ মিটার উঁচুতে অবস্থিত।

প্রঃ (১১৭) পৃথিবীর মধ্যে সবচেয়ে প্রাচীনতম পর্বত কোনটি ?

উঃ আরাবল্লী।

প্রঃ (১১৮) পৃথিবীর মধ্যে সবচেয়ে লম্বা হীরক খনি কোথায় অবস্থিত ?

উঃ পৃথিবীর মধ্যে সবচেয়ে লম্বা হীরক খনি দক্ষিণ আফ্রিকার কিমবারলিতে অবস্থিত।

প্রঃ (১১৯) পৃথিবীর সর্বোচ্চ লাইটহাউস কোনটি ? এটি কোথায় অবস্থিত ?

উঃ "স্টিল টাওয়ার।" এটি জাপানের ইয়াকোহামার ইয়ামাসিটা পার্কে আছে। এর উচ্চতা ৩৪৮ ফিট্।

প্রঃ (১২০) পৃথিবীর মধ্যে সবচেয়ে উঁচু বাড়ি কোথায় অবস্থিত ? এর উচ্চতা কত ?

উঃ 'শিয়ার্স টাওয়ার'। এটি শিকাগো শহরে অবস্থিত এবং এটি ১১০ তলা উঁচু। এর নির্মাণকার্য শেষ হয় ১৯৭৪ খ্রীষ্টাব্দে।

টেলিভিশন টাওয়ার সমেত এর উচ্চতা হলো ১৮০০ ফিট। এই বাড়িটির মোট আয়তন হলো ৪৪ লক্ষ বর্গ ফিট।

প্রঃ (১২১) পৃথিবীর মধ্যে সবচেয়ে বড় পার্ক কোনটি? এটি কোথায় অবস্থিত এবং দৈর্ঘ্য কত?

উঃ উড বাফেলো ন্যাশানাল পার্ক। এটি কানাডার এ্যালবার্টায় অবস্থিত। এটা ৪৫ হাজার ৪ শো ৮০ বর্গ কিলোমিটার দীর্ঘ।

প্রঃ (১২২) পৃথিবীর মধ্যে সর্ববৃহৎ গির্জা কোনটি? এটি কোথায় অবস্থিত?

উঃ সেণ্ট পিটার্স গির্জা। রোমে অবস্থিত।

প্রঃ (১২৩) পৃথিবীতে সবচেয়ে বেশি ঘরের হোটেল কোথায় অবস্থিত?

উঃ রাশিয়ার মস্কো শহরে অবস্থিত। এই হোটেলের নাম হলো হোটেল রাশিয়া।

প্রঃ (১২৪) পৃথিবীর মধ্যে উচ্চতম বিমানাঙ্গন কোনটি? এটি কোথায় অবস্থিত এবং সমুদ্রপৃষ্ঠ থেকে কত ফিট্ উঁচুতে অবস্থিত?

উঃ পৃথিবীর মধ্যে উচ্চতম বিমানাঙ্গন হলো লাসা। এটি তিব্বতে অবস্থিত। সমুদ্রপৃষ্ঠ থেকে ১৪৩১৫ ফিট উঁচুতে এটা অবস্থিত।

প্রঃ (১২৫) পৃথিবীর মধ্যে সবচেয়ে বড় চিড়িয়াখানার নাম কি? এবং এটি কোথায় অবস্থিত?

উঃ পৃথিবীর মধ্যে সবচেয়ে বড় চিড়িয়াখানার নাম ইতোসা রিজার্ভ। এটি দক্ষিণ পূর্ব আফ্রিকায় অবস্থিত।

প্রঃ (১২৬) পৃথিবীর বৃহত্তম রাষ্ট্রের নাম কি?

উঃ পৃথিবীর বৃহত্তম রাষ্ট্র সোভিয়েত ইউনিয়ন।

প্রঃ (১২৭) পৃথিবীর বৃহত্তম মরুভূমির নাম কি?

উঃ পৃথিবীর বৃহত্তম মরুভূমির নাম সাহারা মরুভূমি। আফ্রিকা মহাদেশে অবস্থিত। এর আয়তন ৩৫ লক্ষ বর্গমাইল।

প্রঃ (১২৮) পৃথিবীর বৃহত্তম অরণ্যের নাম কি?

উঃ মধ্য আফ্রিকার কঙ্গো এবং দক্ষিণ আমেরিকার ব্রাজিল।

প্রঃ (১২৯) পৃথিবীর প্রাচীনতম মহাকাব্যের নাম কি?

উঃ পৃথিবীর প্রাচীনতম মহাকাব্যের নাম রামায়ণ।

প্রঃ (১৩০) পৃথিবীর প্রাচীনতম সভ্যতা কি?

উঃ ভারতীয়, সুমেরীয়, চৈনিক ও মিশরীয়।

প্রঃ (১৩১) পৃথিবীর গভীরতম মহাসাগরের নাম কি ?

উঃ প্রশান্ত মহাসাগর।

প্রঃ (১৩২) পৃথিবীর গভীরতম হ্রদের নাম কি ? কোথায় অবস্থিত ?

উঃ বৈকাল হ্রদ। রাশিয়ায় অবস্থিত।

প্রঃ (১৩৩) পৃথিবীর সবচেয়ে বেশী বৃষ্টিপাত হয় কোথায় ?

উঃ চেরাপুঞ্জীর মন্‌সিন্‌রামে।

প্রঃ (১৩৪) পৃথিবীর কোন দেশ সোনা উৎপাদনে শ্রেষ্ঠ ?

উঃ সোভিয়েত রাশিয়া ও দক্ষিণ আফ্রিকা।

প্রঃ (১৩৫) পৃথিবীর কোন দেশ রূপা উৎপাদনে শ্রেষ্ঠ ?

উঃ আমেরিকা যুক্তরাষ্ট্র ও মেক্সিকো।

প্রঃ (১৩৬) বক্সাইট উৎপাদনে পৃথিবীর কোন দেশ শ্রেষ্ঠ ?

উঃ গিয়ানা, সুরিনাম।

প্রঃ (১৩৭) পৃথিবীর কোন কোন দেশ লৌহ আকর উৎপাদনে শ্রেষ্ঠ ?

উঃ সোভিয়েত রাশিয়া, ফ্রান্স, মার্কিন যুক্তরাষ্ট্র।

প্রঃ (১৩৮) পৃথিবীর সবচেয়ে উচু ডাকঘর কোথায় ?

উঃ ভারতের কাশ্মীরে। নাম চাশুল। এব উচ্চতা ১৪ হাজার ফুট।

প্রঃ (১৩৯) পৃথিবীব মধ্যে সবচেযে বেশী জলসেচ কোন দেশে দেওয়া হয় ?

উঃ এই শতকের শেযে ভারতে ১১ কোটি হেক্টর জমি সেচের আওতায় আসবে।

প্রঃ (১৪০) পৃথিবীর সবচেয়ে বড় মহাসাগরের নাম কি ?

উঃ প্রশান্ত মহাসাগর।

প্রঃ (১৪১) পৃথিবীর কোন রাষ্ট্রে সবচেয়ে বেশী সোনার খনি রয়েছে ?

উঃ দক্ষিণ আফ্রিকায়।

প্রঃ (১৪২) পৃথিবীর মধ্যে ক্ষুদ্রতম প্রজাতন্ত্রের নাম কি ?

উঃ নাউরু প্রজাতন্ত্র (ছোট্ট দ্বীপ ৮ বর্গ মাইল)।

প্রঃ (১৪৩) কোন দেশের মানুষ সবচেয়ে ধনী ?

উঃ আবুধাবী। যেখানে প্রতিটি মানুষের বার্ষিক গড় আয় সাড়ে পাঁচ লক্ষ টাকারও বেশী।

প্রঃ (১৪৪) পৃথিবীর সবচেয়ে ছোট স্বাধীন দেশের নাম কি ?

উঃ ভাটিক্যান সিটি।

প্রঃ (১৪৫) পৃথিবীর সবচেয়ে বড় বাঁধ কোন দেশে আছে ?

উঃ মার্কিন যুক্তরাষ্ট্রের অ্যারিজোনায়।

প্রঃ (১৪৬) কোন দেশ বেশী ফিল্ম তৈরী করে ?

উঃ জাপান।

প্রঃ (১৪৭) পৃথিবীর কোন জায়গা থেকে কোন জায়গা পর্যন্ত না থেমে দৈনিক দীর্ঘতম পথে ট্রেন চলে ?

উঃ মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক সিটি থেকে ফ্লোরিডার মিয়ামী পর্যন্ত ২ হাজার ২ শো ১৬ কিলোমিটাব পথে। ট্রেনের নাম 'দি সিলভার মেটিয়র'।

প্রঃ (১৪৮) কোন দেশে মাথাপিছু চিনি ব্যবহার সবচেয়ে বেশী ?

উঃ ইস্রাইলে। সেখানে দৈনিক মাথাপিছু ১৬৬ গ্রাম করে চিনি ব্যবহার করা হয়ে থাকে।

প্রঃ (১৪৯) কোন দেশে করের হার সবচেয়ে বেশী ?

উঃ নরওয়েতে। ১৯৭৭-এর হিসাবে অনুযায়ী।

প্রঃ (১৫০) পৃথিবীর সবচেয়ে ছোট জাতের কুকুর কোনটা ?

উঃ মেক্সিকোর লোমবিহীন 'চিওয়া-ওয়া'।

প্রঃ (১৫১) পৃথিবীর সবচেয়ে উঁচু মিনাব কোনটা ?

উঃ দিল্লীর কুতব মিনার। ১১৯৪ সালে তৈরী, এব উচ্চতা ৭৩ মিটার।

প্রঃ (১৫২) কোন সঙ্গীত শিল্পী (কণ্ঠ সঙ্গীত) পৃথিবীতে সবচেয়ে বেশী সংখ্যক গানের রেকর্ড করেছেন ?

উঃ লতা মঙ্গেশকর। রেকর্ডের সংখ্যা ২০ হাজারের বেশী।

প্রঃ (১৫৩) কোন বিশ্ববিদ্যালয়ে পৃথিবীর সবচেয়ে বেশী ঘর আছে ?

উঃ মস্কো বিশ্ববিদ্যালয়ে। সেখানে ৪০ হাজার ঘর আছে।

প্রঃ (১৫৪) চাল উৎপাদনে পৃথিবীর মধ্যে সেরা দেশ কোনটি ?

উঃ ভারত ও চীন।

প্রঃ (১৫৫) পৃথিবীতে গম উৎপাদনে সেরা দেশ কোনটি ?

উঃ সোভিয়েত রাশিয়া এবং মার্কিন যুক্তরাষ্ট্রে।

প্রঃ (১৫৬) পৃথিবীর মধ্যে শ্রেষ্ঠ তুলা উৎপাদিত হয় কোথায় ?

উঃ আমেরিকা যুক্তরাষ্ট্র, মিশর ও সোভিয়েত রাশিয়ায়।

প্রঃ (১৫৭) চিনি উৎপাদনে পৃথিবীর সেরা দেশ কোনটি?

উঃ চীন এবং কিউবা।

প্রঃ (১৫৮) রবার উৎপাদনে পৃথিবীতে শ্রেষ্ঠ দেশ কোনটি?

উঃ মালয়েশিয়া এবং ইন্দোনেশিয়া।

প্রঃ (১৫৯) কয়লা উৎপাদনে পৃথিবীর সেরা দেশ কোনটি?

উঃ কয়লা উৎপাদনে পৃথিবীর সেরা দেশ সোভিয়েত ইউনিয়ন ও মার্কিন যুক্তরাষ্ট্র।

প্রঃ (১৬০) পৃথিবীতে অ্যালুমিনিয়াম উৎপাদনে শ্রেষ্ঠ দেশ কোনটি?

উঃ মার্কিন যুক্তরাষ্ট্র ও কানাডা।

প্রঃ (১৬১) তামা উৎপাদনে পৃথিবীতে শ্রেষ্ঠ কোন দেশ?

উঃ সোভিয়েত ইউনিয়ন ও মার্কিন যুক্তরাষ্ট্র।

প্রঃ (১৬২) ক্রোমাইট উৎপাদনে পৃথিবীতে শ্রেষ্ঠ কোন দেশ?

উঃ তুরস্ক ও সোভিয়েত ইউনিয়ন।

প্রঃ (১৬৩) পেট্রোলিয়াম উৎপাদনে পৃথিবীর কোন দেশ শ্রেষ্ঠ?

উঃ আরব, ইরান, মার্কিন যুক্তরাষ্ট্র, ইরাক ও ভেনিজুয়েলা।

প্রঃ (১৬৪) বিশ্বে সবচেয়ে বেশী নাটক লিখেছেন কে?

উঃ স্পেনের নাট্যকার লোপ দ্য ভেগা। তিনি লিখেছেন মোট ২ হাজার নাটক।

প্রঃ (১৬৫) কোন বইতে সবচেয়ে বড় বাক্য ব্যবহার করা হয়েছে?

উঃ ভিক্টর হুগোর লেখা 'লা মিজারেবল' বইতে। সেখানে এমন একটা বাক্য লেখা হয়েছে যাতে ৪২৩টা শব্দ, ৯৩টা সেমিকোলন ও ৪টা ড্যাস আছে।

প্রঃ (১) পোষ্ট কার্ডের ব্যবহার কোথায় কবে শুরু হয়েছিল ?

উঃ অষ্ট্রিয়াতে ১৮৬৯ সালে।

প্রঃ (২) বিশ্বে কোথায় কবে প্রথম ব্যাংক স্থাপিত হয়েছিল ?

উঃ ইতালিতে ১৮৫৭ সালে প্রথম ব্যাংক স্থাপিত হয়।

প্রঃ (৩) কোথায় প্রথম রিক্সার প্রচলন হয় ?

উঃ জাপানে।

প্রঃ (৪) ইউরেনাস গ্রহটা কে আবিস্কার করেন ?

উঃ স্যার উইলিয়াম হার্শেল।

প্রঃ (৫) পৃথিবীর চারদিকে কে প্রথম প্রদক্ষিণ করেন ?

উঃ জোয়ান সেবাস্টিয়ান ভেসকানো।

প্রঃ (৬) বিশ্বের প্রথম কুকুর প্রদর্শনী কবে কোথায় হয়েছিল ?

উঃ ১৮৮৬ সালের ১০ই মার্চ লণ্ডন শহরে।

প্রঃ (৭) ইংরাজী ভাষার প্রথম অভিধান রচনা করেন কে ?

উঃ স্যামুয়েল জনসন্। ১৭৫৫ সালে তিনি তা রচনা করেন।

প্রঃ (৮) মার্কিন যুক্তরাষ্ট্রের প্রথম প্রেসিডেণ্ট কে ?

উঃ জর্জ ওয়াশিংটন।

প্রঃ (৯) পৃথিবীর প্রথম বিশ্ববিদ্যালয় কোনটি ?

উঃ মরক্কোর ফেজ-এর ক্যারুইন বিশ্ববিদ্যালয়। এটি স্থাপিত হয় ৮৫৯ খৃষ্টাব্দে।

প্রঃ (১০) প্রথম কে আকাশে ওড়ার চেষ্টা করেন ?

উঃ ফ্রান্সের মণ্ট গলফিয়ার ১৭৮৩ সালে প্রথম আকাশে ওড়ার চেষ্টা করেন।

প্রঃ (১১) প্রথম জলপথে পৃথিবী পরিক্রমার চেষ্টা করেন কে ?

উঃ বৃটেনের ফ্রান্সিস ড্রেক।

প্রঃ (১২) প্রথম দমকল বাহিনী প্রচলন হয় কবে থেকে ?

উঃ ১৮২৪ সালে এডিনবরাতে পুলিশ কমিশনার এবং ইন্সিওরেন্স কোম্পানি সর্বপ্রথম এর প্রচলন করেন।

প্রঃ (১৩) লেখার কালি প্রথম কবে তৈরি হয় ?

উঃ যীশুখৃীষ্ট জন্মগ্রহণ করার প্রায় আড়াই হাজার বছর আগে চীনদেশে প্রথম লিখবার কালি তৈরী হয়েছে। পরে চীন হয়ে মিশর এবং ইউরোপে যায়।

প্রঃ (১৪) প্রথম কোন বাষ্পীয় জাহাজ আটল্যান্টিক মহাসাগর পার হয়েছিল ?

উঃ 'রাইজিং সান' নামে জাহাজ ১৮১৮ সালে আটল্যান্টিক মহাসাগর প্রথম অতিক্রম করেছিল।

প্রঃ (১৫) পৃথিবীতে কবে এবং কোথায় প্রথম ট্রাম লাইন বসানো হয়েছিল ?

উঃ আমেরিকায় ১৮১৮ সালে নিউইয়র্কে প্রথম ট্রাম লাইন বসানো হয়েছিল।

প্রঃ (১৬) সর্বপ্রথম কোন দেশে চায়ের ব্যবহার শুরু হয় ?

উঃ চীনদেশে।

প্রঃ (১৭) কে সর্বপ্রথম লাইট হাউস নির্মাণ করেছিলেন ?

উঃ মিশরবাসী সসট্রাটাস। তাঁর ভাবী পত্নী গ্রীস থেকে মিশরে আসবার সময় ঝড়ের রাতে ডুবো পাহাড়ে ধাক্কা লেগে জাহাজ ডুবিতে মারা গেলে, তাঁর স্মৃতি রক্ষার্থে তিনি সেটি নির্মাণ করান।

প্রঃ (১৮) ঘড়িতে প্রথম দোলক কে ব্যবহার করেছেন ?

উঃ ১৮৬৮ সালে হায়গেনস্ ঘড়িতে প্রথম দোলক ব্যবহার করেছেন।

প্রঃ (১৯) আধুনিক যুগে বৈজ্ঞানিক উপায়ে কে সাবান তৈরি করেন ?

উঃ ফরাসী রাসায়নিক সেভ্রেল।

প্রঃ (২০) ভারতে ছাপাখানা প্রথম কবে কোথায় চালু হয় ?

উঃ ১৭৭২ সালে পর্তুগীজরা মাদ্রাজে প্রথম ছাপার কাজ শুরু করে।

প্রঃ (২১) পশ্চিমবঙ্গে কবে প্রথম ছাপাখানা খোলা হয় ?

উঃ শ্রীরামপুরে কেরী, মার্শম্যান এবং ওয়ার্ডের মত মিশনারীদের প্রচেষ্টায় ১৮০১ সালে ছাপাখানা খোলা হয়।

প্রঃ (২২) কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্য কে ?

উঃ জেমস উইলিয়াম কলভিল।

প্রঃ (২৩) কলকাতা বিশ্ববিদ্যালয়ে বাংলায় এম. এ. পরীক্ষার প্রবর্তন করেন কে?

উঃ স্যার আশুতোষ মুখোপাধ্যায়।

প্রঃ (২৪) ভারতের প্রথম ক্রীড়ামন্ত্রীর নাম কি?

উঃ বুটা সিং।

প্রঃ (২৫) কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম ভারতীয় উপাচার্য কে?

উঃ স্যার গুরুদাস বন্দ্যোপাধ্যায়।

প্রঃ (২৬) কলকাতা কর্পোরেশনের প্রথম মেয়র কে?

উঃ দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ।

প্রঃ (২৭) কবে কোন্ বাঙালি ক্রিকেটার প্রথম টেস্ট ক্রিকেট খেলেন?

উঃ ১৯৪৭ সালে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ভারতীয় ক্রিকেট দলে খেলেন প্রবীর সেন।

প্রঃ (২৮) বাংলা ভাষায় প্রকাশিত প্রথম সংবাদপত্রের নাম কি?

উঃ সমাচার দর্পণ। ১৮১৮ সালের ২৩শে মে এই সাপ্তাহিক পত্রিকাটি শ্রীরামপুর প্রেস থেকে জে. সি. ম্যার্শম্যান প্রকাশ করেন।

প্রঃ (২৯) বাংলাভাষায় প্রথম দৈনিক সংবাদপত্র কোনটা?

উঃ সংবাদ প্রভাকর। ঈশ্বর গুপ্তের সম্পাদনায় ১৮৩১ সালের ২৮শে জানুয়ারী এটা প্রকাশিত হয়।

প্রঃ (৩০) বাংলা ভাষায় প্রকাশিত প্রথম মাসিকপত্র কোনটা?

উঃ দিগদর্শন পত্রিকা। ১৮১৪ সালে এটা প্রকাশিত হয়।

প্রঃ (৩১) প্রথম মাসিক সাহিত্য পত্রিকা (বাংলা ভাষায়) ও তার সম্পাদকের নাম কি?

উঃ বঙ্গদর্শন। ১৮৭২ সালে প্রকাশিত এই পত্রিকার সম্পাদক ছিলেন সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়।

প্রঃ (৩২) ভারতের তৈরী প্রথম কৃত্রিম উপগ্রহের নাম কি এবং কবে তা মহাকাশে উৎক্ষেপণ করা হয়।

উঃ আর্যভট। ১৯৭৫ সালে সোভিয়েট রকেটের সাহায্যে তা মহাকাশে উৎক্ষেপণ করা হয়।

প্রঃ (৩৩) ভারতে প্রথম আণবিক বোমা বিস্ফোরণ ঘটানো হয় কবে ও কোথায়?

উঃ ১৯৭৪ সালের ১৮ই মে রাজস্থানের মরু অঞ্চলে।

প্রঃ (৩৪) ১৯৬৫ সালের ৬ই এপ্রিল প্রথম যে মার্কিন যোগাযোগ উপগ্রহ মহাকাশে যাত্রা করে তার নাম কি?

উঃ ইনটেলস্যাট-১।

প্রঃ (৩৫) ইংলণ্ডের কোথায় প্রথম বৈদ্যুতিক ট্রেন চলে?

উঃ ব্ল্যাকপুলে।

প্রঃ (৩৬) রাসায়নিক পদ্ধতিতে তৈরী নমনীয় প্রথম কৃত্রিম পদার্থ কি?

উঃ সেলুলয়েড।

প্রঃ (৩৭) ভারত ও বৃটেনের মধ্যে প্রথম বাণিজ্যিক বিমান চলাচল শুরু হয় কবে থেকে?

উঃ ১৯২৯ সালের ৩০ শে মার্চ থেকে। ইম্পিরিয়াল এয়ারওয়েজের বিমান চলাচল শুরু করে। এখন এটা ব্রিটিশ এয়ারওয়েজ নামে পরিচিত।

প্রঃ (৩৮) প্রথম কে বিমান চালিয়ে আকাশে উড়ে ছিলেন?

উঃ উইলবার রাইট। উনি ১৯০৩ সালে এই বিমান চালিয়ে আকাশে ওড়েন।

প্রঃ (৩৯) ইংলণ্ডে প্রথম সরকারী ভাষা হিসাবে ইংরাজীর ব্যবহার চালু হয় কোন সালে?

উঃ ১৩৬২ সালে।

প্রঃ (৪০) ইংলণ্ডের প্রথম প্রধানমন্ত্রী কে?

উঃ রবার্ট ওয়ালপোল। ১৭২১ সালে তিনি প্রধানমন্ত্রী হন।

প্রঃ (৪১) বাংলাদেশের প্রথম সাধারণ নির্বাচন হয় কোন সালে?

উঃ ১৯৭৪ সালে।

প্রঃ (৪২) নেপালে প্রথম সাধারণ নির্বাচন হয় কবে?

উঃ ১৯৮১ সালের ৯ই মে।

প্রঃ (৪৩) কাগজের টাকা কোন দেশে প্রথম প্রচলিত হয়েছিল?

উঃ চীনে। সপ্তম শতাব্দিতে তাং রাজত্বে এর উদ্ভব বলে মনে করা হয়।

প্রঃ (৪৪) কোন দেশে প্রথম কাগজের ব্যবহার হয়েছিল?

উঃ চীনে। সেখানকার তাই সুন কাগজ আবিস্কার করেন।

প্রঃ (৪৫) রাষ্ট্রসংঘ সাধারণ পরিষদের প্রথম মহিলা প্রেসিডেণ্ট কে?

উঃ শ্রীমতী বিজয়লক্ষ্মী পণ্ডিত (ভারত)।

প্রঃ (৪৬) কে প্রথম দক্ষিণ মেরুতে পেঁছান ?

উঃ নরওয়ের রোনাল্ড আমুণ্ডসেন। ১৯১১ সালের ৪ঠা ডিসেম্বর তিনি সেখানে পেঁছান।

প্রঃ (৪৭) পৃথিবীর প্রথম মহিলা মহাকাশচারী কে ?

উঃ ভ্যালেন্তিনা তেরেস্কোভা। এই রুশ মহিলা ১৯৬৩ সালের ৬ই জুন—ভস্টক-৬-এ করে মহাকাশে পাড়ি দেন। পৃথিবীতে ফিরে আসেন ১৯শে জুন।

প্রঃ (৪৮) যান্ত্রিক ঘড়ির প্রথম নক্সা করে কোন দেশ ?

উঃ চীন। ৭২৫ খৃষ্টাব্দে লিয়াং লিং সান ও সিং এটা করেন।

প্রঃ (৪৯) মহাকাশে কে প্রথম হেঁটেছেন ?

উঃ এডওয়ার্ড এইচ্ হোয়াইট। ১৯৬৫ সালের ৩রা জুন তিনি মহাকাশে ২১ মিনিট হেঁটেছেন।

প্রঃ (৫০) নেহরু পুরস্কার প্রথম কে পেয়েছিলেন ?

উঃ বার্মার বিশিষ্ট রাজনীতিবিদ উ. থাণ্ট।

প্রঃ (৫১) কোন ভারতীয় মহিলা প্রথম প্যারাসুটে করে নেমেছিলেন ?

উঃ ক্যাপ্টেন চন্দ্রা।

প্রঃ (৫২) শনি গ্রহের প্রথম ছবি পাঠিয়েছিল কোন মহাকাশযান ?

উঃ মার্কিন মহাকাশযান পাইওনীয়ার-১১। ১৯৭৩ সালের ৫ই এপ্রিল এটি মহাকাশে উৎক্ষিপ্ত হয়।

প্রঃ (৫৩) উত্তর মেরুতে কে প্রথম পেঁছেছিলেন ?

উঃ মার্কিন অভিযাত্রী রবার্ট পিয়েরী। ১৯০৯ সালে ৬ই এপ্রিল তিনি সেখানে পেঁছান।

প্রঃ (৫৪) ভারতের প্রথম ফ্রি রিডিং (লাইব্রেরী, উত্তরপাড়া পাবলিক লাইব্রেরী) কবে কে প্রতিষ্ঠা করেন ?

উঃ ১৮৫৯ সালের ১৫ই এপ্রিল জয়কৃষ্ণ মুখোপাধ্যায় এর প্রতিষ্ঠা করেন।

প্রঃ (৫৫) পৃথিবীতে প্রথম টেলিফোন এক্সচেঞ্জ স্থাপিত হয় কোন দেশে ?

উঃ ১৮৭৮ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের বোস্টনে প্রথম টেলিফোন এক্সচেঞ্জ স্থাপিত হয়।

প্রঃ (৫৬) পৃথিবীর প্রথম ক্রিকেট টেস্ট ম্যাচ কার কার মধ্যে হয়েছিল ?

উঃ ১৮৭৭ সালের ১৫ই মার্চ ইংলণ্ড ও অস্ট্রেলিয়ার মধ্যে হয়েছিল।

প্রঃ (৫৭) ভারতের প্রথম ফুটবল খেলা কবে কোথায় হয়েছিল ?

উঃ ১৮০২ সালে বোম্বাইতে হয়েছিল।

প্রঃ (৫৮) ভারতের কোন মহিলা খেলোয়াড় প্রথম অর্জুন পুরস্কার পান ?

উঃ অ্যান ল্যামসডেন। ১৯৬১ সালে তিনি অর্জুন পুরস্কার পান।

প্রঃ (৫৯) ভারতে কোন হকি খেলোয়াড় প্রথম পদ্মশ্রী পান্ ?

উঃ বলবীর সিং।

প্রঃ (৬০) কলকাতা হাইকোর্টের প্রথম মহিলা বিচারপতি কে ?

উঃ পদ্মা খাস্তগীর ও মঞ্জুলা বসু। ১৯৭৭ সালে এঁরা বিচারপতি নিযুক্ত হন।

প্রঃ (৬১) বিশ্বে মহিলাদের ক্রিকেট টেস্টে প্রথম বিজয়ী হয় কোন দেশ ?

উঃ ইংলণ্ড।

প্রঃ (৬২) অজ্ঞান করার জন্য প্রথম ক্লোরোফর্ম প্রবর্তন করেন কে ?

উঃ স্যার জেমস্ সিম্পসন।

প্রঃ (৬৩) কে কবে পদার্থবিদ্যায় প্রথম নোবেল পুরস্কার পান ?

উঃ উইলিয়াম রণ্টজেন ১৯০১ সালে পদার্থবিদ্যায় প্রথম নোবেল পুরস্কার পান।

প্রঃ (৬৪) কে-চাঁদের মাটিতে প্রথম অবতরণ করেন !

উঃ নীল আর্মষ্ট্রং। ১৯৬৯ সালে তিনি চাঁদের মাটিতে অবতরণ করেন।

ইতিহাসের ক্যুইজ

প্রঃ (১) বৃটিশের বিরুদ্ধে ভারত ছাড়ো আন্দোলন শুরু হয় কবে ?

উঃ ১৯৪২ সালের ৯ই আগষ্ট।

প্রঃ (২) ক্ষুদিরামের ফাঁসি হয় কোন সালে ?

উঃ ১৯০৮ সালে।

প্রঃ (৩) রাইটার্স বিল্ডিংস-এ গিয়ে বিনয়, বাদল ও দিনেশ সিম্পসন সাহেবকে গুলি করেছিলেন কবে ?

উঃ ১৯৩০ সালের ৮ই ডিসেম্বর।

প্রঃ (৪) নেতাজী সুভাষচন্দ্র বসুর নেতৃত্বে আজাদ হিন্দ সরকার ১৯৪৩ সালের ২৩ অক্টোবর কোন কোন দেশের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে ?

উঃ বৃটেন ও আমেরিকার বিরুদ্ধে।

প্রঃ (৫) কোন সালে বাল গঙ্গাধর তিলক শিবাজী উৎসবের প্রবর্তন করেন ?

উঃ ১৮৯৫ সালে।

প্রঃ (৬) নেতাজী কবে ভারত ত্যাগ করেন ?

উঃ ১৯৪১ সালে।

প্রঃ (৭) তরুণ তুর্কী দল গঠন করেন কে ?

উঃ কামাল আতাতুর্ক।

প্রঃ (৮) ভারতের জাতীয় কংগ্রেসের জনক কে ?

উঃ অ্যালান অক্টোভিয়ান হিউম।

প্রঃ (৯) ভারতের জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠা হয় কোন সালে।

উঃ ১৮৮৫ সালে।

প্রঃ (১০) ভারতের জাতীয় কংগ্রেসের প্রথম সভাপতি কে ছিলেন ?

উঃ উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়। (ডব্লু. সি. ব্যানার্জী)

প্রঃ (১১) হিন্দু মেলার প্রবর্তক কে ?

উঃ নবগোপাল মিত্র।

প্রঃ (১২) গদর পার্টি নামে বিপ্লবী সংস্থা গঠিত হয় কোথায় ?

উঃ আমেরিকায়।

প্রঃ (১৩) ভারতে লোক গণনার প্রবর্তক কে ?

উঃ লর্ড রিপন।

প্রঃ (১৪) সুভাষচন্দ্র বসু জাতীয় কংগ্রেসের সভাপতি হন কোন সালে ?

উঃ ১৯৩৮ সালে।

প্রঃ (১৫) মহারাষ্ট্রে বিপ্লবী আন্দোলনের জনক কে ?

উঃ বাসুদেব বলবন্ত ফাড়কে।

প্রঃ (১৬) কে এশিয়াটিক সোসাইটির প্রতিষ্ঠাতা কে ?

উঃ উইলিয়াম জোনস।

প্রঃ (১৭) সিরাজ-উদ্-দৌলার সঙ্গে রবার্ট ক্লাইভের পলাশীর প্রান্তরে যুদ্ধ হয় কবে ?

উঃ ১৭৫৭ খ্রীস্টাব্দের ২৩ জুন।

প্রঃ (১৮) কোন ব্যক্তি শিখ সম্প্রদায়কে একটি সামরিক জাতিতে পরিণত করেন ?

উঃ দশম শিখগুরু গোবিন্দ সিংহ।

প্রঃ (১৯) কার সময়ে ফা-হিয়েন ভারতে আসেন ?

উঃ দ্বিতীয় চন্দ্রগুপ্তের রাজত্বকালে।

প্রঃ (২০) শিবাজীর সমকালীন ঐতিহাসিক কাফি খাঁর আসল নাম কি ছিল ?

উঃ মির্জা মহম্মদ কাশিম।

প্রঃ (২১) মৃত্যুর সময় শিবাজীর রাজ্যের দুর্গসংখ্যা মোট কত ছিল ?

উঃ ২৪০।

প্রঃ (২২) লাহোরের তালবন্দী গ্রামে জন্মগ্রহণ করেন কে ?

উঃ গুরু নানক।

প্রঃ (২৩) হরপ্পার খননকার্য প্রথম শুরু করেন কে ?

উঃ দয়ারাম সাহানী।

প্রঃ (২৪) কে স্বরাজ্য দলের প্রতিষ্ঠা করেন ?

উঃ চিত্তরঞ্জন দাশ।

প্রঃ (২৫) বৌদ্ধ মঠকে কি বলা হয় ?

উঃ বিহার।

প্রঃ (২৬) কে ফতেপুর সিক্রী নির্মাণ করেন ?

উঃ আকবর।

প্রঃ (২৭) সোমনাথ মন্দির লুণ্ঠন করেন কে ?

উঃ সুলতান মামুদ।

প্রঃ (২৮) নীল বিদ্রোহের পটভূমিকায় কোন বই লেখা হয়েছে ?

উঃ 'নীলদর্পণ'।

প্রঃ (২৯) কা'কে 'সীমান্ত গান্ধী' বলা হয় ?

উঃ খান আবদুল গফ্ফর খানকে।

প্রঃ (৩০) 'আলমগীর' কথার অর্থ কি ?

উঃ পৃথিবী-বিজয়ী।

প্রঃ (৩১) মৌর্যবংশের শ্রেষ্ঠ রাজা কে ছিলেন ?

উঃ অশোক।

প্রঃ (৩২) কোন রাজা 'পরমেশ্বর পরমভট্টারক মহারাজাধিরাজ' উপাধি ধারণ করেন ?

উঃ ধর্মপাল।

প্রঃ (৩৩) কনিষ্কের রাজধানী কোথায় ছিল ?

উঃ পুরুষপুরে অর্থাৎ পেশোয়ারে।

প্রঃ (৩৪) জৈনধর্মের ত্রয়োবিংশ তীর্থঙ্কর কে ?

উঃ পার্শ্বনাথ।

প্রঃ (৩৫) কে আকবরনামা গ্রন্থের লেখক ছিলেন ?

উঃ আবুল ফজল।

প্রঃ (৩৬) সিন্ধু সভ্যতার যুগ কখন থেকে কবে পর্যন্ত ?

উঃ ৩০০০ থেকে ১৫০০ খ্রীষ্ট-পূর্বাব্দ পর্যন্ত।

প্রঃ (৩৭) ২০০০-১৫০০ খ্রীষ্ট-পূর্বাব্দ কিসের যুগ ?

উঃ ২০০০ থেকে ১৫০০ খ্রীষ্ট-পূর্বাব্দ আর্যদের ভারতে আগমন এবং বসতি স্থাপনের যুগ।

প্রঃ (৩৮) ঋগ্বেদের সৃষ্টি কবে ?

উঃ ১২০০ থেকে ১০০০ খ্রীষ্ট-পূর্বাব্দে ঋগ্বেদের সৃষ্টি।

প্রঃ (৩৯) কোন্ সময়ে রামায়ণ মহাভারত ও গীতার রচনাকাল ?

উঃ ১000 থেকে ৫00 খ্রীষ্ট-পূর্বাব্দ রামায়ণ, মহাভারত এবং শ্রীমদ্ভাগবদ্-গীতার রচনাকাল।

প্রঃ (৪0) কার্থেজ নগরীর নির্মাণ হয় কবে ?

উঃ ৮00 খ্রীষ্ট-পূর্বাব্দে কার্থেজ নগরী নির্মাণ হয়।

প্রঃ (৪১) রোম মহানগরীর পত্তন হয় কবে ?

উঃ ৭৫৩ খ্রীষ্ট-পূর্বাব্দে।

প্রঃ (৪২) জেরোস্টারের উদ্ভব হয় কবে ?

উঃ ৬0৫ খৃষ্ট-পূর্বাব্দে পারস্যের জোরেস্টারের উদ্ভব হয়।

প্রঃ (৪৩) জৈনধর্মের প্রতিষ্ঠা হয় কবে ?

উঃ ৫৯৯ খ্রীষ্ট-পূর্বাব্দে মহাবীর কর্তৃক জৈনধর্মের প্রতিষ্ঠা হয়।

প্রঃ (৪৪) বুদ্ধের আবির্ভাব হয় কোন সময়ে ?

উঃ ৫৬৬ খ্রীষ্ট-পূর্বাব্দে বুদ্ধদেবের আবির্ভাব হয়।

প্রঃ (৪৫) মহাবীরের আবির্ভাব হয় কবে ?

উঃ ৫৪0 খ্রীষ্ট পূর্বাব্দে।

প্রঃ (৪৬) গ্রীক নাট্যকার সফোক্লিসের জন্ম হয় কবে ?

উঃ ৪৯৫ খ্রীষ্ট-পূর্বাব্দে গ্রীক নাট্যকার সফোক্লিসের জন্ম হয়।

প্রঃ (৪৭) ম্যারাথন যুদ্ধ হয় কবে ?

উঃ ৪৯0 খ্রীষ্ট-পূর্বাব্দে।

প্রঃ (৪৮) প্লেটোর জন্ম হয় কবে ?

উঃ ৪২৭ খ্রীষ্ট-পূর্বাব্দে।

প্রঃ (৪৯) সক্রেটিসের কি স্বাভাবিক মৃত্যু হয় ?

উঃ বিষপানে সক্রেটিসের মৃত্যু হয়।

প্রঃ (৫0) অ্যারিষ্টটলের জন্ম কবে ?

উঃ ৩৮৪ খ্রীষ্ট-পূর্বাব্দে অ্যারিস্টটলের জন্ম হয়।

প্রঃ (৫১) আলেকজাণ্ডারের জন্ম কবে ?

উঃ ৩৫৬ খ্রীষ্ট-পূর্বাব্দে মহাবীর আলেকজাণ্ডারের জন্ম হয়।

প্রঃ (৫২) আলেকজাণ্ডার কোথাকার রাজা ছিলেন ?

উঃ গ্রীসের অন্তর্গত ম্যাসিডনের রাজা ছিলেন ?

প্রঃ (৫৩) ৩৩২ খ্রীষ্ট-পূর্বাব্দ কিসের জন্য বিখ্যাত ?

উঃ ৩৩২ খ্রীষ্ট-পূর্বাব্দে 'আলেকজাণ্ডারের মিশর জয় এবং আলেকজান্দ্রিয়া শহরের পত্তন করার জন্য বিখ্যাত।

প্রঃ (৫৪) আলেকজাণ্ডারের ভারত অভিযান হয় কোন সালে?

উঃ ৩২৭ খ্রীষ্ট-পূর্বাব্দ আলেকজাণ্ডারের ভারত অভিযানের জন্য বিখ্যাত।

প্রঃ (৫৫) আলেকজাণ্ডারের মৃত্যু হয় কবে?

উঃ ৩২৩ খ্রীষ্ট-পূর্বাব্দে আলেকজাণ্ডারের মৃত্যু হয়।

প্রঃ (৫৬) আর্কিমিডিসের জন্ম কবে?

উঃ ২৮৭ খ্রীষ্ট-পূর্বাব্দে আর্কিমিডিসের জন্ম হয়।

প্রঃ (৫৭) অশোক সিংহাসন লাভ করেন কোন সময়?

উঃ ২৭৩ খ্রীষ্ট-পূর্বাব্দে অশোক সিংহাসন লাভ করেন।

প্রঃ (৫৮) জুলিয়াস সীজারের জন্ম কবে?

উঃ ১০২ খ্রীষ্ট-পূর্বাব্দে জুলিয়াস সীজারের জন্ম হয়।

প্রঃ (৫৯) সীজার বৃটেন আক্রমণ করেন কবে?

উঃ ৫৫ খ্রীষ্ট-পূর্বাব্দে সীজার বৃটেন আক্রমণ করেন।

প্রঃ (৬০) সীজার নিহত হন কবে?

উঃ ৪৪ খ্রীষ্ট-পূর্বাব্দে জুলিয়াস সীজার নিহত হন।

প্রঃ (৬১) যীশু খ্রীষ্টের জন্ম কোথায়?

উঃ যীশু খ্রীষ্টের জন্ম হয় বেথলেহেমের আস্তাবলে।

প্রঃ (৬২) যীশু নিহত হন কি ভাবে?

উঃ ক্রুশবিদ্ধ অবস্থায় যীশু খ্রীষ্ট নিহত হন।

প্রঃ (৬৩) নীরো সম্রাট পদ লাভ করেন কবে?

উঃ ৫৪ খ্রীষ্টাব্দে নীরো সম্রাট পদ লাভ করেন।

প্রঃ (৬৪) কে রোম নগর ভস্মীভূত করেন?

উঃ নীরো রোম নগরী ভস্মীভূত করেন।

প্রঃ (৬৫) কণিষ্কের রাজত্ব শুরু কত খৃষ্টাব্দে?

উঃ ৭৮ খ্রীষ্টাব্দ।

প্রঃ (৬৬) পম্পিয়াই শহর ধ্বংস হয় কবে?

উঃ ৭৯ খ্রীষ্টাব্দে পম্পিয়াই শহর ধ্বংস হয়।

প্রঃ (৬৭) অশোক কলিঙ্গ জয় করেন কবে?

উঃ ২৬১ খ্রীষ্ট-পূর্বাব্দে।

প্রঃ (৬৮) সেণ্ট অগাস্টিনের জন্ম কবে ?

উঃ ৩৫৪ খ্রীষ্টাব্দে।

প্রঃ (৬৯) ৩৭৫ খ্রীষ্টাব্দ কারা ইউরোপ আক্রমণ করে ?

উঃ হুণরা।

প্রঃ (৭০) ফা-হিয়েন ভারতে আসেন কবে ?

উঃ ৪০৫-৪১১ খ্রীষ্টাব্দে চীন পরিব্রাজক ফা-হিয়েন ভারত ভ্রমণ করতে আসেন।

প্রঃ (৭১) খ্রীষ্ট ধর্মের সূত্রপাত হয় কবে ?

উঃ ৫৬০ খ্রীষ্টাব্দে ইংল্যাণ্ডে খ্রীষ্টধর্মের সূত্রপাত হয়।

প্রঃ (৭২) হজরত মহম্মদের জন্ম কোন সালে ?

উঃ ৫৯০ খ্রীষ্টাব্দে হজরত মহম্মদের জন্ম হয়।

প্রঃ (৭৩) হর্ষবর্ধনের রাজত্ব কাল কখন ?

উঃ ৬০৬-৬৪৭ খ্রীষ্টাব্দ হর্ষবর্ধনের রাজত্বকাল।

প্রঃ (৭৪) ইসলাম ধর্মের প্রচার হয় কখন ?

উঃ ৬১১ খ্রীষ্টাব্দে।

প্রঃ (৭৫) হিউয়েন সাঙ ভারত ভ্রমণে আসেন কোন সময়ে ?

উঃ ৬৩০-৬৪৪ খ্রীষ্টাব্দে চীনা পরিব্রাজক হিউয়েন সাঙ ভারত ভ্রমণে আসেন।

প্রঃ (৭৬) খালিফা ওমর জেরুজালেম রাজ্য দখল করেন কবে ?

উঃ ৬৩৭ খ্রীষ্টাব্দে খালিফা ওমর জেরুজালেম দখল করেন।

প্রঃ (৭৭) মুসলমানরা ভারত আক্রমণ করে কবে ?

উঃ ৭১২ খ্রীষ্টাব্দে।

প্রঃ (৭৮) বাগদাদ শহরের প্রতিষ্ঠা হয় কবে ?

উঃ ৭৬২ খ্রীষ্টাব্দে বাগদাদ শহরের প্রতিষ্ঠা হয়।

প্রঃ (৭৯) শঙ্করাচার্যের মৃত্যু হয় কবে ?

উঃ ৮২০ খ্রীঃ শঙ্করাচার্যের মৃত্যু হয়।

প্রঃ (৮০) ইংলণ্ডের প্রথম রাজ-পদ কে পান ?

উঃ ইংল্যাণ্ডের প্রথম রাজ-পদ লাভ করেন আলফ্রেড।

প্রঃ (৮১) মামুদ ভারত অভিযান করেন কবে ?

উঃ ১০০০-১০২৬ খ্রীঃ গজনীর মামুদ ভারত অভিযান করেন।

প্রঃ (৮২) অতীশ দীপঙ্কর তিব্বত যান কবে?

উঃ ১০৩৮ খ্রীঃ।

প্রঃ (৮৩) প্রথম ধর্ম যুদ্ধ হয় কবে (ক্রুসেড)?

উঃ ১০৯৫ খ্রীঃ।

প্রঃ (৮৪) দ্বিতীয় ধর্ম যুদ্ধ হয় কবে?

উঃ ১১৪৭ খ্রীঃ।

প্রঃ ৮৫) তৃতীয় ধর্মযুদ্ধ হয় কবে?

উঃ ১১৮৯ খ্রীঃ।

প্রঃ (৮৬) থানেশ্বরের যুদ্ধ হয় কবে?

উঃ ১১৯২ খ্রীঃ (পৃথিবরাজ ও ঘোরী)।

প্রঃ (৮৭) চতুর্থ ধর্মযুদ্ধ হয় কবে?

উঃ ১২০২ সালে।

প্রঃ (৮৮) পঞ্চম ধর্মযুদ্ধ হয় কবে?

উঃ ১২১৮ সালে।

প্রঃ (৮৯) চেঙ্গিজ খানের মৃত্যু হয় কবে?

উঃ ১২২৭ সালে।

প্রঃ (৯০) ষষ্ঠ ধর্মযুদ্ধ হয় কবে?

উঃ ১২২৮ খ্রীষ্টাব্দে ষষ্ঠ ধর্মযুদ্ধ হয় এবং খৃস্টানগণ কর্তৃক জেরুজালেম দখল।

প্রঃ (৯১) সপ্তম ধর্মযুদ্ধ হয় কবে?

উঃ ১২৪৫ খ্রীষ্টাব্দে।

প্রঃ (৯২) ইংলণ্ডে প্রথম কমন্স সভার অধিবেশন কবে হয়?

উঃ ১২৬৫ খ্রীষ্টাব্দে ইংল্যাণ্ডে প্রথম কমন্স সভার অধিবেশন আরম্ভ হয়।

প্রঃ (৯৩) আলাউদ্দিন চিতোর ধবংস করেন কবে?

উঃ ১৩০৩ খ্রীষ্টাব্দে আলাউদ্দীন চিতোর ধবংস করেন।

প্রঃ (৯৪) কবে ইবন বতুতা ভারত ভ্রমণ করতে আসেন?

উঃ ১৩৩৪-১৩৪২ খ্রীষ্টাব্দে।

প্রঃ (৯৫) তৈমুরলঙ্গ ভারত অভিযান চালান কোন সালে?

উঃ ১৩৯৮ খ্রীষ্টাব্দে তৈমুরলঙ্গ ভারত অভিযান চালান।

প্রঃ (৯৬) প্রথম ইংরাজ কবি চসারের মৃত্যু হয় কোন বছর ?

উঃ ১৪০০ খৃীষ্টাব্দে।

প্রঃ (৯৭) গুরু নানকের জন্ম কোন সালে ?

উঃ ১৪৬৯ খৃীষ্টাব্দে গুরু নানকের জন্ম হয়।

প্রঃ (৯৮) কলম্বাস সমুদ্রযাত্রা করেন কোন ৩টি জাহাজ নিয়ে ?

উঃ সাণ্টা মেরিয়া, পিণ্টা ও নীনা।

প্রঃ (৯৯) কে জলপথে প্রথম ভারতে আগমন করেন ?

উঃ পর্তুগীজ নাবিক ভাস্কো-ডা-গামা প্রথম ভারতে আগমন করেন।

প্রঃ (১০০) পানিপথের প্রথম যুদ্ধ কবে হয় ?

উঃ ১৫২৬ খৃীষ্টাব্দে পানিপথের প্রথম যুদ্ধ এবং বাবর কর্তৃক ভারত মুঘল রাজত্বের সূত্রপাত।

প্রঃ (১০১) দ্বিতীয় পানিপথের যুদ্ধ হয় কবে ?

উঃ ১৫৫৬ খৃীষ্টাব্দে।

প্রঃ (১০২) কবে শেকসপীয়রের জন্ম হয় ?

উঃ ১৫৬৪ খৃীষ্টাব্দে শেক্স্পীয়রের জন্ম হয়।

প্রঃ (১০৩) কবে শিবাজীর জন্ম হয় ?

উঃ ১৬২৭ খৃীষ্টাব্দে।

প্রঃ (১০৪) রাজা প্রথম চার্লসের ফাঁসি হয় কবে ?

উঃ ১৬৪৯ খৃীষ্টাব্দে ইংল্যাণ্ডের রাজা প্রথম চার্লসের ফাঁসি হয়।

প্রঃ (১০৫) ১৬১৬ খ্রীষ্টাব্দে কোন ইংরেজ মহাকবির মৃত্যু হয় ?

উঃ উইলিয়াম সেক্সপীয়রের।

প্রঃ (১০৬) ঔরঙ্গজেবের মৃত্যু হয় কবে ?

উঃ ১৭০৭ খৃীষ্টাব্দে ঔরঙ্গজেবের মৃত্যু হয়।

প্রঃ (১০৭) নাদির শাহ ভারত আক্রমণ করেন কবে ?

উঃ ১৭৩৬ খৃীষ্টাব্দে নাদির শাহ ভারত আক্রমণ করেন।

প্রঃ (১০৮) পলাশীর যুদ্ধ হয় কবে এবং ভারতে কাদের রাজত্বের সূত্রপাত হয় ?

উঃ ১৭৫৭ খ্রীষ্টাব্দে পলাশীর যুদ্ধ হয় এবং ভারতে ইংরেজ রাজত্বের সূত্রপাত হয়।

প্রঃ (১০৯) পানিপথের তৃতীয় যুদ্ধ হয় কবে ?

উঃ ১৭৬১ খ্রীষ্টাব্দে।

প্রঃ (১১০) বক্সারের যুদ্ধ হয় কবে ?

উঃ ১৭৬৪ খ্রীষ্টাব্দে।

প্রঃ (১১১) ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী কবে কোথাকার দেওয়ানী লাভ করে ?

উঃ ১৭৬৫ খ্রীষ্টাব্দে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী বাংলা, বিহার এবং উড়িষ্যার দেওয়ানী লাভ করে।

প্রঃ (১১২) নেপোলিয়ানের জন্ম কবে ?

উঃ ১৭৬৯ খ্রীষ্টাব্দে নেপোলিয়ন বোনাপার্টের জন্ম হয়।

প্রঃ (১১৩) ইংরাজী কত সালে ৭৬-এর মন্বন্তর হয় ?

উঃ ১৭৭০ খ্রীষ্টাব্দে ছিয়াত্তরের মন্বন্তর হয়।

প্রঃ (১১৪) ক্লাইভের কি স্বাভাবিক মৃত্যু হয়েছে ?

উঃ না, লর্ড ক্লাইভ আত্মহত্যা করেন।

প্রঃ (১১৫) ১৭৭৫ খ্রীষ্টাব্দে কার ফাঁসি হয় ?

উঃ মহারাজ নন্দকুমারের ফাঁসি হয়।

প্রঃ (১১৬) আমেরিকা স্বাধীনতা ঘোষণা করে কবে ?

উঃ ১৭৭৬ খ্রীষ্টাব্দে আমেরিকা স্বাধীনতা ঘোষণা করে।

প্রঃ (১১৭) প্রাচীনকালের ইন্দ্রপ্রস্থ জায়গাটা আজ কি নামে পরিচিত ?

উঃ দিল্লী।

প্রঃ (১১৮) ১৭৮৯ খ্রীষ্টাব্দের স্মরণীয় ঘটনা কি কি ?

উঃ ১৭৮৯ খ্রীষ্টাব্দে ফরাসী বিপ্লব আরম্ভ হয় এবং আমেরিকার প্রথম প্রেসিডেণ্ট পদে বসেন জর্জ ওয়াশিংটন।

প্রঃ (১১৯) কবে নেপোলিয়ান সম্রাট পদ লাভ করেন ?

উঃ ১৮০৩ সালে নেপোলিয়ান বোনাপার্ট ফ্রান্সের সম্রাট পদ লাভ করেন।

প্রঃ (১২০) ওয়াটারলুর যুদ্ধে কার পরাজয় ঘটে ?

উঃ ওয়াটারলুর যুদ্ধে নেপোলিয়ান পরাজয় বরণ করেন।

প্রঃ (১২১) আর্যরা এদেশে আসবার আগে ভারতে যারা বাস করতো তাদের কি বলা হত ?

উঃ ভারতের আদিম অধিবাসী।

প্রঃ (১২২) ১৮২১ সালে কার বন্দী অবস্থায় মৃত্যু হয় ?

উঃ নেপোলিয়ান-এর বন্দী অবস্থায় মৃত্যু হয়।

প্রঃ (১২৩) কে কোন সালে ব্রাহ্ম সমাজ প্রতিষ্ঠা করেন ?

উঃ ১৮২৮ সালে রাজা রামমোহন রায় ব্রাহ্মসমাজ প্রতিষ্ঠা করেন।

প্রঃ (১২৪) রানী ভিক্টোরিয়া সিংহাসন লাভ করেন কবে ?

উঃ ১৮৩৭ সালে রানী ভিক্টোরিয়া সিংহাসন লাভ করেন।

প্রঃ (১২৫) রণজিৎ সিং-এর মৃত্যু হয় কবে ?

উঃ ১৮৩৯ সালে রণজিৎ সিং-এর মৃত্যু হয়।

প্রঃ (১২৬) ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী বিলুপ্ত হয় কবে ?

উঃ ১৮৫৮ সালে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর বিলুপ্তি ঘটে এবং মহারানী ভিক্টোরিয়া ভারতের শাসনভার গ্রহণ করেন।

প্রঃ (১২৭) রবীন্দ্রনাথের জন্ম কোন সালে ?

উঃ ১৮৬১ সালে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর জন্মগ্রহণ করেন।

প্রঃ (১২৮) স্বামী বিবেকানন্দের জন্ম কবে কোথায় হয়েছিল ?

উঃ ১৮৬৩ সালের ১২ই জানুয়ারী উত্তর কলিকাতার শিমুলিয়াতে।

প্রঃ (১২৯) জওহরলাল নেহরুর কবে কোথায় জন্ম হয় ?

উঃ ১৮৮৯ সালের ১৪ই নভেম্বর এলাহাবাদে জন্ম হয়।

প্রঃ (১৩০) ভগিনী নিবেদিতা কবে কোথায় জন্মগ্রহণ করেন ?

উঃ ১৮৬৭ সালের ২৮শে অক্টোবর উত্তর আয়ারল্যাণ্ডের ডাংগনান শহরে জন্ম গ্রহণ করেন ?

প্রঃ (১৩১) মহাত্মা গান্ধীর জন্ম কবে কোথায় হয় ?

উঃ ১৮৬৯ সালের ২রা অক্টোবর গুজরাটের পোরবন্দরে মহাত্মা গান্ধী জন্মগ্রহণ করেন।

প্রঃ (১৩২) নেতাজী সুভাষচন্দ্র বসুর জন্ম কবে কোথায় হয় ?

উঃ ১৮৯৭ সালের ২৩শে জানুয়ারী ওড়িশার কটকে জন্মগ্রহণ করেন ?

প্রঃ (১৩৩) গান্ধিজী অসহযোগ আন্দোলন শুরু করেন কবে ?

উঃ ১৯১৯-২০ সালে।

প্রঃ (১৩৪) প্রথম বিশ্বযুদ্ধ কোন সালে শুরু হয় এবং চলে কোন সাল পর্যন্ত ?

উঃ ১৯১৪ সালে শুরু হয়ে ১৯১৮ সালে শেষ হয়।

প্রঃ (১৩৫) মুসলীম লীগের প্রতিষ্ঠা হয় কোন সালে ?

উঃ ১৯০৬ সালে।

প্রঃ (১৩৬) খিলাফত আন্দোলন হয় কোন সালে ?

উঃ ১৯২০ সালে।

প্রঃ (১৩৭) শ্রীঅরবিন্দ কোন সালে জন্ম গ্রহণ করেন ?

উঃ ১৮৭২ সালে কলকাতায় জন্মগ্রহণ করেন।

প্রঃ (১৩৮) শ্রীঅরবিন্দ দেহত্যাগ করেন কোন সালে ?

উঃ ১৯৫০ সালে।

প্রঃ (১৩৯) বঙ্গ ভঙ্গ আন্দোলন হয় কোন সালে ?

উঃ ১৯০৫ সালে।

প্রঃ (১৪০) দ্বিতীয় বিশ্বযুদ্ধ কোন সালে আরম্ভ হয়ে কোন সালে শেষ হয়।

উঃ ১৯৩৯ সালে আরম্ভ হয়ে ১৯৪৫ সালে শেষ হয়।

প্রঃ (১৪১) লেনিনের মৃত্যু হয় কোন সালে ?

উঃ ১৯২৪ সালে।

প্রঃ (১৪২) ষ্ট্যালিন মারা যান কোন সালে ?

উঃ ১৯৫৩ সালে।

প্রঃ (১৪৩) ১৯৪৮ সালে কোন রাজ্যের প্রতিষ্ঠা হয় ?

উঃ প্যালেস্টাইনে ইহুদি রাজ্যের (ইস্‌রায়েল) প্রতিষ্ঠা হয়।

প্রঃ (১৪৪) ১৯৫৩ সালে কারা কোন পর্বতের চূড়ায় ওঠেন ?

উঃ ১৯৫৩ সালে প্রথম মাউন্ট এভারেস্টের চূড়ায় ওঠেন তেনজিং নোরগে এবং এডমাণ্ড হিলারী।

প্রঃ (১৪৫) ১৯৫৪ সালে কে ভারতে আগমন করেন এবং কি নীতি ঘোষিত হয় ?

উঃ ১৯৫৪ সালে চীনের প্রধানমন্ত্রী চৌ-এন-লাই ভারতে আগমন করেন এবং নেহেরু-চৌ-এর পঞ্চশীল নীতি ঘোষিত হয়।

প্রঃ (১৪৬) ঘানা কবে রাজনৈতিক স্বাধীনতা লাভ করে ?

উঃ ১৯৫৮ সালে।

প্রঃ (১৪৭) নাইজিরিয়া কবে স্বাধীনতা লাভ করে ?

উঃ ১৯৬০ সালে।

প্রঃ (১৪৮) ১৯৬১ সালে ভারতের সঙ্গে কোন দেশ যুক্ত হয় ?

উঃ ১৯৬১ সালে ভারতে পর্তুগীজ অধিকৃত দেশসমূহ ভারতভুক্ত হয়।

প্রঃ (১৪৯) ১৯৬২ সালে কে ভারতকে আক্রমণ করে ?

উঃ ১৯৬২ সালের অক্টোবরে চীন ভারত আক্রমণ করে।

প্রঃ (১৫০) প্রেসিডেণ্ট কেনেডি নিহত হন কবে ?

উঃ ১৯৬৩ সালে আমেরিকা যুক্তরাষ্ট্রের প্রেসিডেণ্ট কেনেডিকে হত্যা করা হয়।

প্রঃ (১৫১) নেহরুর মৃত্যু হয় কবে ?

উঃ ১৯৬৪ সালের ২৭ মে।

প্রঃ (১৫২) ১৯৬৫ সালে কাদের কাদের মধ্যে যুদ্ধ হয় ?

উঃ ১৯৬৫ সালে ভারত-পাকিস্তান যুদ্ধ এবং ভিয়েতনাম যুদ্ধ হয়।

প্রঃ (১৫৩) ১৯৬৬ সালে কার মৃত্যু হয় এবং কাদের মধ্যে কি চুক্তি হয় ?

উঃ ১৯৬৬ সালের ১১ই জানুয়ারী ভারতের প্রধানমন্ত্রী লালবাহাদুর শাস্ত্রীর মৃত্যু এবং পাকিস্তানের সঙ্গে তাসখন্দ চুক্তি হয়।

প্রঃ (১৫৪) আরব-ইসরাইল যুদ্ধ হয় কবে ?

উঃ ১৯৬৭ সালে।

প্রঃ (১৫৫) ১৯৬৯ সালে কারা চন্দ্রে অবতরণ করেন ?

উঃ ১৯৬৯ সালে আমেরিকা যুক্তরাষ্ট্রের নভশ্চারী-দল আর্মস্ট্রং, কলিনস্ এবং অলড্রিন চাঁদে অবতরণ করেন।

প্রঃ (১৫৬) রুশ বিপ্লবের আগে রাশিয়ার শাসক ছিলেন কে ?

উঃ জার দ্বিতীয় নিকোলাস।

প্রঃ (১৫৭) ছত্রপতি শিবাজীর গুরুর নাম কি ছিল ?

উঃ রামদাস স্বামী।

প্রঃ (১৫৮) মহাত্মাগান্ধী তাঁর লবণ সত্যাগ্রহ কোথা থেকে শুরু করেছিলেন ?

উঃ সবরমতি আশ্রম থেকে।

প্রঃ (১৫৯) পারস্য থেকে এসে পার্শীরা ভারতের কোথায় প্রথম বসতি স্থাপন করে ?

উঃ গুজরাটে।

প্রঃ (১৬০) মহাত্মা গান্ধীকে অসহযোগ আন্দোলনের নেতা হিসাবে প্রথম গ্রেপ্তার করা হয় কবে?

উঃ ১৯২২ সালের ১০ই মার্চ।

প্রঃ (১৬১) ময়ূর সিংহাসন কোন শিল্পী তৈরী করেন?

উঃ বেবাদল খান।

প্রঃ (১৬২) ইংলন্ডের কোন রাজার শিরশ্ছেদ হয়েছিল?

উঃ প্রথম চার্লস।

প্রঃ (১৬৩) 'গৌরবজনক বিপ্লব' কবে হয়েছিল?

উঃ ১৬৮৮ সালে।

প্রঃ (১৬৪) কোন বিপ্লবের বাণী ছিল—সাম্য, মৈত্রী ও স্বাধীনতা?

উঃ ফরাসী বিপ্লবের।

প্রঃ (১৬৫) দ্বিতীয় বিশ্বযুদ্ধে মিত্রশক্তিকে যে তিন বিশিষ্ট ব্যক্তি পরিচালিত করেছিলেন তাঁদের নাম কি?

উঃ স্টালিন, চার্চিল ও রুজভেল্ট।

প্রঃ (১৬৬) ১৬২০ খ্রীষ্টাব্দে আমেরিকায় কারা প্রথম উপনিবেশ স্থাপন করে?

উঃ বৃটিশরা।

প্রঃ (১৬৭) ইরাক দেশের পুরানো নাম কি ছিল?

উঃ মেসোপটেমিয়া।

প্রঃ (১৬৮) টিউটনিক নামে এক বর্বর জাতি মানুষের বারবার অনুপ্রবেশ ঘটেছিল কোন সাম্রাজ্যে?

উঃ রোমান সাম্রাজ্যে।

প্রঃ (১৬৯) ইউরোপ সংস্কারের শুকতারা কাকে বলা হয়?

উঃ জন ওরাইক্লিফকে।

প্রঃ (১৭০) কম্যুনিষ্ট মেনিফেষ্টো রচনা করেন কে?

উঃ কার্ল মার্কস।

প্রঃ (১৭১) সান-ইয়াৎ সেন কোন দলের প্রতিষ্ঠা করেছিলেন?

উঃ কুয়োমিনতাং দলের।

প্রঃ (১৭২) মাৎসিনী কোন দলের প্রতিষ্ঠা করেন?

উঃ নবীন ইটালী দলের।

প্রঃ (১৭৩) জন হে কোন সাম্রাজ্যে খোলা দরজার নীতি গ্রহণ করেন ?

উঃ চীন সাম্রাজ্যে।

প্রঃ (১৭৪) সর্দার বল্লভভাই প্যাটেল গুজরাটের যে নামকরা সত্যাগ্রহ পরিচালনা করেছিলেন, তার নাম কি ছিল ?

উঃ বরদোলী সত্যাগ্রহ।

প্রঃ (১৭৫) সুভাষচন্দ্র বসু কোথা থেকে আজাদ হিন্দ ফৌজ পরিচালনা করেন ?

উঃ সিঙাপুর।

প্রঃ (১৭৬) রাউলাট বিল পাশ হয় কবে এবং এটা কি উদ্দেশ্যে তৈরী হয় ?

উঃ ১৯১৯ সালে ভারতে বৃটিশ শাসকরা এই বিল পাশ করান। এতে বৃটিশরা যে কোনো ভারতীয়কে বিনা বিচারে আটক রাখার ক্ষমতা পেয়েছিল। উদ্দেশ্যে ছিল স্বাধীনতার দাবী জানালে তাকে কারান্তরালে রাখা।

প্রঃ (১৭৭) জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ড কবে হয়েছিল এবং কোন বৃটিশের নেতৃত্বে এটা হয়েছিল ?

উঃ ১৯১৯ সালের ১৩ই এপ্রিল পাঞ্জাবের জালিয়ানওয়ালাবাগে সমবেত স্বাধীনতাকামী ভারতীয়দের ওপর বৃটিশ জেনারেল ডায়ারের নেতৃত্বে ও আদেশে বৃটিশ পুলিশ বাহিনী মাত্র ১০ মিনিটে ১ হাজার ৬৫০ রাউণ্ড গুলি ছুড়ে নিহত করেন এক হাজারের বেশী ভারতীয় নরনারীকে।

প্রঃ (১৭৮) ১৯৩০ সালে গান্ধীজি যে সত্যাগ্রহ শুরু করেন তার নাম কি ছিল ?

উঃ লবণ সত্যাগ্রহ।

প্রঃ (১৭৯) ১৯২৮ সালে কোন কমিশন ভারত পরিদর্শন করে ?

উঃ সাইমন কমিশন।

প্রঃ (১৮০) ক্রীপস মিশন ভারত পরিদর্শনে আসে কোন সালে ?

উঃ ১৯৪২ সালে।

প্রঃ (১৮১) ১৯১৭ সালে গান্ধীজির সত্যাগ্রহ আন্দোলনের প্রথম পরীক্ষা হয়েছিল কোথায় ?

উঃ বিহারের চম্পারণে।

প্রঃ (১৮২) কোন ভারতীয় বৃটিশ পার্লামেন্টের সদস্য নির্বাচিত হয়েছিলেন ?

উঃ দাদাভাই নৌরজী।

প্রঃ (১৮৩) ভারতে সিভিল সার্ভিস চালু করেন কে ?

উঃ লর্ড কর্ণওয়ালিস।

প্রঃ (১৮৪) ১৭৯৮ সালে লর্ড ওয়েলেসলীর অধীনতা মূলক মিত্রতার নীতি কোন ভারতীয় শাসক মেনে নেন ?

উঃ হায়দ্রাবাদের নিজাম।

প্রঃ (১৮৫) বাংলায় দ্বৈত শাসন ব্যবস্থার প্রবর্তন করেন কে ?

উঃ রবার্ট ক্লাইভ।

প্রঃ (১৮৬) গোষ্ঠী নিরপেক্ষ নীতির প্রবর্তক কে ?

উঃ পণ্ডিত জওহরলাল নেহরু।

প্রঃ (১৮৭) ইতালির বিসমার্ক নামে পরিচিত কে ?

উঃ কাউণ্ট ক্যাভুর।

প্রঃ (১৮৮) দুনিয়ার শ্রমিক এক হও—প্রথম এই উক্তি করেছিলেন কে ?

উঃ কার্ল মার্কস।

প্রঃ (১৮৯) সম্মিলিত জাতিপুঞ্জের নামের উদ্ভাবন করেন কে ?

উঃ রুজভেল্ট।

প্রঃ (১৯০) সানফ্রান্সিসকোতে কবে সম্মিলিত জাতিপুঞ্জের সনদ স্বাক্ষরিত হয় ?

উঃ ১৯৪৫ সালের অক্টোবর মাসে।

প্রঃ (১৯১) প্রোটেস্টান্ট আন্দোলন পরিচালনা করেন কে ?

উঃ মার্টিন লুথার কিং।

প্রঃ (১৯২) মোঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা কে ?

উঃ বাবর।

প্রঃ (১৯৩) মিশরের প্রথম পিরামিড নির্মাণ করা হয় কবে ?

উঃ খ্রীষ্টপূর্ব ২৮৫০ অব্দে।

প্রঃ (১৯৪) রোমনগরীর প্রতিষ্ঠা হয় কোন সময় ?

উঃ খ্রীষ্টপূর্ব ৭৫৩ অব্দে।

প্রঃ (১৯৫) ময়ূর সিংহাসনে প্রথম আরোহণ করেন কে?

উঃ সম্রাট শাহজাহান।

প্রঃ (১৯৬) চীনের প্রাচীর নির্মাণ করা হয় কবে?

উঃ ২০৪ খ্রীষ্ট-পূর্বাব্দে।

প্রঃ (১৯৭) রাশিয়া ও জাপানের মধ্যে যুদ্ধ হয় কোন সালে?

উঃ ১৯০৪ সালে।

প্রঃ (১৯৮) ইংলণ্ডে রক্তপাতহীন গৌরবময় বিপ্লব হয়ে ছিল কোন সালে?

উঃ ১৬৮৮ সালে।

প্রঃ (১৯৯) ১৭৭৬ সালের ৪ঠা জুলাই কোন দেশ স্বাধীনতা ঘোষণা করে?

উঃ আমেরিকা।

প্রঃ (২০০) সুয়েজ খালের উদ্বোধন হয় কোন সালে?

উঃ ১৮৬৯ সালে।

প্রঃ (২০১) উত্তর আমেরিকা কে কবে আবিষ্কার করেন?

উঃ কম্যাণ্ডার পীয়ারী ১৯১২ সালে উত্তর আমেরিকা আবিষ্কার করেন।

প্রঃ (২০২) ১৯৭২ সালে সিংহলের নাম পাল্টে কি রাখা হয়?

উঃ শ্রীলঙ্কা।

প্রঃ (২০৩) সিমলা চুক্তি কবে কার মধ্যে স্বাক্ষরিত হয়েছিল?

উঃ ১৯৭২ সালের ৩রা জুলাই ভারত ও পাকিস্তানের মধ্যে সিমলা চুক্তি স্বাক্ষরিত হয়েছিল।

প্রঃ (২০৪) বাংলাদেশ স্বাধীন রাষ্ট্র হিসাবে স্বীকৃতি লাভ করে কোন সালে?

উঃ ১৯৭৪ সালে।

প্রঃ (২০৫) বাংলাদেশে শেখ মুজিবর রহমান নিহত হন কোন সালে?

উঃ ১৯৭৫ সালে।

প্রঃ (২০৬) মার্কিন যুক্তরাষ্ট্রের ৪০তম প্রেসিডেণ্ট হিসাবে কে ১৯৮১ সালের ২০ শে জানুয়ারী শপথ নেন?

উঃ রোনাল্ড রেগন।

প্রঃ (২০৭) বাংলাদেশের প্রেসিডেন্ট জিয়াউর রহমানকে হত্যা করা হয় কবে ?

উঃ ১৯৮১ সালের ৩০শে মে।

প্রঃ (২০৮) মিশরের প্রেসিডেণ্ট আনোয়ার সাদাত নিহত হন কবে ?

উঃ ১৯৮১ সালের ১৩ই অক্টোবরে।

প্রঃ (২০৯) ১৯৮২ সালের ৫ই মার্চ কোন মহাকাশযান নির্বিঘ্নে শুক্রগ্রহের পৃষ্ঠে অবতরণ করে ?

উঃ সোভিয়েট মহাকাশযান ভেনাস ১৪।

প্রঃ (২১০) নতুন দিল্লীতে সপ্তম গোষ্ঠী নিরপেক্ষ সম্মেলন শুরু হয় কবে ?

উঃ ১৯৮৩ সালের ৭ই মার্চ।

প্রঃ (২১১) ১৯৮৫ সালের ২রা জুলাই কে সোভিয়েট প্রেসিডেণ্টের পদ লাভ করেন ?

উঃ আন্দ্রে গ্রোমিকো।

প্রঃ (২১২) প্যালেষ্টাইন সংক্রান্ত গোষ্ঠী নিরপেক্ষ মন্ত্রী পর্যায়ের কমিটির সদস্য কোন কোন দেশ ?

উঃ ভারত, জিম্বাবুয়ে, সেনেগাল, কিউবা, আলজিরিয়া, যুগোশ্লাভিয়া, জাম্বিয়া, বাংলাদেশ ও প্যালেষ্টাইন মুক্তি সংস্থা পি. এল. ও ছাড়া ৮টা দেশ এর সদস্য।

প্রঃ (২১৩) গোর্খা ন্যাশনাল লিবারেশন ফ্রণ্টের সভাপতি সুভাষ ঘিসিং প্রকাশ্যে পৃথক গোর্খাল্যাণ্ডের দাবী করেছিলেন কবে ?

উঃ ১৯৮৬ সালের ১৩ই এপ্রিল।

প্রঃ (২১৪) ওয়ারেন হেষ্টিংস ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর কার্য-নির্বাহী কমিটির প্রেসিডেণ্ট নির্বাচিত হন কবে ?

উঃ ১৭৭২ সালের ১৩ই এপ্রিল।

প্রঃ (২১৫) পাকিস্তান প্রস্তাব কবে প্রথম কোথায় গৃহীত হয় ?

উঃ ১৯৪১ সালের ১৫ই এপ্রিল মাদ্রাজে মুসলীম লীগের সভায় প্রথম 'পাকিস্তান প্রস্তাব' গৃহীত হয়।

সাহিত্য ও শিল্প বিষয়ক কুইজ

প্রঃ (১) কথা সাহিত্যিক প্রেমেন্দ্র মিত্রের সৃষ্ট 'ঘনাদা নামে' চরিত্রটি কলকাতার যে রাস্তায় থাকেন তার নাম কি ?

উঃ বনমালী নস্কর লেন।

প্রঃ (২) ডঃ নীহাররঞ্জন রায়ের সৃষ্ট বিখ্যাত গোয়েন্দা চরিত্রের নাম কি ?

উঃ কিরীটী রায়।

প্রঃ (৩) অরণ্যদেবের যমজ সন্তান দুটির নাম কি ?

উঃ কিট ও হেলোয়াজ।

প্রঃ (৪) 'ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়'—এটা কে লিখেছেন ?

উঃ কবি সুকান্ত ভট্টাচার্য।

প্রঃ (৫) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের বর্ণ পরিচয় প্রথম প্রকাশিত হয় কবে ?

উঃ ১৮৫৫ সালে ১৩ই এপ্রিল।

প্রঃ (৬) চণ্ডীমঙ্গল কাব্য কার লেখা ?

উঃ কবিকঙ্কন মুকুন্দরাম চক্রবর্তী।

প্রঃ (৭) চৈতন্য চরিতামৃত কার লেখা ?

উঃ কৃষ্ণদাস কবিরাজ।

প্রঃ (৮) কোন লেখকের ছদ্মনাম 'রূপদর্শী' ?

উঃ গৌরকিশোর ঘোষ।

প্রঃ (৯) 'দি রিপাবলিক' বইটা কার লেখা ?

উঃ সরোজিনী নাইডু।

প্রঃ (১০) স্বপন বুড়ো—কোন সাহিত্যিকের ছদ্ম নাম ?

উঃ অখিল নিয়োগী।

প্রঃ (১১) গ্যালিভার্স ট্রাভেলস বইটার লেখক কে ?

উঃ জোনাথন সুইফ্‌ট।

প্রঃ (১২) মেরি ওয়েস্ট ম্যাকট ছদ্মনামেও লিখেছিলেন কোন লেখিকা ?

উঃ আগাথা ক্রিস্টি।

প্রঃ (১৩) কোন লেখকের ছদ্মনাম 'সুনন্দ' ?

উঃ নারায়ণ গঙ্গোপাধ্যায়।

প্রঃ (১৪) 'শার্লক হোমসে'র চরিত্রটা কার আদলে তৈরী হয়েছিল ?

উঃ ডাঃ যোশেফ বেল।

প্রঃ (১৫) পাবলো পিকাসোর পুরো নামটা কি ?

উঃ পাবলো দিগো জোস ফ্রান্সিসকো দ্যা পাউলা জন নেপো মুসেলিও মেরিয়া দ্যা লুইস সান্টিসিমা ত্রিনিদাদ রুইজ পিকাসো।

প্রঃ (১৬) 'ওয়ার অফ দি ওয়াল্ড'স' বইটার লেখক কে ?

উঃ এইচ. জি. ওয়েলস।

প্রঃ (১৭) ওয়ার অফ দি ওয়াল্ড'স বইটাতে কোন দুটি গ্রহের মধ্যে সংঘর্ষের কথা লেখা আছে ?

উঃ পৃথিবী ও মঙ্গল।

প্রঃ (১৮) টারজান-এর লেখক কে ?

উঃ এডগার রাইস বরোজ।

প্রঃ (১৯) রবীন্দ্রনাথ ঠাকুরকে কে 'গুরুদেব' বলে প্রথম সম্বোধন করেছিলেন ?

উঃ মহাত্মা গান্ধী।

প্রঃ (২০) 'বিশ্বকবি' আখ্যায় রবীন্দ্রনাথ ঠাকুরকে আখ্যায়িত করে ছিলেন কে ?

উঃ ব্রহ্মবান্ধব উপাধ্যায়।

প্রঃ (২১) রবীন্দ্রনাথ জোড়াসাঁকোর যে ঠাকুর পরিবারে জন্মগ্রহণ করেছিলেন তাঁদের প্রকৃত পদবী কি ছিল ?

উঃ কুশারী। এ'রা ব্রাহ্মণ ছিলেন বলে পরবর্তীকালে ঠাকুর পদবী গ্রহণ করেন।

প্রঃ (২২) রবীন্দ্রনাথের লেখা প্রথম কাব্যগ্রন্থের নাম কি ?

উঃ কবিকাহিনী। ১৮৭৮ সালে সেটি লেখা হয়।

প্রঃ (২৩) রবীন্দ্রসঙ্গীতের জনপ্রিয়তার কথা সকলেরই জানা। রবীন্দ্রনাথ প্রথম যে গানটা লেখেন তার শুরু কি ?

উঃ জ্বল জ্বল চিতা দ্বিগুণ দ্বিগুণ...... ।

প্রঃ (২৪) প্রথম গানটা রবীন্দ্রনাথ কি জন্য লিখেছিলেন ?

উঃ জ্যোতিরিন্দ্রনাথের 'সরোজিনী' নাটকের জন্য লিখেছিলেন।

প্রঃ (২৫) রবীন্দ্রনাথের লেখা শেষ কবিতা কোনটা ?

উঃ তোমার সৃষ্টির পথ। ১৯৪১ সালের ৩০শে জুলাই লেখা।

প্রঃ (২৬) কবিগুরুর লেখা শেষ গান কোনটা ?

উঃ হে নূতন দেখা দিক আর বার…।

প্রঃ (২৭) রবীন্দ্রনাথের কোন উপন্যাস প্রথম হিন্দি ভাষায় অনূদিত হয়েছিল ?

উঃ রাজর্ষি। ১৯১০ সালে সেটি হিন্দিতে অনূদিত হয়ে প্রকাশিত হয়।

প্রঃ (২৮) ইংরাজীতে প্রথম রবীন্দ্রনাথের কোন গল্প অনূদিত হয়েছিল ?

উঃ বিচারক। দি জাজ নামে সেটি ১৯০১ সালে প্রকাশিত হয়।

প্রঃ (২৯) অভিনেতার ভূমিকায় রবীন্দ্রনাথের পরিচয় আমরা জানি। তিনি প্রথম কোন নাটকে অভিনয় করেছিলেন ?

উঃ ১৮৭৭ সালে জ্যোতিরিন্দ্রনাথের লেখা 'এমন কর্ম আর করব না' নাটকে তিনি অলীকবাবুর ভূমিকায় অভিনয় করেন।

প্রঃ (৩০) বিদ্যাসাগরের 'জল পড়ে পাতা নড়ে'—একে রবীন্দ্রনাথ কি বলেছিলেন ?

উঃ এটা ছিল তাঁর জীবনে আদি কবির প্রথম কবিতা।

প্রঃ (৩১) কে সেই ভারতীয় কবি ও গীতিকার যাঁর সঙ্গীত ভারতের একটা প্রতিবেশী দেশের জাতীয় সঙ্গীত হয়েছে এবং সেই দেশটার নাম কি ?

উঃ রবীন্দ্রনাথ ঠাকুর। তাঁর লেখা ও সুর দেওয়া 'আমার সোনার বাংলা, আমি তোমায় ভালবাসি' গানটা বাংলাদেশের জাতীয় সঙ্গীত।

প্রঃ (৩২) একজন বিখ্যাত ভারতীয় বিজ্ঞানী রবীন্দ্রনাথের ঘনিষ্ঠ বন্ধু ছিলেন। ঐ বিজ্ঞানীর পত্নীকে লেডি বলে সম্বোধন করা হত। ঐ বিজ্ঞানী ও তাঁর পত্নীর নাম কি ?

উঃ বিজ্ঞানীর নাম আচার্য জগদীশচন্দ্র বসু ও তাঁর পত্নীর নাম লেডি অবলা বসু।

প্রঃ (৩৩) আর্থার সি ক্লার্ক কে ?

উঃ কল্প-বিজ্ঞানভিত্তিক গল্পের লেখক। ইনি ভবিষ্যদ্বাণী করেছিলেন যে, পৃথিবীতে একদিন কৃত্রিম উপগ্রহের মাধ্যমে ব্যাপক যোগাযোগ ব্যবস্থা গড়ে উঠবে। 'র‍্যাডারে'র উন্নয়নে তিনি সাহায্য করেছিলেন।

প্রঃ (৩৪) 'প্রফেসার শঙ্কু'র বাড়ী কোথায় ?

উঃ গিরিডিতে।

প্রঃ (৩৫) এ টেল অফ টু সিটিজ বইটা কার লেখা ?

উঃ চার্লস ডিকেন্স।

প্রঃ (৩৬) প্যারাডাইস লষ্ট-এর লেখক কে !

উঃ জন মিল্টন।

প্রঃ (৩৭) ফাউষ্ট-এর লেখক কে ?

উঃ গ্যেটে।

প্রঃ (৩৮) কোন্ বিশ্ব বিখ্যাত নাট্যকারের বড় মেয়ে নিজের নামটা পর্যন্ত লিখতে পারতেন না ?

উঃ শেক্সপীয়রের।

প্রঃ (৩৯) এডগার রাইস বরোজ পৃথিবী থেকে মঙ্গলগ্রহে যাওয়া যে অভিযাত্রীর কথা লিখেছেন তার নাম কি ?

উঃ জন কার্টার।

প্রঃ (৪০) কোন্ কল্প-বিজ্ঞানের লেখক বিভিন্ন বিষয়ে দুই শতাধিক বই লিখে বিখ্যাত হয়েছেন ?

উঃ আইজাক অ্যাসিমভ।

প্রঃ (৪১) স্টার ওয়ারস-এর গল্পে কথা বলা রোবোটের নামটা কি ?

উঃ আর্টু ডিটু।

প্রঃ (৪২) 'টেয়েণ্টি থাউজেণ্ড লিগ্স আণ্ডার দি সী' কাহিনীর লেখক কে ?

উঃ জুলে ভার্ন।

প্রঃ (৪৩) ঐ কাহিনীতে বর্ণিত ডুবোজাহাজের নাম ও ক্যাপ্টেনের নাম কি ?

উঃ জাহাজের নাম—দি নটিলাস। ক্যাপ্টেনের নাম—ক্যাপ্টেন নিমো।

প্রঃ (৪৪) হিউগো পুরস্কার, ইণ্টারন্যাশানাল ফাণ্টাসি পুরস্কার, জন ডব্ল্যু ক্যাম্বেল স্মারক পুরস্কার, নেবুলা পুরস্কার—এই পুরস্কারগুলি কি জন্য দেওয়া হয় ?

উঃ কল্প-বিজ্ঞানভিত্তিক কাহিনী লেখার জন্য লেখকদের এইসব পুরস্কার দেওয়া হয়ে থাকে।

প্রঃ (৪৫) ফ্ল্যাশ গর্ডন এর শত্রুটা কে ?

উঃ মিং

প্রঃ (৪৬) কোন প্রসিদ্ধ লেখক ইংরাজী গ্রন্থ লিখেছেন ‘কিউ’ ছদ্মনামে ?

উঃ আর্থার কুইলার কাউচ।

প্রঃ (৪৭) নোবেল পুরস্কার বিজয়ী ঘোষিত হওয়া সত্ত্বেও কোন রুশ সাহিত্যিক পুরস্কার গ্রহণ করেন নি ?

উঃ বরিশ পাস্তারনাক।

প্রঃ (৪৮) ‘শিশু পাঠ্য’ ইংরাজীতে ‘Twinkle twinkle little star’ —কবিতাটার রচয়িতার নাম কি ?

উঃ অ্যান টেলর।

প্রঃ (৪৯) কোন দেশের রাজকুমার শেক্সপীয়রের ‘হ্যামলেট’ নাটকের নায়ক ?

উঃ ডেনমার্ক।

প্রঃ (৫০) জেলের মধ্যে রচিত অস্কার ওয়াইল্ডের কোন গ্রন্থটা ?

উঃ ডি. প্রোফান্ডিস্।

প্রঃ (৫১) শেক্সপীয়রের সমাধির উপর শেক্সপীয়রের বলা একটা কথা লেখা আছে। সেটা কি ?

উঃ “Blessed be the man who spares these stones and curst be he who moves my bones.”

প্রঃ (৫২) ‘প্রভাতের ফুল আর বর্ষশেষের ফল’ মহাকবি গেটে ভারতের কোন নাটককে উদ্দেশ্য করে বলেছিলেন ?

উঃ মহাকবি কালিদাসের “অভিজ্ঞানম্ শকুন্তলম্”।

প্রঃ (৫৩) হিটলারের আত্মজীবনী গ্রন্থের নাম কি ?

উঃ Mein Kemph.

প্রঃ (৫৪) বাইবেলের দ্বিতীয় অংশ “নিউটেস্টামেন্ট” কোন ভাষায় লেখা ?

উঃ গ্রীক ভাষায়।

প্রঃ (৫৫) হাফিজের আসল নাম কি ?

উঃ সামসুদ্দীন মহম্মদ।

প্রঃ (৫৬) ডস্টয়ভস্কির পুরো নাম কি ?

উঃ Fyodor Mikhailovitch Dostoyesky.

প্রঃ (৫৭) সাহিত্যে নোবেল পুরস্কার পেয়েছিলেন কোন দুই বিখ্যাত দার্শনিক ?

উঃ বারট্রান্ড রাসেল, ও আঁরে বার্গেস।

প্রঃ (৫৮) প্রখ্যাত ফরাসী কথা সাহিত্যিক মোপাসাঁর সর্বশ্রেষ্ঠ ছোট গল্পের নাম কি ?

উঃ "Boule De Suif."

প্রঃ (৫৯) দ্যস ক্যাপিটাল কার লেখা ?

উঃ কার্ল মার্কসের।

প্রঃ (৬০) বিখ্যাত মাদার উপন্যাসটার লেখক কে ?

উঃ ম্যাক্সিম গোর্কি।

প্রঃ (৬১) এলিয়টের প্রকৃত নাম কি ?

উঃ মেরী অ্যান ইভান্স।

প্রঃ (৬২) ম্যাক্সিম গোর্কির আসল নাম কি ?

উঃ আনেক্সি ম্যাক্সি মোচিভ পেশ্কভ।

প্রঃ (৬৩) সনেটের স্রষ্টার নাম কি ?

উঃ পেত্রার্ক।

প্রঃ (৬৪) শার্লক হোম্সের স্রষ্টার নাম কি ?

উঃ আর্থার কোনান ডোয়েল।

প্রঃ (৬৫) কে 'বার্ড অফ্ অ্যাভন' নামে পরিচিত ?

উঃ শেক্সপীয়র।

প্রঃ (৬৬) শেক্সপীয়রের "ম্যাকবেথ" নাটকে স্কটল্যান্ডের রাজার নাম কি ছিল ?

উঃ ডানকান্।

প্রঃ (৬৭) মিল্টন বাইবেলের অন্তর্গত কোন কাহিনী অবলম্বনে "স্যামসন অ্যাগোনিস্টিস" লিখেছিলেন ?

উঃ "স্যামসন"।

প্রঃ (৬৮) রোমের সুপ্রসিদ্ধ কবি হোরাসিয়াস এর পুরা নাম কি ?

উঃ ফ্লাক্কাস কুইন্টাস হোরাসিয়াস।

প্রঃ (৬৯) শেক্সপীয়রের "মার্চেন্ট অফ্ ভেনিস" নাটকে—মার্চেন্ট কে ?

উঃ অ্যান্টনিও।

প্রঃ (৭০) কোন দেশের শ্রেষ্ঠ কবি মোসুচি ?

উঃ জাপান।

প্রঃ (৭১) ফরাসী বিপ্লবের পটভূমিকায় রচিত বিখ্যাত উপন্যাসটা কি ?

উঃ এ টেল অফ টু সিটিজ।

প্রঃ (৭২) নোবেল পুরস্কার প্রত্যাখ্যান করেছিলেন কোন ইংরেজ সাহিত্যিক ?

উঃ জর্জ বার্ণাড-শ।

প্রঃ (৭৩) মোপাসাঁর পুরো নাম কি ?

উঃ Henri Albert Guy de Maupassant.

প্রঃ (৭৪) টি. এস. এলিয়টের পুরো নাম কি ?

উঃ Eliot Thomas Stearns.

প্রঃ (৭৫) মাঝ বয়সে পুরো অন্ধ হয়ে যান কোন প্রসিদ্ধ ইংরেজ কবি ?

উঃ জন মিল্টন।

প্রঃ (৭৬) বিদেশের দুটি প্রাচীন মহাকাব্যের নাম কি ?

উঃ 'ইলিয়াড্' এবং 'ওডিসি'।

প্রঃ (৭৭) গ্রীকদের পুরাণে একটা পক্ষীরাজ ঘোড়া কবিতার প্রতীক—ঘোড়াটার নাম কি ?

উঃ পেগাসাস।

প্রঃ (৭৮) পৃথিবীর প্রাচীনতম জাতীয় সঙ্গীতটা কি ?

উঃ কিমিগাও।

প্রঃ (৭৯) প্রথম সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করে কোন গ্রন্থ ?

উঃ শ্যালী প্রুধোর 'Exalted Idealism'।

প্রঃ (৮০) কত খ্রীষ্টাব্দে রবীন্দ্রনাথ প্রথম শান্তিনিকেতনে যান ?

উঃ ১৮৭৩ খৃষ্টাব্দে রবীন্দ্রনাথ প্রথম শান্তিনিকেতনে যান।

প্রঃ (৮১) কাবুলিওয়ালা গল্পে কাবুলিওয়ালার নাম কি.?

উঃ রহমত।

প্রঃ (৮২) কোন ছায়াছবিতে রবীন্দ্রনাথকে অভিনয়রত অবস্থায় প্রথম দেখা যায় ?

উঃ "নটীর পূজা"।

প্রঃ (৮৩) রক্তকরবী নাটকের নামকরণ কবির পাণ্ডুলিপিতে কি ছিল ?

উঃ "নন্দিনী"।

প্রঃ (৮৪) রবীন্দ্রনাথের কোন কাব্যগ্রন্থের পান্ডুলিপিটা হারিয়ে গিয়েছিল লন্ডনের টিউব রেলে ?

উঃ ইংরাজী গীতাঞ্জলির পাণ্ডুলিপি। পরে অবশ্য পাওয়া গিয়েছিল।

প্রঃ (৮৫) কোন কবিতাটা প্রথমে ইংরাজীতে লিখে রবীন্দ্রনাথ পরে বাংলায় অনুবাদ করে ছিলেন ?

উঃ The Child.

প্রঃ (৮৬) প্রথম চলচ্চিত্রায়িত হয় রবীন্দ্রনাথের কোন গল্পটি ?

উঃ "মানভঞ্জন"।

প্রঃ (৮৭) কোন কবিতার কাহিনী অবলম্বনে 'শ্যামা' গীতিনাট্যটা লিখিত ?

উঃ "পরিশোধ"।

প্রঃ (প্র) কে 'ভারত ভাস্কর' উপাধি রবীন্দ্রনাথকে দিয়েছিলেন ?

উঃ ত্রিপুরার রাজা।

প্রঃ (৮৯) কোন কবিতা অবলম্বনে কবির "নটীর পূজা" নাটকটা রচিত ?

উঃ "পূজারিনী"।

প্রঃ (৯০) গীতাঞ্জলি কার লেখা ?

উঃ রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা।

প্রঃ (৯১) কথা ও কাহিনী কাব্যনাট্য কার লেখা ?

উঃ রবীন্দ্রনাথ ঠাকুরের।

প্রঃ (৯২) ফটিক রবীন্দ্রনাথের কোন গল্পের নায়ক ?

উঃ ছুটি।

প্রঃ (৯৩) কবে রবীন্দ্রনাথ শেষ বারের মতো শান্তিনিকেতন ছেড়ে চলে আসেন ?

উঃ ১৯৪১ সালের ২৫শে জুলাই।

প্রঃ (৯৪) ডাকঘর নাটকের অসুস্থ ছেলেটার নাম কি ?

উং অমল।

প্রঃ (৯৫) রাজর্ষি উপন্যাসটা কার লেখা ?

উঃ রবীন্দ্রনাথ ঠাকুরের।

প্রঃ (৯৬) রবীন্দ্রনাথ কবে প্রথম কলকাতার মনুমেন্ট ময়দানে জনসমাবেশে ভাষণ দিয়েছিলেন ?

উঃ ১৯১৯ সালে জালিয়ানওয়ালা বাগের হত্যাকাণ্ডের প্রতিবাদে বক্তৃতা দেন।

প্রঃ (৯৭) মিনি চরিত্রটা রবীন্দ্রনাথের কোন রচনায় পাওয়া যায় ?

উঃ কাবুলিওয়ালাতে।

প্রঃ (৯৮) রবীন্দ্রনাথের লেখা উপন্যাসের সংখ্যা কত ?

উঃ ১৩টি।

প্রঃ (৯৯) রবীন্দ্রনাথ তাঁর বাসর ঘরে যে গানটা গেয়েছিলেন তার প্রথম লাইনটা কি ?

উঃ "আ মরি লাবণ্যময়ী, কে ও স্থির সৌদামিনী"।

প্রঃ (১০০) কবে জনগণমন অধিনায়ক গানটা ভারতের জাতীয় সঙ্গীত রূপে গৃহীত হয় ?

উঃ ১৯৫০ সালের ২৬ শে জানুয়ারী।

প্রঃ (১০১) রবীন্দ্রনাথের ছোট গল্পের ওপরে গবেষণা করে কোন সোভিয়েত পি. এইচ্. ডি. ডিগ্রী পান ?

উঃ এ. পি. দানিলচুক।

প্রঃ (১০২) কে রবীন্দ্র রচনার প্রথম ইংরাজী অনুবাদ করেন ?

উঃ বিপিনচন্দ্র পাল।

প্রঃ (১০৩) জ্ঞানপীঠ পুরস্কারটা কি ?

উঃ ভারতের সর্বোচ্চ সাহিত্য পুরস্কার।

প্রঃ (১০৪) প্রথম জীবনে উর্দুভাষায় কবিতা কে লেখেন ?

উঃ মুন্সী প্রেমচন্দ।

প্রঃ (১০৫) প্রথম জ্ঞানপীঠ পুরস্কার লাভ করেছে যে বাংলা উপন্যাস তার নাম কি ? এবং সেই উপন্যাসের লেখকের নাম কি ?

উঃ "গণদেবতা"। এই উপন্যাসের লেখক তারাশংকর বন্দোপাধ্যায়।

প্রঃ (১০৬) 'দি ক্যাপটিভ লেডি' ইংরাজী এই কাব্যটা কার লেখা?

উঃ মাইকেল মধুসূদন দত্তের লেখা।

প্রঃ (১০৭) মেঘনাদ বধ কাব্য শুরু হয় কোন ঘটনা দিয়ে এবং কোন ঘটনা দিয়ে শেষ?

উঃ বীরবাহুর নিধন সংবাদে শুরু আর প্রমীলার চিতারোহণে শেষ।

প্রঃ (১০৮) মুন্সী প্রেমচন্দের প্রকৃত নাম কি?

উঃ ধনপত্নী শ্রীবাস্তব। ইনি বিখ্যাত হিন্দি কবি ছিলেন।

প্রঃ (১০৯) "সারে জাঁহাসে আচ্ছা" গানটা কার লেখা?

উঃ কবি মহম্মদ ইকবালের।

প্রঃ (১১০) রাজরোষে বাজেয়াপ্ত হয়েছিল শরৎচন্দ্রের কোন উপন্যাস?

উঃ "পথের দাবী"।

প্রঃ (১১১) ভারতের আদি গল্প লেখক কে?

উঃ বিষ্ণুশর্মা।

প্রঃ (১১২) আঞ্চলিক ভাষায় লেখা সর্বোচ্চ সাহিত্য পুরস্কারটা কি?

উঃ সাহিত্য একাডেমী। এটা ভারত সরকার কর্তৃক প্রদত্ত।

প্রঃ (১১৩) "শ্রীকান্ত" উপন্যাসটা যখন পত্রিকায় ধারাবাহিক ভাবে প্রকাশিত হচ্ছিল তখন তার নাম কি ছিল?

উঃ "শ্রীকান্তের ভ্রমণ কাহিনী"। এটা শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের লেখা।

প্রঃ (১১৪) সঙ্গীতে কোন ঋতুর সঙ্গে 'দীপক' রাগটি সম্পর্কযুক্ত?

উঃ গ্রীষ্ম ঋতু।

প্রঃ (১১৫) 'উলঙ্গ রাজা'র লেখক কে?

উঃ নীরেন্দ্রনাথ চক্রবর্তী।

প্রঃ (১১৬) কোনটা ভারতের প্রথম কার্টুন পত্রিকা?

উঃ স্কেচ বুক।

প্রঃ (১১৭) বাংলা সাহিত্যে নবীনচন্দ্র সেনকে কি বলা হয় ?

উ৹ "বায়রণ"।

প্রঃ (১১৮) এক যে ছিল পাখি। সে ছিল মূর্খ। কোন বিখ্যাত গল্পের শুরু এটা এবং লেখক কে ?

উঃ তোতা কাহিনী। লেখক রবীন্দ্রনাথ ঠাকুর।

প্রঃ (১১৯) রবীন্দ্র পুরস্কার প্রথম কারা লাভ করেন ?

উঃ নীহাররঞ্জন রায় এবং সতীনাথ ভাদুড়ী।

প্রঃ (১২০) শরৎচন্দ্রের মৃত্যুর পর তাঁর যে উপন্যাসটা প্রকাশিত হয় তার নাম কি ?

উঃ "শুভদা"।

প্রঃ (১২১) মহাকবি ভাসের লেখা নাট্য কাব্যটির নাম কি ?

উঃ "স্বপ্ন বাসবদত্তা"।

প্রঃ (১২২) কোন ভাষার কবি বীরেন্দ্রকুমার ভট্টাচার্য ?

উঃ অসমীয়া।

প্রঃ (১২৩) সমরেশ বসুর একটা উপন্যাসের নাম ও একটা বিখ্যাত নদীর নাম একই, নামটি কি ?

উঃ "গঙ্গা"।

প্রঃ (১২৪) বদায়ুনী কোন ভাষায় রামায়ণ অনুবাদ করেন ?

উঃ ফার্সী ভাষায়।

প্রঃ (১২৫) বর্ষাঋতুর সঙ্গে সম্পর্কযুক্ত ভারতের উচ্চাঙ্গ সঙ্গীতের কোন রাগ ?

উঃ মেঘমল্লার।

প্রঃ (১২৬) রাজ্যসভার একজন সদস্যের নাম কর যিনি জ্ঞানপীঠ বিজয়ী বাঙালী সাহিত্যিক ?

উঃ তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়।

প্রঃ (১২৭) বঙ্কিমচন্দ্রের "বিষবৃক্ষ" উপন্যাসের অপেক্ষাকৃত পরিণত রূপ তাঁর যে উপন্যাসে আছে তার নাম কি ?

উঃ "কৃষ্ণকান্তের উইল"।

প্রঃ (১২৮) বাংলাভাষায় প্রকাশিত প্রথম শারদীয়া সাহিত্য পত্রিকার নাম কি এবং তার সম্পাদক কে ?

উঃ পত্রিকার নাম পার্বণী। এর সম্পাদক নগেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়।

প্রঃ (১২৯) দক্ষিণ ভারতের দুটো নৃত্যশৈলী সৃষ্টি হয়েছে, তাদের নাম কি ?

উঃ 'ভারত নাট্যম' এবং কথাকলি।

প্রঃ (১৩০) 'স্মৃতি সত্তা ভবিষ্যৎ'-এই গ্রন্থের জন্য জ্ঞানপীঠ ও সাহিত্য একাডেমী পুরস্কার পেয়েছিলেন যিনি তাঁর নাম কি ?

উঃ বিষ্ণু দে।

প্রঃ (১৩১) 'ভারতের শেক্সপীয়র' কাকে বলা হয় ?

উঃ মহাকবি কালিদাসকে।

প্রঃ (১৩২) বৃহত্তম ভারতীয় অভিধানের নাম কি ?

উঃ 'বাচস্পত্যাভিধান।

প্রঃ (১৩৩) 'দি রাজমোহন্স ওয়াইফ' এই ইংরাজী উপন্যাসটা—কারলেখা

উঃ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়।

প্রঃ (১৩৪) বাংলা ভাষায় প্রাচীনতম সাহিত্য কি ?

উঃ চর্যাচর্য বিনিশ্চয় ?

প্রঃ (১৩৫) "বন্যেরা বনে সুন্দর 'শিশুরা মাতৃক্রোড়ে"—এই উক্তিটা কোন গ্রন্থে আছে এবং এটা কার লেখা ?

উঃ 'পালামৌ' গ্রন্থে আছে। এটার লেখক সঞ্জীব চট্টোপাধ্যায়।

প্রঃ (১৩৬) প্রেমেন্দ্র মিত্রের ঘনাদা গ্রহান্তরের একটি চরিত্র—কোন গ্রহের ?

উঃ মঙ্গল গ্রহের।

প্রঃ (১৩৭) কোন চিত্রপরিচালক তাঁর পিতামহের লেখা গল্প অবলম্বনে একটা বাংলা ছায়াছবি তৈরী করেছেন এবং ছবিটির নাম কি ?

উঃ সত্যজিৎ রায়। ছবিটির নাম 'গুপী গাইন বাঘা বাইন'।

প্রঃ (১৩৮) পথের পাঁচালীর নায়ককে বিভূতিভূষণের পরবর্তী কোন উপন্যাস-এ দেখা যায় ?

উঃ 'অপরাজিত'।

প্রঃ (১৩৯) নজরুলের কোন কবিতার জন্য তাঁর একবছর সশ্রম কারা-দণ্ড হয়েছিল এবং কবিতাটা কোন পত্রিকায় লেখা হয়েছিল ?

উঃ 'আনন্দময়ীর আগমনে' কবিতার জন্য তাঁর একবছর সশ্রম কারাদণ্ড হয়েছিল। কবিতাটা 'ধূমকেতু' পত্রিকায় লেখা হয়েছিল।

প্রঃ (১৪০) বাংলায় লেখা প্রথম উপন্যাসের নাম কি ? এর লেখক কে ?

উঃ 'আলালের ঘরের দুলাল'। এর লেখক প্যারীচাঁদ মিত্র।

প্রঃ (১৪১) 'ষোড়শী' শরৎচন্দ্রের কোন উপন্যাসের নাট্যরূপ ?

উঃ "দেনা পাওনা"।

প্রঃ (১৪২) মধ্যযুগীয় বাংলা সাহিত্যে "দুঃখবাদী" কবি কাকে বলা হয় ?

উঃ কবিকঙ্কণ মুকুন্দরাম চক্রবর্তীকে।

প্রঃ (১৪৩) সত্যজিৎ রায় দূরদর্শনের জন্য প্রথম ছায়াছবি তৈরী করেন কার কোন গল্পকে অবলম্বন করে ?

উঃ প্রেমচন্দ্রের 'সদ্‌গতি'।

প্রঃ (১৪৪) বাংলা সাহিত্যে 'মৈথিল কোকিল' কে ?

উঃ কবি বিদ্যাপতি।

প্রঃ (১৪৫) বঙ্কিমচন্দ্রের আনন্দমঠ উপন্যাসের পটভূমিকায় একটা চিত্র ফুটে উঠেছে। চিত্রটা কিসের ?

উঃ চিত্রটা ছিয়াত্তরের মন্বন্তরের।

প্রঃ (১৪৬) কোন্‌ বিদেশী নাটকের অনুসরণে 'পুতুল খেলা' নাটকটা লেখা ?

উঃ 'ডল্‌স হাউস'।

প্রঃ (১৪৭) কে 'অভিনব জয়দেব' নামে পরিচিত ?

উঃ কবি বিদ্যাপতি।

প্রঃ (১৪৮) 'কবিকঙ্কণ' নামে বাংলা সাহিত্যে কে পরিচিত ?

উঃ মুকুন্দরাম চক্রবর্তী।

প্রঃ (১৪৯) 'ছিপখান তিন দাঁড় তিন জন মাল্লা'—এই পংক্তিটা কোন কবিতা থেকে নেওয়া হয়েছে ?

উঃ "দূরের পাল্লা"।

প্রঃ (১৫০) বঙ্গ সাহিতে কাকে 'বীরবল' বলা হয় ?

উঃ প্রমথ চৌধুরীকে।

প্রঃ (১৫১) শম্ভু মহারাজার নাম কোন বিখ্যাত ভারতীয় নৃত্যশৈলীর সঙ্গে যুক্ত ?

উঃ কত্থক।

প্রঃ (১৫২) সবার উপরে মানুষ সত্য—এই কথাটা কে বলেছেন ?

উঃ কবি চণ্ডীদাস।

প্রঃ (১৫৩) কে 'কান্তে কবি' নামে পরিচিত ?

উঃ দীনেশ দাস।

প্রঃ (১৫৪) কে বঙ্গ সাহিত্যে অমিত্রাক্ষর ছন্দের স্রষ্টা ?

উঃ মাইকেল মধুসূদন দত্ত।

প্রঃ (১৫৫) 'আমার সাজানো বাগান শুকিয়ে গেল'—এটা কোন নাটকের অংশ এবং নাট্যকার কে ?

উঃ এটা 'প্রফুল্ল' নাটকের অংশ। এই নাটকের নাট্যকার গিরিশচন্দ্র ঘোষ।

প্রঃ (১৫৬) 'ইন্দ্রপতন' কবিতাটি কার মৃত্যুতে নজরুল লিখেছিলেন ?

উঃ দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ।

প্রঃ (১৫৭) 'তোড়ায় বাঁধা ঘোড়ার ডিম'—এই গ্রন্থটির লেখক কে ?

উঃ সত্যজিৎ রায়।

প্রঃ (১৫৮) কোন সাহিত্যিককে 'হাসির রাজা' বলা হয় ?

উঃ শিবরাম চক্রবর্তীকে।

প্রঃ (১৫৯) বঙ্গ সাহিত্যে কাকে শেলী বলা হয় ?

উঃ রবীন্দ্রনাথ ঠাকুরকে।

প্রঃ (১৬০) মুন্সী প্রেমচন্দের শেষ উপন্যাস কোনটি ?

উঃ 'মঙ্গলসূত্র'।

প্রঃ (১৬১) ভারতবর্ষ প্রবন্ধটির লেখক কে ?

উঃ এস. ওয়াজেদ আলি।

প্রঃ (১৬২) কি হবে কিছু বুঝতে পারছি না—এই উক্তি কোন বিখ্যাত সাহিত্যিকের শেষ উক্তি ?

উঃ রবীন্দ্রনাথ ঠাকুর।

প্রঃ (১৬৩) রবীন্দ্র-বিদ্রোহের পূর্ণপ্রকাশ ঘটেছে বুদ্ধদেব বসুর কোন কাব্য গ্রন্থে ?

উঃ 'বন্দীর বন্দনা' কাব্যগ্রন্থে।

প্রঃ (১৬৪) কি জন্যে এম. এস. শুভলক্ষ্মীর খ্যাতি ?

উঃ কণ্ঠ সংগীতের জন্য।

প্রঃ (১৬৫) মাইকেল মধুসূদন দত্তের পত্র-কাব্যটির নাম কি ?

উঃ কাব্যটির নাম 'বীরাঙ্গনা'।

প্রঃ (১৬৬) 'রসরাজ' কাকে বলা হয় ?

উঃ অমৃতলাল বসুকে।

প্রঃ (১৬৭) রবীন্দ্রনাথ বেশী মুগ্ধ হয়েছিলেন নজরুলের কোন কবিতা পড়ে ?

উঃ 'বিদ্রোহ' কবিতাটা পড়ে।

প্রঃ (১৬৮) 'অভিসারিকা' চিত্রটার শিল্পীর নাম কি ?

উঃ অবনীন্দ্রনাথ ঠাকুর।

প্রঃ (১৬৯) ভারতের কোন রাজ্যে রবীন্দ্র পুরস্কার চালু আছে ?

উঃ পশ্চিমবঙ্গে।

প্রঃ (১৭০) কোন গ্রন্থের জন্যে অমৃতা প্রীতম জ্ঞানপীঠ পুরস্কার পান ?

উঃ 'কাগজ তে কানবাস'।

প্রঃ (১৭১) প্রথম কবে কোথায় বঙ্গীয় সাহিত্য সম্মেলন হয়েছিল ?

উঃ ১৯০৬ খ্রীষ্টাব্দে কাশিমবাজারে প্রথম বঙ্গীয় সাহিত্য সম্মেলন হয়েছিল।

প্রঃ (১৭২) অশোক গুপ্তের ছদ্মনাম কি ছিল ?

উঃ বিক্রমাদিত্য।

প্রঃ (১৭৩) 'ঠাকুরদাদার ঝুলি' গ্রন্থটি কার লেখা ?

উঃ দক্ষিণারঞ্জন মিত্র মজুমদারের লেখা।

প্রঃ (১৭৪) কার ছদ্মনাম "যুবনাশ্ব" ?

উঃ মনীশ ঘটক-এর।

প্রঃ (১৭৫) নবীনচন্দ্র সেনের 'ত্রয়ী' কোন তিনটি কাব্যগ্রন্থের সমন্বয় ?

উঃ কুরুক্ষেত্র, প্রভাস, রৈবতক।

প্রঃ (১৭৬) জীবনের শেষ কয়েকটি বছর পক্ষাঘাত রোগে মূক হয়ে গিয়েছিলেন কোন বাঙ্গালী কবি ?

উঃ কাজী নজরুল ইসলাম।

প্রঃ (১৭৭) কোন বিখ্যাত সাহিত্যিকের জন্মের পর তাঁকে 'এঁড়ে বাছুর' বলে তাঁর পিতামহ সম্বোধন করেছিলেন ?

উঃ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।

প্রঃ (১৭৮) কোন কাব্যগ্রন্থে জীবনানন্দ দাশ একটা কবিতারও নামকরণ করেন নি ?

উঃ 'রূপসী বাংলা'।

প্রঃ (১৭৯) ইংরাজীতে 'ইটারন্যাল ইন্ডিয়া' গ্রন্থটি কে লেখেন ?

উঃ শ্রীমতী ইন্দিরা গান্ধী।

প্রঃ (১৮০) 'অপরূপা অজন্তা'র লেখক কে ?

উঃ নারায়ণ সান্যাল।

প্রঃ (১৮১) নজরুলের বাল্য নাম কি ?

উঃ দুখু মিঞা।

প্রঃ (১৮২) কোন বছর থেকে রবীন্দ্র পুরস্কার দেওয়া আরম্ভ হয় ?

উঃ ১৯৫০ সাল থেকে রবীন্দ্র পুরস্কার দেওয়া আরম্ভ হয়।

প্রঃ (১৮৩) কোন বাংলা উপন্যাসে "বন্দেমাতরম্" সংগীতটা আছে ?

উঃ আনন্দমঠ।

প্রঃ (১৮৪) কোন লিপি বাংলা ভাষায় ব্যবহার করা হয় ?

উঃ ব্রাহ্মী লিপি।

প্রঃ (১৮৫) কার নাম অনুযায়ী শরৎচন্দ্র "অনিলা দেবী" ছদ্মনাম গ্রহণ করেন ?

উঃ দিদি অনিলা দেবীর নাম অনুযায়ী।

প্রঃ (১৮৬) কোন সংস্কৃত নাটকের চরিত্র 'বসন্তসেনা' ?

উঃ 'মৃচ্ছকটিক' নাটকের চরিত্র।

প্রঃ (১৮৭) 'আলোছায়া' উপন্যাসের লেখিকার নাম কি ?

উঃ কামিনী রায়।

প্রঃ (১৮৮) কে 'স্বভাব কবি' নামে পরিচিত ?

উঃ গোবিন্দ দাস।

প্রঃ (১৮৯) 'ভাগীরথীর উৎস' সন্ধানে' প্রবন্ধটির লেখক কে ?

উঃ জগদীশচন্দ্র বসু।

প্রঃ (১৯০) শরৎচন্দ্রের "ষোড়শী" অবলম্বনে মুন্সী প্রেমচন্দের লেখা গ্রন্থটার নাম কি ?

উঃ 'আউরত'।

প্রঃ (১৯১) আকবরের সভাকবি "বীরবলের" পূর্বনাম কি ছিল ?

উঃ মহেশ দাস।

প্রঃ (১৯২) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের বিখ্যাত ঐতিহাসিক উপন্যাসটা কি ?

উঃ রাজসিংহ।

প্রঃ (১৯৩) রাধারানী দেবীর ছদ্মনাম কি ছিল ?

উঃ অপরাজিতা দেবী।

প্রঃ (১৯৪) 'মায়ের দেওয়া মোটা কাপড় মাথায় তুলে নে রে ভাই'—গানটির রচয়িতার নাম কি ?

উঃ রজনীকান্ত সেন।

প্রঃ (১৯৫) 'মন্দিরময় ভারত' এটা কার লেখা ?

উঃ অপূর্বরতন ভাদুড়ী।

প্রঃ (১৯৬) সুমিত্রা নন্দন পন্থ-কোন ভাষার লেখক ?

উঃ হিন্দী ভাষার।

প্রঃ (১৯৭) আই. সি. এস. পরীক্ষায় কোন সাহিত্যিক প্রথম হয়েছিলেন ?

উঃ অন্নদাশঙ্কর রায়।

প্রঃ (১৯৮) বিখ্যাত 'সব্যসাচী' চরিত্রটা কার সৃষ্টি ?

উঃ 'সব্যসাচী' চরিত্রটা শরৎচন্দ্রের সৃষ্টি।

প্রঃ (১৯৯) বাংলা ভাষায় প্রথম নাটক কোনটা ?

উঃ কুলীন কুলসর্বস্ব।

প্রঃ (২০০) কি জন্য গোপাল ভাঁড়ের খ্যাতি ?

উঃ বুদ্ধিমত্তা ও কৌতুকপ্রিয়তা।

প্রঃ (২০১) কার অনুরোধে নজরুল 'কান্ডারী হুঁশিয়ার' কবিতাটা লেখেন ?

উঃ নেতাজী সুভাষচন্দ্র বসুর অনুরোধে।

প্রঃ (২০২) আধুনিক বাংলা গীতিকাব্যের জনক কাকে বলে ?

উঃ বিহারীলাল চক্রবর্তীকে।

প্রঃ (২০৩) অক্ষয়কুমার বড়াল তাঁর স্ত্রীর মৃত্যুতে বেদনাতুর হয়ে যে কাব্যটি লেখেন তার নাম কি ?

উঃ 'এষা'।

প্রঃ (২০৪) 'সে কবির বাণী লাগি কান পেতে আছি',—রবীন্দ্রনাথের এই আশা কোন কবির মধ্যে পূরণ হয়েছিল ?

উঃ সুকান্ত ভট্টাচার্যের মধ্যে।

প্রঃ (২০৫) কোন গ্রন্থের জন্য কে প্রথম জ্ঞানপীঠ পুরস্কার লাভ করেন ?

উঃ 'ওট্টা কুজল' গ্রন্থের জন্য জি. শঙ্কর কুরুপ প্রথম জ্ঞানপীঠ পুরস্কার পেয়েছিলেন।

প্রঃ (২০৬) বাংলা সাহিত্যে প্রথম মহিলা ঔপন্যাসিকের নাম কি ?

উঃ স্বর্ণকুমারী দেবী।

প্রঃ (২০৭) 'সব্যসাচী'; 'কৃষকের গান'ও 'সাম্যবাদী'—নজরুলের বিখ্যাত এই কবিতাগুলো কোন পত্রিকায় পরপর প্রথম তিনটি সংখ্যায় প্রকাশিত হয়েছিল ?

উঃ লাঙল পত্রিকায়।

প্রঃ (২০৮) শেক্সপীয়ারের কোন নাটক অবলম্বনে বিদ্যাসাগরের "ভ্রান্তি বিলাস" লিখিত ?

উঃ 'কমেডি অফ এররস'।

প্রঃ (২০৯) শরৎচন্দ্রের "বিজয়া" নাটকটা কোন উপন্যাসের নাট্যরূপ ?

উঃ দত্তা।

প্রঃ (২১০) সর্বপ্রথম জ্ঞানপীঠ পুরস্কার লাভ করেন কোন বাঙালী মহিলা ঔপন্যাসিক ?

উঃ আশাপূর্ণা দেবী।

প্রঃ (২১১) 'টাইগার অফ দি স্নো' এই গ্রন্থে কার আত্মজীবনী আছে ?

উঃ হিমালয় বিজয়ী তেনজিং নোরগের।

প্রঃ (২১২) কে মহাভারতে ধৃতরাষ্ট্রের পরামর্শদাতা ছিলেন ?

উঃ বিদুর।

প্রঃ (২১৩) তুলসীদাস-কৃত হিন্দী রামায়ণটির নাম কি ?

উঃ "রামচরিত মানস"।

প্রঃ (২১৪) নজরুল এন মনিরুন—গ্রন্থটা কোন ভাষায় কার লেখা ?

উঃ তামিল ভাষায় গ্রন্থটা লেখা। এর লেখক হলেন এস. কৃষ্ণমূর্তি।

প্রঃ (২১৫) 'দি গার্ডেনার' কোন্ বাংলা নাটকের ইংরাজী অনুবাদ

উঃ মালিনী।

প্রঃ (২১৬) 'মহাত্মাজীর প্রতি' কবিতায় গান্ধীজীর স্তুতিগান করেছিলেন কোন্ কমুনিষ্ট কবি?

উঃ কবি সুকান্ত ভট্টাচার্য।

প্রঃ (২১৭) সত্যজিৎ রায়ের সন্দেশ পত্রিকা কত সালে প্রথম প্রকাশিত হয়?

উঃ ১৯৬১ সালে।

প্রঃ (২১৮) বরেন বসু দ্বিতীয় বিশ্বযুদ্ধের পটভূমিকায় যে গ্রন্থটা লেখেন তার নাম কি?

উঃ রঙরুট?'

প্রঃ (২১৯) 'আমি কবি যত কামারের আর কাঁসারির আর ছুতোরের, মুটে মজুরের'—কোন কবির কবিতা এটা?

উঃ প্রেমেন্দ্র মিত্র।

প্রঃ (২২০) রবীন্দ্রনাথের কোন গল্প অবলম্বনে সত্যজিৎ রায়ের চারুলতা ছায়াছবি তৈরী হয়েছে?

উঃ নষ্টনীড়।

প্রঃ (২২১) মাইকেল মধুসূদন দত্তের লেখা প্রথম নাটকটার নাম কি?

উঃ শর্মিষ্ঠা।

প্রঃ (২২২) "আমি যে রচিব কাব্য সে উদ্দেশ্য ছিল না স্রষ্টার, তবু কাব্য রচিলাম এ গর্ব বিদ্রোহ আমার"—এটা কার উক্তি?

উঃ বুদ্ধদেব বসু।

প্রঃ (২২৩) 'বিবর' বাংলা উপন্যাসটা কার লেখা?

উঃ সমরেশ বসুর।

প্রঃ (২২৪) ছোটদের জন্য প্রকাশিত বঙ্কিমচন্দ্রের সাহিত্য পত্রিকাটির নাম কি?

উঃ 'বালক বন্ধু'।

প্রঃ (২২৫) 'চৌরঙ্গী' উপন্যাসটা কার লেখা?

উঃ শংকরের।

প্রঃ (২২৬) 'প্রাইস অফ পাওয়ার' ইংরাজীতে এই গ্রন্থের লেখকের নাম কি ?

উঃ মোরারজী দেশাই।

প্রঃ (২২৭) 'কচ ও দেবযানী', 'শাহজাহানের মৃত্যু', 'নির্বাসিত যক্ষ' —এই চিত্রগুলো কার সৃষ্টি ?

উঃ অবনীন্দ্রনাথ ঠাকুর।

প্রঃ (২২৮) রবীন্দ্রনাথের প্রথম গীতিনাট্যের নাম কি ?

উঃ "বাল্মিকী প্রতিভা"।

প্রঃ (২২৯) কোন গ্রন্থের জন্য ১৯৮৪ সালে শক্তি চট্টোপাধ্যায় একাডেমী পুরস্কার পান ?

উঃ "যেতে পারি কিন্তু কেন যাব" এই গ্রন্থটার জন্য শক্তি চট্টোপাধ্যায় একাডেমী পুরস্কার পান।

প্রঃ (২৩০) সেতার বাদক হিসাবে আন্তর্জাতিক খ্যাতি অর্জন করেছেন কোন ভারতীয় ?

উঃ পণ্ডিত রবিশঙ্কর।

প্রঃ (২৩১) 'পলাশীর যুদ্ধ' নামে একটা কাব্য আছে। কাব্যটার লেখক কে ?

উঃ নবীনচন্দ্র সেন।

প্রঃ (২৩২) 'প্রিজন ডায়েরীর' লেখক কে ?

উঃ জয়প্রকাশ নারায়ণ।

প্রঃ (২৩৩) "টম কাকার কুটির" অনুবাদ গ্রন্থটার লেখক কে ?

উঃ চণ্ডীচরণ সেন।

প্রঃ (২৩৪) বঙ্কিমচন্দ্রের লেখা প্রথম বাংলা উপন্যাস কোনটা ?

উঃ "দুর্গেশনন্দিনী"।

প্রঃ (২৩৫) "The Religion of Man"—এর লেখক কে ?

উঃ রবীন্দ্রনাথ ঠাকুর।

প্রঃ (২৩৬) সিগারেট, কলম, দেশলাই, সিঁড়ি—কবিতাগুলির লেখক কে ?

উঃ সুকান্ত ভট্টাচার্য।

প্রঃ (২৩৭) কোন্ হিন্দী গ্রন্থের অনুবাদ বিদ্যাসাগরের 'বেতাল পঞ্চ বিংশতি ?

উঃ "বৈতাল পচ্চসী"।

প্রঃ (২৩৮) টমাস হার্ডি'র কোন কবিতার সঙ্গে প্রেমেন্দ্র মিত্রের 'যদি ফিরে আসি' কবিতাটার মিল আছে ?

উঃ আফটারওয়ার্ড'স্।

প্রঃ (২৩৯) নীলদর্পণ নাটকটির ইংরাজী অনুবাদ কি নামে প্রকাশিত হয়েছিল ?

উঃ ইণ্ডিগো প্ল্যাণ্টিং মিরর।

প্রঃ (২৪০) পাশ্চাত্যের মিল্টনের সঙ্গে কোন্ সাহিত্যিককে তুলনা করা হয় ?

উঃ মাইকেল মধুসূদন দত্ত।

প্রঃ (২৪১) বাংলায় রুবাইয়াৎ-ই-ওমর খৈয়াম রচনা করে কে খ্যাতি লাভ করেন ?

উঃ কান্তিরঞ্জন ঘোষ।

প্রঃ (২৪২) প্রসিদ্ধ টীকাকার মল্লিনাথের আসল নাম কি ?

উঃ কোলাচল মল্লিনাথ।

প্রঃ (২৪৩) সরকারী ডাক বিভাগে চাকরি করতেন ঊনবিংশ শতাব্দীর কোন বিখ্যাত নাট্যকার ?

উঃ দীনবন্ধু মিত্র।

প্রঃ (২৪৪) কোন ভারতীয় সঙ্গীত জগতে 'বড়কর্তা' নামে পরিচিত ?

উঃ শচীন দেব বর্মন।

প্রঃ (২৪৫) কোন উপন্যাস অবলম্বনে মুন্সী প্রেমচন্দের 'দুলহান' গল্পটি লেখা ?

উঃ 'বউ ঠাকুরাণীর হাট'। এটা রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা।

প্রঃ (২৪৬) ইচ্ছামতী ও গীতাঞ্জলি—এই দুটি কাব্য বা কবিতার নাম অন্য কোন নামের সঙ্গে জড়িত ?

উঃ রেলগাড়ীর নামের সঙ্গে জড়িত।

প্রঃ (২৪৭) প্রেমেন্দ্র মিত্রের 'সরস ও বিরস' নাটকটা কোন ইংরেজ নাট্যকারের গ্রন্থের অনুবাদ ?

উঃ জর্জ বার্নার্ড-শ।

প্রঃ (২৪৮) রবীন্দ্রনাথের আত্মজীবনীমূলক গ্রন্থটা কি ?

উঃ 'জীবনস্মৃতি'।

প্রঃ (২৪৯) কে রবীন্দ্রনাথের ইংরাজী গীতাঞ্জলির ভূমিকা লিখে দিয়েছেন ?

উঃ ইয়েটস।

প্রঃ (২৫০) অশ্লীলতার দায়ে অভিযুক্ত হয়েছিল বুদ্ধদেব বসুর কোন গ্রন্থটা ?

উঃ 'রাত ভ'রে বৃষ্টি'।

প্রঃ (২৫১) রবীন্দ্রনাথের কোন উপন্যাসের প্রভাব পড়েছে মুন্সী প্রেমচন্দের 'তুফান' উপন্যাসে ?

উঃ 'নৌকাডুবি'।

প্রঃ (২৫২) মাই মিউজিক, মাই লাইফ—ইংরাজী গ্রন্থটার লেখকের নাম কি ?

উঃ রবিশঙ্কর।

প্রঃ (২৫৩) কাকে 'নাটুকে রামনারাণ' বলা হয় ?

উঃ রামনারায়ণ তর্করত্ন।

প্রঃ (২৫৪) 'সতরঞ্জ কি খিলাড়ী' কার লেখা ?

উঃ প্রেমচন্দের লেখা।

প্রঃ (২৫৫) নাট্যাচার্য কাকে বলা হয় ?

উঃ শিশিরকুমার ভাদুড়িকে।

প্রঃ (২৫৬) "পথের পাঁচালী" বইটির লেখক কে ?

উঃ বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়।

প্রঃ (২৫৭) ভারত ইতিহাসে সংস্কৃত ভাষায় প্রাচীনতম গ্রন্থটার নাম কি ?

উঃ "রাজতরঙ্গিণী"।

প্রঃ (২৫৮) ভারতী পত্রিকায় রবীন্দ্রনাথের "গান আরম্ভ" কবিতাটা কি নামে প্রকাশিত হয় ?

উঃ 'কবিতা সাধনা'

প্রঃ (২৫৯) 'ম্যান অ্যান্ড সুপারম্যান' বইটার লেখক কে ?

উঃ জর্জ বার্নাড-শ।

প্রঃ (২৬০) কোন ভাষায় গোপীনাথ মহান্তি সাহিত্য রচনা করেন ?

উঃ ওড়িয়া ভাষায়।

প্রঃ (২৬১) প্রথম বাংলা নাটকের অভিনয় কোথায় ও কবে হয় ?

উঃ "বেঙ্গল থিয়েটারে" ১৭৯৫ খ্রীষ্টাব্দের ২৭ শে নভেম্বর।

প্রঃ (২৬২) সিভিলাইজেশন অফ এনসিয়েণ্ট ইণ্ডিয়া—ইংরাজীতে এই গ্রন্থটার লেখক কে ?

উঃ রমেশচন্দ্র দত্ত।

প্রঃ (২৬৩) প্রেমেন্দ্র মিত্রের কোন গ্রন্থটা সাহিত্য একাডেমী ও 'রবীন্দ্র স্মৃতি' পুরস্কার পেয়েছে ?

উঃ "সাগর থেকে ফেরা" গ্রন্থটা।

প্রঃ (২৬৪) অশ্লীলতার দায়ে অভিযুক্ত হয়েছিল সমরেশ বসুর কোন গ্রন্থটা ?

উঃ "প্রজাপতি"। শেষে অবশ্য সুপ্রীম কোর্টের রায়ে অভিযোগটা বাতিল হয়েছে।

প্রঃ (২৬৫) কোন বাঙালী কবি সিঁড়ি, দেশলাই কাঠি নিয়ে বিদ্রুপাত্মক কবিতা লিখেছেন ?

উঃ সুকান্ত ভট্টাচার্য।

প্রঃ (২৬৬) পল এডওয়ার্ডের কোন কবিতার সঙ্গে সুকান্তের 'আঠার বছর বয়স' কবিতার মিল আছে ?

উঃ "Liberty"।

প্রঃ (২৬৭) বাংলা সাহিত্যে কাকে 'স্কট' বলা হয় ?

উঃ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়।

প্রঃ (২৬৮) ১৯৮৬ সালে রাজ্যসভার সদস্য মনোনীত হন কোন বিখ্যাত চিত্রশিল্পী ?

উঃ ফিদা হুসেন।

প্রঃ (২৬৯) কোন বিখ্যাত হিন্দি কবির পুত্র চলচ্চিত্র ও রাজনীতি দুটোর সঙ্গে জড়িত ?

উঃ হরিবংশ রাই বচ্চন। তাঁর পুত্রের নাম অমিতাভ বচ্চন।

প্রঃ (২৭০) "দাদা ঠাকুরের" প্রকৃত নাম কি ?

উঃ শরৎচন্দ্র পণ্ডিত।

প্রঃ (২৭১) ডন কুইকজোট বইটা কার লেখা ?

উঃ সার্ভেন্টিস।

প্রঃ (২৭২) গুড আর্থ বইটা কার লেখা ?

উঃ পার্ল বাক।

প্রঃ (২৭৩) কবে রাজরোষ মুক্ত হয়েছিল শরৎচন্দ্রের "পথের দাবী" ?

উঃ ১৯৩৯ খ্রীষ্টাব্দে শরৎচন্দ্রের মৃত্যুর পর।

প্রঃ (২৭৪) কোন বিখ্যাত ক্রিকেট খেলোয়াড় তাঁর আত্মজীবনীর নামকরণ তাঁর ডাকনামের সঙ্গে সঙ্গতি রেখে করেছেন ?

উঃ সুনীল গাভাসকার।

প্রঃ (২৭৫) ইনট্রোডাকশন টু দি ইণ্ডিয়ান ফিলজফী—ইংরাজী এই বইটির লেখক কে ?

উঃ ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণণ।

প্রঃ (২৭৬) সাহিত্যে ১৯৮৬ সালে কে নোবেল পুরস্কার পান ?

উঃ নিগ্রো সাহিত্যিক ওলে সোয়িংকা।

প্রঃ (২৭৭) ১৯৮৭ সালের কার লেখা কোন নাটক পুলিৎজার পুরস্কার পায় ?

উঃ অগাষ্ট উইলসনের লেখা নাটক ফেন্সেস। নাটকের মুখ্য চরিত্র একজন কৃষ্ণকায় বেসবল খেলোয়াড়। শুধুমাত্র কৃষ্ণকায় হওয়ার জন্য তিনি বিশ্বের প্রধান প্রধান আন্তর্জাতিক ক্রীড়ায় অংশ নিতে পারেননি। তাঁকে অসহ্য লাঞ্ছনা ও বঞ্চনা সহ্য করতে হয়েছে।

প্রঃ (২৭৮) ভারতের কোন কণ্ঠ সঙ্গীত শিল্পী ১৯৭৪ সালে জনসেবার জন্য র‍্যামন ম্যাগসেসে পুরস্কার পেয়েছেন ?

উঃ এম. এস. শুভলক্ষ্মী।

প্রঃ (২৭৯) পান্নালাল ঘোষ কি জন্য বিখ্যাত ?

উঃ বংশীবাদক হিসাবে।

প্রঃ (২৮০) ভারত নাট্যম কোথা থেকে সৃষ্টি ?

উঃ তামিলনাড়ুর থাঞ্জাভুর মন্দির থেকে এর উৎপত্তি।

প্রঃ (২৮১) কুচিপুড়ি নৃত্য ভারতের কোথা থেকে এসেছে ?

উঃ অন্ধ্রের কুচিপুড়ি গ্রাম থেকে এর উৎপত্তি।

প্রঃ (২৮২) কথাকলি নৃত্যের উদ্ভব হয় কোন রাজ্য থেকে ?

উঃ কেরালা।

প্রঃ (২৮৩) লিওনার্দো দা ভিঞ্চি কে ?

উঃ ইতালির বিখ্যাত চিত্রশিল্পী, ভাস্কর, সঙ্গীতজ্ঞ, ইঞ্জিনীয়ার ও বিজ্ঞানী, তিনি ১৪৫২ সাল থেকে ১৫১৯ সাল পর্যন্ত বেঁচে ছিলেন।

প্রঃ (২৮৪) মোনালিসা কি ?

উঃ শিল্পী দা ভিঞ্চির আঁকা বিখ্যাত ছবি।

প্রঃ (২৮৫) 'দি লাষ্ট সাপার' নামে বিখ্যাত ছবিটা কার আঁকা ?

উঃ লিওনার্দো দা ভিঞ্চির।

প্রঃ (২৮৬) সন্ধ্যা মুখোপাধ্যায় চলচ্চিত্রে অভিনয়ের জন্য কি বিখ্যাত ?

উঃ না, সঙ্গীতশিল্পী হিসাবে বিখ্যাত।

প্রঃ (২৮৭) কুন্দনলাল সায়গল কে ছিলেন ?

উঃ বাংলার বিখ্যাত সঙ্গীত শিল্পী।

প্রঃ (২৮৮) গৌরীপ্রসন্ন মজুমদার কে ছিলেন ?

উঃ বাংলার বিশিষ্ট গীতিকার।

প্রঃ (২৮৯) অপর একজন বিশিষ্ট বাঙালী গীতিকারের নাম কি ?

উঃ পুলক বন্দ্যোপাধ্যায়।

প্রঃ (২৯০) মান্না দে কে ?

উঃ সঙ্গীত শিল্পী ও সুরকার।

প্রঃ (২৯১) মির্জাপুরের কোন হস্তশিল্পজাত সামগ্রী বিখ্যাত ?

উঃ গালিচা।

প্রঃ (২৯২) ত্রিপুরার কোন শিল্প বিখ্যাত ?

উঃ বাঁশের কাজ।

প্রঃ (২৯৩) পিকাসো কে ছিলেন ?

উঃ একজন বিখ্যাত চিত্রশিল্পী।

প্রঃ (২৯৪) কোন গ্রীক দার্শনিক 'দি রিপাবলিক' বইটা লিখেছেন ?

উঃ প্লেটো।

প্রঃ (২৯৫) শেখ আবুল ফজল কে ছিলেন ?

উঃ তিনি ছিলেন সম্রাট আকবরের সভাসদ, বিখ্যাত কবি ও সুপণ্ডিত। তিনি আইন-ই-আকবরী ও আকবর নামা নামে গ্রন্থ দুটি রচনা করে গেছেন।

প্রঃ (২৯৬) নন্দলাল বসু কে ছিলেন ?

উঃ বিখ্যাত ভারতীয় চিত্রশিল্পী।

প্রঃ (২৯৭) বিসমিল্লা খান কি জন্য বিখ্যাত?

উঃ ভারতের বিখ্যাত সানাইবাদক।

প্রঃ (২৯৮) উত্তর-পূর্ব ভারতের থেকে যে ধ্রুপদী নৃত্যের প্রসার ঘটেছে তার নাম কি?

উঃ মনিপুরী নৃত্য।

প্রঃ (২৯৯) 'চাঁদের পাহাড়' বইটার লেখক কে?

উঃ বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়।

প্রঃ (৩০০) 'পথের দাবী' উপন্যাসের লেখক কে?

উঃ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়।

প্রঃ (৩০১) 'সবুজ দ্বীপের রাজা' উপন্যাসটির লেখক কে?

উঃ সুনীল গঙ্গোপাধ্যায়।

প্রঃ (৩০২) শ্রীপান্থ ছদ্মনামটা কোন লেখকের?

উঃ নিখিল সরকার।

প্রঃ (৩০৩) 'ইকড়ি মিকড়ি' নামে মজাদার ছড়ার বইটা কে লিখেছেন?

উঃ অমিতাভ চৌধুরী।

প্রঃ (৩০৪) 'মেবার পতন' নাটক কার লেখা?

উঃ দ্বিজেন্দ্রলাল রায়।

প্রঃ (৩০৫) 'ব্রাহ্মণ বালক কহিল, আমার নাম তারাপদ'। কার লেখা কোন গল্পে লাইনটা আছে?

উঃ রবীন্দ্রনাথের 'অতিথি' গল্পে।

প্রঃ (৩০৬) 'গরবা নৃত্যটা' ভারতের কোন রাজ্যের নৃত্য?

উঃ গুজরাটের।

খেলার কুইজ

প্রঃ (১) খেলাধুলার জগতে সবচেয়ে ধনী মহিলা কে ?

উঃ মার্টিনা নাভ্রাতিলোভা (টেনিস খেলোয়াড়) ।

প্রঃ (২) একদিনের আন্তর্জাতিক ক্রিকেটে কোন্ ভারতীয় প্রথম শতরান করেন ?

উঃ কপিলদেব ।

প্রঃ (৩) ক্রিকেটে থ্রি ডব্লু বলতে কাদের বোঝায় ?

উঃ ওরেল, উইকস্, ওয়ালকট ।

প্রঃ (৪) এডিনবরায় সাম্প্রতিক কমনওয়েলথ গেমসে সর্বকালের কনিষ্ঠতম পদক বিজেতা কে ?

উঃ কানাডার মাত্র ১৩ বছর বয়েসী সাঁতারু অ্যালিসন হিগসন । মেয়েদের ২০০ মিটার ব্রেস্ট ষ্ট্রোকে বিজয়িনী ।

প্রঃ (৫) ডেভিস কাপের খেলা কোন সালে শুরু হয় ?

উঃ ১৯০০ সালে ।

প্রঃ (৬) কলকাতার ইডেন উদ্যানে এ পর্যন্ত যে একজন মাত্র ক্রিকেট খেলোয়াড় যিনি দুশোর ওপর রান করেছেন তিনি কে ?

উঃ রোহন কান্হাই ।

প্রঃ (৭) টেস্ট ক্রিকেটের ইতিহাসে প্রথম রানটা কে করেন ?

উঃ অস্ট্রেলিয়ার চার্লস ব্যানারম্যান । ১৮৭৭ সালের ১৫ই মার্চ মেলবোর্ণে ইংলণ্ডের বিরুদ্ধে প্রথম টেস্টে খেলতে নেমে চার্লস ব্যানারম্যান প্রথম রান করেন । তিনি সেইবার শেষ পর্যন্ত করেছিলেন ১৬৫ রান ।

প্রঃ (৮) কোন ক্রিকেট খেলোয়ড় প্রথম 'নাইটহুড' খেতাবে সম্মানিত হন ?

উঃ ডন ব্রাডম্যান ।

প্রঃ (৯) ফিফার (FIFA) প্রথম সভাপতি কে ছিলেন ?

উঃ ফ্রান্সের মঁসিয়ে জুলে রিমে ।

প্রঃ (১০) জুলে রিমে কত বছর ফিফার সভাপতি ছিলেন ?

উঃ ২৩ বছর ।

প্রঃ (১১) ব্যাডমিণ্টন খেলা প্রথম কোথায় চালু হয়েছিল ?

উঃ ভারতের পুণেতে।

প্রঃ (১২) অস্ট্রেলিয়ায় বেনসন এ্যান্ড হেজেস বিশ্ব ক্রিকেট চ্যাম্পিয়নশীপে ভারত কোন সালে জয়ী হয় এবং ফাইনালে কাকে হারায় ?

উঃ ১৯৮৫ সালের ১০ই মার্চ ভারত পাকিস্তানকে হারিয়ে বিজয়ী হন।

প্রঃ (১৩) ঐ ম্যাচে 'দি চ্যাম্পিয়ন অফ চ্যাম্পিয়নস্' হন কে ?

উঃ ভারতের রবি শাস্ত্রী।

প্রঃ (১৪) বেনসন এ্যাণ্ড হেজেস বিশ্ব ক্রিকেটে বিজয়ী ভারতীয় দলের অধিনায়ক ছিলেন কে ?

উঃ সুনীল গাভাসকার।

প্রঃ (১৫) কোন একদিনের আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচে ভারত ও পাকিস্তানের রান সংখ্যা এক হওয়া সত্ত্বেও ভারত জয়ী হয় এবং কেন জয়ী হয় ?

উঃ ১৯৮৭ সালের ২০শে মার্চ হায়দ্রাবাদে তৃতীয় চারমিনার চ্যালেঞ্জ একদিনের আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচে ৪৪ ওভারে ভারত করে ৬ উইকেটে ২১২ রাণ। পাকিস্তান এর উত্তরে করে ৪৪ ওভারে ৭ উইকেটে ২১২ রাণ। ৪৪ ওভারের শেষ বলে পাকিস্তানের সপ্তম উইকেট পড়ে যায়। কাদির রান আউট হওয়ায় রান এক হলেও উইকেটের হিসাবে ভারত জিতে যায়। কাদির আউট না হলে রানের গড়ে পাকিস্তান জিতে যেত।

প্রঃ (১৬) ভারত কবে ইংলণ্ডকে টেস্টে প্রথম ফলো অন করিয়েছিল ?

উঃ কানপুরে ১৯৬১-৬২ সালে দ্বিতীয় টেস্টে ভারত প্রথম ইংলণ্ডকে ফলো অন করিয়েছিল।

প্রঃ (১৭) ক্রিকেট খেলোয়াড় মাইক গ্যাটিং (ইংলণ্ড)-এর পুরো নাম কি ?

উঃ মাইক উইলিয়াম গ্যাটিং।

প্রঃ (১৮) শ্রীলঙ্কা ক্রিকেট দলের কোন ব্যাটস্‌ম্যান টেস্টে ১ হাজারের ওপর রান করেছেন ?

উঃ শ্রীলঙ্কা দলের তিনজন টেস্ট ক্রিকেটে এ পর্যন্ত ১ হাজারের ওপর রান করেছেন। এরা হলেন দলীপ মেণ্ডিস, রয় ডায়াস ও সিদ্ধার্থ ওয়েত্তিমুনি।

প্রঃ (১৯) ভারতের বিরুদ্ধে টেস্টে পাকিস্তানের সর্বনিম্ন স্কোর কত ?

উঃ ১১৬ রান। আমেদাবাদে পঞ্চম টেস্টে ১৯৮৭ সালের ১৩ মার্চ প্রথম ইনিংসে পাকিস্তানের এই রান হয়।

প্রঃ (২০) ভারত ক্রিকেট টেস্টে কবে প্রথম জয়লাভ করে এবং কোন দলের বিরুদ্ধে ?

উঃ ১৯৫২ সালের ১০ই ফেব্রুয়ারী মাদ্রাজের চিপক গ্রাউণ্ডে ইংলণ্ডের বিরুদ্ধে প্রথম জয়লাভ করে। এর আগে ২০ বছরে ২৫টা টেস্ট খেললেও ভারত কোনোটাতে জিততে পারেনি।

প্রঃ (২১) ইংলণ্ডের অধিনায়ক ডেভিড গাওয়ার তাঁর জীবনের প্রথম টেস্টে শতরান করেন কোন দেশের বিরুদ্ধে ?

উঃ নিউজিল্যাণ্ডের বিরুদ্ধে।

প্রঃ (২২) কোন ভারতীয় ব্যাটসম্যান টেস্ট ক্রিকেটের ১০ হাজারের ওপর রান করে বিশ্ব রেকর্ড করেছেন ?

উঃ সুনীল গাভাসকার।

প্রঃ (২৩) সুনীল টেস্ট ক্রিকেটে ১০ হাজার রান পূর্ণ করেন কবে এবং কোন দলের বিরুদ্ধে ?

উঃ ১৯৮৭ সালের ৭ই মার্চ আমেদাবাদে পাকিস্তানের বিরুদ্ধে।

প্রঃ (২৪) কোন ভারতীয় ক্রিকেট খেলোয়াড়কে 'সানি' নামে ডাকা হয় ?

উঃ সুনীল গাভাসকারকে।

প্রঃ (২৫) গাভাসকারের পুরো নাম কি ?

উঃ সুনীল মনোহর গাভাসকার।

প্রঃ (২৬) রোহণ গাভাসকার কার নাম ?

উঃ সুনীল গাভাসকরের ছেলের নাম।

প্রঃ (২৭) গাভাসকার কোন বছর প্রথম ভারতীয় ক্রিকেট দলের অধিনায়ক হন ?

উঃ ১৯৮১-৮২ সালে।

প্রঃ (২৮) গাভাসকার তাঁর জীবনের প্রথম টেস্টে ম্যাচ খেলেন কোথায় এবং কোন দলের বিরুদ্ধে ?

উঃ পোর্ট অফ স্পেনে ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে ১৯৭১ সালের ৬ই মার্চ তিনি প্রথম টেস্ট ক্রিকেট খেলেন।

প্রঃ (২৯) গাভাসকার তাঁর জীবনের প্রথম টেস্ট খেলায় প্রথমে ব্যাট করেছিলেন না বল করেছিলেন ?

উঃ প্রথমে বল করেছিলেন। এক ওভার বল করে তিনি রান দিয়েছিলেন ৯টি।

প্রঃ (৩০) শারজায় ১৯৮৭ সালে একদিনের আন্তর্জাতিক ক্রিকেটে ভারত-পাকিস্তান শেষ দিনের খেলায় ম্যান অফ দি ম্যাচ হন কে ?

উঃ ভারতের দিলীপ ভেংসরকার।

প্রঃ (৩১) শারজার ঐ ক্রিকেট প্রতিযোগিতায় ম্যান অফ দি সিরিজ হন কে ?

উঃ অস্ট্রেলিয়ার ডেভিড বুন।

প্রঃ (৩২) অস্ট্রেলিয়া দল ১৯৮৭ সালের শারজা ক্রিকেটে কি ফল করেছিল ?

উঃ তিনটি খেলাতেই হেরে কোনো পয়েন্ট পায় নি। তাদের রানের গড় ছিল ৩.৮৯।

প্রঃ (৩৩) শারজায় একদিনের আন্তর্জাতিক ক্রিকেটে কোন কোন দেশ অংশগ্রহণ করে ?

উঃ ইংলণ্ড, ভারত, পাকিস্তান ও অস্ট্রেলিয়া।

প্রঃ (৩৪) শারজায় একদিনের আন্তর্জাতিক ক্রিকেট প্রতিযোগিতা হয়েছে। শারজা কোথায় ?

উঃ সংযুক্ত আরব আমীরশাহীতে।

প্রঃ (৩৫) কোন ভারতীয় ক্রিকেট খেলোয়াড় একদিনের আন্তর্জাতিক ক্রিকেটের একশো ম্যাচ খেলেছেন এবং শততম ম্যাচটি কবে কোথায় খেলেন!

উঃ সুনীল গাভাসকার। ১৯৮৭ সালের ৫ই এপ্রিল শারজায় তিনি শততম ম্যাচটি খেলেন।

প্রঃ (৩৬) ওয়েস্ট ইণ্ডিজ দল ১৯৭৫ ও ১৯৭৯ সালে প্রুডেনসিয়াল কাপ জয়ী হয়। কোন কোন দেশ দ্বিতীয় স্থান পায়।

উঃ ১৯৭৫ সালে অস্ট্রেলিয়া পায় দ্বিতীয় স্থান এবং ১৯৭৯ সালে ইংলণ্ড পায় দ্বিতীয় স্থান।

প্রঃ (৩৭) শারজা কাপ ক্রিকেট প্রতিযোগিতায় ১৯৮৭ সালে কোন দল চ্যাম্পিয়ন হয় এবং সমান পয়েন্ট অর্জন করেও ভারত কেন তৃতীয় স্থান পায় ?

উঃ ইংলণ্ড চ্যাম্পিয়ন হয়। ১০ই এপ্রিল পাকিস্তানেব সঙ্গে শেষ খেলায় ভারত পরাজিত হয়। ফলে তিনটি দেশই তিনটি খেলার দুটিতে জিতে এবং একটিতে হেরে মোট ৪ পয়েণ্ট অর্জন করে। কিন্তু গড় রানের হিসাবে ইংলণ্ড এগিয়ে থেকে (৪.৪৭) চ্যাম্পিয়ন হয়। পাকিস্তানের গড় রান দাঁড়ায় ৪.২০ এবং ভারতের ৪.০৮। ফলে পাকিস্তান দ্বিতীয় ও ভারত তৃতীয় হয়।

প্রঃ (৩৮) ডন ব্রাডম্যান (অস্ট্রেলিয়া) তাঁর জীবনের শেষ টেস্ট ইনিংসে কত রান করেছিলেন ?

উঃ ০ রান। এরিক হলিসের বলে তিনি শূন্য রানে বোল্ড আউট হন।

প্রঃ (৩৯) কোন ক্রিকেট খেলোয়াড় সবচেয়ে বেশী বয়সে টেস্ট খেলেছেন ?

উঃ ডব্লু রোডাস।

প্রঃ (৪০) কোন ক্রিকেট খেলোয়াড় মাত্র ২১৪ মীনটে টেস্টে দ্বিশত রান করেছেন ?

উঃ ভিভিয়ান রিচার্ডস (ওয়েস্ট ইণ্ডিজ)

প্রঃ (৪১) বিশ্বকাপ ক্রিকেট প্রতিযোগিতা কোন সালে শুরু হয় ?

উঃ ১৯৭৫ সালে।

প্রঃ (৪২) একটা টেস্টে কোন ক্রিকেট খেলোয়াড় ব্যক্তিগত সর্বোচ্চ রান করেন ?

উঃ গ্রেগ চ্যাপেল (অস্ট্রেলিয়া)। তিনি করেন ৩৮০ রান।

প্রঃ (৪৩) টেস্ট ক্রিকেটে একদিনে কোন খেলোয়াড় ৩০৯ রান করেছেন ?

উঃ ডন ব্রাডম্যান (অস্ট্রেলিয়া)

প্রঃ (৪৪) টেস্টে একটা ইনিংসে বিপক্ষ দলের সব কটি অর্থাৎ ১০টি উইকেট পেয়েছেন কোন বোলার ?

উঃ জিম লেকার (ইংলণ্ড)

প্রঃ (৪৫) একই টেস্টে ৮টি উইকেট পেয়েছেন ও শতরান করেছেন কোন ক্রিকেট খেলোয়াড় ?

উঃ ইয়ান বোথাম (ইংলণ্ড)।

প্রঃ (৪৬) বিশ্বকাপ ক্রিকেট প্রতিযোগিতা ক'বছর অন্তর হয়ে থাকে ?

উঃ ৪ বছর অন্তর।

প্রঃ (৪৭) বিশ্বকাপ ক্রিকেটে সবচেয়ে বেশী রান করেন কোন ক্রিকেটার ?

উঃ কপিল দেব (ভারত)। ইনি করেন ১৭৫ রান।

প্রঃ (৪৮) মেয়েদের প্রথম ক্রিকেট ক্লাবের নাম কি।

উঃ হোয়াইট হিদার ক্লাব।

প্রঃ (৪৯) মেয়েদের ক্রিকেট টেস্টে প্রথম শতরান করেন কে ?

উঃ ইংলণ্ডের ম্যারী দুগান।

প্রঃ (৫০) ইংলণ্ডের মাটিতে সর্বপ্রথম ইংলণ্ড ক্রিকেট দলকে পরাজিত করে কারা ?

উঃ ওয়েস্ট ইণ্ডিজ।

প্রঃ (৫১) কোন ক্রিকেট খেলোয়াড় তাঁর জীবনের প্রথম টেস্ট খেলতে নেমেই উপর্যুপরি তিনটি টেস্টে শতরান (সেঞ্চুরী) করেন ?

উঃ ভারতের আজাহারউদ্দিন।

প্রঃ (৫২) ভারত কত সালে ওয়েস্ট ইণ্ডিজের মাটিতে ওয়েস্ট ইণ্ডিজকে এবং ইংলণ্ডের মাটিতেই ইংলণ্ড দলকে ক্রিকেট টেস্টে হারিয়ে প্রথম রাবার লাভ করে ?

উঃ ১৯৭১ সালে।

প্রঃ (৫৩) কোন সাল থেকে ভারত একদিনের আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচ খেলছে ?

উঃ ১৯৭৪ সাল থেকে।

প্রঃ (৫৫) কোন ক্রিকেট খেলোয়াড় প্রথম শ্রেণীর ক্রিকেটে পরপর ৬টি বলেই ছক্কা (ওভার বাউণ্ডারী) মারেন ?

উঃ গ্যারি সোবার্স (ওয়েস্ট ইণ্ডিজ)।

প্রঃ (৫৫) কোন ক্রিকেট খেলোয়াড় সবচেয়ে কম বয়েসে টেস্ট খেলেছেন ?

উঃ মুস্তাক মহম্মদ (পাকিস্থান)। ১৫ বছরের কিছু বেশী বয়সে তিনি প্রথম টেস্ট খেলেন।

প্রঃ (৫৬) ৫ দিনের ক্রিকেট টেস্ট ম্যাচের প্রচলন হয়েছিল কোন সালে ?

উঃ ১৯৪৮ সালে।

প্রঃ (৫৭) ক্রিকেটে ভারতের প্রথম টেস্ট খেলা অনুষ্ঠিত হয়েছিল কোন দেশে ?

উঃ লর্ডসের মাঠে ইংলণ্ডের বিরুদ্ধে। ইংলণ্ড তাতে বিজয়ী হয়।

প্রঃ (৫৮) ক্রিকেট খেলায় এক ওভারে ৬টি বলের প্রচলন হয় কোন সালে ?

উঃ ১৯০০ সালে।

প্রঃ (৫৯) ক্রিকেটে প্রথম সেঞ্চুরী বা শতরান করেন কে ?

উঃ জন স্মল।

প্রঃ (৬০) ক্রিকেট খেলার জন্ম কোন দেশে ?

উঃ ইংলণ্ডে।

প্রঃ (৬১) প্রথম প্রতিযোগিতামূলক ক্রিকেট খেলা হয় কোন সালে ?

উঃ ১৮০০ সালে।

প্রঃ (৬২) ক্রিকেট খেলায় 'টাই' কাকে বলে ?

উঃ দুটি দলই যখন দুটি ইনিংস খেলার পর দু দলের রানসংখ্যা সমান দাঁড়ায় তাকে টাই বলে। একদিনের আন্তর্জাতিক ক্রিকেটেও যদি দুটি দলেয়ই এক ইনিংসের রান সমান হয় তা হলেও সেটা টাই হয়।

প্রঃ (৬৩) টেস্ট ক্রিকেটে প্রথম টাই হয় কোন সালে ?

উঃ ১৯৬০-৬১ সালে।

প্রঃ (৬৫) ভারতের রজার বিনি বিশ্বকাপ ক্রিকেটে নতুন রেকর্ড করেছেন, রেকর্ডটা কিসের ?

উঃ বিনি ৮৮ ওভার বল করে মোট ১৮টা উইকেট নিয়েছেন।

প্রঃ (৬৬) ভারত কোন বিশ্বকাপ ক্রিকেটে চ্যাম্পিয়ন হয়েছে ?

উঃ তৃতীয় বিশ্বকাপ ক্রিকেটে।

প্রঃ (৬৭) তৃতীয় বিশ্বকাপ ক্রিকেটে মহীন্দর অমরনাথ কি হয়েছিলেন ?

উঃ ম্যান অফ দি ম্যাচ।

প্রঃ (৬৮) তৃতীয় বিশ্বকাপ ক্রিকেটে ভারতের অধিনায়ক ছিলেন কে ?

উঃ কপিলদেব।

প্রঃ (৬৯) রথম্যান কাপের খেলা কোন সালে শুরু হয় ?

উঃ ১৯৮৫ সালে।

প্রঃ (৭০) প্রথম রথম্যান কাপ বিজয়ী হয় কোন দল ?

উঃ ভারত।

প্রঃ (৭১) এশিয়া কাপ ক্রিকেট প্রতিযোগিতা শুরু হয় ১৯৮৪ সালে। সেবার কোন দেশ জয়ী হয় ?

উঃ ভারত।

প্রঃ (৭২) বেনসন ও হেজেস কাপ ক্রিকেট প্রতিযোগিতা শুরু হয় কোন সালে ?

উঃ ১৯৭৫ সালে।

প্রঃ (৭৩) রন্‌জি ট্রফির ক্রিকেট প্রতিযোগিতা কোন সালে শুরু হয় ?

উঃ ১৯৩৪-৩৫ সালে।

প্রঃ (৭৪) রনজি ট্রফিতে সবচেয়ে বেশী রান করেছেন কোন খেলোয়াড় ?

উঃ বিজয় হাজারে।

প্রঃ (৭৫) ক্রিকেটে দু'পাশের উইকেটের মধ্যে ব্যবধান থাকে কত ?

উঃ ২২গজ (২০'১২ মিটার)।

প্রঃ (৭৬) বিশ্বের সবচেয়ে ভাল ক্রিকেট ব্যাট তৈরী হয় কোন গাছের কাঠ থেকে ?

উঃ বৃটেনের উইলো গাছের কাঠ থেকে।

প্রঃ (৭৭) কোন ভারতীয় ক্রিকেটার ওয়েষ্ট ইণ্ডিজের বিরুদ্ধে ক্রিকেট টেস্টে প্রথম দ্বিশত রান করেছেন এবং কবে ?

উঃ দিলীপ সরদেশাই। ১৯৭১ সালে কিংস্টনে তিনি ২১২ রান করেন।

প্রঃ (৭৮) একটা ক্রিকেট বলের সাধারণতঃ ওজন কতটা হয়ে থাকে ?

উঃ মোটামুটি ১৫৬ গ্রাম।

প্রঃ (৭৯) বিশ্বে কোন ক্রিকেট খেলোয়াড় প্রথম তাঁর টেস্ট জীবনে দ্বিশত রান করেন ?

উঃ ইংলণ্ডের আর. ই. ফ্যাষ্টার। ১৯০৪ সালে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ইংলণ্ডের টেস্টে তিনি সিডনীতে ২৮৭ রান করেন।

প্রঃ (৮০) কোন দেশে প্রথম আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচ হয়েছিল ?

উঃ মার্কিন যুক্তরাষ্ট্রে। ১৯৫৯ সালে ঐ ম্যাচে মার্কিন যুক্তরাষ্ট্র খেলেছিল গ্রেট বৃটেনের বিরুদ্ধে।

প্রঃ (৮১) প্রথম শ্রেণীর একটামাত্র ক্রিকেট মরশুমে কোন ক্রিকেটার সবচেয়ে বেশী শতরান ও সবচেয়ে বেশী রান করেছেন ?

উঃ ডেনিস কম্পটন। ১৯৪৭ সালে তিনি একটা মরশুমে ১৮টি শতরান সহ মোট ৩ হাজার ৮শো ১৬ রান করেন।

প্রঃ (৮১ ক) ক্রিকেট টেস্টে এ পর্যন্ত কতজন ব্যাটম্যান প্রথম আবির্ভাবেই দ্বিশত রান করেছেন এবং তাঁরা কে কোন সালে কার বিরুদ্ধে দ্বিশত রান করেন ?

উঃ তিনজন। সর্বশেষ ১৯৮৭ সালের ১৯শে এপ্রিল কলম্বোর নিউজিল্যাণ্ডের বিরুদ্ধে শ্রীলংকার ব্রেনডন কুরুপ্পু ২০১ রানে অপরাজিত থাকেন। তার আগে ১৯০৪ সালে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ইংলণ্ডের আর. ই. ফস্টার করেন সিডনীতে ২৮৭ রান। তারপর কিংস্টনে নিউজিল্যাণ্ডের বিরুদ্ধে ওয়েস্ট ইণ্ডিজের লরেন্স রো ১৯৭১-৭২ সালে ২১৪ রান করেন।

প্রঃ (৮২) ইরানী ট্রফির ক্রিকেট প্রতিযোগিতা শুরু হয় ১৯৬১ সালে না ১৯৬৫ সালে ?

উঃ ১৯৬১ সালে।

প্রঃ (৮৩) হকি খেলার জন্ম কোথায় ?

উঃ ইংলণ্ডে।

প্রঃ (৮৪) আধুনিক হকির 'জনক' কাকে বলা হয় ?

উঃ এজেল ওয়েস্টম্যাককে।

প্রঃ (৮৫) কোন সালে অলিম্পিকে হকি প্রতিযোগিতা শুরু হয় ?

উঃ ১৯০৮ সালে লণ্ডন অলিম্পিকে।

প্রঃ (৮৬) অলিম্পিক হকিতে প্রথম চ্যাম্পিয়ন হয় কোন দেশ ?

উঃ ইংলণ্ড।

প্রঃ (৮৭) ভারত কোন বছর অলিম্পিক হকিতে প্রথম অংশ নেয় ?

উঃ ১৯২৮ সালে আমস্টার্ডাম অলিম্পিকে। সেবারই ভারত প্রথম হকি চাম্পিয়ন হয়।

প্রঃ (৮৮) হকি খেলা কোন দেশ থেকে জন্ম নিয়েছে ?

উঃ ফ্রান্স থেকে।

প্রঃ (৮৯) ১৯৮৪ সালের লস এঞ্জেলেস অলিম্পিক হকিতে কোন দল স্বর্ণপদক পায় ?

উঃ পাকিস্তান।

প্রঃ (৯০) ১৯৮৪ সালের মার্কিন যুক্তরাষ্ট্রে অলিম্পিক হকিতে ভারত কোন স্থান পায় ?

উঃ পঞ্চম স্থান।

প্রঃ (৯১) অলিম্পিকে মেয়েদের হকি প্রতিযোগিতা শুরু হয় কোন সালে ?

উঃ ১৯৮০ সালে ?

প্রঃ (৯২) অলিম্পিকে মেয়েদের হকিতে প্রথম স্বর্ণপদক পায় কোন দেশ ?

উঃ জিম্বাবুয়ে।

প্রঃ (৯৩) ভারতে জাতীয় হকি টুর্ণামেণ্টে যে ট্রফি দেওয়া হয় তার নাম কি ?

উঃ রঙ্গস্বামী কাপ।

প্রঃ (৯৪) কোন অলিম্পিকে ধ্যানচাঁদ ভারতীয় হকি দলের অধিনায়ক ছিলেন ?

উঃ ১৯৩৬ সালের বার্লিন অলিম্পিকে।

প্রঃ (৯৫) অলিম্পিকের সৃষ্টি করেন কে ?

উঃ ব্যারেন পিয়ের দ্যা কুবার্তিন।

প্রঃ (৯৬) এশিয়াডে হকি প্রতিযোগিতা অন্তর্ভুক্ত হয়েছে কোন বছর ?

উঃ ১৯৫৮ সালে টোকিওতে। সেটা ছিল তৃতীয় এশিয়াড।

প্রঃ (৯৭) ডি. সি. এম. হকি প্রতিযোগিতা শুরু হয় কোন বছর ?

উঃ ১৯৪৫ সালে।

প্রঃ (৯৮) কোন হকি খেলোয়াড ১৯৫৭ সালে ‘পদ্মশ্রী’ পান ?

উঃ বলবীর সিং।

প্রঃ (৯৯) কবে কোথায় এশিয়াম গেমসের প্রথম আসর বসে ?

উঃ ১৯৫১ সালে ভারতে।

প্রঃ (১০০) নবম এশিয়ান গেমস কোথায় অনুষ্ঠিত হয় ?

উঃ ভারতের রাজধানী নতুন দিল্লীতে।

প্রঃ (১০১) ১৯৫২ সালের হেলসিঙ্কি অলিম্পিকে ১ হাজার মিটার

ও ৫ হাজার মিটার ম্যারাথন দৌড়ে প্রথম স্থান অধিকার করে স্বর্ণপদক পান কে ?

উঃ এমিল জ্যাটোপেক।

প্রঃ (১০২) উপর্যুপরি ৩টি অলিম্পিকে ম্যারাথন দৌড়ে স্বর্ণপদক পান কে ?

উঃ আবেবেবিকিলা।

প্রঃ (১০৩) ভারতের পক্ষে প্রথম কোন মহিলা এ্যাথলেট অলিম্পিকে অংশ নেন ?

উঃ মেরি ডি'সুজা।

প্রঃ (১০৪) অলিম্পিকে প্রথম কোন মহিলা এ্যাথলেট স্বর্ণপদক পান ?

উঃ মিকিও ওডা।

প্রঃ (১০৫) অলিম্পিক হকিতে ভারত কোন সালে শেষবারের মত চ্যাম্পিয়ন হয় ?

উঃ ১৯৮০ সালে (মস্কো অলিম্পিকে)।

প্রঃ (১০৬) ১৯৬৪ সালে টোকিও অলিম্পিকে স্বর্ণপদক জয়ী ভারতীয় হকি দলের অধিনায়ক ছিলেন কে ?

উঃ চরণজিৎ সিং।

প্রঃ (১০৭) নতুন দিল্লীতে ১৯৮২ সালে নবম এশিয়ান গেমসে ৪শো মিটার হার্ডলস্ রেসে স্বর্ণপদক পায় মেয়েদের বিভাগে কোন ভারতীয় এ্যাথলেট ?

উঃ এম. ভি. বালসাম্মা।

প্রঃ (১০৮) নবম এশিয়াডে ২০ কিলোমিটার হাঁটা প্রতিযোগিতায় কে স্বর্ণপদক পান ?

উঃ চাঁদরাম (ভারত)।

প্রঃ (১০৯) নবম এশিয়াডে মেয়েদের ১শো মিটার ও ২শো মিটার দৌড়ে রৌপ্যপদক পান কোন ভারতীয় এ্যাথলেট ?

উঃ পি. টি. ঊষা।

প্রঃ (১১০) নবম এশিয়াডে মেয়েদের ৮শো মিটার দৌড়ে রৌপ্যপদক পান কোন ভারতীয় ক্রীড়াবিদ ?

উঃ গীতা জুৎসী।

প্রঃ (১১১) নবম এশিয়াডে শটপাটে সোনা পান কে ?

উঃ ভারতের বাহাদুর সিং।

প্রঃ (১১২) নবম এশিয়াডে একশো কেজি কুস্তিতে কে সোনা পান ?

উঃ ভারতের সৎপাল সিং।

প্রঃ (১১৩) ১৯৮২-র এশিয়াডে গলফে ব্যক্তিগত ইভেণ্টে স্বর্ণপদক পান কে ?

উঃ ভারতের লক্ষ্মণ সিং।

প্রঃ (১১৪) ব্যাডমিণ্টান খেলাটা কোন দেশ থেকে এসেছে ?

উঃ ভারত থেকে। এটা আগে 'পুনা' নামে পরিচিত ছিল। ১৮৬০ সালে ইংলণ্ডের গ্লুসেষ্টারশ্যায়ারে ব্যাডমিণ্টান হলে এই খেলা আরো উন্নত করা হয়।

প্রঃ (১১৫) ফুটবল খেলার নিয়মাবলী কবে কোথায় প্রথম লিপিবদ্ধ করা হয় ?

উঃ ১৮৪৮ সালে কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা এই নিয়মাবলী লিপিবদ্ধ করেন।

প্রঃ (১১৬) বিশ্বে প্রথম ফুটবল লীগ প্রতিযোগিতা কোন সালে কোথায় হয়েছিল ?

উঃ ১৮৯৮ সালে ইংলণ্ডে।

প্রঃ (১১৭) FIFA (ফিফা) বলতে কি বোঝায় ?

উঃ Federation International de Football Association. এটা আন্তর্জাতিক ফুটবল সংস্থা।

প্রঃ (১১৮) ফিফা কবে গঠিত হয় ?

উঃ ১৯০৪ সালের ২১শে মে।

প্রঃ (১১৯) বিশ্বকাপ ফুটবল প্রতিযোগিতা কবে শুরু হয় ?

উঃ ১৯৩০ সালে।

প্রঃ (১২০) ক বছর অন্তর বিশ্বকাপ ফুটবল প্রতিযোগিতা হয়ে থাকে ?

উঃ ৪ বছর অন্তর।

প্রঃ (১২১) প্রথম বিশ্বকাপ ফুটবল প্রতিযোগিতায় জয়ী হয় কোন দল ?

উঃ উরুগুয়ে।

প্রঃ (১২২) ১৯৮৬ সালে বিশ্বকাপ প্রতিযোগিতা কোথায় হয়েছে এবং সেটা কততম বিশ্বকাপ প্রতিযোগিতা ছিল ?

উঃ মেক্সিকোতে। সেটা ছিল ত্রয়োদশতম।

প্রঃ (১২৩) পৃথিবীতে প্রথম নৈশালোকে ফুটবল খেলা কোথায় কবে হয়েছিল ?

উঃ ইংলণ্ডের শেফিল্ড শহরে ১৮৭৮ সালের ১৪ই অক্টোবর। শেফিল্ড এ্যাসোসিয়েশন ক্লাব আয়োজিত এই খেলায় ইংলণ্ডের আন্তর্জাতিক খেলোয়াড় ডব্লু, এস ক্লিগের দল ২-০ গোলে হারিয়ে দেয় তারই ভাই জে. সি. ক্লাবের দলকে। খেলা দেখতে ২০ হাজার দর্শক সমবেত হয়েছিলেন।

প্রঃ (১২৪) ভারতের সবচেয়ে পুরানো ফুটবল টুর্ণামেণ্ট কোনটা ?

উঃ ডুরাণ্ড কাপ ফুটবল টুর্ণামেণ্ট।

প্রঃ (১২৫) ডুরাণ্ড কাপের খেলা প্রথমে কোথায় হত এবং এখন কোথায় হয় ?

উঃ আগে সিমলাতে হত। এখন হয় দিল্লীতে।

প্রঃ (১২৬) ফুটবল খেলায় গোলপোষ্টের উচ্চতা মাটি থেকে কতটা হয় ?

উঃ ৮ ফুট।

প্রঃ (১২৭) একটা ফুটবলের ওজন কতটা হওয়া ঠিক ?

উঃ ৩৯৬ গ্রাম থেকে ৪৫৩ গ্রামের মধ্যে।

প্রঃ (১২৮) ফুটবল খেলার দুটি গোলপোষ্টের মধ্যে ব্যবধান কতটা হয় ?

উঃ ৮ গজ।

প্রঃ (১২৯) ফুটবল খেলায় প্রতিটি দলে কতজন খেলোয়াড় থাকেন ?

উঃ ১১ জন।

প্রঃ (১৩০) একটা ফুটবল ম্যাচ সাধারণত কতক্ষণ খেলা হয়:?

উঃ ৯০ মিনিট। মাঝে ১০ মিনিট বিরতি থাকে।

প্রঃ (১৩১) ভারতে কোন বছর প্রথম ফুটবল খেলা হয় ?

উঃ ১৮০১ সালে।

প্রঃ (১৩২) কলকাতায় কবে প্রথম ফুটবল খেলা হয় ?

উঃ ১৮৫৪ সালে।

প্রঃ (১৩৩) কলকাতায় ফুটবল লীগ প্রথা শুরু হয় কোন সালে ?

উঃ ১৮৯৮ সালে।

প্রঃ (১৩৪) কলকাতার ফুটবল লীগে প্রথম কোন দুটি দল খেলেছিল ?

উঃ মোহনবাগান ও এরিয়ান।

প্রঃ (১৩৫) কলকাতার ফুটবলে কোন দল প্রথম লীগ চ্যাম্পিয়ন হয় ?

উঃ গ্লাস্টার্স দল।

প্রঃ (১৩৬) মোহনবাগান লীগ খেলছে কোন বছব থেকে ?

উঃ ১৯১৫ সাল থেকে।

প্রঃ (১৩৭) ইষ্টবেঙ্গল লীগে অংশগ্রহণ করে কোন বছর থেকে ?

উঃ ১৯২১ সাল থেকে।

প্রঃ (১৩৮) কলকাতা ফুটবল লীগে কোন ভারতীয় দল প্রথম চ্যাম্পিয়ন হয় ?

উঃ মহামেডান স্পোর্টিং।

প্রঃ (১০৯) ইষ্টবেঙ্গল প্রথম ফুটবল লীগ চ্যাম্পিয়ন হয় কোন সালে ?

উঃ ১৯৪২ সালে।

প্রঃ (১৪০) মোহনবাগান ক্লাব স্থাপিত হয় কোল সালে ?

উঃ ১৮৮৯ সালে।

প্রঃ (১৪১) ইষ্টবেঙ্গল ক্লাব স্থাপিত হয় কোন সালে ?

উঃ ১৯২০ সালে।

প্রঃ (১৪২) মহামেডান স্পোর্টিং ক্লাবের প্রতিষ্ঠা হয় কোন সালে ?

উঃ ১৮৯১ সালে।

প্রঃ (১৪৩) কোন দল প্রথম নেহরু গোল্ড কাপ জেতে ?

উঃ উরুগুয়ে।

প্রঃ (১৪৫) কোন তিনজন ফুটবল খেলোয়াড় এ পর্যন্ত 'পদ্মশ্রী' উপাধি পেয়েছেন ?

উঃ গোষ্ঠ পাল, শৈলেন মান্না ও চুনী গোস্বামী।

প্রঃ (১৪৫) রাজস্থান দল একবার আই. এফ. এ শীল্ড বিজয়ী হয়। সেটা কোন বছর ?

উঃ ১৯৫৫ সালে।

প্রঃ (১৪৬) এরিয়ান কবে কোন বছর আই. এফ. এ শীল্ড বিজয়ী হয়েছিল ?

উঃ ১৯৪০ সালে।

প্রঃ (১৪৭) এরিয়ান ক্লাব কোন সালে স্থাপিত হয় ?

উঃ ১৮৮৯ সালে।

প্রঃ (১৪৮) ফুটবল খেলায় রেফারী প্রথম বাঁশী ব্যবহার করেন কবে ?

উঃ ১৮৭৮ সালে।

প্রঃ (১৪৯) মোহনবাগান প্রথম লীগ চ্যাম্পিয়ন হয় কোন বছর ?

উঃ ১৯৩৯ সালে।

প্রঃ (১৫০) সন্তোষ ট্রফির ফুটবল খেলায় বাংলা দল প্রথম চ্যাম্পিয়ন হয় কোন সালে এবং কোথায় ?

উঃ ১৯৪১ সালে কলকাতায়।

প্রঃ (১৫১) ১৯৮৬ সাল পর্য্যন্ত বাংলা দল সন্তোষ ট্রফিতে মোট কবার চ্যাম্পিয়ন হয়েছে ?

উঃ ২১ বার।

প্রঃ (১৫২) ১৯৮২ সালে কলকাতায় সন্তোষ ট্রফির খেলায় কোন দুটি দল যুগ্মভাবে চ্যাম্পিয়ন হয় ?

উঃ বাংলা ও গোয়া।

প্রঃ (১৫০) লুডো খেলার কথা আমরা সকলেই জানি। এই লুডো কথাটার অর্থ কি ?

উঃ লাতিন ভাষায় লুডো কথার অর্থ—আই প্লে অর্থাৎ আমি খেলি।

প্রঃ (১৫৪) সিওলে ১৯৮৬ সালে দশম এশিয়াডে ভারতের কোন মহিলা ক্রীড়াবিদ তিনটি স্বর্ণপদক ও একটি রৌপ্যপদক পেয়ে বিশেষ কৃতিত্বের পরিচয় দিয়েছেন ?

উঃ পি. টি. উষা। তিনি ৪শো মিটার হার্ডলস্ রেসে, ২শো মিটার দৌড়ে এবং ৪ × ৪শো মিটার রিলে রেসে স্বর্ণপদক পান। একশো মিটার দৌড়ে পান রৌপ্য পদক। সবগুলি ছিল মেয়েদের বিভাগ।

প্রঃ (১৫৫) কোন টেনিস খেলোয়াড় দুবার বিশ্বের ৪টি প্রধান টেনিস প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হন ?

উঃ অস্ট্রেলিয়ার রড লাভার। ১৯৬৩ এবং ১৯৬৯ সালে তিনি চ্যাম্পিয়ন হন।

প্রঃ (১৫৬) ১৯৮৬ সালে ভারতে ব্যাডমিণ্টানে পুরুষ বিভাগে জাতীয় চ্যাম্পিয়ন হন কে?

উঃ সৈয়দ মোদী (বেলওয়েজ)

প্রঃ (১৫৭) ১৯৮৬ সালে মহিলা বিভাগে জাতীয় চ্যাম্পিয়ন হন কে?

উঃ মধুমিতা বিস্ত (দিল্লী)।

প্রঃ (১৫৮) হাত পা বাঁধা অবস্থায় সাঁতারে কোন বাঙালী বিশ্বরেকর্ড করেছেন?

উঃ প্রফুল্ল ঘোষ। তিনি হাত পা বাঁধা অবস্থায় ৬১ ঘণ্টা ১৩ মিনিট সাঁতার কেটেছিলেন।

প্রঃ (১৫৯) ১২ দিনে ৬ বার ইংলিশ চ্যানেল পার হয়ে বিশ্বরেকর্ড করেছেন কোন বাঙালী?

উঃ ব্রজেন দাস।

প্রঃ (১৬০) এশিয়ার মেয়েদের মধ্যে প্রথম ইংলিশ চ্যানেল সাঁতরে পার হন কে?

উঃ আরতি সাহা। ১৯৫৯ সালে তিনি ইংলিশ চ্যানেল সাঁতরে পার হন।

প্রঃ (১৬১) ইংলিশ চ্যানেল, পক প্রণালী, জিব্রাল্টার প্রণালী, পানামা খাল, বসফোরাশ প্রণালী প্রভৃতি অতিক্রম করে দীর্ঘক্ষণ সন্তরনের রেকর্ড করেছেন কে?

উঃ মিহির সেন (বাংলা)।

প্রঃ (১৬২) সবচেয়ে কম সময়ে ইংলিশ চ্যানেল পার হন কে?

উঃ ব্যারি ওয়াটসন। সময় নেন ৯ ঘণ্টা ৩৫ মিনিট।

প্রঃ (১৬৩) বিশ্বের সর্বকালের শ্রেষ্ঠ ব্যাডমিণ্টান খেলোয়াড় কাকে বলা হয়?

উঃ ইন্দোনেশিয়ার রুডি হরতানোকে।

প্রঃ (১৬৪) ডেভিস কাপ কোন খেলার সঙ্গে যুক্ত এবং কোথায় খেলা হয়?

উঃ এটা লন টেনিস খেলার শ্রেষ্ঠ্য পুরস্কার। প্রখ্যাত মার্কিন টেনিস

খেলোয়াড় ডি. এফ. ডেভি ১৯০০ সালে এর প্রতিষ্ঠা করেন। লণ্ডনের উপকণ্ঠে উইমব্লেডনে এই খেলা হয়।

প্রঃ (১৬৫) গ্রাঁ প্রি প্রতিযোগিতা কি ?

উঃ টেনিস খেলার বিশ্ব প্রতিযোগিতা।

প্রঃ (১৬৬) পক প্রণালী প্রথম সাঁতরে পার হয়েছিলেন কে ?

উঃ মিহির সেন (ভারত)। ১৯৬৬ সালের ৫ থেকে ৬ই এপ্রিল তিনি ২৫ ঘণ্টা ৩৬ মিনিট সময় নিয়েছিলেন।

প্রঃ (১৬৭) মহিলাদের দ্বিতীয় বিশ্ব ম্যারাথন দৌড় প্রতিযোগিতায় ১৯৮৭ সালে কে বিজয়িনী হয়েছেন ?

উঃ সোভিয়েট ইউনিয়নের সোইয়া ইভানোভা। সিওলে এই প্রতিযোগিতায় তিনি সময় নিয়েছেন ২ ঘণ্টা ৩০ মিনিট ৩৯ সেকেণ্ড।

প্রঃ (১৬৮) জন ম্যাকেনরো কে ?

উঃ মার্কিন যুক্তরাষ্ট্রের বিশ্ববিখ্যাত টেনিস খেলোয়াড়।

প্রঃ (১৬৯) ষ্টিফান এডবার্গ কে ?

উঃ সুইডেনের প্রখ্যাত টেনিস খেলোয়াড়।

প্রঃ (১৭০) মার্কিন যুক্তরাষ্ট্রের ডালাসে ১৯৮৭ সালে ২ লক্ষ ডলারের বিশ্ব চ্যাম্পিয়নশীপ টেনিসে পুরুষ বিভাগে কে চ্যাম্পিয়ন হয়েছেন ?

উঃ চেকোশ্লোভাকিয়ার মিলোশ্লাভ মেসির।

প্রঃ (১৭১) ঐ টেনিস প্রতিযোগিতার ফাইন্যালে মেসিরের প্রতিদ্বন্দ্বী কে ছিলেন ?

উঃ মার্কিন যুক্তরাষ্ট্রের জন ম্যাকেনরো। মেসির হারান ম্যাকেনরোকে।

প্রঃ (১৭২) কোনোরকম লাইফ জ্যাকেট ছাড়াই ডোভার থেকে কে প্রথম ইংলিশ চ্যানেল সাঁতরে পার হয়েছিলেন ?

উঃ ম্যাথু ওয়েব (বৃটেন) মার্চেণ্ট নেভির এই ক্যাপ্টেন ১৮৭৫ সালের ২৪শে থেকে ২৫শে আগষ্ট পার হতে সময় নিয়েছিলেন ২১ ঘণ্টা ৪৫ মিনিট।

প্রঃ (১৭৩) শীতকালীন ক্রীড়ায় কোন দেশ বিশেষ বিখ্যাত ?

উঃ সুইজারল্যাণ্ড (ইউরোপে)।

প্রঃ (১৭৪) মার্কিন যুক্তরাষ্ট্রের (আমেরিকা) ফরেন্ট হিলস্-এ কোন খেলা হয়ে থাকে ?

উঃ টেনিস।

প্রঃ (১৭৫) সর্বপ্রথম কোথায় অলিম্পিক ক্রীড়ার আসর বসে এবং কবে ?

উঃ গ্রীসে। সেটা ছিল ৭৭৬ খৃষ্টপূর্বাব্দে।

প্রঃ (১৭৬) আধুনিক অলিম্পিকের প্রথম আসর বসে কোথায় ?

উঃ এথেন্সে (১৮৯৬ সাল)।

প্রঃ (১৭৭) ১৯৭০ সালের এশিয়ান গেমসে মেয়েদের ৪০০ মিটার দৌড়ে কোন ভারতীয় মহিলা এ্যাথলেট প্রথম স্থান পান ?

উঃ শ্রীমতী কমলজিৎ সান্ধু।

প্রঃ (১৭৮) হরি দত্ত নামটা কোন খেলার সঙ্গে যুক্ত এবং তিনি খেলাধুলার ক্ষেত্রে ১৯৬৯ সালে কি পুরস্কার পেয়েছিলেন ?

উঃ প্রখ্যাত বাস্কেটবল খেলোয়াড়। তিনি অর্জুন পুরস্কার পেয়েছিলেন।

প্রঃ (১৭৯) অলিম্পিকে ম্যারাথন দৌড়ে কত দূরত্ব অতিক্রম করতে হয় ?

উঃ ২৬ মাইল।

প্রঃ (১৮০) ১৯৫৬ সালে উবের কাপের প্রথম আন্তর্জাতিক মহিলা ব্যাডমিণ্টন চ্যাম্পিয়নশীপে কোন দেশ বিজয়ী হয় ?

উঃ মার্কিন যুক্তরাষ্ট্র।

প্রঃ (১৮১) কোন খেলায় সবচেয়ে বড় মাঠের বা জায়গার প্রয়োজন হয় ?

উঃ পোলো। এতে সাধারণতঃ ৫ হেক্টর পরিমাণ জায়গার প্রয়োজন হয়। মাঠ সর্বাধিক ৩০০ গজ লম্বা ও ২০০ গজ চওড়া হয়।

প্রঃ (১৮২) প্রথম আন্তর্জাতিক নৌবাইচ প্রতিযোগিতা কবে কোন দেশে হয়েছিল ?

উঃ ১৮৩৯ সালে ইংলণ্ডে।

প্রঃ (১৮৩) কবে কোন অলিম্পিকে নৌবাইচ প্রতিযোগিতা প্রথম অন্তর্ভুক্ত হয়েছিল ?

উঃ ১৯০০ সালের প্যারিস অলিম্পিকে।

প্রঃ (১৮৪) গলফ খেলাতে প্রমাণ সাইজের মাঠে সাধারণতঃ কটা গর্ত থাকে?

উঃ ১৮টা।

প্রঃ (১৮৫) খেলাধুলায় ভারতে অর্জুন পুরস্কার প্রবর্তন করা হয় কোন বছর এবং কারা দিয়ে থাকে?

উঃ ১৯৬১ সালে। ভারত সরকার ক্রীড়াক্ষেত্রে উল্লেখযোগ্য ব্যক্তিত্বকে এই পুরস্কার দিয়ে থাকেন।

প্রঃ (১৮৬) ওয়াটার পোলো খেলাতে প্রতিটি দলে কতজন খেলোয়াড় থাকেন?

উঃ ৭ জন।

প্রঃ (১৮৭) ১৮৯৬ সালে আধুনিক অলিম্পিকের প্রতিষ্ঠা করেন কে?

উঃ ব্যারন পিয়েরে দ্য কুবার্তিন।

প্রঃ (১৮৮) আইস হকি খেলার উৎপত্তি কোন দেশ থেকে?

উঃ কানাডা। অবশ্য সেখানে এই খেলাকে শুধু হকি খেলা বলা হয়।

প্রঃ (১৮৯) অলিম্পিকের পতাকায় নীল, হলদে, কালো, সবুজ ও লাল এই পাঁচটা রঙের ৫টা বলয় (রিং) আছে, তা কিসের প্রতিনিধি এবং ঐ রঙগুলো বাছা হয়েছে কেন?

উঃ পাঁচটা মহাদেশের প্রতিনিধি। পাঁচটা রঙের মধ্যে অন্ততঃ একটা রঙ প্রতিটা দেশের পতাকায় থাকে। বলয়গুলি পরস্পরের সঙ্গে সংযুক্ত। দেশগুলির পরস্পরের মধ্যে সম্পর্কের এটা প্রতীক।

প্রঃ (১৯০) গলফ খেলার উৎপত্তি কোন দেশ থেকে?

উঃ স্কটল্যাণ্ড।

প্রঃ (১৯১) কানাডার জাতীয় ক্রীড়া কোনটা?

উঃ ল্যাক্রোশ। লাঠির মাথায় জাল থাকে প্রত্যেক খেলোয়াড়ের।

প্রঃ (১৯২) সল্ট লেক ষ্টেডিয়াম বা যুবভারতী ক্রীড়াঙ্গন কোথায়?

উঃ কলকাতায়।

প্রঃ (১৯৩) জওহরলাল নেহেরু ষ্টেডিয়াম কোথায়?

উঃ নতুন দিল্লীতে।

প্রঃ (১৯৪) ওয়াংখেড়ে ষ্টেডিয়াম কোথায়?

উঃ বোম্বাই।

প্রঃ (১৯৫) নেহরু ষ্টেডিয়াম কোথায় ?

উঃ মাদ্রাজ।

প্রঃ (১৯৬) ব্যাবোর্ণ ষ্টেডিয়াম ভারতের কোন জায়গায় ?

উঃ বোম্বাই।

প্রঃ (১৯৭) বাববাটি ষ্টেডিয়ামটা কোথায় ?

উঃ কটকে ।

প্রঃ (১৯৮) কানপুরে যে ষ্টেডিয়ামটা রয়েছে তার নাম কি ?

উঃ গ্রীনপার্ক।

প্রঃ (১৯৯) শিবাজী হকি ষ্টেডিয়ামটা কোথায় ?

উঃ নতুন দিল্লী।

প্রঃ (২০০) নেতাজী ইনডোর ষ্টেডিয়াম কোথায় ?

উঃ কলকাতায়।

প্রঃ (২০১) কিনান ষ্টেডিয়াম কোথায় ?

উঃ জামসেদপুর।

প্রঃ (২০২) জিয়াং জিংলিং বিশ্ববিখ্যাত টেবিল টেনিস খেলোয়াড়। তিনি কোন দেশের লোক ?

উঃ চীন।

প্রঃ (২০৩) আইভান লেন্ডাল কে ?

উঃ চেকোশ্লাভাকিয়ার বিশ্ববিখ্যাত টেনিস খেলোয়াড়।

প্রঃ (২০৪) মার্টিনা নাভ্রাতিলোভা কোন দেশের হয়ে মেয়েদের টেনিসে অংশ নেন ?

উঃ মার্কিন যুক্তরাষ্ট্রের।

প্রঃ (২০৫) জন ম্যাকেনরো কে ?

উঃ বিশ্ববিখ্যাত মার্কিন টেনিস খেলোয়াড়।

প্রঃ (২০৬) বিশ্ববিখ্যাত টেনিস খেলোয়াড় ম্যাটস উইল্যান্ডের কোন দেশের লোক ?

উঃ সুইডেন।

প্রঃ (২০৭) ক্রীস এভার্ট লয়েড কে ?

উঃ টেনিসের মহিলা খেলোয়াড়। ইনি মার্কিন যুক্তরাষ্ট্রের।

প্রঃ (২০৮) ভারতের বিখ্যাত একজন টেনিস খেলোয়াড়ের নাম কি ?

উঃ রমেশ কৃষ্ণান।

প্রঃ (২০৯) ইন্দু পুরী কে ?

উঃ ভারতের মহিলা টেবিল টেনিস খেলোয়াড়।

প্রঃ (২১০) নন্দন বল কে ?

উঃ ভারতের খ্যাতনামা টেনিস খেলোয়াড়।

প্রঃ (২১১) ফ্রি স্টাইল, বাটারফ্লাই কথাগুলি কোন খেলার সংগে যুক্ত ?

উঃ সাঁতার।

প্রঃ (২১২) ফ্রি কিক, পেনাল্টি কথাগুলি কোন খেলার সঙ্গে যুক্ত ?

উঃ ফুটবল ও হকির সঙ্গে।

প্রঃ (২১৩) গুগলী, আউট সুইং, ইন সুইং, ফলো অন, লেগ বাই, সিলি পয়েণ্ট, কভার পয়েণ্ট-কথাগুলি কোন খেলার সঙ্গে যুক্ত ?

উঃ ক্রিকেট।

প্রঃ (২১৪) ডায়মণ্ড, ডামি, রাফ, লিটল স্লাম-কথাগুলি কোন খেলার সঙ্গে যুক্ত ?

উঃ ব্রিজ খেলা।

প্রঃ (২১৫) টমাস কাপের খেলার কথা প্রায়ই শোনা যায়। এটা কোন খেলার সঙ্গে যুক্ত ?

উঃ ব্যাডমিণ্টান

প্রঃ (২১৬) আগাখান কাপ কোন খেলার সঙ্গে যুক্ত ?

উঃ হকি।

প্রঃ (২১৭) লণ্ডনের উইম্লে ষ্টেডিয়ামে কোন খেলা হয়ে থাকে ?

উঃ ফুটবল।

প্রঃ (২১৮) জাপানের জাতীয় ক্রীড়া কোনটা ?

উঃ জুডো।

প্রঃ (২১৯) রামানুজম ট্রফি কোন খেলার সঙ্গে যুক্ত ?

উঃ টেবিল টেনিস।

প্রঃ (২২০) বেটন কাপ কোন খেলার সঙ্গে যুক্ত ?

উঃ হকি।

প্রঃ (২২১) মার্কিন যুক্তরাষ্ট্রের জাতীয় খেলা কোনটা ?

উঃ বেসবল।

প্রঃ (২২২) ভারতের জাতীয় খেলা কি ?

উঃ হা-ডু-ডু।

প্রঃ (২২৩) ১৯৮৭ সালে বেটন কাপ হকিতে কোন দল বিজয়ী হয়েছে এবং কাকে ফাইন্যালে হারিয়েছে ?

উঃ বি, এন, আর। ২২ শে এপ্রিল ফাইন্যালে তারা ইষ্টবেঙ্গলকে ২—১ গোলে পরাজিত করে।

প্রঃ (২২৪) ১৯৮৭ সালে সন্তোষ ট্রাফি ফুটবলে বিজয়ী হয় কোন দল ? ফাইন্যালে সেই দল কাকে কত গোলে পরাজিত করেছে ?

উঃ বাংলা দল। ফাইন্যালে তারা রেলওয়েকে ২—০ গোলে পরাজিত করে।

প্রঃ (২২৫) ১৯৮৭ সালে লণ্ডনে উইম্বলডন টেনিসে মহিলাদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হন কে এবং তিনি কাকে পরাজিত করেন ?

উঃ মার্টিনা নাভ্রাতিলোভা। তিনি ফাইন্যালে পরাজিত করেন জার্মানীর স্টেফি গ্রাফকে ৭—৫ ৬—৩ গেমে।

প্রঃ (২২৬) মার্টিনা নাভ্রাতিলোভা মোট কবার ও কোন কোন বছর কাকে হারিয়ে উইম্বলডন টেনিসে বিজয়িনীর খেতাব পান ?

উঃ ১৯৮৭ সাল পর্যন্ত ৮ বার জেতেন। ১৯৭৮ সালে ক্রিস এভার্টকে (২—৬,৭—৪,৭—৫), ৭৯ সালে ক্রিস এভার্টকে (৬—৪,৬—৪) ৮২ সালে ক্রিস এভার্টকে (৬—১,৩—৬,৬—২), ৮৩ সালে আন্দ্রিয়া জেগারকে (৬—০,৬—৩), ৮৪ সালে ক্রিস এভার্টকে (৭—৬,৬—২) ৮৫ সালে ক্রিস এভার্টকে (৪—৬,৬—৩,৬—২), ৮৬ সালে হানা মাণ্ডলিকোভাকে (৭-৬,৬-৩) এবং' ৮৭ সালে স্টেফি গ্রাফকে (৭—৫,৬—৩) পরাজিত করেন।

প্রঃ (২২৭) ১৯৮৭ সালে উইম্বলডন টেনিসে পুরুষদের সিঙ্গলসে বিজয়ী হন কে ?

উঃ অস্ট্রেলিয়ার প্যাট ক্যাশ। ফাইন্যালে তিনি হারান ইভান লেণ্ডলকে (৭—৬,৬—২,৭—৫)।

খেলার প্রশ্ন

(উত্তর প্রশ্নের শেষে)

প্রঃ (১) টেস্ট জীবনে অভিষেকে সময় তাঁর প্রথম ওভারেই উইকেট পেয়েছেন কোন্ ভারতীয় বোলার ?

প্রঃ (২) কোন্ টেস্ট ক্রিকেটার একই টেস্টে হাজার রান ও ১০০ উইকেট নেওয়ার কৃতিত্ব দেখান ?

প্রঃ (৩) প্রুডেনশিয়াল কাপে একজন উইকেট-রক্ষক 'ম্যান অব দ্য ম্যাচে'র সম্মান পান। তিনি কে ?

প্রঃ (৪) ফুটবলের ইতিহাসে রেফারি শব্দটা কোন সালে থেকে চালু হয় ?

প্রঃ (৫) কলকাতায় অনুষ্ঠিত প্রথম হকি প্রতিযোগিতা কোন্‌টি ?

প্রঃ (৬) কোন্ দেশকে হারিয়ে ভারত প্রথম অলিম্পিক হকিতে স্বর্ণপদক লাভ করে ?

প্রঃ (৭) গাভাসকার প্রথম বলে প্রথম কোন টেস্টে আউট হয়েছেন ?

প্রঃ (৮) এক ইনিংসে সর্বাধিক অতিরিক্ত রাণ কত ?

প্রঃ (৯) কোন্ দুই বোন উইম্বলডন টেনিস ফাইন্যালে পরস্পরের বিরুদ্ধে প্রতি-দ্বন্দ্বিতা করেন ?

প্রঃ (১০) প্রথম এশিয়ান গেমসে মশাল বাহক কে ছিলেন ?

প্রঃ (১১) ভারতীয় ফুটবল দলের প্রথম অলিম্পিক অধিনায়ক কে ?

প্রঃ (১২) ভারতের সর্বপ্রথম ফুটবল ক্লাব কোন্‌টি ?

প্রঃ (১৩) মেক্সিকো '৮৬ বিশ্বকাপ ফুটবলে মোট ক'টা ম্যাচ সংগঠিত হয়েছিলেন ?

প্রঃ (১৪) পাতিয়ালায় ন্যাশনাল ইনস্টিটিউট অফ স্পোর্টস কোন সালে কাজ শুরু করেছিল ?

প্রঃ (১৫) পর পর পাঁচটি টেস্টে শতরাণ করার কৃতিত্ব কার ?

প্রঃ (১৬) গোল না খেয়ে কলকাতার প্রথম ডিভিসন লীগ ফুটবলে চ্যাম্পিয়ন হয়েছে কোন্ দল ?

প্রঃ (১৭) কোন ভারতীয় প্রথম আন্তর্জাতিক হকি আম্পায়ার নির্বাচিত হন ?

প্রঃ (১৮) প্রাচীনকালে টেবিল টেনিসের নাম কী ছিল ?

প্রঃ (১৯) জাতীয় ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে এই প্রস্তাব কোথায় নেওয়া হয়েছিল এবং কবে ?

প্রঃ (২০) বাংলা অতীতে কী নামে প্রতিযোগিতায় অংশ নিত ?

প্রঃ (২১) জাতীয় ফুটবলের উদ্বোধনী বছরে কোন দল চ্যাম্পিয়ন হয়েছিল ?

প্রঃ (২২) বিশ্বকাপ ফুটবলের ইতিহাসে সর্বপ্রথম গোল করেন কে ?

প্রঃ (২৩) 'গ্রেট ক্রিকেটার' বইটি কোন্ ক্রিকেটারের জীবনের ওপর লেখা হয়েছে ?

প্রঃ (২৪) কার লেখা আত্মজীবনীর নাম 'গোল' ?

প্রঃ (২৫) 'ক্রিকেট ডিনাইটফুল' কার লেখা আত্মজীবনীর নাম ?

প্রঃ (২৬) স্যার গ্যারি সোবার্স একটি উপন্যাস লিখেছেন। সেটির নাম কি ?

প্রঃ (২৭) স্যার গ্যারি সোবার্স ওয়েস্ট ইণ্ডিজ ক্রিকেটের ইতিহাস নিয়ে একটি বই যুগ্মভাবে সম্পাদনা করেছেন। বইটির নাম কি ?

প্রঃ (২৮) ক্রিকেট নিয়ে একটি বই 'ক্রিকেট পাঞ্চ'। লেখকের নামটি কি ?

প্রঃ (২৯) ক্রিস এভার্ট লয়েডের জীবন নিয়ে 'লয়েড অন লয়েড' বইটি লিখেছেন ব্রিটিশ প্রধানমন্ত্রী মার্গারেট থ্যাচারের কন্যা। তাঁর নাম কি ?

প্রঃ (৩০) রোহন কানহাইয়ের লেখা বইটির নাম কি ?

প্রঃ (৩১) 'দ্য গোল্ডেন হ্যাটট্রিক' কার লেখা আত্মজীবনীর নাম ?

প্রঃ (৩২) 'গিনেস বুক অব ওয়ার্ল্ড' রেকর্ডের সবশেষ সংস্করণে সুনীল গাভাস্কার ছাড়াও আরও কোন্ দু'জন ভারতীয় ক্রীড়াবিদ স্থান পেয়েছেন ?

প্রঃ (৩৩) ১১০ মিটার ও ৪০০ মিটার হার্ডলসে মোট ক'টি হার্ডল থাকে ?

প্রঃ (৩৪) পায়ে লেগে হার্ডলস পড়ে গেলে প্রতিযোগীর কি শাস্তি হবে ?

প্রঃ (৩৫) ম্যারাথনের দূরত্ব কত ?

প্রঃ (৩৬) কে প্রথম ১০ সেকেণ্ডের মধ্যে ১০০ মিটার রেস দৌড়েছিলেন ?

প্রঃ (৩৭) পৃথিবীর সবচেয়ে পুরনো ফুটবল ক্লাবের নাম কি ?

প্র০ (৩৮) প্রথম কোন্ মার্কিন মহিলা ওলিম্পিক-জিমনাস্টিক্সে সোনা জিতেছেন ?

প্রঃ (৩৯) প্রথম কোন্ অধিনায়ক টসে জিতে প্রতিপক্ষকে ব্যাট করতে পাঠিয়েছিলেন ?

প্রঃ (৪০) পেনাল্টি কিক সোজা না মেরে আড়াআড়ি বা পিছন দিকে মারা যায় কি ?

প্রঃ (৪১) রবি শাস্ত্রী টেস্ট ক্রিকেটে প্রথম কার উইকেটটি পেয়েছিলেন ?

প্রঃ (৪২) ভারতের জাতীয় হকি চ্যাম্পিয়ান দলকে যে কাপটি দেওয়া হয় তার নাম কি ?

প্রঃ (৪৩) টেস্ট ক্রিকেটে কে সবচাইতে তাড়াতাড়ি ১০০ রান করেছিলেন ?

প্রঃ (৪৪) টেস্ট ক্রিকেটে কে সবচাইতে তাড়াতাড়ি ৫০ রান করেছিলেন ?

প্রঃ (৪৫) প্রথম শ্রেণীর ক্রিকেটে কোন এশীয় ব্যাটসম্যান প্রথম ১০০টি সেঞ্চুরি করেন ?

প্রঃ (৪৬) ওয়েস্ট ইণ্ডিজ দলের কোন খেলোয়াড় প্রথম শ্রেণীর ম্যাচে একদিনে প্রথম তিনশোর বেশি রান করেন ?

প্র (৪৭) কলকাতার ইডেন উদ্যানে কবে কোন দলের বিরুদ্ধে ভারতের প্রথম টেস্ট খেলা হয় ?

প্রঃ (৪৮) ক্রিকেটে 'কিং পেয়ার' বলতে কী বোঝায় ?

প্রঃ (৪৯) রঞ্জি ট্রফিতে প্রথম শতরান কে করেছেন ?

প্রঃ (৫০) কোন অলিম্পিকে হকিতে ভারতের বিপক্ষে কোন গোল হয়নি ?

প্রঃ (৫১) প্রথম এশিয়ান গেমসে ভারত ক'টি স্বর্ণপদক পেয়েছিল ?

প্রঃ (৫২) বাবা, ছেলে ও নাতির অলিম্পিক পদক জয়ের নজির আছে। সেটি কোন্‌টি ?

প্রঃ (৫৩) টেস্টে আবির্ভাবেই ৫ বলে হ্যাটট্রিকসহ ৪ উইকেট দখল করতে পেরেছেন মাত্র একজন ক্রিকেটারই। তাঁর নাম কি ?

প্রঃ (৫৪) টেস্টে আবির্ভাবে কে প্রথম একই টেস্টে শূন্য রান ও সেঞ্চুরি করেছিলেন ?

প্রঃ (৫৫) কে প্রথম এক ক্যালেণ্ডার-বর্ষে ১০০০ রান করেছিলেন ?

প্রঃ (৫৬) প্রথম ট্রিপল্ সেঞ্চুরি বা তিনশো রান করেছিলেন যিনি, তাঁর নাম কি ?

প্রঃ (৫৭) কে প্রথম টেস্টের প্রথম দিনেই লাঞ্চের আগে সেঞ্চুরি করেছিলেন ?

প্রঃ (৫৮) কে প্রথম পর পর তিনটি টেস্টে ১৫০ রানেরও বেশি করার রেকর্ড করেছেন ?

প্রঃ (৫৯) যিনি টেস্টে সেঞ্চুরি ও দশ উইকেট দখলের রেকর্ড গড়েছেন, তাঁর নাম কী ?

প্রঃ (৬০) টেস্ট সিরিজে আজ পর্যন্ত সবচেয়ে বেশি উইকেট দখল করেছেন কোন ক্রিকেটার ?

প্রঃ (৬১) সবচেয়ে বেশি বয়সে প্রথম টেস্ট খেলেছেন কোন্ ভারতীয় ?

[খেলার উত্তর]

উঃ (১) মনোহর হার্ডিকার ও ভি. ভি কুমার। ১৯৫৮-৫৯ সালে বোম্বাইতে হার্ডিকার তৃতীয় বলে ওয়েস্ট ইন্ডিজের রোহন কানহাইকে আউট কবেন। কুমার ১৯৬০-৬১ সালে ষষ্ঠ বলে আউট করেন পাকিস্তানের ইমতিয়াজ আহমেদকে।

উঃ (২) ২৫তম টেস্টে ভারতের অধিনায়ক কপিলদেব।

উঃ (৩) জিম্বাবোয়ের ডেভিড হাউটন।

উঃ (৪) ১৮৯১ সাল থেকে।

উঃ (৫) বাইটন কাপ।

উঃ (৬) হল্যান্ডকে হারিয়ে।

উঃ (৭) ইংল্যান্ডের বিপক্ষে বার্মিংহাম টেস্টে।

উঃ (৮) ৭৪ রান (বাই ৫৪, লেঃ বাই ১৬, ওয়াইড ১, নো বল ৩)। ১৯০৯-১০ সালে বৃটিশ গায়নার সঙ্গে শেপডিস একাদশের খেলায় ৫২৯ রাণের ইনিংস।

উঃ (৯) ১৮৮৪ সালে মাউড ও লিলিয়ান ওয়াটসন।

উঃ (১০) ব্রিগেডিয়ার দলীপ সিং।

উঃ (১১) ডাঃ টি আও।

উঃ (১২) কলকাতার ডালহৌসী ক্লাব (১৮৭৮ সাল)।

উঃ (১৩) মোট ২৪টি দেশকে নিয়ে ৫২টি ম্যাচ খেলা হয়েছিল।

উঃ (১৪) ১৯৬১ সালে প্রতিষ্ঠানের কার্যক্রম শুরু হয়।

উঃ (১৫) ওয়েস্ট ইন্ডিজের ইভার্টন উইকস-এর। ১৯৪৭-৪৮ সালে ইংল্যান্ডের বিরুদ্ধে প্রথমটি এবং ১৯৪৮-৪৯ সালে ভারতের বিপক্ষে পর পর চারটি শতরান করেন।

উঃ (১৬) ১৯০১ সালে রয়েল আইরিস রাইফেল ক্লাব ও ১৯৭২ সালে ইস্টবেঙ্গল।

উঃ (১৭) পাঞ্জাবের স্বামী জাগাননাথ।

উঃ (১৮) পিং-পং।

উঃ (১৯) ১৯৪১ সালে ২৭ শে জানুয়ারি বোম্বাই-এর ব্রাবোর্ণ স্টেডিয়াম ক্রিকেট ক্লাব অব ইন্ডিয়ার সভাগৃহে ফেডারেশনের সভায় এবং চূড়ান্ত সভায় সিদ্ধান্ত নেওয়া হয় যে চলতি বছর থেকে ঐ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

উঃ (২০) আই. এফ. এ-র দল হিসেবে প্রতিযোগিতায় অংশ নিত।

উঃ (২১) ফাইনালে আই. এফ. এ অনায়াসে ৫-১ গোলে দিল্লীকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়।

উঃ (২২) ফ্রান্সের লরেঁ। ১৯৩০ সালের ১৩ই জুলাই মেক্সিকোর বিরুদ্ধে এই গোলটি তিনি করেন।

উঃ (২৩) ডব্লু. জি. গ্রেস।

উঃ (২৪) ধ্যানচাঁদ।

উঃ (২৫) এস. মুস্তাক আলি।

উঃ (২৬) 'বোনাভেঞ্চার অ্যান্ড দি ফ্লাসিং ব্লেড'।

উঃ (২৭) 'ক্রিকেট ইন দি সান'।

উঃ (২৮) ফ্রাঙ্ক ওরেল।

উঃ (২৯) ক্যারল থ্যাচার।

উঃ (৩০) 'ব্লাস্টিং ফর রানস'।

উঃ (৩১) বলবীর সিং (সিনিয়র)।

উঃ (৩২) মাইকেল ফেরেরা (বিলিয়ার্ড) ও এম. এ. এম. রামস্বামী (ঘোড়দৌড়)।

উঃ (৩৩) ১০টি।

উঃ (৩৪) কোনও শাস্তিই হবে না। তবে ইচ্ছাকৃতভাবে হাত দিয়ে হার্ডল সরিয়ে দিলে বাতিল করা হবে।

উঃ (৩৫) ২৬ মাইল ও ৩৮৫ গজ অথবা ৪২·১৯ কিলোমিটার।

উঃ (৩৬) আরমিন হ্যারি (জার্মানি)।

উঃ (৩৭) শেফিল্ড ক্লাব (ইংল্যাণ্ড)।

উঃ (৩৮) মেরি লো বেটন।

উঃ (৩৯) জর্জ গিফেন। ১৮৯৪-৯৫ সিরিজে মেলবোর্নে অস্ট্রেলিয়া বনাম ইংল্যাণ্ডের খেলায় টসে জিতে ইংল্যাণ্ডকে ব্যাট করতে পাঠিয়েছিলেন।

উঃ (৪০) না। পেনাল্টি কিক সোজাই মারতে হবে।

উঃ (৪১) নিউজিল্যাণ্ডের কোনিব উইকেটটি।

উঃ (৪২) রঙ্গস্বামী কাপ।

উঃ (৪৩) অস্ট্রেলিয়ার জে. এম. গ্রেগরি।

উঃ (৪৪) ইংল্যাণ্ডের জে. টি. ব্রাউন।

উঃ (৪৫) পাকিস্তানের জাহির আব্বাস।

উঃ (৪৬) ভিভ রিচার্ডস।

উঃ (৪৭) ১৯৩৪ সালের ৫ই জানুয়ারী ইংলণ্ডের বিরুদ্ধে খেলা হয়।

উঃ (৪৮) প্রথম বলেই 'শূন্য' রানে উভয় ইনিংসে আউট হওয়ার ঘটনাকে।

উঃ (৪৯) ১৯৩৩-৩৪ সালে মাদ্রাজের বিপক্ষে হায়দ্রাবাদের এস. এম. হাদির অপরাজিতভাবে ১৩২ রান করেন।

উঃ (৫০) ২টি অলিম্পিকে। ১৯২৮ সালে আমস্টারডামে ও ১৯৫৬ সালে মেলবোর্নে।

উঃ (৫১) দশটি সোনার পদক পেয়েছিল ভারত।

উঃ (৫২) ইউজেনে লুণ্ডে (১৯২৪), পিটার লুণ্ডে (১৯৫২) ও পিটার লুণ্ডে সুন্দীয়র (১৯৬০) ইয়ারচিং-এ।

উঃ (৫৩) এম. জে. সি. অ্যালম (ইংল্যাণ্ড) নিউজিল্যাণ্ডের বিরুদ্ধে ১৯২৯-৩০ সিরিজে।

উঃ (৫৪) বিল মারডক (অস্ট্রেলিয়া) ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৮৮০ সালে।

উঃ ৫৫) ক্লেম হিল। ১৯০২ সালে ৩২ টেস্টে ১০৬০ রান।

উঃ ৫৬) অ্যান্ডি সানধাম (ইংল্যান্ড) ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে ১৯২৯-৩০ সিরিজে।

উঃ ৫৭) ভিক্টর ট্রাম্পার (অস্ট্রেলিয়া) ইংল্যান্ডের বিরুদ্ধে ১৯০২ সালে।

উঃ ৫৮ পাকিস্তানের জাহির আব্বাস ভারতের বিরুদ্ধে ১৯৮২-৮৩ সিরিজে।

উঃ ৫৯) ইয়ান বথাম (ইংল্যান্ড) ভারতের বিরুদ্ধে ১৯৭৯-৮০ সিরিজে।

উঃ ৬০) এস. এফ. বার্নেস (ইংল্যান্ড) ৪ টেস্টে ৪৯ উইকেট। দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে ১৯১৩-১৪ সিরিজে।

উঃ ৬১) আর. জে. ডি. জামসেদজি। ৪১ বছর ২৭ দিনে জীবনের প্রথম টেস্ট খেলেছিলেন।

[কোন খেলার কি ট্রফি]

বেটন কাপ—হকি (কলকাতা)

দলীপ ট্রফি—ক্রিকেট

ডুরান্ড কাপ—ফুটবল

আই. এফ. এ. শীল্ড—ফুটবল (কলকাতা)

রঙ্গস্বামী কাপ—জাতীয় হকি চ্যাম্পিয়নশীপ

রোভার্স কাপ—ফুটবল

সুব্রত মুখার্জী কাপ—ফুটবল (আন্তঃ বিশ্ববিদ্যালয়)

ধ্যানচাঁদ ট্রফি—হকি

ইরানী কাপ—ক্রিকেট

ওবেদুল্লা গোল্ড কাপ—হকি

রাধামোহন কাপ—পোলো

সন্তোষ ট্রফি—জাতীয় ফুটবল প্রতিযোগিতা (ভারত)

শীষমহল ট্রফি—ক্রিকেট

রণজি ট্রফি—জাতীয় ক্রিকেট প্রতিযোগিতা (ভারত)

রামানুজন ট্রফি—টেবিল টেনিস (জুনিয়র বালক)

রাজকুমারী কাপ—টেবিল টেনিস (জুনিয়র বালিকা)
নাগজী ট্রফি—ফুটবল
পৃথিবিসিং কাপ—পোলো
মৈনুদ্দৌলা গোল্ড কাপ—ক্রিকেট
মুরুগাপ্পা গোল্ড কাপ—হকি
নেহরু ট্রফি—হকি
নিজাম গোল্ড কাপ—ফুটবল
রামনিবাস রুইয়া চ্যালেঞ্জ গোল্ড কাপ—ব্রীজ
ডাঃ বি. সি. রায় ট্রফি—জাতীয় ফুটবল (জুনিয়র)
বর্দ্ধমান ট্রফি—ভারোত্তলন
লেডি রতন টাটা ট্রফি—হকি (মহিলা)
ডি. সি. এম. ট্রফি—ফুটবল
ইলিয়ড শীল্ড—ফুটবল
ইরানী ট্রফি—ক্রিকেট
পিয়ারলেস ট্রফি—ফুটবল
দেওধর ট্রফি—ক্রিকেট
এফ. এ. কাপ—ফুটবল
শেফিল্ড শীল্ড—ক্রিকেট
রথম্যান কাপ—ক্রিকেট
বেনসন এ্যান্ড হেজেস কাপ—ক্রিকেট
সিন্ধিয়া গোল্ড কাপ—হকি
কিংস কাপ—লন টেনিস (সুইডেনের রাজা এই ট্রফি দান করেন)
আগা খান টুর্ণামেন্ট ট্রফি—হকি
মারসেল করবিলিয়ন কাপ—টেবিল টেনিস
অ্যাশেস—ক্রিকেট (অস্ট্রেলিয়া ও ইংলণ্ড)
কিংস কাপ—বিমান চালনা (ইংলণ্ড)
আগা খান কাপ—হকি
বিশ্বকাপ—ক্রিকেট
বিশ্বকাপ—ফুটবল
বিশ্বকাপ—হকি

উইম্বলডন ট্রফি—লন টেনিস

মারডেকা—ফুটবল (এশিয়া)

উবের কাপ—বিশ্ব ব্যাডমিণ্টান (মহিলা)

টমাস কাপ—বিশ্ব ব্যাডমিণ্টান

সোয়েথলিং কাপ—বিশ্ব টেবিল টেনিস (পুরুষ)

প্রিন্স অফ ওয়েলস কাপ গলফ (ইংলণ্ড)

উথাণ্ট কাপ—টেনিস

বেজার কাপ গলফ (ইংলণ্ড)

গ্রাঁ প্রি—টেনিস

টুঙ্কু আবদুল রহমান কাপ—এশীয় ব্যাডমিণ্টান

ওয়েস্ট চেষ্টার কাপ—পোলো (ইংলণ্ড)

ডেভিস কাপ—লন টেনিস

করবিলন কাপ—বিশ্ব টেবিল টেনিস (মহিলা)

কলম্বো কাপ—ফুটবল ভারত, পাকিস্তান, শ্রীলঙ্কা, বার্মা)

জুলে রিমে ট্রফি—ফুটবল (বিশ্ব)

ডার্বি—ঘোড়দৌড় (ইংলণ্ড)

কানাডা কাপ—গলফ (বিশ্ব চ্যাম্পিয়ন)

আমেরিকান কাপ—ইয়াট চালনা প্রতিযোগিতা

ওয়াকার কাপ—গলফ (ইংলণ্ড)

আয়াটম্যান কাপ—লন টেনিস (মার্কিন যুক্তরাষ্ট্র ও ইংলণ্ডের মহিলাদের)

এশিয়ান কাপ—ফুটবল

এজরা কাপ—পোলো

জীবজন্তু বিষয়ক ক্যুইজ

প্রঃ (১) কোন প্রাণী ঝুলন্ত অবস্থায় ঘুমায় ?

উঃ বাদুড়।

প্রঃ (২) কোন জায়গায় প্রত্যেক মানুষের হাতে ও পায়ে ৭টা করে আঙ্গুল আছে ?

উঃ স্পেনের মাদ্রিদ শহরের থেকে দূরে 'ফেরভরা ডিরুইটাসে' নামে গ্রামে পুরুষ ও মহিলা প্রত্যেকের হাতে ও পায়ে ৭টা করে আঙ্গুল আছে।

প্রঃ (৩) বড় বড় লোমওয়ালা ব্যাঙ কোথায় দেখা যায় ?

উঃ পশ্চিম আফ্রিকায়। সেখানকার কোনো কোনো অঞ্চলে এমন এক ধরনের ব্যাঙ দেখা যায় যাদের গায়ে ও পায়ের কাছে বড় বড় লোম আছে ?

প্রঃ (৪) আলপাকা কি ?

উঃ দক্ষিণ আমেরিকার মেষ জাতীয় এক রকম জন্তু। এদের গায়ে উজ্জ্বল লোম আছে। এই লোম দিয়ে বোনা কাপড়কে আলপাকা বলে।

প্রঃ (৫) সবচেয়ে বড় পাখী কোনটা ?

উঃ উটপাখী।

প্রঃ (৬) কোন পাখী এক নাগাড়ে বেশীক্ষণ উড়তে পারে ?

উঃ পায়রা।

প্রঃ (৭) কস্তুর কি ?

উঃ দক্ষিণ আমেরিকার এক রকমের শিকারী পাখী।

প্রঃ (৮) কোন পাখীর ডিম সবচেয়ে বড় ?

উঃ উটপাখীর।

প্রঃ (৯) কোন প্রাণী ডাকতে পারে না ?

উঃ জিরাফ।

প্রঃ (১০) এমু কি ?

উঃ অস্ট্রেলিয়ায় দ্রুত ধাবমান এক ধরণের পাখী।

প্রঃ (১১) কালো রাজহাঁস কোথায় পাওয়া যায় ?

উঃ অস্ট্রেলিয়ায়।

প্রঃ (১২) মৌমাছির কটা চোখ ?

উঃ পাঁচটা। দূরের জিনিষ দেখার জন্য মাথার দুপাশে দুটি চোখ থাকে। কাছের জিনিষ দেখার জন্য আরো তিনটি চোখ মাথার ওপর সাজানো।

প্রঃ (১৩) মানুষের শরীরে কটা পেশী আছে ?

উঃ ৬৪৯ টা।

প্রঃ (১৪) কোন কোন প্রাণী রঙের তারতম্য বুঝতে পারে ?

উঃ মানুষ এবং বাঁদর। এছাড়া অন্য কোনো প্রাণী রঙের তারতম্য বুঝতে পারে না।

প্রঃ (১৫) মানুষের হাতের কোন আঙুলের নখ সবচেয়ে তাড়াতাড়ি বাড়ে এবং কোন আঙুলের নখ সবচেয়ে ধীরে বাড়ে ?

উঃ হাতের মাঝের আঙুলের নখ দ্রুত বাড়ে এবং কড়ে আঙুলের নখ সবচেয়ে ধীরে বাড়ে।

প্রঃ (১৬) চোখ খোলা রেখে কেউ কি কখনো হাঁচতে পারে ?

উঃ না।

প্রঃ (১৭) একজন মানুষ আলাদা আলাদাভাবে কটা গন্ধযুক্ত দ্রব্যের স্বাদ অনুভব করতে পারে ?

উঃ ১০ হাজার দ্রব্যের।

প্রঃ (১৮) গণ্ডারের শিং হাড় দিয়ে তৈরী কি ?

উঃ না। এটা এক ধরণের চুল দিয়ে তৈরী।

প্রঃ (১৯) সবচেয়ে সাধারণ অসুখ, অথচ অধিকাংশ মানুষই এই রোগে ভোগেন। রোগটার নাম কি ?

উঃ দাঁতের ক্ষয়রোগ।

প্রঃ (২০) বাদুড়ের ডিমের রং কি ?

উঃ বাদুড় ডিম পাড়ে না। এরা স্তন্যপায়ী জীব।

প্রঃ (২১) কোন পতঙ্গের হাঁটুতে কান আছে ?

উঃ ফড়িং-এর।

প্রঃ (২২) পৃথিবীর সবচেয়ে বিষাক্ত মাছ কি ?

উঃ স্টোনফিস, প্রশান্ত মহাসাগরে এই মাছ দেখা যায়। এর পাখনার আঘাতে যে কোনো প্রাণীর মৃত্যু হতে পারে। পাখনাতে বিষ আছে।

প্রঃ (২৩) ডাঙ্গায় বসবাসকারী কোন প্রাণী সবচেয়ে দ্রুত ছুটতে পারে ?

উঃ চিতাবাঘ। শিকারী চিতাবাঘ ঘণ্টায় ৯৬ মাইল ও তার বেশী বেগে ছুটতে পারে।

প্রঃ (২৪) সরীসৃপ প্রাণীদের মধ্যে সবচেয়ে মন্থরগামী কোনটি ?

উঃ কচ্ছপ। এরা প্রতি মিনিটে মাত্র ৫ গজ চলতে পারে।

প্রঃ (২৫) কোন পাখী কখনো বাসা বাঁধে না ?

উঃ কোকিল।

প্রঃ (২৬) কোন শিকারী পাখী অত্যুচ্চ স্থানে বাসা বাঁধে ?

উঃ ঈগল।

প্রঃ (২৭) মরোক্কা লেদার নামে বিশেষ পরিচিত চামড়া কোন প্রাণীর চামড়া ?

উঃ ছাগলের। মরোক্কো ও স্পেনের মুর জাতির লোকেরাই প্রথম এই চামড়া তৈরী করেন।

প্রঃ (২৮) ক্যাঙ্গারু কোন দেশের প্রাণী ?

উঃ অস্ট্রেলিয়া।

প্রঃ (২৯) গৃহপালিত কোন প্রাণী দাঁড়িয়ে ঘুমায় ?

উঃ ঘোড়া।

প্রঃ (৩০) কাদের চোখের পাতা তিনটে ?

উঃ উভচর ও সরীসৃপের।

প্রঃ (৩১) চোখ বন্ধ না করে কোন প্রাণী ঘুমায় ?

উঃ মাছ।

প্রঃ (৩২) কাকের বাসায় ডিম পাড়ে কোন পাখী ?

উঃ কোকিল।

প্রঃ (৩৩) কোন্ জলচর প্রাণীর ডিম হয় না বাচ্চা হয় ?

উঃ তিমির।

প্রঃ (৩৪) কোন্ জন্তুকে মরুভূমির জাহাজ বলা হয় ?

উঃ উটকে।

প্রঃ (৩৫) কোন্ জন্তুর চারটি পাকস্থলী আছে ?

উঃ গরুর।

প্রঃ (৩৬) উটের কুঁজে কি জল সঞ্চিত থাকে ?

উঃ না, চর্বি থাকে।

প্রঃ (৩৭) কোন্ জন্তু পেটের থলিতে বাচ্চা রাখে ?

উঃ ক্যাঙ্গারু।

প্রঃ (৩৮) জিরাফের লম্বা গলার অংশে কটা হাড় আছে ?

উঃ সাতটা।

প্রঃ (৩৯) সর্বাপেক্ষা দ্রুতগামী জলজন্তু কি ?

উঃ হাঙ্গর।

প্রঃ (৪০) কোন্ পাখী উড়তে পারে না ?

উঃ দক্ষিণ মেরুর পেঙ্গুইন পাখী।

প্রঃ (৪১) কোন্ পাখী সবচেয়ে ওপরে উড়তে পারে ?

উঃ ঈগল।

প্রঃ (৪২) কোন পাখীর কোনো পাখা নেই ?

উঃ কিউই পাখীর। এটা নিউজিল্যাণ্ডের পাখী।

প্রঃ (৪৩) পিঁপড়ের কটা পা থাকে ?

উঃ ৬ টা।

প্রঃ (৪৪) ব্যাঙাচি কাকে বলে ?

উঃ ব্যাঙের বাচ্চাকে।

প্রঃ (৪৫) কোন্ পাখী শান্তির দূত বলে চিহ্নিত ?

উঃ পায়রা।

প্রঃ (৪৬) কোন্ পতঙ্গ সবচেয়ে দ্রুত উড়তে পারে ?

উঃ মাছি। ঘণ্টায় সাড়ে ৫শো থেকে ৬শো মাইল।

প্রঃ (৪৭) কোন পাখী সর্বাপেক্ষা দ্রুতগামী ?

উঃ বাজ জাতীয় একরকম পাখী। ঘণ্টায় ১৬০-৮০ মাইল উড়তে পারে।

প্রঃ (৪৮) সবচেয়ে ছোট পাখীর নাম কি ?

উঃ হামিং বার্ড।

প্রঃ (৪৯) কোন্ মাছ উড়তে পারে ?

উঃ সমুদ্রের একপ্রকার উড়ুক্কু মাছ।

প্রঃ (৫০) বাঘের মাসী কোন প্রাণীকে বলা হয় ?

উঃ বিড়ালকে।

প্রঃ (৫১) মাকড়সার কটা চোখ ?

উঃ ৮টি।

প্রঃ (৫২) বানরের পা কটা ?

উঃ একটিও পা নেই সব কয়টি হাত।

প্রঃ (৫৩) কোন্ প্রাণীর দৃষ্টিশক্তি নেই ?

উঃ কেঁচো ও উইপোকার।

প্রঃ (৫৪) কোন্ প্রাণী পুরুষও নয় স্ত্রীও নয় ?

উঃ কেঁচো।

প্রঃ (৫৫) কোন্ মাছ ইলেক্‌ট্রিক শক দেয় ?

উঃ ইলেক্‌ট্রিক ঈল্ নামক একপ্রকার সাপের মত মাছ, এরা সমুদ্রের গভীরে থাকে।

প্রঃ (৫৬) সর্বাপেক্ষা বড় সামুদ্রিক পাখীর নাম কি ?

উঃ এ্যালব্যাট্রস। দক্ষিণ প্রশান্ত মহাসাগরে পাওয়া যায়।

প্রঃ (৫৭) কোন্ জন্তু সবচেয়ে বেশী খায় ?

উঃ হাতী, দৈনিক প্রায় সাড়ে তিনমণ।

প্রঃ (৫৮) কোন্ পশু আকারে ও ওজনে বড় ?

উঃ হাতী।

প্রঃ (৫৯) কোন্ জলচর প্রাণী সবচেয়ে বড় ?

উঃ তিমি।

প্রঃ (৬০) কোন্ জন্তুর চামড়া বেশী শক্ত ?

উঃ গণ্ডারের।

প্রঃ (৬১) কোন্ জন্তু নাক ও চোখ দিয়া নিশ্বাস ফেলে ?

উঃ হরিণ।

প্রঃ (৬২) সর্বাপেক্ষা বেশীদিন বাঁচে কোন্ প্রাণী ?

উঃ কচ্ছপ, বাঁচে প্রায় সাড়ে তিনশো বছর।

প্রঃ (৬৩) কোথায় বেশী সিংহ পাওয়া যায় ?

উঃ আফ্রিকার জঙ্গলে।

প্রঃ (৬৪) কোথায় বেশী গণ্ডার পাওয়া যায় ?

উঃ আসামের জঙ্গলে।

প্রঃ (৬৫) কোন বাঘ আকারে সবচেয়ে বড় ?

উঃ সুন্দরবনের 'রয়েল বেঙ্গল টাইগার'।

প্রঃ (৬৬) সর্বাপেক্ষা উচ্চ জন্তুর নাম কি ?

উঃ জিরাফ।

প্রঃ (৬৭) কোথায় সর্বাপেক্ষা বেশী কুমীর দেখা যায় ?

উঃ আফ্রিকায়।

প্রঃ (৬৮) কোন্ প্রাণীর চোখের পাতা নেই ?

উঃ মাছের।

প্রঃ (৬৯) কোন্ কীটের সংখ্যা পৃথিবীতে সর্বাপেক্ষা বেশী ?

উঃ পিঁপড়ার।

প্রঃ (৭০) সর্বাপেক্ষা বিষাক্ত সাপ কি ?

উঃ কেউটে, (মিশরের ক্ষুদ্রাকার অ্যাম্প)

প্রঃ (৭১) সর্বাপেক্ষা বড় সাপ কি ?

উঃ পাইথন। এরা ৩০ ফুটের মত লম্বা।

প্রঃ (৭২) পেঁচা রাত্রে বের হয় কেন ?

উঃ দিনের বেলায় সূর্যের আলোয় পেঁচার চক্ষুর তারা ভালভাবে প্রসারিত হয় না। রাত্রের অন্ধকারে প্রসারিত হয় এবং অনেক দূরের খাদ্যদ্রব্যও দেখতে পায়।

প্রঃ (৭৩) প্রবাল কি ?

উঃ লাল রঙের এক প্রকার সামুদ্রিক কীটের মৃতদেহ।

প্রঃ (৭৪) কোন নদীতে একটাও মাছ নেই ?

উঃ জর্ডন নদীতে।

প্রঃ (৭৫) কোন দেশে মশা নেই ?

উঃ ফ্রান্সে।

প্রঃ (৭৬) কোন দেশে সাপ নেই ?

উঃ ফ্রান্সে।

প্রঃ (৭৭) মানুষের শরীরে সবচেয়ে ছোট হাড়টা কোথায় আছে ?

উঃ কানের মাঝখানের তিনটে হাড়ের মধ্যে একটা হাড়। এই হাড়টার আয়তন ২'৬ মিলিমিটার থেকে ৩'৪ মিলিমিটার। এর ওজন হয়ে থাকে ২ গ্রাম থেকে ৪ গ্রামের কিছু বেশী।

প্রঃ (৭৮) মানুষের শরীরের সবচেয়ে বড় হাড় কোনটা ?

উঃ দাবনার হাড়। ৬ ফুট লম্বা মানুষের এই হাড় ৫০ সেণ্টিমিটার পর্যন্ত হয়ে থাকে।

প্রঃ (৭৯) নৃতত্ত্ববিদ্যা কি ?

উঃ মানুষ সম্পর্কিত গবেষণা।

প্রঃ (৮০) হাতের বা পায়ের আঙুলের নখ কাটলে আমাদের ব্যথা লাগে না কেন ?

উঃ নখে কোনো রক্তের কোষ বা স্নায়ু নেই।

প্রঃ (৮১) একটা মৌমাছি বা প্রজাপতির কটা করে পাখা থাকে ?

উঃ চারটি।

প্রঃ (৮২) একটা মানুষের দেহে কতটা রক্ত থাকে ?

উঃ শরীরের মোট ওজনের শতকরা প্রায় ৮ ভাগ।

প্রঃ (৮৩) মানুষের শরীবের পাঁজরে কটা হাড় আছে ?

উঃ মোট ২৪ টা।

প্রঃ (৮৪) কোন সাপ চলার সময় ঝুম ঝুম শব্দ হয় ?

উঃ দক্ষিণ আমেরিকার সাপ র‍্যাটেল স্নেক চলার সময় ঝুম ঝুম শব্দ করে।

প্রঃ (৮৫) কোন প্রাণী নিজের ওজনের বিশগুণ মাল বইতে পারে ?

উঃ পিঁপড়ে।

প্রঃ (৮৬) কোন্ পাখি স্বয়ংবর সভা ডেকে বিয়ে করে ?

উঃ দক্ষিণ মেরুর পেঙ্গুইন পাখি।

প্রঃ (৮৭) কোন মাছ পাহাড়ের গায়ে ছিদ্র করতে পারে ?

উঃ 'কোলাস' নামক একপ্রকার মাছ।

বিজ্ঞান বিষয়ক ক্যুইজ

[উদ্ভিদ]

প্রঃ (১) গাছের পাতা সবুজ দেখায় কেন ?

উঃ গাছের পাতায় ক্লোরোফিল নামক পদার্থ আলোর ৭টি রঙের মধ্যে ৬টিকে শোষণ করে শুধুমাত্র সবুজ রঙকে প্রতিফলিত করে। ফলে পাতার রঙ সবুজ দেখায়।

প্রঃ (২) কোন গাছ সবচেয়ে বেশীদিন ফল দেয় ?

উঃ ন্যাসপাতি গাছ।

প্রঃ (৩) রবার গাছের কোন অংশ থেকে রবার তৈরী হয়ে থাকে ?

উঃ রস বা আঠা থেকে।

প্রঃ (৪) ধুনো তৈরী হয় কি থেকে ?

উঃ শাল গাছের আঠা থেকে ধুনো তৈরী হয়।

প্রঃ (৫) গঁদ তৈরী হয় কি থেকে ?

উঃ বাবলা গাছের আঠা থেকে গঁদ তৈরী হয়।

প্রঃ (৬) তারপিন তেল কি থেকে তৈরী হয় ?

উঃ পাইন গাছের রস জ্বাল দিয়ে তৈরী হয় তারপিন তেল।

প্রঃ (৭) পিপারমেণ্ট তৈরী হয় কি থেকে ?

উঃ মেন্থপিপ নামে গাছের আঠা থেকে।

প্রঃ (৮) ক্লোরোফিল কি ?

উঃ গাছের পাতার সবুজ পদার্থ।

প্রঃ (৯) ইংরাজীতে এ্যাকর্ন (Acorn) হল এক রকম গাছের ফল। এটা কোন গাছের ফল ?

উঃ ওক গাছের।

প্রঃ (১০) চেরী ফুলের (চেরী ব্লসম) গাছের জন্য কোন দেশ বিখ্যাত ?

উঃ জাপান।

প্রঃ (১১) কোন দেশে কোনো উদ্ভিদ নেই ?

উঃ আইসল্যান্ডে।

প্রঃ (১২) সবচেয়ে কঠিন কাঠের নাম কি ?

উঃ জারা কাঠ। পশ্চিম অস্ট্রেলিয়ায় এই কাঠ পাওয়া যায় ?

প্রঃ (১৩) সবচেয়ে বড় ফুলের নাম কি ? কোথায় পাওয়া যার ? কত বড় হয় ?

উঃ র‍্যাগ্‌লেসিয়া আরগল্‌ভি। এর কুঁড়ি বড় বাঁধাকপির মত। ফুলগুলোর ব্যাস পুরো দু'হাত, রং টকটকে লাল। এগুলি সুমাত্রা দ্বীপে পাওয়া যায়।

প্রঃ (১৪) সংখ্যায় সবচেয়ে বেশী ফল দেয় কোন গাছ ?

উঃ আখরোট গাছ। এক এক বছরে একটা আখরোট গাছে প্রায় ১ লাখ ফল ধরতেও দেখা গেছে।

প্রঃ (১৫) কোন গাছ খুব আস্তে আস্তে বাড়ে ?

উঃ 'লিবেন' নামে একরকম গাছ এক হাত বাড়তে পঞ্চাশ বছর সময় নেয়।

প্রঃ (১৬) কোন গাছের পাতা সবচেয়ে বড় ?

উঃ শ্রীলঙ্কায় 'টালিপট' পাতা পৃথিবীতে সবচেয়ে বড় পাতা।

প্রঃ (১৭) পৃথিবীর সর্বাপেক্ষা ছোট ফুলের নাম কি ? লম্বায় কতটা হয় ?

উঃ পৃথিবীর মধ্যে সর্বাপেক্ষা ছোট ফুলের নাম ডাকউইড। এই ফুল পুকুর বা ডোবায় ফুটে থাকতে দেখা যায়। এবং লম্বায় এক ইঞ্চির ৩৫ ভাগের এক ভাগ।

প্রঃ (১৮) 'লেসার' এর পুরো নাম কি ?

উঃ লাইট মেসার।

প্রঃ (১৯) ঢালাই না করা লৌহপিণ্ড (পিগ আয়রণ) কি ?

উঃ চুল্লী থেকে সদ্য বেরিয়ে আসা নরম লোহা।

প্রঃ (২০) একটা মোটা কাচের গেলাসে ফুটন্ত গরম জল ঢাললে গেলাস ফেটে যায় কেন ?

উঃ ভেতরে তাপের ফলে কাচের প্রসারণ ঘটে অথচ বাইরে তা সমান ভাবে ঘটে না। কাচের এই অসমান সম্প্রসারণের ফলে গেলাস ফেটে যায়।

প্রঃ (২১) একটা পাহাড়ে রবারের বল ধাপালে তা সমতলের চেয়ে বেশী ওপরে ওঠে কেন ?

উঃ কারণ পাহাড়ে মাধ্যাকর্ষণ শক্তি সমতলের মাধ্যাকর্ষণ শক্তির চেয়ে কম।

প্রঃ (২২) ফুটন্ত জলে একটা থার্মোমিটার রাখলে থার্মোমিটারের পারদ একটা নির্দিষ্ট তাপমাত্রায় গিয়ে দাড়িয়ে যায়। জল ক্রমাগত ফুটে চললেও তাপমাত্রা আর বাড়ে না কেন ?

উঃ জল ফুটতে থাকলে বাড়তি তাপমাত্রার জল বাষ্প হয়ে বেরিয়ে যায়। তাই তাপমাত্রা বাড়ে না।

প্রঃ (২৩) মাছের কাঁটা দিয়ে কারা নিজেদের বাসা তৈরী করে ?

উঃ মাছরাঙা পাখী।

প্রঃ (২৪) বজ্রপাতের শব্দের আগে বিদ্যুতের আলো দেখা যায় কেন ?

উঃ আলো শব্দের চেয়ে দ্রুতবেগে চলে বলে।

প্রঃ (২৫) কেক তৈরী করার সময় কেকটাকে ফোলানোর জন্য কি জিনিসের দরকার ?

উঃ সোডিয়াম কার্বোনেট। চলতি কথায় একে বেকিং পাউডার বলে।

প্রঃ (২৬) শব্দের গতিবেগ কত ?

উঃ সেকেণ্ডে ৩৪১ মিটার।

প্রঃ (২৭) কার্ডিওলজি কি ?

উঃ হৃদযন্ত্রের অবস্থা পর্যালোচনা।

প্রঃ (২৮) বৈদ্যুতিক যন্ত্রপাতির ব্যাপারে আমরা ট্রান্সফর্মারের কথা প্রায় শুনি। এই ট্রান্সফর্মারের কাজ কি ?

উঃ বিকল্প বিদ্যুৎ সরবরাহের ভোল্টেজের ওঠা নামা করানো এর কাজ।

প্রঃ (২৯) বৈদ্যুতিক মেন সুইচে ফিউজ হিসাবে যে তার লাগানো হয় তা লাগাবার কারণ কি ?

উঃ চড়া ভোল্টেজে বিদ্যুৎ প্রবাহ প্রতিরোধ করতে ও বৈদ্যুতিক সামগ্রী ক্ষতির হাত থেকে বাঁচাবার জন্য এটা ব্যবহার করা হয়।

প্রঃ (৩০) মিশ্র ধাতুর জিনিস বলতে কি বোঝায় ?

উঃ একাধিক ধাতু দিয়ে তৈরী জিনিষ।

প্রঃ (৩১) গ্যালভানাইজড লোহা কি ?

উঃ লোহাকে মরচের হাত থেকে বাঁচাবার জন্য যখন তার ওপর দস্তার আবরণ দেওয়া হয় তখন তাকে গ্যালভানাইজড লোহা বলে।

প্রঃ (৩২) কোনো জিনিসকে যদি কালো দেখায় তবে তার কারণটা কি ?

উঃ ওই জিনিসটার ওপর প্রতিফলিত সমস্ত রঙ তা শোষণ করে নেয়, একটা রঙও প্রতিফলিত করে না। তাই জিনিসটাকে কালো দেখায়।

প্রঃ (৩৩) জোয়ার ভাঁটা হয় কেন ?

উঃ চন্দ্র ও সূর্যের আকর্ষণের জন্য।

প্রঃ (৩৪) নিম্ন তাপমাত্রা পরিমাপের জন্য পারদ ব্যবহার করা হয় না কেন ?

উঃ কেননা —৩৯ ডিগ্রি সেন্টিগ্রেডে পারা জমে যায়। নিম্ন তাপমাত্রায় পারদ সমান ভাবে সম্প্রসারিত হয় না।

প্রঃ (৩৫) একটা পাখীর পালক ও একটা আধুলি এক সঙ্গে এক জায়গা থেকে নিচে ফেলা হল। আগে পরে না পড়ে কোন অবস্থায় দুটি জিনিস একই সঙ্গে মাটিতে পড়বে ?

উঃ বায়ুশূন্য অবস্থায়।

প্রঃ (৩৬) পাহাড়ী জায়গায় মাংস বা অন্য কিছু রান্না করতে গেলে সমতলের চেয়ে বেশী সময় লাগে কেন ?

উঃ পাহাড়ী জায়গায় বাতাসের চাপ তুলনামূলক ভাবে কম। তাই জল ফুটতে সময় নেয় বেশী।

প্রঃ (৩৭) প্রচণ্ড ঠাণ্ডায় জলের পাইপ ফেটে যায় কেন ?

উঃ জল জমে বরফে পরিণত হলে এর আয়তন বেড়ে যায়। ফলে পাইপ ফেটে যায়।

প্রঃ (৩৮) মাটির কুঁজোতে জল, পেতলের ঘড়াতে রাখা জল অপেক্ষা বেশী ঠাণ্ডা হয় কেন ?

উঃ মাটির কুঁজোর গায়ে সূক্ষ্ম সূক্ষ্ম ছিদ্র দিয়ে জল বেরিয়ে তা বাইরের বাতাসে বাষ্পীভূত হয়। ফলে ভেতরের জল ঠাণ্ডা থাকে।

প্রঃ (৩৯) মানুষের দেহের কোন যন্ত্র রক্ত চলাচল অব্যাহত রাখে ?

উঃ হৃদযন্ত্র।

প্রঃ (৪০) পাহাড়ের যত ওপরে ওঠা যায় ততই শ্বাসকষ্ট হয় কেন ?

উঃ কেননা যত ওপরে ওঠা যায় ততই বায়ুর ঘনত্ব কম হয়। ফলে হাল্কা বাতাসে অক্সিজেন কম থাকে। তাই শ্বাস গ্রহণের উপযোগী পর্যাপ্ত অক্সিজেন না পাওয়ায় শ্বাস নিতে কষ্ট হয়।

প্রঃ (৪১) কোন জিনিস থেকে হীরে পাওয়া যায় ?

উঃ কার্বন।

প্রঃ (৪২) সবচেয়ে বেশী পরিমাণে ক্যালসিয়াম আছে কোন খাদ্য সামগ্রীতে ?

উঃ দুধে।

প্রঃ (৪৩) মানুষের রক্তে মোট কটা কণিকা থাকে এবং কি কি ?

উঃ ২টি। লোহিত কণিকা ও শ্বেত কণিকা।

প্রঃ (৪৪) স্টিবিয়াম নামে রোমান ভাষার শব্দ থেকে কোন্ মৌলের নামকরণ হয়েছে ?

উঃ অ্যান্টিমনি।

প্রঃ (৪৫) কোন মৌলের নামকরণ করা হয়েছে লিটল রাশিয়ার পুরানো নাম থেকে ?

উঃ রুথেনিয়াম।

প্রঃ (৪৬) স্বনামধন্য বিজ্ঞানী এনরিকো ফের্মির নাম অনুসারে শততম পরমাণু ক্রমাঙ্ক বিশিষ্ট যে মৌলটির নাম রাখা হয়েছে, তার চিহ্ন কি ?

উঃ Fm।

প্রঃ (৪৭) বোরোসিলিকেট গ্লাসকে কি বলা হয় ?

উঃ পাইরেক্স।

প্রঃ (৪৮) কলডীয় দ্রবণের উদাহরণ হল—(ক) দুধ, (খ) ফলের রস, (গ) ঘি—কোনটা ঠিক ?

উঃ (ক) দুধ।

প্রঃ (৪৯) সবচেয়ে নরম ধাতুর নাম কি ?

উঃ ট্যালকাম।

প্রঃ (৫০) সবচেয়ে ভারী ধাতু কোনটা ?

উঃ অসমিয়াম। ধূসর সাদা রঙের এই ধাতুর ওজন পারদের দ্বিগুণ।

প্রঃ (৫১) রেফ্রিজারেটর আবিষ্কার করেছেন কে ?

উঃ মার্কিন যুক্তরাষ্ট্রের জ্যাকব পার্কিন্স। ১৮৩৪ সালে তিনি এটা আবিষ্কার করেন।

প্রঃ (৫২) ফাউণ্টেন পেন আবিষ্কার করেন কে ?

উঃ এল. ই. ওয়াটার ম্যান (মার্কিন যুক্তরাষ্ট্র) ১৮৮৪ সালে তিনি এটা আবিষ্কার করেন।

প্রঃ (৫৩) অক্সিজেন আবিষ্কার করেন কে ?

উঃ কার্ল উইলহেম শিলে। ১৭৭১ সালে তিনি এটা আবিষ্কার করেন।

প্রঃ (৫৪) পটাসিয়ামের আবিষ্কারক কে ?

উঃ স্যার হামফ্রি ডেভি। আবিষ্কারের বছর ১৮০৭ সালে।

প্রঃ (৫৫) টেলিফোন কে আবিষ্কার করেন ?

উঃ স্যার আলেকজান্ডার গ্রাহাম বেল। ১৮৭৫ সালের ৩রা জুন স্যার বেল ও টমাস ওয়াটশন প্রথম নব উদ্ভাবিত টেলিফোনে পরস্পরের সঙ্গে কথা বলেন।

প্রঃ (৫৬) মাধ্যাকর্ষণ শক্তি আবিষ্কার করেন কে ?

উঃ স্যার আইজ্যাক নিউটন।

প্রঃ (৫৭) ব্যারোমিটার যন্ত্রটার আবিষ্কারক কে ?

উঃ ই. টেরিসেল্লি (ইটালি)।

প্রঃ (৫৮) ইলেকট্রনের আবিষ্কর্তা কে ?

উঃ স্যার জে. জে. টম্পসন।

প্রঃ (৫৯) মশা ম্যালেরিয়া রোগ বহন করে, এটা কে আবিষ্কার করেন।

উঃ রোনাল্ড রস।

প্রঃ (৬০) বেতারযন্ত্রের উদ্ভাবক কে ?

উঃ জি. মার্কনি। ১৮৯৬ সালের ২২ শে জুন তিনি এটা আবিষ্কার করেন।

প্রঃ (৬১) বৈদ্যুতিক বাতির আবিষ্কারক কে ?

উঃ টমাস আলভা এডিসন (মার্কিন যুক্তরাষ্ট্র)। ১৮৭৯ সালে তিনি নিউজার্সি'র মেভলো পার্কে সবার সামনে প্রথম এটা দেখান।

প্রঃ (৬২) বিজ্ঞানের পরীক্ষাগারে যে গ্যাস বার্ণার ব্যবহার করা হয় তা উদ্ভাবন করেন কে ?

উঃ রবার্ট উইলহেম ভন বুনসেন (জার্মানী)।

প্রঃ (৬৩) বাইফোকাল লেন্সের আবিষ্কার কে করেন ?

উঃ বেঞ্জামিন ফ্রাঙ্কলিন। ১৭৮০ সালে আবিষ্কার করেন।

প্রঃ (৬৪) জেট ইঞ্জিন আবিষ্কার করেন কে ?

উঃ স্যার ফ্রাংক হোয়াইটলে (বৃটেন)। আবিষ্কারের সময় ১৯৩৭ সাল।

প্রঃ (৬৫) হাইড্রোজেন আবিষ্কার করেন কে ?

উঃ হেনরী ক্যাভেণ্ডস (বৃটেন)। ১৭৬৬ সালে তিনি এটা আবিষ্কার করেন।

প্রঃ (৬৬) বিদ্যুৎ চালিত তাঁতের (পাওয়ার লুম) আবিষ্কারকের নাম কি ?

উঃ এডমণ্ড কার্টরাইট (বৃটেন)। ১৭৮৫ সালে আবিষ্কার করেন।

প্রঃ (৬৭) পেনিসিলিন আবিষ্কার করেছেন কে ?

উঃ ডঃ আলেকজাণ্ডার ফ্লেমিং।

প্রঃ (৬৮) লাউড স্পীকারের উদ্ভাবক কে ?

উঃ রাইস কেল্লগ (মার্কিন যুক্তরাষ্ট্র)। ১৯২৪।

প্রঃ (৬৯) দূরবীনের আবিষ্কার করে কোন বিজ্ঞানী ?

উঃ ওলন্দাজ চশমা প্রস্তুতকরক হ্যানস লিপায়নে ১৬০৮ সালের ২রা অক্টোবর এটি প্রথম আবিষ্কার করেন। পরে গ্যালিলিও নিজে এই দূরবীন তৈরী করেন।

প্রঃ (৭০) গ্রামোফোনের আবিষ্কারক কে ?

উঃ টমাস আলভা এডিসন।

প্রঃ (৭১) দেশলাই কে আবিষ্কার করেন ?

উঃ জে. ই. লুণ্ডষ্ট্রন (সুইডেন)। ১৮৫৫ সালে তিনি আবিষ্কার করেন ?

প্রঃ (৭২) রক্তসঞ্চালন ব্যবস্থাটা আবিষ্কার করেন কে ?

উঃ উইলিয়াম হার্ভে (বৃটেন)।

প্রঃ (৭৩) ক্যালসিয়ামের আবিষ্কারক কে ?

উঃ স্যার হামফ্রে ডেভি। আবিষ্কারের কাল ১৮০৮ সাল।

প্রঃ (৭৪) এ্যালুমিনিয়াম কে আবিষ্কার করেন ?

উঃ ফ্রেডরিক মলার।

প্রঃ (৭৫) ষ্টেথিসস্কোপ আবিষ্কার করেন কে ?

উঃ ডাঃ রেনে লেনেক।

প্রঃ (৭৬) শর্টহ্যান্ড লেখার উদ্ভাবক কে ?

উঃ স্যার আইজ্যাক পিটম্যান।

প্রঃ (৭৭) পারদের থার্মোমিটার কে আবিষ্কার করেন ?

উঃ ফারেনহাইট (পোল্যান্ড)। ১৭১৪ সালে তিনি আবিষ্কার করেন।

প্রঃ (৭৮) জর্জ স্টিভেনসন ১৮২৯ সালে যে বাষ্পীয় ইঞ্জিন তৈরি করেন তার নাম কি ছিল ?

উঃ রকেট।

প্রঃ (৭৯) কালাজ্বরের কারণ আবিষ্কার করেন কে ?

উঃ চার্লস লেভেরান (ফ্রান্স)।

প্রঃ (৮০) চাঁদে পাহাড় আছে এটা কোন বিজ্ঞানী আবিষ্কার করেন ?

উঃ গ্যালিলিও গ্যালিলি।

প্রঃ (৮১) টেলিভিশান টিউবের আবিষ্কর্তা কে ?

উঃ জন বেয়ার্ড (বৃটেন)

প্রঃ (৮২) পাগলা কুকুরের কামড়ে জলাতঙ্ক রোগেয় প্রতিষেধক টিকা আবিষ্কার করেন কোন বিজ্ঞানী।

উঃ লুই পাস্তর।

প্রঃ (৮৩) তেজস্ক্রিয়তার আবিষ্কারক কে ?

উঃ এ. এইচ. ব্যাকুয়েরেল (ফান্স)

প্রঃ (৮৪) স্টেনলেস স্টীলের আবিষ্কারক কে ?

উঃ হেনরি ব্রিয়ারলি (বৃটেন)। আবিষ্কার করেন ১৯১৪ সালে।

প্রঃ (৮৫) কোন খনিজ সামগ্রী থেকে প্রধানত এ্যালুমিনিয়াম পাওয়া যায় ?

উঃ বক্সাইট।

প্রঃ (৮৬) কম্পাঙ্ক কি রাশি ?

উঃ স্কেলার রাশি।

প্রঃ (৮৭) একক কয় প্রকার ?

উঃ দুই প্রকার—লব্ধ একক ও প্রাথমিক একক।

প্রঃ (৮৮) ১ গজ কাপড় ও ১ মিটার কাপড়ের মধ্যে দীর্ঘতর কোন্‌টি ?

উঃ ১ মিটার কাপড় দীর্ঘতর।

প্রঃ (৮৯) এক সৌরদিন = কত সেকেণ্ড ?

উঃ এক সৌরদিন = ৮৬৪০০ সেকেণ্ড।

প্রঃ (৯০) ঘনত্ব কাকে বলে ?

উঃ কোন পদার্থের একক আয়তনের ভরকে উহার ঘনত্ব বলে।

প্রঃ (৯১) ঘনত্বেব একক কি ?

উঃ সি. জি. এস. পদ্ধতিতে ঘনত্বের একক হল গ্রাম/ঘন সেন্টিমিটার! এফ. পি. এস. পদ্ধতিতে ঘনত্বের একক হল পাউন্ড/ঘনফুট।

প্রঃ (৯২) স্প্রীং তুলাদণ্ডের সাহায্যে বস্তুর ভর মাপা হয় না ভার মাপা হয় ?

উঃ ভার মাপা হয়।

প্রঃ (৯৩) লিটার ও গ্যালনের মধ্যে কোনটির আয়তন বেশি ?

উঃ গ্যালনের আয়তন লেশি, ১ গ্যালন = ৪.৫ লিটার।

প্রঃ (৯৪) জমির পরিমাপের জন্য কোন্ কোন্ একক ব্যবহার হয় ?

উঃ সি. জি. এস. পদ্ধতিতে 'হেক্টোয়ার' এবং এফ. পি. এস. পদ্ধতিতে 'একর'।

প্রঃ (৯৫) ভূ-পৃষ্ঠে কোন বস্তুর ওজন ৪৮/কিগ্রা. হলে চাঁদে তার ওজন কত হবে ?

উঃ ৮ কিগ্রা।

প্রঃ (৯৬) মরিচা কি চুম্বক দ্বারা আকৃষ্ট হয় না ?

উঃ না, মরিচা চুম্বক দ্বারা আকৃষ্ট হয় না।

প্রঃ (৯৭) যান্ত্রিক শক্তি ক' প্রকারের ?

উঃ দুই প্রকারের—গতিশক্তি ও স্থিতিশক্তি।

প্রঃ (৯৮) পারদের ঘনত্ব কত ?

উঃ ১৩.৫৬ গ্রাম/সি সি।

প্রঃ (৯৯) অ্যাসিটিলিন বিয়োজনে শব্দ শক্তি কোন্ শক্তিতে রূপান্তরিত হয় ?

উঃ রাসায়নিক শক্তিতে।

প্রঃ (১০০) সীসার গলনাঙ্ক কত ?

উঃ ৩২৭°সি

প্রঃ (১০১) তরল পদার্থের আয়তন মাপার যন্ত্রের নাম কি ?

উঃ মাপনী চোঙ।

প্রঃ (১০২) পদার্থের যে ক্ষুদ্রতম অংশ স্বাধীনভাবে থাকতে পারে তাকে কি বলে ?

উঃ অণু।

প্রঃ (১০৩) গরম দুধ ডিসে ঢালিলে দ্রুত ঠাডা হয় কেন ?

উঃ বিস্তৃত তলে বাষ্পায়ন দ্রুত হয় বলে গরম দুধ ঠান্ডা হয়ে যায়।

প্রঃ (১০৪) বরফ গলনের লীনতাপ কত ?

উঃ ৮০ ক্যালোরী প্রতি গ্রামে।

প্রঃ (১০৫) পদার্থের তিনটি বিভিন্ন অবস্থা কি কি ?

উঃ পদার্থের তিনটি বিভিন্ন অবস্থা হল কঠিন, তরল এবং গ্যাসীয় অবস্থা।

প্রঃ (১০৬) জল জমে বরফে পরিবর্তন হলে তার আয়তনের কি পরিবর্তন হয় ?

উঃ হ্যাঁ, আয়তন বেড়ে যায়।

প্রঃ (১০৭) সি. জি. এস. পদ্ধতিতে কার্যের ব্যবহারিক একক কি ?

উঃ জুল।

প্রঃ (১০৮) একটি ঢিলকে ছাদে উঠিয়ে রাখলে কোন্ শক্তি লাভ করে।

উঃ স্থিতিশক্তি।

প্রঃ (১০৯) মানুষের চোয়াল কোন শ্রেণীর লিভার ?

উঃ তৃতীয় শ্রেণীর লিভার।

প্রঃ (১১০) জলের আপেক্ষিক তাপ কত ?

উঃ জলের আপেক্ষিক তাপ হল ১।

প্রঃ (১১১) থার্মোমিটারের সাহায্যে তাপশক্তি মাপা হয় না, তাপমাত্রা মাপা হয় ?

উঃ তাপমাত্রা।

প্রঃ (১১২) আলোকের প্রতিফলন কয় রকমের ?

উঃ দুইরকমের—নিয়মিত ও বিক্ষিপ্ত প্রতিফলন।

প্রঃ (১১৩) যে বস্তু নিজে থেকে আলো বিকিরণ করে তাকে কি বলে ?

উঃ স্বপ্রভ বস্তু।

প্রঃ (১১৪) কোন তাপমাত্রার পাঠ সেলসিয়াস স্কেলে ২৫ ডিগ্রি হলে ফারেনহাইট স্কেলে কত ?

উঃ ৭৭ ডিগ্রি।

প্রঃ (১১৫) লোহার গলনাঙ্ক কত ?

উঃ ১৫40 ডিগ্রি সেন্টিগ্রেড।

প্রঃ (১১৬) দোলকের গতিসম্পর্কীয় সূত্র কে আবিষ্কার করেন ?

উঃ গ্যালিলিও।

প্রঃ (১১৭) ভূগর্ভের কোন্ জায়গায় বস্তুর কোন ওজন থাকবে না ?

উঃ পৃথিবীর কেন্দ্রে।

প্রঃ (১১৮) দণ্ড চুম্বকের কোন্ অংশে আকর্ষণ ক্ষমতা সবচেয়ে বেশী ?

উঃ চুম্বকের দুইপ্রান্তে।

প্রঃ (১১৯) দণ্ড চুম্বকের কোন্ অংশে কোন আকর্ষণ ক্ষমতা নেই ?

উঃ মধ্যিখানে।

প্রঃ (১২০) এক টুকরা বরফ হাতে নিলে ক্রমেই ঠাণ্ডা বোধ হয় কেন ?

উঃ বরফ গলনের জন্য যে লীনতাপ প্রয়োজন তা হাত থেকে সংগৃহীত হয় বলে হাত ঠাণ্ডা হয়।

প্রঃ (১২১) বছরের কোন্ সময়ে শিশির পড়ে ?

উঃ প্রধানতঃ শরৎকালে।

প্রঃ (১২২) প্রেসার কুকারে জলের উষ্ণতা তার স্বাভাবিক স্ফুটনাঙ্ক অপেক্ষা বেশি না কম থাকে ?

উঃ বেশি থাকে।

প্রঃ (১২৩) আলোক রশ্মির গতিপথ সরল দেখায় কেন ?

উঃ আলোকের তরঙ্গ-দৈর্ঘ্য খুব ক্ষুদ্র হওয়ায় তার/গতিপথকে সরল দেখায়।

প্রঃ (১২৪) আলোক-রশ্মি লঘু মাধ্যম থেকে ঘন মাধ্যমে গিয়ে আভ্যন্তরীণ পূর্ণ প্রতিফলন ঘটায় না কেন ?

উঃ লঘু মাধ্যম থেকে ঘন মাধ্যমে আলো গেলে প্রতিসরণ কোণের মান কখনই ৯০° হয় না। তাই আত্যান্তরীন পূর্ণ প্রতিফলন সম্ভব নয়।

প্রঃ (১২৫) কোন্ বর্ণের আলোকের প্রতিসরাঙ্ক সবচেয়ে কম ?

উঃ লাল।

প্রঃ (১২৬) কোন্ বর্ণের আলোকের প্রতিসরাঙ্ক সবচেয়ে বেশি ?

উঃ বেগুনী।

প্রঃ (১২৭) আকাশে রামধনু উৎপন্ন হয় কেন ?

উঃ জলকণা দ্বারা সূর্যরশ্মি বিচ্ছুরিত হওয়ার জন্য আকাশে রামধনু উৎপন্ন হয়।

প্রঃ (১২৮) নীল চশমা পরে লাল ফুলকে কিরকম দেখায় ?

উঃ কালো দেখায়।

প্রঃ (১২৯) কোন বস্তুকে সাদা বা কালো দেখায় কেন ?

উঃ কোন বস্তুর ওপরে সাদা সূর্যালোক আপতিত হলে যদি তার সব অংশই প্রতিফলিত হয়, তবে ঐ বস্তুকে সাদা দেখায়। অন্যদিকে, যদি সবটুকু আলো শোষিত হয় তবে ঐ বস্তুকে কালো দেখায়।

প্রঃ (১৩০) এমন একটি উদাহরণ দিন যেখানে চাপ প্রয়োগে রাসায়নিক বিক্রিয়া সংঘটিত হয় ?

উঃ ফসফিন ও হাইড্রোজেন ক্লোরাইডের মিশ্রণের উপর প্রচুর চাপ প্রয়োগ করলে তারা বিক্রিয়া করে ফসফোনিয়াম ক্লোরাইড উৎপন্ন করে।

$$PH_3 + HCl = PH_4CL.$$

প্রঃ (১৩১) এমন একটা রাসায়নিক বিক্রিয়ার উদাহরণ দিতে হবে যা শব্দের প্রভাবে ঘটে ?

উঃ অ্যাসিটিলিন গ্যাসের কাছাকাছি প্রচণ্ড শব্দ করলে তা হাইড্রোজেন 3·কার্বনে ভেঙে যায় ?

$$C_2H_2 = 2C + H_2$$

প্রঃ (১৩২) সোডিয়ামের ল্যাটিন নাম কি ?

উঃ ন্যাট্রিয়াম (Natrium)।

প্রঃ (১৩৩) জল অপেক্ষা হালকা ধাতু কি ?

উঃ সোডিয়াম।

প্রঃ (১৩৪) জল অপেক্ষা ভারী ধাতু কি ?

উঃ লোহা।

প্রঃ (১৩৫) সাধারণ উষ্ণতায় একটি তরল ধাতুর নাম জানা আছে কি ?

উঃ পারদ।

প্রঃ (১৩৬) এমন একটা অধাতুর নাম করতে হবে যাহা এক অবস্থায় তড়িতের সুপরিবাহী, অন্য অবস্থায় তড়িৎ পরিবহন করে না ?

উঃ কার্বন। এর একটি রূপভেদ গ্রাফাইট তড়িতের সুপরিবাহী কিন্তু অপর রূপভেদ হীরক তড়িৎ পরিবহন করে না।

প্রঃ (১৩৭) অ্যান্টিমনি কি ধাতু না অধাতু না ধাতুকল্প ?

উঃ অ্যান্টিমনি ধাতুকল্প।

প্রঃ (১৩৮) তাপশোষক পরিবর্তনের একটি উদাহরণ দিতে পারবেন কি ?

উঃ অ্যামোনিয়াম নাইট্রেটকে জলে দ্রবীভূত করিলে তাপ শোষিত হয়।

প্রঃ (১৩৯) টাংস্টেনের চিহ্ন কি ?

উঃ টাংস্টেনের চিহ্ন হল W

প্রঃ (১৪০) আয়ন কাকে বলে ?

উঃ তড়িৎগ্রস্ত পরমাণুকে আয়ন বলে ?

প্রঃ (১৪১) আয়ন কয় প্রকার ?

উঃ দুপ্রকার—ক্যাটায়ন এবং অ্যানায়ন।

প্রঃ (১৪২) কোন্‌টি তড়িৎ বিশ্লেষ্য পদার্থ—স্বর্ণ, পারদ, খাদ্যলবণ ?

উঃ খাদ্যলবণ।

প্রঃ (১৪৩) জলে $Kclo_3$ এর দ্রাব্যতা 10 gm.—এই উক্তিটি সম্পূর্ণ না অসম্পূর্ণ ?

উঃ অসম্পূর্ণ। উষ্ণতা উল্লেখ করিতে হইবে।

প্রঃ (১৪৪) ধাতুসংকরকে কি দ্রবণ বলা যায় ?

উঃ হ্যাঁ।

প্রঃ (১৪৫) তড়িৎকোষের ঋণাত্মক মেরুর সঙ্গে যুক্ত তড়িৎদ্বারের নাম কি ?

উঃ ক্যাথোড।

প্রঃ (১৪৬) অ্যাসিডের অপরিহার্য মৌল কি ?

উঃ হাইড্রোজেন।

প্রঃ (১৪৭) বায়ুতে শব্দের গতির ওপর আর্দ্রতার প্রভাব কি ?

উঃ আর্দ্রতা থাকলে শব্দের গতিবেগ বাড়ে।

প্রঃ (১৪৮) শব্দের গতিবেগ বায়ুতে বেশি না জলে ?

উঃ জলে।

প্রঃ (১৪৯) পটাশিয়ামের ল্যাটিন নাম কি ?

উঃ ক্যালিয়াম।

প্রঃ (১৫০) বিশুদ্ধ জল কি তড়িৎ পরিবাহী ?

উঃ বিশুদ্ধ জল তড়িৎ পরিবাহী নয়। এর মধ্যে অল্প পরিমাণ অ্যাসিড মিশ্রিত করলে তা সু-তড়িৎ পরিবাহী হবে।

প্রঃ (১৫১) ফসফরিক অ্যাসিডের ক্ষারগ্রাহিতা কত ?

উঃ তিন।

প্রঃ (১৫২) সালফিউরিক অ্যাসিড (H_2SO_4) থেকে কয় প্রকার লবণ পাওয়া যায ?

উঃ সালফিউরিক অ্যাসিডের অণুতে দুইটি প্রতিস্থাপনীয় হাইড্রোজেন পরমাণু আছে। সেইজন্য তা থেকে দুইপ্রকার লবণ পাওয়া যায়— (i) শমিত লবণ ও (ii) অ্যাসিড লবণ।

প্রঃ (১৫৩) এমন একটি জারক দ্রব্যের নাম কর যার মধ্যে অক্সিজেন নেই ?

উঃ ক্লোরিন।

প্রঃ (১৫৪) এমন একটি বিজারক পদার্থের নাম করতে হবে যার মধ্যে হাইড্রোজেন নেই সেটা কি ?

উঃ সালফার ডাই-অক্সাইড।

প্রঃ (১৫৫) শুষ্ক বরফ কি ?

উঃ কঠিন কার্বন ডাই-অক্সাইড হল শুষ্ক বরফ।

প্রঃ (১৫৬) কোন গ্যাসের গন্ধ পচা ডিমের মতো ?

উঃ হাইড্রোজেন সালফাইড।

প্রঃ (১৫৭) কিপ্ যন্ত্রের সাহায্যে করা যায় এমন দুইটি গ্যাসের নাম কি ?

উঃ হাইড্রোজেন সালফাইড এবং কার্বন ডাই-অক্সাইড।

প্রঃ (১৫৮) শব্দের উৎপত্তির কারণ কি ?

উঃ জড় বস্তুর কম্পনের ফলেই শব্দের উৎপত্তি হয়।

প্রঃ (১৫৯) সাধারণ হাইড্রোজেন পরমাণুর মধ্যে কটা নিউট্রন থাকে ?

উঃ একটিও নয়।

প্রঃ (১৬০) প্রতিধ্বনি শোনার জন্য কোন ঘরের দৈর্ঘ কমপক্ষে কত হওয়া প্রয়োজন ?

উঃ ১৬·৬ মিটার বা ৫৬ ফুট।

প্রঃ (১৬১) শ্রবণোত্তর তরঙ্গের ন্যূনতম মান কত ?

উঃ ২০,০০১ HZ।

প্রঃ (১৬২) ফিউজ তার কি রকম হওয়া প্রয়োজন ?

উঃ ফিউজ তারের রোধ বেশি এবং গলনাংক কম হওয়া প্রয়োজন ?

প্রঃ (১৬৩) অ্যাকোয়া রিজিয়ায় কি কি পদার্থ থাকে ?

উঃ নাইট্রোসিল ক্লোরাইড, জায়মান ক্লোরিন এবং জল।

প্রঃ (১৬৪) ফসফরাসকে বাতাসে পোড়ালে সাদা ধোঁয়া উৎপন্ন হয় সেটা কি ?

উঃ ফসফরাস পেণ্টক্সাইড।

প্রঃ (১৬৫) পারদের সংস্পর্শে সোনা সাদা হয় কেন ?

উঃ সোনার অ্যামালগাম গঠিত হয় বলে সোনা সাদা হয়।

প্রঃ (১৬৬) ব্লিচিং পাউডারের রাসায়নিক নাম কি ?

উঃ ক্যালসিয়াম হাইপো ক্লোরাইট।

প্রঃ (১৬৭) গ্লুকোজ D বলতে কি বুঝি ?

উঃ গ্লুকোজের সঙ্গে ভিটামিন যুক্ত থাকে।

প্রঃ (১৬৮) ১০০°C উষ্ণতাযুক্ত ফুটন্ত জল এবং ১০০°C উষ্ণতাযুক্ত বাষ্পের মধ্যে কোন্‌টিতে বেশি ফোস্কা পড়ে ?

উঃ ১০০°C উষ্ণতাযুক্ত বাষ্পে।

প্রঃ (১৬৯) একজন ছাত্র বাড়ি থেকে স্কুলে গেল এবং স্কুল থেকে বাড়ি ফিরে এল। সে কি কোন কার্য করলো ?

উঃ না, কারণ এখানে সরণ শূন্য।

প্রঃ (১৭০) কুয়াশা এবং কুহেলিকার মধ্যে পার্থক্য কি ?

উঃ কুয়াশা স্থলভাগের উপরে এবং কুহেলিকা জলভাগের ওপরে হয়।

প্রঃ (১৭১) একটি উদ্বায়ী তরলের নাম কি ?

উঃ স্পিরিট।

প্রঃ (১৭২) দেওয়াল ঘড়ির পেন্ডুলাম কোন্ শক্তির প্রভাবে দোলে ?

উঃ স্প্রিং এর স্থিতিশক্তির প্রভাবে।

প্রঃ (১) এক বছরে কত বেশি ও কত কমবার সূর্যগ্রহণ হতে পারে ?

উঃ যথাক্রমে ৫ বার ও ২ বার।

প্রঃ (২) মঙ্গলগ্রহের একবার সূর্যকে প্রদক্ষিণ করতে কত সময় লাগে ?

উঃ দুবছরের কিছু কম সময়।

প্রঃ (৩) স্বর্ণতন্তু কাকে বলে ?

উঃ পাটকে।

প্রঃ (৪) নিউ ফাউন্ডল্যাণ্ডের সমুদ্রতীর কি জন্য বিখ্যাত ?

উঃ কড মাছের জন্য।

প্রঃ (৫) ভিসুভিয়াস ভাঙ্গিল পর্বত না ক্ষয়জাত পর্বত ?

উঃ কোনোটাই ঠিক নয়। ভিসুভিয়াস সঞ্চয় জাত পর্বত।

প্রঃ (৬) কোন খনিজ শিলা গঠন করে ?

উঃ কোয়ার্জ।

প্রঃ (৭) খনিজ তেল উৎপাদনে সৌদি আরবের স্থান পৃথিবীতে কত ?

উঃ তৃতীয়।

প্রঃ (৮) কয়লাকে জীবাশ্ম না জৈব শিলা—কি বলা হয় ?

উঃ জৈব শিলা।

প্রঃ (৯) জাপানের রাজধানী টোকিও কোন দ্বীপে অবস্থিত ?

উঃ হনসু দ্বীপে।

প্রঃ (১০) নায়গ্রা জলপ্রপাত কোন নদীতে ?

উঃ সেণ্ট লরেন্স নদীতে।

প্রঃ (১১) তাজমহল কোন নদীর ধারে অবস্থিত ?

উঃ যমুনা।

প্রঃ (১২) 'ভেনিস অফ দি নর্থ" বলা হয় কোন শহরকে ?

উঃ ষ্টকহোমকে।

প্রঃ (১৩) 'শ্বেত হস্তীর দেশ' বলা হয় কোন্ দেশকে ?

উঃ শ্যামদেশকে।

প্রঃ (১৪) 'হোয়াইট হাউস' কি এবং কোথায় অবস্থিত ?

উঃ মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেণ্টের বাসভবন হল হোয়াইট হাউস।

প্রঃ (১৫) হোয়াইট হাউসে প্রথম কোন প্রেসিডেণ্ট বাস করেছিলেন ?

উঃ জন এ্যাডামস্।

প্রঃ (১৬) স্বর্ণ শহর বলা হয় কোন জায়গাকে ?

উঃ দক্ষিণ আফ্রিকার জোহান্সবার্গকে।

প্রঃ (১৭) মাটি খেয়ে বেঁচে থাকে কোন দেশের মানুষেরা ?

উঃ আফ্রিকার আদি অধিবাসীরা।

প্রঃ (১৮) কোন বিখ্যাত শহরে কোনো 'তারামণ্ডল' নেই ?

উঃ দিল্লীতে।

প্রঃ (১৯) চাঁদ ২৪ ঘণ্টায় কত ডিগ্রি পথ অতিক্রম করে ?

উঃ প্রায় ১৩ ডিগ্রি।

প্রঃ (২০) 'পৃথিবীর কফিপাত্র' কাকে বলে ?

উঃ ব্রাজিলকে। পৃথিবীর তিন-চতুর্থাংশ কফি এখানে উৎপন্ন হয়।

প্রঃ (২১) ফ্যাজেন্দা কাকে বলে ?

উঃ ব্রাজিলের কফির বড় বড় আবাদগুলিকে।

প্রঃ (২২) চাঁদ পৃথিবীর চারদিকে কত সময়ে একবার ঘুরে আসে ?

উঃ ২৭ দিনে।

প্রঃ (২৩) চলমান মহাদেশ কাকে বলে ?

উঃ অ্যাণ্টারটিকাকে চলমান মহাদেশ বলে। এইদেশ উত্তর অংশ থেকে দক্ষিণে সরে গিয়ে বিচ্ছিন্ন হয়েছে।

প্রঃ (২৪) ফক্ল্যাণ্ড দ্বীপপুঞ্জের রাজধানীর নাম কি ?

উঃ পোর্ট স্ট্যানলি।

প্রঃ (২৫) অ্যাণ্টারটিকার সজীব আগ্নেয়গিরিটির নাম কি ও এটা কোন দ্বীপে অবস্থিত ?

উঃ ইরেবাস। এটা রসদ্বীপে অবস্থিত।

প্রঃ (২৬) 'পলিনেশিয়া' কথাটির অর্থ কি ?

উঃ বহুদ্বীপ সমূহ।

প্রঃ (২৭) 'মেলানেশিয়া' কথাটির অর্থ কি ?

উঃ কালো দ্বীপসমূহ।

প্রঃ (২৮) 'মাইক্রোনেশিয়া' কথাটির অর্থ কি ?

উঃ ছোট দ্বীপসমূহ।

প্রঃ (২৯) ল্যাটিন আমেরিকা কাকে বলা হয় ?

উঃ দক্ষিণ আমেরিকাকে।

প্রঃ (৩০) 'ল্যানোস্' কাকে বলে ?

উঃ ওরিনাকো নদীর অন্তর্গত নিম্নভূমিকে ল্যানোস বলে।

প্রঃ (৩১) 'দক্ষিণের শস্যভাণ্ডার' কাকে বলে ?

উঃ আর্জেণ্টিনাকে।

প্রঃ (৩২) ল্যাপ্ ও ফিন্ কাদের বলা হয় ?

উঃ ইউরোপের তুন্দ্রা অঞ্চলের অধিবাসীদের।

প্রঃ (৩৩) এশিয়ার তুন্দ্রা অঞ্চলের অধিবাসীদের কি বলে ?

উঃ শ্যামোয়েড ও ইয়াকুভ।

প্রঃ (৩৪) টিউপস্ কি ?

উঃ তুন্দ্রা অঞ্চলের অধিবাসীদের তৈরি চামড়ার তাঁবু।

প্রঃ (৩৫) কোন্ কোন্ নগরকে প্রাচ্যের প্যারিস বলা হয় ?

উঃ চীনের সাংহাই বন্দর এবং ইরানের তেহেরানকে।

প্রঃ (৩৬) কোন্ নদীকে চীনের দুঃখ বলা হয় ?

উঃ হোয়াংহো নদীকে চীনের দুঃখ বলা হয়। প্রচুর বৃষ্টিপাতের ফলে এই নদীতে প্রবল বন্যা হয়। তাতে দেশ ভেসে যায়।

প্রঃ (৩৭) কোন্ মহাদেশ অন্ধকারাচ্ছন্ন মহাদেশ নামে পরিচিত ছিল ?

উঃ আফ্রিকা। এই বিশাল ভূ-ভাগের অভ্যন্তর ভাগের সামান্য পরিচয় সভ্য জগতের জানা ছিল।

প্রঃ (৩৮) নিশীথ সূর্যের দেশ কাকে বলা হয় ?

উঃ নরওয়েকে।

প্রঃ (৩৯) সমুদ্রের বধূ কোন দেশের নাম ?

উঃ গ্রেট ব্রিটেনের।

প্রঃ (৪০) কাকে দক্ষিণ ভারতের উদ্যান বলা হয় ?

উঃ তাঞ্জোরকে।

প্রঃ (৪১) মুক্তোর দ্বীপপুঞ্জ কোন দেশকে বলে ?

উঃ বাহেরিনকে।

প্রঃ (৪২) লবণের দ্বীপ কোন দেশকে বলে ?

উঃ জাঞ্জিবারকে।

প্রঃ (৪৩) কেকের দেশ কাকে বলে ?

উঃ স্কটল্যাণ্ডকে।

প্রঃ (৪৪) সন্ন্যাসীর রাজ্য কোন দেশকে বলা হয় ?

উঃ কোরিয়াকে।

প্রঃ (৪৫) ভারতের উদ্যান কোন দেশকে বলা হয় ?

উঃ বাঙ্গালোরকে।

প্রঃ (৪৬) চলচ্চিত্রের নগর কাকে বলে ?

উঃ হলিউড্‌কে।

প্রঃ (৪৭) শাশ্বত নগরী কাকে বলে ?

উঃ রোমকে।

প্রঃ (৪৮) পৃথিবীর নির্জনতম দ্বীপ কোনটি ?

উঃ ট্রিস্টান দা কুন্‌হা।

প্রঃ (৪৯) পৃথিবীর চিনির ভাণ্ডার কোন দেশকে বলা হয় ?

উঃ কিউবাকে।

প্রঃ (৫০) নিষিদ্ধ শহর কাকে বলা হয় ?

উঃ লাসাকে।

প্রঃ (৫১) গ্লাসগো শহরটা কোন নদীর ধারে অবস্থিত ?

উঃ ক্লাইড নদী।

প্রঃ (৫২) পৃথিবীর সুদূরতম জনবসতিপূর্ণ দ্বীপ কোনটা ?

উঃ ট্রিস্টান দা কুনহা।

প্রঃ (৫৩) লেবাননের সঙ্গে কোন দুটি দেশের সীমান্ত রয়েছে ?

উঃ সিরিয়া ও ইস্রাইল।

প্রঃ (৫৪) আফ্রিকার সবচেয়ে বড় হ্রদ কোনটা ?

উঃ ভিক্টোরিয়া হ্রদ।

প্রঃ (৫৫) আজারবাইজানের রাজধানী কি ?

উঃ বাকু।

প্রঃ (৫৬) কাস্পিয়ান সাগরের প্রধান বন্দর কোনটা ?

উঃ বাকু।

প্রঃ (৫৭) সিরিয়ার প্রধান বন্দরের নাম কি?

উঃ লাটাকিয়া।

প্রঃ (৫৮) মানাগুয়া কার রাজধানী?

উঃ নিকারাগুয়ার।

প্রঃ (৫৯) ভিক্টোরিয়া জলপ্রপাতের দুদিকের দুটি দেশের নাম কি?

উঃ রোডেশিয়া এবং জাম্বিয়া।

প্রঃ (৬০) গ্রীনল্যাণ্ডের নাম আমাদের শোনা। গ্রীনল্যান্ড কোন দেশে অবস্থিত?

উঃ ডেনমার্কে।

প্রঃ (৬১) সেণ্ট লরেন্স ও ওটাওয়া নদীর সংযোগস্থলে বিখ্যাত জায়গাটার নাম কি?

উঃ মণ্ট্রিল।

প্রঃ (৬২) কটোপ্যাক্সি আগ্নেয়গিরিটা কোথায়?

উঃ ইকুয়েডরে।

প্রঃ (৬৩) জিব্রালটার প্রণালীর কথা অনেকেই শুনেছেন। জিব্রালটার কোন দেশের অধীনে?

উঃ বৃটেনের।

প্রঃ (৬৪) রাজস্থানের বিখ্যাত মরুভূমির নাম কি?

উঃ থর।

প্রঃ (৬৫) বিশ্বে সবচেয়ে বেশি পশম উৎপন্ন হয় কোন দেশে?

উঃ অস্ট্রেলিয়ায়।

প্রঃ (৬৬) 'মার্চেণ্ট অফ ভেনিস' নামে শেক্সপীয়রের বিখ্যাত বই-এর কথা আপনাদের অনেকের জানা। এই ভেনিসের প্রধান জলপথ কোনটা?

উঃ গ্র্যাণ্ড ক্যানেল।

প্রঃ (৬৭) কোন দেশে মানুষের তুলনায় ভেড়ার সংখ্যা বেশি?

উঃ অস্ট্রেলিয়ায়।

প্রঃ (৬৮) জি. ডি. আর. কোন দেশ?

উঃ পূর্ব জার্মানী।

প্রঃ (৬৯) কানপুর শহরটা কোন নদীর ধারে?

উঃ গঙ্গা।

প্রঃ (৭০) টেমস নদীর উৎস কোন পাহাড় ?

উঃ কটসউলড পর্বত।

প্রঃ (৭১) কলাই একটা দেশের লোকেদের আয়ের প্রধান উৎস। সেই দেশটার নাম কি ?

উঃ হণ্ডুরাস।

প্রঃ (৭২) ওয়েস্ট ইণ্ডিজের নামটা যেমন আমাদের কাছে পরিচিত তেমনি ইস্ট ইণ্ডিজ বা পূর্ব ভারতীয় দ্বীপপুঞ্জ নামে আগে একটা দেশ ছিল। তার বর্তমান নাম কি ?

উঃ ইন্দোনেশিয়া।

প্রঃ (৭৩) এমন দুটি রাজধানী শহর আছে যার নাম হয়েছে যে নদীব ধাবে সে দুটি অবস্থিত সেই নদীর নাম অনুসারে। রাজধানী শহর দুটির নাম কি ?

উঃ অটোয়া ও কাবুল।

প্রঃ (৭৪) ফিজি দ্বীপের কথা আমাদের বলতে গেলে সকলের জানা। ফিজির রাজধানীর নাম কি ?

উঃ সুভা।

প্রঃ (৭৫) সোভিয়েট ইউনিয়নের একটা জায়গা কাস্পিয়ান সাগরের তীরে প্রধান পেট্রোলিয়াম উৎপাদনকারী তৈলক্ষেত্র ও জাহাজ চলাচলের কেন্দ্র হিসাবে পরিগণিত। জায়গাটির নাম কি ?

উঃ বাকু।

প্রঃ (৭৬) গোবি মরুভূমিটা কোথায় ?

উঃ মঙ্গোলিয়াতে।

প্রঃ (৭৭) গ্রীনউইচের সময় ও ভারতের প্রমাণ কালের মধ্যে পার্থক্য কতটা ?

উঃ সাড়ে ৫ ঘণ্টা।

প্রঃ (৭৮) পৃথিবী ঘুরছে এই ধারণা প্রথম কে তুলে ধরেন ?

উঃ কোপার্নিকাস।

প্রঃ (৭৯) কোন দেশ তার চারধারে দক্ষিণ আফ্রিকা সাধারণতন্ত্র দিয়ে ঘেরা ?

উঃ লেসোথো।

প্রঃ (৮০) নাসাউ কোন জায়গার রাজধানী ?

উঃ বাহামাস এর ।

প্রঃ (৮১) টাইগ্রীস ও ইউফ্রেটিস নদীর মধ্যমতী ভূখণ্ডে অবস্থিত একটা বিখ্যাত জায়গা অবস্থিত। জায়গাটির নাম কি ?

উঃ মেসোপটেমিয়া। মেসোপটেমিয়া কথাটির অর্থই হল দুই নদীর মধ্যবর্তী জায়গা ।

প্রঃ (৮২) বাংলাদেশের চট্টগ্রামের কাছে নামের শেষে 'বাজার' দিয়ে একটা জায়গা আছে। জায়গাটার নাম কি ?

উঃ কক্স বাজার ।

প্রঃ (৮৩) হ্যারিশবার্গ কোথাকার রাজধানী ?

উঃ পেনসিলভানিয়া।

প্রঃ (৮৪) চিল্কা হ্রদটা কোথায় ?

উঃ ওড়িশার পুরীর কাছে।

প্রঃ (৮৫) ব্যাবিলনের সাম্রাজ্য বলে আগে যে জায়গাটা প্রসিদ্ধি অর্জন করেছিল, এখন সেই জায়গা কোন দেশের অন্তর্ভূক্ত ?

উঃ ইরাকের ।

প্রঃ (৮৬) 'হাজার দ্বীপ' নামে উত্তর আমেরিকার কোন নদীতে একগুচ্ছ দ্বীপ গড়ে উঠেছে ?

উঃ সেন্ট লরেন্স নদীতে।

প্রঃ (৮৭) ট্রান্সিলভানিয়া কোথায় ?

উঃ মধ্য রুমানিয়াতে।

প্রঃ (৮৮) ভারতের কোন রাজ্য তিনদিকে বাংলাদেশ দ্বারা পরিবেষ্টিত ?

উঃ ত্রিপুরা ।

প্রঃ (৮৯) মার্কিন যুক্তরাষ্ট্রের কোন শহরটা আয়তনে দেশের সবচেয়ে বড় শহর এবং এর আয়তন কত ?

উঃ লস এঞ্জেলস। এর আয়তন ১ হাজার ২৪ বর্গ কিলোমিটার।

প্রঃ (৯০) ভাক্‌রা বাঁধে যে জলাধার আছে তার নাম কি ?

উঃ গোবিন্দ সাগর জলাধার।

প্রঃ (৯১) মারিতানিয়া কোথায় ?

উঃ আটলান্টিক মহাসাগরের উপকূলে পশ্চিম আফ্রিকার উত্তরে অবস্থিত।

প্রঃ (৯২) শিকারী জিম করবেটর নাম অনেকেই শুনেছেন। ভারতের কোন রাজ্যে জিম করবেট ন্যাশনাল পার্ক অবস্থিত।

উঃ উত্তরপ্রদেশে

প্রঃ (৯৩) দিসপুর কোথায় এবং কোন রাজ্যের রাজধানী ?

উঃ দিসপুর আসামে এবং এটা সরকারীভাবে আসাম রাজ্যের রাজধানী।

প্রঃ (৯৪) কিংস্টন কোথাকার রাজধানী ?

উঃ জামাইকার।

প্রঃ (৯৫) ভিয়েনা বুদাপেষ্ট ও বেলগ্রেড কোন নদীর তীরে অবস্থিত ?

উঃ দানিয়ুব নদীর তীরে।

প্রঃ (৯৬) কিনসাসা কোথাকার রাজধানী ?

উঃ কঙ্গোর।

প্রঃ (৯৭) বিজয়ওয়াড়া শহরটা কোন নদীর ধারে অবস্থিত ?

উঃ কৃষ্ণা।

প্রঃ (৯৮) জব্বলপুর কোন নদীর ধারে অবস্থিত।

উঃ নর্মদা।

প্রঃ (৯৯) উত্তর কোরিয়ার রাজধানীর নাম কি ?

উঃ পিয়ংইয়ং।

প্রঃ (১০০) দক্ষিণ কোরিয়ার রাজধানীর নাম কি ?

উঃ সিওল।

প্রঃ (১০১) প্রিটোরিয়ার বোথা প্রশাসনের কথা কাগজে প্রায়ই দেখা যায়। প্রিটোরিয়া কোথায় ?

উঃ দক্ষিণ আফ্রিকা সাধারণতন্ত্রে।

প্রঃ (১০২) উলানবাটোর কোথাকার রাজধানী ?

উঃ মঙ্গোলিয়ার।

প্রঃ (১০৩) পৃথিবীর সবচেয়ে বড় লৌহখনি কোথায় ?

উঃ সোভিয়েট ইউনিয়নের লেবেদিনস্কিতে।

প্রঃ (১০৪) দানিয়ুব নদীটা কোন সাগরে গিয়ে পড়েছে ?

উঃ কৃষ্ণসাগরে।

প্রঃ (১০৫) 'পম্পাস' কোন দেশের তৃণাচ্ছাদিত সমভূমির নাম ?

উঃ আর্জেন্টিনা।

প্রঃ (১০৬) খার্তুম জায়গাটার নাম অনেকেই শুনেছেন, কোন নদীর ধারে খার্তুম অবস্থিত ?

উঃ নীল নদ।

প্রঃ (১০৭) নীল নদটা কোন দেশে ?

উঃ মিশরে।

প্রঃ (১০৮) বাগদাদ বেতারের খবরে জানানো হয়েছে বলে আমাদের বেতারে অনেক খবর প্রচার করা হয়। বাগদাদ শহরটা কোথায় ?

উঃ ইরাকে।

প্রঃ (১০৯) বাগদাদ শহরটা কোন নদীর ধারে অবস্থিত ?

উঃ টাইগ্রিস।

প্রঃ (১১০) তেহেরান কোথাকার রাজধানী ?

উঃ ইরাণের।

প্রঃ (১১১) কম্বোডিয়ার পূর্বদিকে কোন দেশ ?

উঃ ভিয়েৎনাম।

প্রঃ (১১২) সান সালভাদোর কোথাকার রাজধানী ?

উঃ এল সালভাদোরের।

প্রঃ (১১৩) ভারতের কোন বন্দরে প্রথম অবাধ বাণিজ্য অঞ্চল গড়ে তোলা হয় ?

উঃ কান্দলা (গুজরাট)।

প্রঃ (১১৪) গ্রেনাডা টেলিভিশানের কথা আমরা কিছুদিন ধরে খবরের কাগজে দেখছি। এই গ্রেনাডা কোথায় ?

উঃ ওয়েস্ট ইণ্ডিজের উইণ্ডওয়ার্ড দ্বীপপুঞ্জে গ্রেনাডা অবস্থিত।

প্রঃ (১১৫) কোরিয়া ও মাঞ্চুরিয়ার মধ্যে সীমারেখার কাজ করে কোন নদী ?

উঃ ইয়ালু নদী।

প্রঃ (১১৬) জাপান দেশটা গড়ে উঠেছে ঐ অঞ্চলের দ্বীপপুঞ্জের ওপর। সেখানকার বৃহত্তম দ্বীপটার নাম কি ?

উঃ হনসু।

প্রঃ (১১৭) বাল্টিক সাগর ও উত্তর সাগরের মধ্যে সংযোগরক্ষাকারী বিখ্যাত খালটার নাম কি ?

উঃ কিয়েল খাল।

প্রঃ (১১৮) লিবিয়া ও আলজিরিয়ার মধ্যে কোন সাধারণতান্ত্রিক দেশ অবস্থিত ?

উঃ টিউনিসিয়া।

প্রঃ (১১৯) নরওয়ে সুইডেন গড়ে উঠেছে কোন উপদ্বীপে ?

উঃ স্ক্যাণ্ডিনেভিয়ান উপদ্বীপে।

প্রঃ (১২০) হাজার হ্রদের দেশ কোনটা ?

উঃ ফিনল্যাণ্ড।

প্রঃ (১২১) প্রাসাদের নগরী কোন শহরকে বলা হয় ?

উঃ কোলকাতাকে।

প্রঃ (১২২) বাংলার দুঃখ কোন নদকে বলা হয় ?

উঃ দামোদর নদকে।

প্রঃ (১২৩) ভারতের প্রবেশ পথ কোন রাজ্যকে বলে ?

উঃ বম্বেকে।

প্রঃ (১২৪) স্বাধীনতা, সাম্য এবং ভ্রাতৃত্বের দেশ কাকে বলা হয় ?

উঃ ফ্রান্সকে।

প্রঃ (১২৫) আড়ম্বরপূর্ণ প্রাসাদ নগরীর দেশ কাকে বলে ?

উঃ ওয়াশিংটনকে।

প্রঃ (১২৬) ভূমধ্যসাগরের চাবি কোন অঞ্চলকে বলা হয় ?

উঃ জিব্রালটারকে।

প্রঃ (১২৭) ভূস্বর্গ কাকে বলা হয় ?

উঃ কাশ্মীরকে।

প্রঃ (১২৮) পীত নদী কাকে বলে ?

উঃ হোয়াংহোকে।

প্রঃ (১২৯) পঞ্চনদের পাঁচটি নদীর নাম কি কি ?

উঃ শতদ্রু, চন্দ্রভাগা, বিতস্তা, বিপাশা এবং ইরাবতী।

প্রঃ (১৩০) সবচেয়ে বেশি ফুলের চাষ হয় কোন কোন দেশে?

উঃ হল্যান্ড এবং দক্ষিণ ফ্রান্সে সবচেয়ে বেশি ফুলের চাষ হয়ে থাকে।

প্রঃ (১৩১) পৃথিবীর মধ্যে সবচেয়ে বেশি তুলো কোথায় উৎপন্ন হয়ে থাকে?

উঃ উত্তর আমেরিকায় নিউ অর্লিয়ান্সে সবচেয়ে বেশি তুলা উৎপাদন হয়।

প্রঃ (১৩২) পৃথিবীর সবচেয়ে বেশী নিকেল উৎপাদন হয় কোন দেশে?

উঃ কানাডায়।

প্রঃ (১৩৩) ইউরোপের দীর্ঘতম নদী কোনটা?

উঃ ভল্গা।

প্রঃ (১৩৪) অজন্তা গুহার কারুকার্যের কথা আমরা প্রায় সকলেই শুনেছি। এই গুহাটা কোথায়?

উঃ ভারতের মহারাষ্ট্রের ঔরঙ্গাবাদের কাছে।

প্রঃ (১৩৫) টান্স-সাইবেরিয়ান রেলপথের টার্মিন্যাল কোথায়?

উঃ ভ্লাদিভস্তকে।

প্রঃ (১৩৬) এশিয়ার বৃহত্তম মরুভূমি কোনটা এবং এর আয়তন কত?

উঃ অরবীয়ান মরুভূমি (সৌদি আরব)। এর আয়তন ৪২ লক্ষ ৯৫ হাজার বর্গ কিলোমিটার।

প্রঃ (১৩৭) গান্ধীসাগর বাঁধটা কোথায় কোন নদীর ওপরে তৈরি?

উঃ ভারতে কোটার কাছে চম্বল নদীর ওপর তৈরি।

প্রঃ (১৩৮) ইট পাথরে তৈরি পৃথিবীর সবচেয়ে উঁচু বাঁধ কোনটা?

উঃ নাগার্জুন সাগর ড্যাম। এটা ভারতের হায়দ্রাবাদ থেকে দেড়শো কিলোমিটার দূরে অবস্থিত।

প্রঃ (১৩৯) নাগার্জুন সাগর ড্যাম নামটা কিজন্য রাখা হয়েছে?

উঃ বৌদ্ধ দার্শনিক আচার্য নাগার্জুনের নামানুসারে এর ঐ নাম রাখা হয়েছে। নাগার্জুন সাগর এক সময়ে বৌদ্ধ শাস্ত্রের পবিত্র পীঠস্থান ছিল।

প্রঃ (১৪০) ভারতের সবচেয়ে উঁচু প্রতিমূর্তি কোনটা এবং কোথায় অবস্থিত?

উঃ গোমতেশ্বর স্ট্যাচু (১৭ মিটার উঁচু)। এটা কর্ণাটকে অবস্থিত।

প্রঃ (১৪১) আফ্রিকার কোন নদীর ওপর ভিক্টোরিয়া জলপ্রপাত অবস্থিত ?

উঃ জাম্বিয়া নদীর উৎসমুখে অবস্থিত।

প্রঃ (১৪২) এলিফাণ্টা গুহায় মহাদেবের ত্রিমূর্তি আছে। ঐ গুহাটা কোথায় অবস্থিত ?

উঃ বোম্বাই পোতাশ্রয়ের কাছে এলিফাণ্টা দ্বীপে এটা অবস্থিত।

প্রঃ (১৪৩) জমির সঠিক মাপের মাধ্যমে বিস্তারিত মানচিত্র তৈরির যে ব্যবস্থা চালু আছে তাকে কি বলে ?

উঃ জরীপ (সার্ভেয়িং) করা।

প্রঃ (১৪৪) "পাঞ্জাব সিন্ধু, গুজরাট, মারাঠা,
দ্রাবিড়, উৎকল, বঙ্গ"

ওপরের কবিতার লাইনে যে উৎকলের নাম আছে সেই জায়গাটার বর্তমান নাম কি ?

উঃ ওড়িশা।

প্রঃ (১৪৫) সম্বর হ্রদটা কোথায় ?

উঃ ভারতের রাজস্থানে।

প্রঃ (১৪৬) জ্যামাইকা জায়গাটার নাম অনেকেরই শোনা। এই জায়গাটা কোথায় ?

উঃ ওয়েস্ট ইণ্ডিজের এটা বৃহত্তম দ্বীপ। ওয়েস্ট ইণ্ডিজকে বাংলায় পশ্চিম ভারতীয় দ্বীপপুঞ্জ বলা হয়।

প্রঃ (১৪৭) একটা নামকরা রাজধানী শহরকে পৃথিবীর প্রাচীনতম রাজধানী শহর বলা হয়ে থাকে। ঐ শহরটার নাম কি এবং সেটা কোথাকার রাজধানী ?

উঃ দামস্কাস। এটা সিরিয়ার রাজধানী। খ্রীষ্টধর্মের আড়াই হাজার বছর আগে থেকে সেখানে লোকবসতির কথা তথ্যপঞ্জীতে রয়েছে।

প্রঃ (১৪৮) পৃথিবীর সবচেয়ে উঁচু জায়গায় অবস্থিত রাজধানী শহর কোনটা ?

উঃ বলিভিয়ার লা পাজ। সমুদ্র পৃষ্ঠ থেকে ৩ হাজার ৬শো ৩১ মিটার উঁচুতে এই রাজধানী শহরটা অবস্থিত।

প্রঃ (১৪৯) আফ্রিকার সবচেয়ে বড় শহর কোনটা ?

উঃ কায়রো ?

প্রঃ (১৫০) উইনচেস্টার আগে কোন দেশের রাজধানী ছিল এবং বর্তমানে ঐ দেশের রাজধানী কি ?

উঃ ইংলণ্ডের রাজধানী ছিল। বর্তমানে ইংলণ্ডের রাজধানী লণ্ডন।

প্রঃ (১৫১) ইয়েলো সী বা পীত সাগর কোথায় অবস্থিত ?

উঃ চীন ও কোরিয়ার মধ্যে অবস্থিত।

প্রঃ (১৫২) ম্যাকমোহন লাইনটা কি ?

উঃ ভারত ও চীনের মধ্যে যে আন্তর্জাতিক সীমারেখাটা আছে সেটার নাম ম্যাকমোহন লাইন।

প্রঃ (১৫৩) ভারতের সবচেয়ে উঁচু পর্বতের চূড়া কোনটা ?

উঃ নন্দাদেবী। এটা ২৫ হাজার ৬ শো ৪০ ফুট উঁচু।

প্রঃ (১৫৪) ওড়িশার রাজধানীর নাম কি ?

উঃ ভুবনেশ্বর।

প্রঃ (১৫৫) কটক আগে কোথাকার রাজধানী ছিল ?

উঃ ওড়িশার।

প্রঃ (১৫৬) পৃথিবীতে সবচেয়ে বেশি পাট উৎপাদন হয় কোন দেশে ?

উঃ বাংলাদেশে।

প্রঃ (১৫৭) পোর্ট সৈয়দ কি ও কোথায় ?

উঃ এটা সুয়েজ খালের উত্তর প্রান্তের একটা বন্দর।

প্রঃ (১৫৮) ওয়েস্ট ইণ্ডিজ দেশটা কে কবে আবিষ্কার করেন ?

উঃ ক্রিস্টোফার কলম্বাস ১৪৯২ সালে এটা আবিষ্কার করেন।

প্রঃ (১৫৯) ভারতের সবচেয়ে বড় গেটওয়ে কোনটা এবং কোথায় অবস্থিত ?

উঃ বুলন্দ দরওয়াজা। ফতেপুর সিক্রি শহরের এটা প্রবেশ দ্বার।

প্রঃ (১৬০) সুরাট বন্দরের কথা আমরা প্রায় শুনি। এটা কোন নদীর ধারে অবস্থিত ?

উঃ তাপ্তি নদীর ধারে।

প্রঃ (১৬১) মারে নদী কোন দেশে আছে ?

উঃ অস্ট্রেলিয়ায়।

প্রঃ (১৬২) ডার্লিং নদীটা কোন দেশে ?

উঃ অস্ট্রেলিয়া।

প্রঃ (১৬৩) সোভিয়েট ইউনিয়নের আগেকার রাজধানী ছিল কোনটা ?

উঃ লেনিনগ্রাড। বর্তমানে রাজধানী মস্কো।

প্রঃ (১৬৪) ভাকরা-নাঙ্গাল বাঁধ কোথায় ?

উঃ পাঞ্জাবে। এটা ভারতের প্রথম পঞ্চমবার্ষিকী পরিকল্পনাকালে বহুমুখী নদী পরিকল্পনা। শতদ্রু নদীর ওপর ভাকরায় একটা ও নাঙ্গালে আর একটা বাঁধ নির্মিত হয়েছে।

প্রঃ (১৬৫) মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক শহর কোন নদীর ধারে অবস্থিত ?

উঃ হাডসন নদীর ধারে।

প্রঃ (১৬৬) আফ্রিকার সবচেয়ে বড় শহর কোনটা এবং ঐ শহরটা কোন নদীর ধারে অবস্থিত ?

উঃ কায়রো (মিশরের রাজধানী)। নীল নদের তীরে অবস্থিত।

প্রঃ (১৬৭) নাসের লেক নামে কৃত্রিম হ্রদটা মিশরের স্বর্গত প্রেসিডেণ্ট জি. এ. নাসেরের নামে হয়েছে। লেকটা কোন ড্যাম থেকে হয়েছে ?

উঃ অসওয়ান হাই ড্যাম থেকে।

প্রঃ (১৬৮) ভারতের লক্ষ্মৌ শহরটা কোন নদীর ধারে অবস্থিত ?

উঃ গোমতী নদী।

প্রঃ (১৬৯) তাসমানিয়া কোথায় ?

উঃ এটা অস্ট্রেলিয়ার একটা দ্বীপ।

প্রঃ (১৭০) মিচিগান হ্রদটা কোথায় ?

উঃ মার্কিন যুক্তরাষ্ট্রে।

প্রঃ (১৭১) মার্কিন যুক্তরাষ্ট্র ও কানাডা—উভয় জায়গাতেই অবস্থিত কোন হ্রদ ?

উঃ সুপিরিয়র, ওণ্টারিও, ইরি ও হিউরণ হ্রদ।

প্রঃ (১৭২) সিনাই (সাইনাই) পর্বতটা কোন দেশে অবস্থিত ?

উঃ মিশরে।

প্রঃ (১৭৩) ইটালির বৃহত্তম শহরের নাম কি ?

উঃ নেপল্‌স।

প্রঃ (১৭৪) জাপানকে জাপানীরা কি বলে ?

উঃ নিপ্পন। এই কথাটার অর্থ হল উদিত সূর্যের দেশ।

প্রঃ (১৭৫) গ্যাংটক কোথাকার রাজধানী ?

উঃ সিকিমের।

প্রঃ (১৭৬) জাকার্তা কোন দেশের রাজধানী ?

উঃ ইন্দোনেশিয়ার।

প্রঃ (১৭৭) সুইজারল্যাণ্ডের রাজধানী কি ?

উঃ বার্নে।

প্রঃ (১৭৮) ভিয়েনা কোথাকার রাজধানী ?

উঃ অস্ট্রিয়ার।

প্রঃ (১৭৯) জাম্বিয়া দেশটার কথা আমরা প্রায় শুনি। এর রাজধানী কি ?

উঃ লুসাকা।

প্রঃ (১৮০) লাগোস কোন দেশের রাজধানী ?

উঃ নাইজিরিয়ার।

প্রঃ (১৮১) চেকোশ্লোভাকিয়ার রাজধানীর নাম কি ?

উঃ প্রাগ।

প্রঃ (১৮২) পানামা সিটির নাম অনেকেরই শোনা। এটা কোথাকার রাজধানী ?

উঃ পানামার।

প্রঃ (১৮৩) ভুটানীদের কলকাতায় শীতকালে গরমের জামাকাপড় বিক্রি করতে দেখা যায়। ভুটান দেশটার রাজধানী কোথায় ?

উঃ থিম্পু।

প্রঃ (১৮৪) আলজিয়ার্স কার রাজধানী ?

উঃ আলজিরিয়ার।

প্রঃ (১৮৫) লেবাননে যুদ্ধের কথা আমরা প্রায় শুনি। এই লেবাননের রাজধানীর নাম কি ?

উঃ বেইরুট।

প্রঃ (১৮৬) লিমা কোথাকার রাজধানী ?

উঃ পেরু।

প্রঃ (১৮৭) ইরি ও হিউরন হ্রদের সংযোগস্থলে কোন শহর অবস্থিত ?

উঃ ডেট্রয়েট।

প্রঃ (১৮৮) হাউলেট চিড়িয়াখানা কোথায় ?

উঃ দক্ষিণ ইংলণ্ডে।

প্রঃ (১৮৯) জাপানের শিল্পগুলির মধ্যে প্রধান কোনটা ?

উঃ কার্পাস শিল্প।

প্রঃ (১৯০) ইয়াং সিকিয়াং নদীর মোহনায় অবস্থিত প্রধান বন্দর শহরের নাম কি ?

উঃ সাংহাই।

প্রঃ (১৯১) ফুজিয়ামা আগ্নেয়গিরিটা জীবিত আগ্নেয়গিরি না মৃত আগ্নেয়গিরি ?

উঃ মৃত আগ্নেয়গিরি।

প্রঃ (১৯২) সৌরমণ্ডলে সবচেয়ে উত্তপ্ত গ্রহ কোনটা ?

উঃ শুক্র গ্রহ।

প্রঃ (১৯৩) কোন প্রণালী এশিয়াকে উত্তর আমেরিকা থেকে বিচ্ছিন্ন করেছে ?

উঃ বেরিং প্রণালী।

প্রঃ (১৯৪) তাইওয়ানের রাজধানী কি ?

উঃ তাইপে।

প্রঃ (১৯৫) নরওয়ের রাজধানীর নাম কি ?

উঃ অসলো।

প্রঃ (১৯৬) সুদানের রাজধানীর নাম কি ?

উঃ খার্তুম।

প্রঃ (১৯৭) আক্রা কোন দেশের রাজধানী ?

উঃ ঘানা।

প্রঃ (১৯৮) কিউবার রাজধানী কি ?

উঃ হাভানা।

প্রঃ (১৯৯) ব্রাসেলস কোন দেশের রাজধানী ?

উঃ বেলজিয়াম।

প্রঃ (২০০) ফিনল্যাণ্ডের রাজধানীর নাম কি ?

উঃ হেলসিঙ্কি।

প্রঃ (২০১) এ, জে, তাসমান নামে এক ওলন্দাজ ১৬৪২ সালে এক দেশ আবিষ্কার করেন। ঐ দেশটার নাম কি ?

উঃ তাসমানিয়া।

প্রঃ (২০২) গঙ্গোত্রী হিমবাহ থেকে ভারতের কোন নদীর উৎপত্তি ?

উঃ গঙ্গা।

প্রঃ (২০৩) ভারত ও শ্রীলঙ্কার মধ্যে শিলা ও বালির ২২ মাইল দীর্ঘ একটা সেতু আছে। সেতুটার নাম কি ?

উঃ আদম সেতু।

প্রঃ (২০৪) ঝুলন্ত গম্বুজ কোথায় অবস্থিত ?

উঃ ইটালির পিসাতে।

প্রঃ (২০৫) কনস্টান্টিনোপল কোন জায়গার প্রাচীন নাম ?

উঃ ইস্তাম্বুল।

প্রঃ (২০৬) আবহাওয়া ও জলবায়ুর মধ্যে পার্থক্য কি ?

উঃ দৈনন্দিন প্রাকৃতিক অবস্থার নাম আবহাওয়া। আর কোনো একটা জায়গায় মরসুমের মোটামুটি অবস্থাকে বলে জলবায়ু।

প্রঃ (২০৭) কম্বোডিয়ার রাজধানী কি ?

উঃ নমপেন।

প্রঃ (২০৮) বার্বাডোজ কোন জায়গা ? এবং এর রাজধানী কি ?

উঃ ওয়েস্ট ইন্ডিজের একটা দ্বীপ। বার্বাডোজের রাজধানী হল ব্রিজটাউন।

প্রঃ (২০৯) টিরানা একটা জায়গার রাজধানী। জায়গাটার নাম কি ?

উঃ আলবানিয়া।

প্রঃ (২১০) সানজোস কোথাকার রাজধানী ?

উঃ কোস্টারিকা।

প্রঃ (২১১) ভারত ও শ্রীলঙ্কাকে বিভক্ত করেছে কোন প্রণালী ?

উঃ পক প্রণালী।

প্রঃ (২১২) দক্ষিণ রাশিয়া ও এশিয়া মাইনরের মধ্যে কোন সাগর অবস্থিত ?

উঃ কৃষ্ণসাগর।

প্রঃ (২১৩) কোন নদীর শাখা নদী শোন ?

উঃ গঙ্গার।

প্রঃ (২১৪) জার্মানীর সবচেয়ে বড় বন্দরের নাম কি ?

উঃ হামবুর্গ।

প্রঃ (২১৫) ভারতের মধ্যে বিহারের কোন জায়গায় সবচেয়ে বড় কয়লা খনি আছে ?

উঃ ঝরিয়া।

প্রঃ (২১৬) ভিসুভিয়াস আগ্নেয়গিরিটা কোথায় ?

উঃ ইটালিতে।

প্রঃ (২১৭) ভিসুভিয়াসে প্রথম অগ্ন্যুৎপাত হয় কোন সালে এবং শেষ অগ্ন্যুৎপাত হয় কোন সালে ?

উঃ প্রথম অগ্ন্যুৎপাত হয় ৭৯ সালে এবং শেষ অগ্ন্যুৎপাত হয় ১৯৪৪ সালে।

প্রঃ (২১৮) 'ভিক্টোরিয়া স্মৃতিসৌধ' ভিক্টোরিয়া মেমোরিয়াল ভারতের কোন জায়গায় অবস্থিত ?

উঃ কলকাতায়।

প্রঃ (২১৯) এভারেস্ট গিরিশৃঙ্গের নাম 'এভারেস্ট' হয়েছে কার নাম অনুসারে ?

উঃ স্যার জর্জ এভারেস্ট নামে ভারতের পূর্বতন সার্ভেয়র জেনারেলের নাম অনুসারে। ভারতের সার্ভে (জরীপ) বিভাগ ১৮৫২ সালে প্রথম এভারেস্ট গিরিশৃঙ্গ আবিষ্কার করে।

প্রঃ (২২০) কাজিরঙ্গা অভয়ারণ্য কোথায় ?

উঃ ভারতের আসাম রাজ্যে।

প্রঃ (২২১) চের্নোবিল পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রে দুর্ঘটনা নিয়ে সারা পৃথিবীতে খুব হৈ-চৈ হয়েছে। এই চের্নোবিল পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রটা কোন দেশে ?

উঃ সোভিয়েট ইউনিয়নে।

প্রঃ (২২২) কোচিন বন্দরের নাম অনেকের শোনা, বন্দরটা ভারতের কোন রাজ্যে অবস্থিত ?

উঃ কেরালায়।

প্রঃ (১) অপু এবং জয় বিপরীত দিক থেকে পরস্পরের দিকে যখন দৌড় শুরু করলো, সেই সময় তাদের উভয়ের মধ্যে দূরত্ব ছিল 40 কিলোমিটার। অপু ঘন্টায় 6 কিলোমিটার এবং জয় ঘণ্টায় 4 কিলোমিটার বেগে ছুটতে পাবে। তারা কতক্ষণ পরে নিজেদের মধ্যে মিলিত হতে পারবে ?

উঃ 4 ঘণ্টা পরে।

প্রঃ (২) পিতার বর্তমান বয়স পুত্রের বয়স অপেক্ষা 34 বৎসর বেশী, 12 বৎসব পূর্বে পিতার বয়স পুত্রের বয়সের 18 গুণ থাকলে, পুত্রের বয়স কত ?

উঃ 14 বৎসর।

প্রঃ (৩) দুইটি সংখ্যার গড় 15, সংখ্যা দুইটির একটি 11, অপরটি কত ?

উঃ 19।

প্রঃ (৪) যে চাকার ব্যাসার্ধ 35 সেমি তা 2 বার ঘুরলে কত দূরত্ব অতিক্রম করবে ?

উঃ 440 সেমি। (পরিধি $= 2\pi r$ সেমি $= 2 \times 22 \times 5$ সেমি $= 220$ $1 \cdot 220 \times 2 = 440$)

প্রঃ (৫) 4 সেমি বর্গের ক্ষেত্রফল কত ?

উঃ 16 বর্গ সেমি।

প্রঃ (৬) 40 মিটার কাপড়ের শতকরা কত অংশ নিলে 7 মিটার কাপড় পাওয়া যাবে ?

উঃ $17\frac{1}{2}\%$।

প্রঃ (৭) দুটি সংখ্যার অনুপাত 4 : 5 ; তাদের ল. সা. গু 60 হলে গ. সা. গু. কত ?

উঃ গ. সা. গু 3।

প্রঃ (৮) A-এর আয় B-এর আয় অপেক্ষা 20% বেশী হলে A-এর আয় অপেক্ষা B-এর আয় কত শতাংশ কম হয় ?

উঃ $16\frac{2}{3}\%$।

প্রঃ (৯) এক অসাধু ব্যবসায়ীর কিলোগ্রামের বাটখারাটির প্রকৃত ওজন 900 গ্রাম। এই বাটখারায় দ্রব্য বিক্রয় করে সে শতকরা কত লাভ করে ?

উঃ $11\frac{1}{8}\%$।

প্রঃ (১৭) জলমিশ্রিত 20 লিটার লঘু অ্যাসিড দ্রবণে জল ও অ্যাসিডের অনুপাত 1 ঃ 4, এই দ্রবণে আর কত অ্যাসিড মেশালে জল ও অ্যাসিডের অনুপাত 1 ঃ 5 হবে ?

উঃ 4 লিটার।

প্রঃ (১১) A ঃ B = 3 ঃ 4 ; B ঃ C = 5 ঃ 6 হলে A ঃ B ঃ C = কত ?

উঃ A ঃ B ঃ C = 15 ঃ 20 ঃ 24।

প্রঃ (১২) কোন দোলক ঘড়িতে 4টে ঘণ্টা বাজতে 5 সেকেণ্ড সময় লাগে। ঐ ঘড়িতে 10 টা ঘণ্টা বাজতে কত সময় লাগবে ?

উঃ 15 সেকেণ্ড।

প্রঃ (১৩) A এর 40% = B এর 70% হলে A ঃ B = কত ?

উঃ A ঃ B = 7ঃ4

প্রঃ (১৪) 1·6 এবং 2·8 এর তৃতীয় সমানুপাতী কত ?

উঃ 4·9।

প্রঃ (১৫) বার্ষিক 5% সরল সুদের হারে 1000 টাকা কত বৎসরে সুদে-আসলে 1500 টাকা হবে ?

উঃ 10 বৎসর।

প্রঃ (১৬) এক ব্যক্তি তাঁর মাসিক মূল বেতনের 20% ভাতা হিসাবে পান। তিনি মাসিক মোট 1080 টাকা পান, তবে ঐ ব্যক্তির মাসিক মূল বেতন কত ?

উঃ 900 টাকা।

প্রঃ (১৭) একটি ঝুড়িতে কিছু কমলালেবু ও আপেল আছে। তাদের সংখ্যার অনুপাত 4 ঃ 5, কমলালেবুর সংখ্যা 16 হলে ঝুড়িতে মোট ফলের সংখ্যা কত ?

উঃ 36টি।

প্রঃ (১৮) 524 টাকার 25% = কত টাকা ?

উঃ 131 টাকা।

প্রঃ (১৯) তিন অঙ্কের বৃহত্তম যুগ্ম সংখ্যাটি লেখ।

উঃ 998।

প্রঃ (২০) একটি বস্তু x টাকায় বিক্রি করায় $y\%$ ক্ষতি হল, বস্তুটির ক্রয়মূল্য কত ?

উঃ $\frac{100x}{100-y}$।

প্রঃ (২১) t বৎসরে x টাকার সুদ y টাকা হলে সুদের হার কত ?

উঃ $\frac{100y}{tx}\%$।

প্রঃ (২২) aকে কত দ্বারা গুণ করলে গুণফল 1 হবে।

উঃ $\frac{1}{a}$।

প্রঃ (২৩) 22 ঃ 7 অনুপাতের পূর্ব রাশি $1\frac{4}{7}$ হলে উত্তর রাশি কত ?

উঃ $\frac{1}{2}$।

প্রঃ (২৪) 10, 12, 16 দ্বারা ভাগ করলে প্রতিক্ষেত্রেই 2 ভাগশেষ থাকে এরূপ ক্ষুদ্রতম সংখ্যাটি লেখ।

উঃ 242।

প্রঃ (২৫) $(8+4)\div4\times3-(9-4\times2)$ এর মান নির্ণয় কর ঃ

উঃ 8।

প্রঃ (২৬) কোন ঘড়ির মিনিটের কাঁটা 5 মিনিট সময়ে কি পরিমাণ কোণে আবর্তিত হবে ?

উঃ 30°।

প্রঃ (২৭) একটি বিদ্যালয়ের শিক্ষকের সংখ্যা ছাত্র ও শিক্ষকের মোট সংখ্যার $\frac{1}{24}$ অংশ। ছাত্রসংখ্যা 345 হলে ঐ বিদ্যালয়ে শিক্ষকের সংখ্যা কত ?

উঃ 15।

প্রঃ (২৮) $\sqrt{14641}=$ কত ?

উঃ 121।

প্রঃ (২৯) কতজন বালককে 105টি আপেল এবং 150টি লিচু সমানভাবে ভাগ করে দেওয়া হল। বালকের সংখ্যা কি কি হতে পারে ?

উঃ বালকের সংখ্যা 3, 5 এবং 15 হতে পারে।

প্রঃ (৩০) দুই সংখ্যার ল. সা. গু. এবং গ. সা. গু. সমান। একটি সংখ্যা 144 হলে অপরটি কত ?

উঃ 144।

প্রঃ (৩১) দুইটি সংখ্যার অনুপাত 3 ঃ 5, উহাদের ল. সা. গু. 105, সংখ্যা দুটি কত ?

উঃ 21, 35।

প্রঃ (৩২) বার্ষিক $5\frac{1}{2}$% হার সুদে 2000 টাকার 6 মাসের সুদ কত হবে ?

উঃ 55 টাকা।

প্রঃ (৩৩) টাকায় 5টি দরে আম কিনে টাকায় 4টি দরে বিক্রী করলে শতকরা কত লাভ হবে ?

উঃ 25%।

প্রঃ (৩৪) শতকরা 1·5 হারে কত টাকার উপর কমিশন 54 টাকা হবে ?

উঃ 3600 টাকা।

প্রঃ (৩৫) একটি পাখা 450 টাকায় বিক্রয় করায় 10% ক্ষতি হল। পাখাটির ক্রয়মূল্য কত ?

উঃ 500 টাকা।

প্রঃ (৩৬) 50 জন লোকের 30 দিনের খাদ্যে 50 দিন চালাতে হলে কতজনকে চলে যেতে হবে।

উঃ 20 জন।

প্রঃ (৩৭) কোন সংখ্যাগুলি 5 দ্বারা সম্পূর্ণরূপে বিভাজ্য ?

উঃ যে সমস্ত সংখ্যার একক স্থানীয় অঙ্ক 0 বা 5 সেগুলি 5 দ্বারা সম্পূর্ণরূপে বিভাজ্য।

প্রঃ (৩৮) যে কোন পূর্ণ সংখ্যাকে বর্গ করলে বর্গফলের একক স্থানীয় অঙ্ক কি কি হতে পারে ?

উঃ যেকোন পূর্ণসংখ্যাকে বর্গ করলে বর্গফলের একক স্থানীয় অঙ্ক 0, 1, 4, 5, 6, 9 হতে পারে।

প্রঃ (৩৯) 9909 এর ঠিক পূর্ববর্তী পূর্ণবর্গ সংখ্যা কোন্‌টি ?

উঃ 9801।

প্রঃ (৪০) 99 কে দুটি সংখ্যার বর্গের অন্তররূপে প্রকাশ কর।

উঃ $99 = 100 - 1 = (10)^2 - (1)^2$ ।

প্রঃ (৪১) $(\cdot 2)^2$ বড় না ·4 বড় ?

উঃ ·4 বড়।

প্রঃ (৪২) $A : B = 4 : 6$, $B : C = 8 : 10$ হলে $A : B : C =$ কত ?

উঃ $A : B : C = 8 : 12 : 15$ ।

প্রঃ (৪৩) রাম, শ্যাম ও অমিতের মধ্যে 300 টাকা 5 : 3 : 7 অনুপাতে ভাগ করে দিলে কে কত পাবে ?

উঃ রাম = 100 টাকা, শ্যাম = 60 টাকা, অমিত = 140 টাকা।

প্রঃ (৪৪) দুটি সংখ্যার অনুপাত 4 : 5 এবং তাদের ল সা. গু 100 হলে সংখ্যা দুটি কত ?

উঃ 20 এবং 25 ।

প্রঃ (৪৫) 10, 20, 25, $(35 + x)$ সমানুপাতী হলে, x এর মান কত ?

উঃ 15 ।

প্রঃ (৪৬) রাম ও বিনয়ের বয়সের অনুপাত 3 : 4, রামের বয়স 36 হলে বিনয়ের বয়স কত ?

উঃ 48 বৎসর।

প্রঃ (৪৭) 125 : 175 এবং 77 : 88 এর মধ্যে কোনটি বৃহত্তর ?

উঃ 77 : 88 ।

প্রঃ (৪৮) চারটি সংখ্যা ক্রমিক সমানুপাতী। প্রথম সংখ্যা 1 এবং দ্বিতীয় সংখ্যাটি 2 হলে চতুর্থ সংখ্যাটি কত ?

উঃ 8 ।

প্রঃ (৪৯) পৃথিবীর উত্তর গোলার্ধ ও দক্ষিণ গোলার্ধের ক্ষেত্রফল: অনুপাত কত ?

উঃ 1 : 1 ।

প্রঃ (৫০) কোন জিনিসের বিক্রয়মূল্য একই হারে দুবার কমানো হল। যে জিনিসের ক্রয়মূল্য 25 টাকা এবং বিক্রয়মূল্য 16 টাকা তার ক্ষেত্রে কমিশনের হার কত ?

উঃ 20% ।

প্রঃ (৫১) 8% হার সুদে কোন টাকা কত বৎসরে সুদেমূলে দ্বিগুণ হবে ?

উঃ $12\frac{1}{2}$ বৎসরে।

প্রঃ (৫২) একটা আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 10% বাড়লে এবং প্রস্থ 10% কমলে শতকরা কি পরিবর্তন হবে ?

উঃ ক্ষেত্রফল কমবে 1%।

প্রঃ (৫৩) কোন গোলকেব ব্যাসার্ধ তিনগুণ বাড়ালে তার আয়তন কতগুণ বাড়বে ?

উঃ 27 গুণ।

প্রঃ (৫৪) 15টি বল 540 টাকায় বিক্রী করায় 3টি বলের ক্রয়মূল্য ক্ষতি হল। একটির ক্রয়মূল্য কত ?

উঃ 45 টাকা।

প্রঃ (৫৫) 300 টাকাব 10% এর 20% = কত টাকা ?

উঃ 6 টাকা।

প্রঃ (৫৬) একটা দ্রব্য 264 টাকায় বিক্রী করায় 12% ক্ষতি হল। দ্রব্যটির ক্রয়মূল্য কত ?

উঃ 300 টাকা।

প্রঃ (৫৭) কোন আসলের 3 বৎসরের সবৃদ্ধিমূল 560 টাকা এবং 5 বৎসরের সবৃদ্ধিমূল 600 টাকা হলে আসল কত ?

উঃ 500 টাকা।

প্রঃ (৫৮) যদি x এর 79% = z এর 25% হয় তবে, $z = x$ এর কত % হবে ?

উঃ 300%।

প্রঃ (৫৯) কোন বিদ্যালয়ের 40% ছাত্র অকৃতকার্য হল। 240 জন ছাত্র কৃতকার্য হলে বিদ্যালয়ের ছাত্রসংখ্যা কত ?

উঃ 400 জন।

প্রঃ (৬০) পূর্বে যে মূল্যে 25 টি আম পাওয়া যেত এখন সেই মূল্যে 20 টি আম পাওয়া যায়। আমের মূল্য কত বৃদ্ধি পেলো ?

উঃ 25%।

প্রঃ (৬১) টাকায় 7টি কলা কিনে টাকায় কটা কলা বিক্রয় করলে 40% লাভ হবে ?

উঃ 5টি।

প্রঃ (৬২) বাঙালীদের মধ্যে 65% মাছ খায়, 55% মাংস খায় এবং 40% উভয়ই খায়। শতকরা কতজন মাছ-মাংস খায় না ?

উঃ 20%।

প্রঃ (৬৩) 500 ফুট লম্বা একটি ট্রেন 700 ফুট লম্বা প্লাটফরমকে 10 সেকেণ্ডে অতিক্রম করলো। ট্রেনটির গতিবেগ নির্ণর কর।

উঃ 120 ফুট / সেকেণ্ডে।

প্রঃ (৬৪) 3 বর্গমিটার এবং 3 মিটার বর্গের মধ্যে তফাৎ কি ?

উঃ 3 মিটার বর্গ = 9 বর্গমিটার।

প্রঃ (৬৫) ·1 এর বর্গমূল কত ?

উঃ ·8

প্রঃ (৬৬) পাড়ার একটি ক্লাবের যতজন সভ্য আছে প্রত্যেকে তত 10 পয়সা চাঁদা দেওয়ায় মোট 40 টাকা চাঁদা ওঠলো। সভ্যসংখ্যা কত ?

উঃ 20 জন।

প্রঃ (৬৭) কোন রাশিকে a দ্বারা ভাগ করায় ভাগফল b এবং ভাগশেষ c হল। রাশিটা কত ?

উঃ রাশিটা হল $ab+c$।

প্রঃ (৬৮) দুইটি সংখ্যার গুণফল m এবং তাদের গ. সা. গু. n হলে তাদের ল. সা. গু. কত ?

উঃ ল. সা. গু. $=\frac{m}{n}$.

প্রঃ (৬৯) $a^2+b^2+c^2-ab-bc-ca=0$ হইলে, a, b, c, এর মধ্যে সম্পর্ক কি ?

উঃ $a=b=c$.

প্রঃ (৭০) এমন একটা উদাহরণ দাও যেখানে $m^x=m^y$ হলে $x\neq y$।

উঃ $1^2=1^3$ হলে $2\neq 3$.

প্রঃ (৭১) কি শর্তে a ও b পরস্পরের অন্যোন্যক হবে ?

উঃ শর্তটি হল $ab=1$.

প্রঃ (৭২) দুইটি সংখ্যার গুণফল a এবং ভাগফল b, সংখ্যা দুটি কি কি ?

উঃ $\sqrt{ab}$ এবং $\sqrt{\frac{a}{b}}$

প্রঃ (৭৩) abc এবং 429 এর মধ্যে পার্থক্য কি ?

উঃ $abc = a \times b \times c$ কিন্তু $429 = 4 \times 100 + 2 \times 10 + 9$

প্রঃ (৭৪) $x = abcd$ হইলে xএর উৎপাদকগুলি কি কি ?

উঃ a, b, c, d, ab, ac, ad, bc, bd, cd, abc, abd, acd, bcd.

প্রঃ (৭৫) দুইটি ক্রমিক পূর্ণবর্গ সংখ্যার সাধারণ রূপ কি ?

উঃ $n^2, (n+1)^2$

প্রঃ (৭৬) কি শর্তে a, b, c ক্রমিক সমানুপাতী হবে ?

উঃ $b^2 = ac$.

প্রঃ (৭৭) x^0এর পূরক কোণ কত ?

উঃ $(90-x)^0$

প্রঃ (৭৮) y^0এর সম্পূরক কোণ কত ?

উঃ $(180-y)^0$ ।

প্রঃ (৭৯) ত্রিভুজের পরিকেন্দ্র কাকে বলে ?

উঃ ত্রিভুজের বাহুগুলির লম্ব-সমদ্বিখণ্ডক তিনটির সম্পাত বিন্দুটিকে ঐ ত্রিভুজের ভরকেন্দ্র বলে ।

প্রঃ (৮০) ত্রিভুজের অন্তঃকেন্দ্র কাকে বলে ?

উঃ ত্রিভুজের কোণগুলির অন্তর্সমদ্বিখণ্ডক তিনটির ছেদবিন্দুকে ঐ ত্রিভুজের অন্তঃকেন্দ্র বলে ।

প্রঃ (৮১) ত্রিভুজের ভরকেন্দ্র কাকে বলে ?

উঃ ত্রিভুজের মধ্যমা তিনটি যে বিন্দুতে মিলিত হয় তাকে ঐ ত্রিভুজের ভরকেন্দ্র বলে।

প্রঃ (৮২) কোন ত্রিভুজের পরিকেন্দ্র, অন্তকেন্দ্র, ভরকেন্দ্র ও লম্ববিন্দু একই বিন্দু ?

উঃ সমবাহু ত্রিভুজের পরিকেন্দ্র, অন্তঃকেন্দ্র, ভরকেন্দ্র ও লম্ববিন্দু একই বিন্দু ।

প্রঃ (৮৩) 1cm, 2cm, 3cm. বাহুবিশিষ্ট একটা ত্রিভুজ অঙ্কন কি সম্ভব ?

উঃ না, সম্ভব নয় ।

প্রঃ (৮৪) কোন ত্রিভুজের কোণগুলির পরিমাণের অনুপাত 3 : 5 : 7 হলে তার ক্ষুদ্রতম কোণের পরিমাপ কত ?

উঃ 36°।

প্রঃ (৮৫) ট্রাপিজিয়ম কি একটি সামান্তরিক ?

উঃ না, ট্রাপিজিয়ম সামান্তরিক নয়।

প্রঃ (৮৬) রম্বস এবং বর্গক্ষেত্রের মধ্যে কোনটি সুষম চতুর্ভুজ ?

উঃ বর্গক্ষেত্র।

প্রঃ (৮৭) প্লেফেয়ারের স্বতঃসিদ্ধ কি ?

উঃ দুইটি পরস্পর ছেদী সরলরেখা উভয়ই কখনও একই সঙ্গে তৃতীয় কোন সরলরেখার সমান্তরাল হতে পারে না।

প্রঃ (৮৮) শূন্য স্থানের সংখ্যাটি কত ?
1, 4, 9, 16, — , 36, 49, 64

উঃ 25।

প্রঃ (৮৯) $\sqrt{3}$ এর মান কত ?

উঃ 1·732।

প্রঃ (৯০) $\sqrt{2}$ এর মান কত ?

উঃ 1·414।

প্রঃ (৯১) একটি লোকের বেতন 50% কমিয়ে পরে আবার 50% বাড়িয়ে দেওয়া হলে লোকটির শতকরা ক্ষতি কত হয় ?

উঃ 25%।

প্রঃ (৯২) রাম একটা কাজ 24 দিনে করতে পারে। অতনুর কর্মক্ষমতা রামের থেকে 60% বেশী হলে কাজটি অতনু কতদিনে করতে পারবে ?

উঃ 15 দিনে।

প্রঃ (৯৩) 60 লিটার দুধের সঙ্গে 15 লিটার জল মেশানো হল। জলমিশ্রিত দুধে জলের পরিমাণ শতকরা কত ?

উঃ জলের পরিমাণ 20%।

প্রঃ (৯৪) একটা গাড়ি স্বাভাবিক বেগের $\frac{6}{7}$ বেগে চললে A স্টেশন থেকে B স্টেশনে যেতে সময় লাগে 14 ঘণ্টা। স্বাভাবিক বেগে চললে A থেকে B-তে যেতে গাড়িটির কত সময় লাগবে ?

উঃ 13 ঘণ্টা।

প্রঃ (৯৫). একটা চক্ষু হাসপাতালে 55% রোগীর বাম চক্ষু এবং 65% রোগীর ডান চক্ষু ব্যাধিগ্রস্থ, যদি ঐ হাসপাতালের প্রত্যেক রোগীই চক্ষু ব্যাধিগ্রস্ত হয় তবে শতকরা কতজনের উভয়চক্ষু ব্যাধিগ্রস্ত ?

উঃ 20% ।

প্রঃ (৯৬) কোন শ্রেণীর মোট 40 জন বালকের মধ্যে 20 জন ফুটবল খেলে এবং 18 জন ক্রিকেট খেলে । 5 জন বালক কিছুই খেলে না । কতজন বালক ফুটবল ও ক্রিকেট উভয়ই খেলে ?

উঃ 3 জন ।

প্রঃ (৯৭) রৌপ্য ও নিকেলের মিশ্র ধাতুতে 40% রৌপ্য এবং 60% নিকেল আছে । এইরূপ 120 পাউণ্ড মিশ্র ধাতুতে কতটা রৌপ্য আছে ?

উঃ 48 পাউণ্ড ।

প্রঃ (৯৮) 270 টাকা A, B, Cএর মধ্যে $\frac{2}{3} : \frac{3}{4} : \frac{5}{6}$ অনুপাতে ভাগ করে দিলে A কত টাকা পাবে ?

উঃ 80 টাকা ।

প্রঃ (৯৯) $(\cdot999)^3+3(\cdot999)^2(\cdot001)+3(\cdot009)(\cdot001)^2+(\cdot001)^3$ এর মান কত ?

উঃ 1 ।

প্রঃ (১০০) অষ্টম শ্রেণীতে তিনটি বিভাগ আছে । 'ক' বিভাগে 35 জন 'খ' বিভাগে 46 জন এবং 'গ' বিভাগে 40 জন ছাত্র অছে । বাৎসরিক পরীক্ষাতে 'ক' বিভাগের 29 জন ছাত্র, 'খ' বিভাগের 39 জন ছাত্র এবং 'গ' বিভাগের 35 জন ছাত্র কৃতকার্য হল । কোন বিভাগের ফল সবচেয়ে ভাল হল ?

উঃ বিভাগ 'গ' এর ফল সবচেয়ে ভাল হইল ।

প্রঃ (১০১) একজন অসাধু ব্যবসায়ী 10% লাভ জিনিস বিক্রী করে । কিন্তু তার 1 kg বাটখারায় 50 gm কম থাকে । প্রকৃতপক্ষে ব্যবসায়ী কত লাভ করে ?

উঃ $15\frac{15}{19}\%$

প্রঃ (১০২) 4 : 5, 6 : 7, 8 : 9 এর মিশ্র অনুপাত কত ?

উঃ 64 : 105 ।

প্রঃ (১০৩) $12\cdot\dot{0}1\dot{6}$ কে সামান্য ভগ্নাংশে প্রকাশ কর ?

উঃ $12\cdot\dot{0}1\dot{6} = 12\frac{16}{999} = \frac{12004}{999}$ ।

প্রঃ (১০৪) দুইটি মৌলিক সংখ্যার ল. সা. গু. ও গ. সা. গু. কত ?

উঃ ল. সা. গু. হইবে সংখ্যাদ্বয়ের গুণফল এবং গ. সা. গু. হইবে 1 ।

প্রঃ (১০৫) জনৈক ব্যবসায়ী দুইটি ত্রুটিপূর্ণ তুলাদণ্ডের সাহায্যে কোন জিনিস ক্রয় করার সময় 20% লাভ করে এবং বিক্রয়ের সময় 20% টাকায়। তার শতকরা মোট লাভ কত ?

উঃ মোট লাভ = 24% ।

প্রঃ (১০৬) মা ও চার পুত্রেব বয়সের গড়, বাবা ও চার পুত্রের বয়সের গড় অপেক্ষা 2 বৎসর কম, মার বয়স 40 বৎসর হলে বাবার বয়স কত ?

উঃ 50 বৎসর ।

প্রঃ (১০৭) একজন ক্রিকেটার প্রথম 16 বার খেলায় গড়ে যত রান করল 17 তম খেলায় 85 রান করায় রানের গড় 3 বৃদ্ধি পেল, 17 বার খেলবার পর রানের গড় কত হল ?

উঃ 37 ।

প্রঃ (১০৮) একটি পাঠাগারে সাহিত্য ও বিজ্ঞানের পুস্তকের সংখ্যার অনুপাত 8 : 3 এবং সাহিত্যের পুস্তক সংখ্যা 1600, সাহিত্যের পুস্তক সংখ্যা বিজ্ঞানের পুস্তক সংখ্যা তিনগুণ করতে হলে, সাহিত্যের পুস্তক শতকরা কত বাড়াতে হবে ?

উঃ 12.5% বাড়াতে হবে ।

প্রঃ (১০৯) এক পরিবারস্থ 16 জন লোকের প্রত্যেকের জন্য দৈনিক সমান পরিমাণ চাল প্রয়োজন হয়। কয়েক জন লোক অনুপস্থিত থাকাতে কোন একদিন চালের খরচ 4 : 3 অনুপাতে কম হইল। ঐদিন কতজন লোক অনুপস্থিত ছিল ?

উঃ 4 জন অনুপস্থিত।

প্রঃ (১১০) একটি স্কুলের 10 জন শিক্ষকের মধ্যে একজন অবসর গ্রহণ করেন এবং তাঁহার জায়গায় 25 বৎসর বয়স্ক একজন নতুন শিক্ষককে নেওয়া হয়। ইহাতে শিক্ষকদের বয়সের গড় 3 বৎসর কমে যায়। অবসরপ্রাপ্ত শিক্ষকের বয়স কত ?

উঃ 55 বছর ।

প্রঃ (১১১) 4-টে বাজার কত মিনিট পর মিনিটের কাঁটাটি ঘণ্টার কাঁটাটিকে অতিক্রম করবে ?

উঃ $21\frac{9}{11}$ মিনিট পর।

প্রঃ (১১২) সাত অঙ্কের বৃহত্তম সংখ্যার সঙ্গে কত যোগ করিলে আট অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা পাওয়া যাইবে ?

উঃ 1।

প্রঃ (১১৩) এমন দুইটি যৌগিক সংখ্যা বল যাহারা পরস্পর মৌলিক ?

উঃ 15 এবং 16।

প্রঃ (১১৪) $(100)^{\cdot 5}$ = কত ?

উঃ 10. [সংকেত—$(100)^{\cdot 5}=(100)^{\frac{1}{2}}=\sqrt{100}$]

প্রঃ (১১৫) বার্ষিক 12% হারে বৃদ্ধি পেয়ে কোন ব্যক্তির বেতন 3 বৎসরের শেষে 784 টাকা হল। প্রথমে তার বেতন কত ছিল ?

উঃ $558\frac{1}{28}$ টাকা।

প্রঃ (১১৬) A একটা কাজ x দিনে এবং B ঐ কাজ y দিনে করতে পারে। A এবং B একত্রে কতদিনে কাজটি করতে পারবে ?

উঃ $\frac{xy}{x+y}$ দিনে।

প্রঃ (১১৭) দুটি পূর্ণ সংখ্যার অন্তর 9 এবং তাদের অনুপাত 17 : 14 হলে সংখ্যা দুটি কত ?

উঃ 51 এবং 42।

প্রঃ (১১৮) A-এর টাকার $\frac{1}{6}$ = B-এর টাকার $\frac{1}{7}$ = C-এর টাকার $\frac{1}{9}$ হলে A, B, C-এর টাকার অনুপাত কত ?

উঃ 6 : 7 : 9।

প্রঃ (১১৯) সুদের হার $4\frac{7}{8}\%$ থেকে $5\frac{1}{8}\%$ হওয়ায় কোন ব্যক্তির আয় 25 টাকা বাড়লো, ব্যক্তিটির মূলধন কত ?

উঃ 10,000 টাকা।

প্রঃ (১২০) কোনো টাকা 30 বৎসরে তিনগুণ হলে সুদের হার কত ?

উঃ $6\frac{2}{3}\%$।

প্রঃ (১২১) যখন এক কুইণ্টাল গমের দাম 12 টাকা, তখন 5 গ্রাম

পাউরুটির দাম 4 পয়সা। যখন এক কুইণ্টাল গমের দাম 25 টাকা, তখন 5 পয়সায় যে রুটি পাওয়া যায় তার ওজন কত?

উঃ 3 গ্রাম।

প্রঃ (১২২) সমগ্র পৃথিবীর স্থলভাগ ও জলভাগের অনুপাত 1 ঃ 2 হলে এবং উত্তর গোলার্ধে উহা 2 ঃ3 হলে দক্ষিণ গোলার্ধে কত হবে?

উঃ 4 ঃ 11।

প্রঃ (১২৩) একটি খুঁটির 5½% জলে, 6¼% কাদায় এবং 44 মিটার জলের ওপরে আছে। খুঁটির দৈর্ঘ্য কত?

উঃ 50 মিটার।

প্রঃ (১২৪) সপ্তাহে 4 cm. হারে বেড়ে একটি চারাগাছ 40 cm. হল সপ্তাহে 6 cm হারে বেড়ে অপব একটি চারাগাছ 30 cm. হল। আবকত সপ্তাহে তারা উচ্চতায় সমান হবে?

উঃ 5 সপ্তাহে।

প্রঃ (১২৫) কোন দোকানদার মহাজনের নিকট 10% ঠকে, কিন্তু দোকানদার ক্রেতাকে 10% ঠকায়। দোকানদারটি শতকরা কত লাভ বা ক্ষতি করে?

উঃ 1% ক্ষতি।

চলচ্চিত্র সম্পর্কীয় ক্যুইজ

প্রঃ (১) দাদা সাহেব ফালকে পুরস্কার প্রথম কে পেয়েছিলেন ?

উঃ দেবিকারানী।

প্রঃ (২) 'সিটি লাইটস্' নামে ইংরাজী ছবিতে কোন কৌতুকাভিনেতা অভিনয় করেছিলেন ?

উঃ চার্লি চ্যাপলীন।

প্রঃ (৩) ভারতে প্রথম পূর্ণদৈর্ঘ্যের বহুবর্ণের ফিল্ম নির্মাণ করা হয় কোনটা ?

উঃ অ্যান। মেহবুব প্রোডাকশনের তৈরি।

প্রঃ (৪) বাংলাব প্রথম সবাক ছবিটি কি ?

উঃ জামাইষষ্ঠী।

প্রঃ (৫) বাংলায় প্রথম গোয়েন্দা চিত্রটির নাম কি ?

উঃ মায়াবী।

প্রঃ (৬) অগ্রগামী কৃত প্রথম ছবিটার নাম কি ?

উঃ সাগরিকা।

প্রঃ (৭) বিকাশ রায় অভিনীত প্রথম ছবির নাম কি ?

উঃ "অভিযাত্রী"।

প্রঃ (৮) মঞ্জু দে পরিচালিত প্রথম ছবির নাম কি ?

উঃ অভিশপ্ত চম্বল।

প্রঃ (৯) প্রথম কোন ছবিতে বিশ্বজিৎ ও সৌমিত্র এক সঙ্গে অভিনয় করেন ?

উঃ মণিহার।

প্রঃ (১০) উত্তমকুমার পরিচালিত প্রথম ছবিটা কি ?

উঃ শুধু একটি বছর।

প্রঃ (১১) অমিতাভ বচ্চন প্রথম কোন বাংলা ছবিতে অভিনয় করে ছিলেন ?

উঃ অনুসন্ধান।

প্রঃ (১২) প্রথম কোন ছবিতে কানন দেবী ও সায়গল নায়ক নায়িকা হিসাবে অভিনয় করেছেন ?

উঃ সাথী।

প্রঃ (১৩) 'অভিনেতৃ সংঘ' প্রযোজিত প্রথম ছবির নাম কি ?

উঃ অমৃত কুম্ভের সন্ধানে।

প্রঃ (১৪) উত্তমকুমার সুরারোপিত প্রথম ছবির নাম কি ?

উঃ কাল, তুমি আলেয়া।

প্রঃ (১৫) 'শিল্পী সংসদ' এর প্রথম সভাপতি কে ?

উঃ উত্তমকুমার চট্টোপাধ্যায়।

প্রঃ (১৬) প্রথম আবহসঙ্গীত পদ্ধতি চালু হয় কোন বাংলা ছবিতে ?

উঃ চণ্ডীদাস।

প্রঃ (১৭) কোন ছবিতে রঞ্জিৎ মল্লিক প্রথম অভিনয় করেন ?

উঃ ইণ্টারভিউ।

প্রঃ (১৮) প্রথম কোন বাংলা ছবিতে হেমন্ত মুখোপাধ্যায় সঙ্গীত পরিচালনা করেন ?

উঃ পূর্বরাগ।

প্রঃ (১৯) সুমিত্রা মুখার্জী অভিনীত প্রথম ছবির নাম কি ?

উঃ আজকের নায়ক।

প্রঃ (২০) 'শিল্পী সংসদের' প্রযোজনায় প্রথম ছবির নাম কি ?

উঃ বনপলাশীর পদাবলী।

প্রঃ (২১) কে বাংলার প্রথম গ্র্যাজুয়েট অভিনেত্রী ছিলেন ?

উঃ কঙ্কাবতী সাহু।

প্রঃ (২২) দিলীপকুমার অভিনীত প্রথম বাংলা ছবির নাম কি ?

উঃ পাড়ি।

প্রঃ (২৩) বিশ্বজিত অভিনীত প্রথম ছবির নাম কি ?

উঃ কংস।

প্রঃ (২৪) সর্বপ্রথম কোন ছবিতে সৌমিত্র ও সুচিত্রা সেন একসঙ্গে অভিনয় করেন ?

উঃ সাত পাকে বাঁধা।

প্রঃ (২৫) হেমন্ত মুখোপাধ্যায় পরিচালিত প্রথম বাংলা ছবির নাম কি ?

উঃ অনিন্দিতা।

প্রঃ (২৬) কলকাতায় প্রতিষ্ঠিত প্রথম চিত্রগৃহ কোনটা ?

উঃ এ্যালফিনস্টোন পিকচার প্যালেস।

প্রঃ (২৭) কোন ছবিতে উত্তমকুমাব সর্বপ্রথম দ্বৈত ভূমিকায় অভিনয় করেন ?

উঃ তাসের ঘর।

প্রঃ (২৮) নির্মলকুমার কোন ছবিতে প্রথম অভিনয় করেন ?

উঃ শেষের কবিতা।

প্রঃ (২৯) প্রথম কোন ছবিতে সুপ্রিয়া দেবী দ্বৈত ভূমিকায় অভিনয় করেন ?

উঃ মন নিয়ে।

প্রঃ (৩০) অসিতবরণ কোন ছবিতে প্রথম অভিনয় করেন ?

উঃ প্রতিশ্রুতি।

প্রঃ (৩১) কৃষ্ণচন্দ্র দে প্রথম কোন ছবিতে অভিনয় করেন ?

উঃ চণ্ডীদাস।

প্রঃ (৩২) কোন ছবিতে সুচিত্রা সেন প্রথম অভিনয় করেন ?

উঃ শেষ কোথায়।

প্রঃ (৩৩) 'অগ্রদূত' কৃত প্রথম রঙিন বাংলা ছবি কি ?

উঃ পথে হল দেরী।

প্রঃ (৩৪) নীতিন বসু পরিচালিত প্রথম ছবি কোনটা ?

উঃ বুকের বোঝা।

প্রঃ (৩৫) প্রথম কোন ছবিতে অশোককুমার ও সুচিত্রা সেন এক সঙ্গে অভিনয় করেন ?

উঃ হসপিটাল।

প্রঃ (৩৬) নূ্য থিয়েটার্সের প্রযোজনায় প্রথম সবাক ছবির নাম কি ?

উঃ দেনাপাওনা।

প্রঃ (৩৭) প্রথম রঙীন বাংলা ছবির নায়ক নায়িকা কারা ?

উঃ উত্তমকুমার ও সুচিত্রা সেন।

প্রঃ (৩৮) দুর্গাদাস বন্দোপাধ্যায় অভিনীত প্রথম সবাক ছবি কোনটি ?

উঃ দেনাপাওনা।

প্রঃ (৩৯) অশোককুমার অভিনীত প্রথম বাংলা ছবি কোনটি ?

উঃ চন্দ্রশেখর।

প্রঃ (৪০) তপন সিংহের প্রথম ছবি কি ?

উঃ অংকুশ।

প্রঃ (৪১) মৃণাল সেনের প্রথম ছবি কি ?

উঃ রাতভোর।

প্রঃ (৪২) বাংলায় প্রথম পূর্ণ দৈর্ঘ্যের সবাক ছবি "ঋষির প্রেম" এর পরিচালকের নাম কি ?

উঃ জ্যোতিষ বন্দ্যোপাধ্যায়।

প্রঃ (৪৩) তপন সিংহের প্রথম বাংলা ছবি কত সালে মুক্তি পায় ?

উঃ ১৯৫৪ সালে।

প্রঃ (৪৪) কোন ছবিতে দুর্গাদাস বন্দ্যোপাধ্যায় প্রথম নায়ক হয়েছিলেন ?

উঃ চন্দ্রনাথ।

প্রঃ (৪৫) সায়গল অভিনীত প্রথম বাংলা ছবি কোনটা ?

উঃ দেবদাস।

প্রঃ (৪৬) কানন দেবী ও প্রমথেশ বড়ুয়া অভিনীত প্রথম ছবিটা কত সালে মুক্তি পায় ?

উঃ ১৯৩৭ সালে।

প্রঃ (৪৭) ভারতের প্রথম শিক্ষামূলক শিশু চিত্র-এর নাম কি ?

উঃ হাতেখড়ি।

প্রঃ (৪৮) সাহিত্যিক প্রেমেন্দ্র মিত্র পরিচালিত প্রথম ছবিটি কি ?

উঃ সমাধান।

প্রঃ (৪৯) সত্যজিৎ রায়ের প্রথম রঙিন ছবি কি ?

উঃ কাঞ্চনজঙ্ঘা।

প্রঃ (৫০) প্রথম কোন ছবিতে ছবি বিশ্বাস অভিনয় করেন ?

উঃ অন্নপূর্ণার মন্দির।

প্রঃ (৫১) প্রথম জাতীয় কিশোর ছবির নাম কি ?

উঃ পরিবর্তন।

প্রঃ (৫২) কোন ছবিতে বাংলায় প্রথম 'প্লে-ব্যাক' পদ্ধতি শুরু হয়?

উঃ ভাগ্যচক্র।

প্রঃ (৫৩) কোন ছবিতে স্বনামধন্য খেলোয়াড় গোষ্ঠগোপাল প্রথম অভিনয় করেন ?

উঃ গৌরীশঙ্কর।

প্রঃ (৫৪) কোন বাংলা ছবিতে মান্না দে প্রথম সুরারোপ করেছেন ?

উঃ শেষ পৃষ্ঠায় দেখুন।

প্রঃ (৫৫) উত্তমকুমারের অভিনীত যে ছবি প্রথম কলকাতায় 'রজতজয়ন্তী' উদ্‌যাপন করে তার নাম কি ?

উঃ সাড়ে চুয়াত্তর।

প্রঃ (৫৬) স্বয়ং নায়ক হয়ে প্রথম নিজের গান নিজে গেয়েছেন কোন ছবিতে এবং সেই ছবিব নায়ক কে ?

উঃ মীরাবাঈ। এই ছবির নায়ক পাহাড়ী সান্যাল।

প্রঃ (৫৭) কোন বাংলা ছবিতে সর্বপ্রথম 'ফ্লাশব্যাক' প্রথা চালু হয় ?

উঃ রূপলেখা।

প্রঃ (৫৮) প্যারাডাইস প্রেক্ষাগৃহে মুক্তিপ্রাপ্ত প্রথম বাংলা ছবি কোনটা ?

উঃ সাড়ে চুয়াত্তর।

প্রঃ (৫৯) কোন ছবিতে সৌমিত্র চট্টোপাধ্যায় প্রথম অভিনয় করেন ?

উঃ অপুর সংসার।

প্রঃ (৬০) শিশিরকুমারের 'চাণক্য' ছবিতে 'মুরা'র ভূমিকায় যিনি অভিনয় করেছেন তাঁর নাম কি ?

উঃ কঙ্কাবতী সাহু।

প্রঃ (৬১) নরেশ মিত্র-এর 'নৌকাডুবি' কত সালে মুক্তি পায় ?

উঃ ১৯৩২ সালে।

প্রঃ (৬২) 'ভরত' পুরস্কার কত সালে চালু হয় ?

উঃ ১৯৬৭ সালে।

প্রঃ (৬৩) 'বিদ্যাসাগর' ছবির নাম ভূমিকায় যিনি ছিলেন তাঁর নাম কি ?

উঃ পাহাড়ী সান্যাল।

প্রঃ (৬৪) সত্যজিৎ রায়ের 'কাঞ্চনজঙ্ঘা' ছবির কাহিনীকারের নাম কি ?

উঃ সত্যজিৎ রায়।

প্রঃ (৬৫) ছবি বিশ্বাস পরিচালিত দুটো ছবি কি কি ?

উঃ প্রতিকার ও যার যেথা ঘর।

প্রঃ (৬৬) নিউ থিয়েটার্সের প্রতিষ্ঠাতার নাম কি ?

উঃ বীরেন্দ্রনাথ সরকার।

প্রঃ (৬৭) ছবি বিশ্বাস অভিনীত সর্বশেষ ছবির নাম কি ?

উঃ বধূ।

প্রঃ (৬৮) ছবি বিশ্বাস কত সালে মারা যান ?

উঃ ১৯৬২ সালে।

প্রঃ (৬৯) কোন ছবিতে ছবি বিশ্বাস তৎকালীন এক জীবিত এবং খ্যাতিমান ব্যক্তিত্বের ভূমিকায় অভিনয় করেন ?

উঃ দাদাঠাকুর।

প্রঃ (৭০) ছবি বিশ্বাসের আসল নাম কি ?

উঃ শচীন্দ্রনাথ বিশ্বাস।

প্রঃ (৭১) সত্যজিৎ রায়ের কোন ছবি সব থেকে বেশী দিন কলকাতায় প্রদর্শিত হয় ?

উঃ গুপী গাইন বাঘা বাইন।

প্রঃ (৭২) সত্যজিৎ রায়ের 'পথের পাঁচালী' ছবির সঙ্গীত পরিচালকের নাম কি ?

উঃ পণ্ডিত রবিশঙ্কর।

প্রঃ (৭৩) সত্যজিৎ রায়ের 'নায়ক' ছবিটা কত সালে মুক্তি পায় ?

উঃ ১৯৬৬ সালে।

প্রঃ (৭৪) সত্যজিৎ রায়ের 'জলসাঘর' ছবিতে ছবি বিশ্বাস কি ভূমিকায় অভিনয় করেন ?

উঃ বিশ্বম্ভর রায়ের ভূমিকায়।

প্রঃ (৭৫) কোন কোন উৎসবে সত্যজিৎ রায়ের 'অশনি সংকেত' শ্রেষ্ঠ চিত্র হিসাবে পুরস্কার পায় ?

উঃ শিকাগো চলচিত্র উৎসব এবং বার্লিন চলচিত্র উৎসবে।

প্রঃ (৭৬) সত্যজিৎ রায়ের 'অপুর সংসার' ছবিতে অপুর স্ত্রীর ভূমিকায় অভিনয় করেন কে ?

উঃ শর্মিলা ঠাকুর।

প্রঃ (৭৭) সত্যজিৎ রায়ের 'গুপীগাইন বাঘাবাইন' ছবির প্রযোজক সংস্থার নাম কি ?

উঃ পূর্ণিমা পিকচার্স।

প্রঃ (৭৮) সত্যজিৎ রায়ের 'গুপীগাইন বাঘাবাইন' ছবির কাহিনী-কারের নাম কি ?

উঃ উপেন্দ্রকিশোর রায়চৌধুরী।

প্রঃ (৭৯) সত্যজিৎ রায় কত সালে 'দাদা সাহেব ফালকে' পুরস্কার পান ?

উঃ ১৯৮৫ সালে।

প্রঃ (৮০) সত্যজিৎ রায়ের 'পথের পাঁচালী' ছবিতে হরিহরের চরিত্রে কে অভিনয় করেন ?

উঃ কানু বন্দ্যোপাধ্যায়।

প্রঃ (৮১) সত্যজিৎ রায়ের 'জয় বাবা ফেলুনাথ' ছবির প্রযোজকের নাম কি ?

উঃ আর. ডি. বনশল।

প্রঃ (৮২) অরুন্ধতী মুখার্জী 'ভগিনী নিবেদিতা' ছবিতে অভিনয় করে কি পুরস্কার পান ?

উঃ বি. এফ. জে. এ. পুরস্কার।

প্রঃ (৮৩) সঙ্গীত নাটক একাডেমী কোন সালে ছবি বিশ্বাসকে শ্রেষ্ঠ অভিনেতার সম্মান দেন ?

উঃ ১৯৫৯ সালে।

প্রঃ (৮৪) শ্যামল মিত্র প্রযোজিত কোন ছবির চিত্রনাট্যকার ঋত্বিক ঘটক ছিলেন ?

উঃ রাজকন্যা।

প্রঃ (৮৫) সায়গল ও কাননদেবী এক সঙ্গে ক । ছবিতে অভিনয় করেন ।

উঃ দুটো ।

প্রঃ (৮৬) প্রমথেশ বড়ুয়ার 'দেবদাস' ছবিতে পার্বতীর ভূমিকায় কে অভিনয় করেছেন ?

উঃ যমুনা বড়ুয়া ।

প্রঃ (৮৭) গোল্ডেন পিকচার্সের 'রাজা কৃষ্ণচন্দ্র' ছবির নাম ভূমিকায় কে ছিলেন ?

উঃ পাহাড়ী সান্যাল ।

প্রঃ (৮৮) কোন ছবিতে প্রথম আত্মপ্রকাশ করেন প্রখ্যাত অভিনেতা ধীরাজ ভট্টাচার্য ?

উঃ সতীলক্ষ্মী ।

প্রঃ (৮৯) সুচিত্রা সেনের প্রথম ছবি 'শেষ কোথায়' কত সালে মুক্তি পেয়েছিল ?

উঃ ছবিটা আজও মুক্তি পায়নি ।

প্রঃ (৯০) মান্না দের আসল নাম কি ?

উঃ প্রবোধচন্দ্র দে ।

প্রঃ (৯১) চণ্ডীদাস ছবিটা কত সালে মুক্তি পায় ?

উঃ ১৯৩২ সালে ।

প্রঃ (৯২) প্রিয়নাথ গাঙ্গুলীর 'কৃষ্ণকান্তের উইল' ছবির গোবিন্দলাল-এর ভূমিকায় কে অভিনয় করেছেন ?

উঃ দুর্গাদাস বন্দ্যোপাধ্যায় ।

প্রঃ (৯০) নিউ থিয়েটার্সের 'চিরকুমার সভা' ছবিতে 'পূর্ণ' কে হয়েছিলেন ?

উঃ দুর্গাদাস বন্দ্যোপাধ্যায় ।

প্রঃ (৯৪) 'দেবদাস' কত সালে মুক্তি পায় ?

উঃ ১৯৩৫ সালে ।

প্রঃ (৯৫) ভারতীয় চলচ্চিত্রের জনক দাদাসাহেব ফালকে কত সালে মারা যান ?

উঃ ১৯৪৪ সালে ।

প্রঃ (৯৬) কে 'আলিবাবা' ছবিতে সঙ্গীত পরিচালক ছিলেন ?

উঃ মিঃ নাগর ও ফ্রাঙ্গোপোলো।

প্রঃ (৯৭) বি. এফ. জে. এ. সংস্থা কত সালে পুরস্কার দিতে আরম্ভ করে ?

উঃ ১৯৩৯ সালে।

প্রঃ (৯৮) নিউ থিয়েটার্সের প্রথম সবাক ছবি 'দেনাপাওনা' ছবির পরিচালকের নাম কি ?

উঃ প্রেমাঙ্কুর আতর্থী।

প্রঃ (৯৯) 'আমি কোন পথে যে চলি, কোন কথা যে বলি...'
কোন ছবির গান ? গানটা কে গেয়েছেন ?

উঃ ছদ্মবেশী। গানটা মান্না দে গেয়েছেন।

প্রঃ (১০০) কোন দেশবরেণ্য ব্যক্তিত্বের ভূমিকায় অনিল চট্টোপাধ্যায় অভিনয় করেন ?

উঃ দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ।

প্রঃ (১০১) সুচিত্রা সেনের আসল নাম কি ?

উঃ রমা সেন।

প্রঃ (১০২) চৌরঙ্গী ছবিটি কত সালে মুক্তি পায় ?

উঃ ১৯৬৮ সালে।

প্রঃ (১০৩) যাত্রিক পরিচালিত 'পলাতক' ছবির কাহিনীকারের নাম কি ?

উঃ মনোজ বসু।

প্রঃ (১০৪) প্রমথেশ বড়ুয়ার 'মুক্তি' ছবিটা কত সালে মুক্তি পায় ?

উঃ ১৯৩৭ সালে।

প্রঃ (১০৫) ঋত্বিক ঘটকের প্রথম ছবি কি ?

উঃ 'নাগরিক'।

প্রঃ (১০৬) কোন বাংলা ছবিতে গায়ক অভিনেতা রূপে শচীন দেববর্মন প্রথম অভিনয় করেন ?

উঃ বিদ্রোহী।

প্রঃ (১০৭) 'বিদ্যাসাগর' ছবিতে বিদ্যাসাগরের মায়ের ভূমিকায় কে অভিনয় করেছিলেন ?

উঃ মলিনা দেবী।

প্রঃ (১০৮) 'বিষ্ণুপ্রিয়া' ছবিতে প্রদীপকুমারের বিপরীতে কে অভিনয় করেছেন ?

উঃ মীরা মিশ্র।

প্রঃ (১০৯) মহাপ্রস্থানের পথে ছবির কাহিনীকার কে ?

উঃ প্রবোধকুমার সান্যাল।

প্রঃ (১১০) কোন সাহিত্যিকের শ্রেষ্ঠ উপন্যাস 'সাহেব বিবি গোলাম' নিয়ে চলচ্চিত্র হয়েছে ?

উঃ বিমল মিত্রের।

প্রঃ (১১১) উত্তমকুমার ও অশোককুমার একসঙ্গে কোন ছবিতে অভিনয় করেন ?

উঃ আনন্দ আশ্রম।

প্রঃ (১১২) ঝড় ছবিতে ডিরোজিওর ভূমিকায় কে অভিনয় করেন ?

উঃ উজ্জ্বল সেনগুপ্ত।

প্রঃ (১১৩) 'কবি' ছবিতে রাজনের চরিত্রে কে অভিনয় করেছেন ?

উঃ নীতিশ মুখোপাধ্যায়।

প্রঃ (১১৪) 'ঝড়' ছবিতে রাধাকান্ত দেবের ভূমিকায় কে অভিনয় করেন ?

উঃ উৎপল দত্ত।

প্রঃ (১১৫) 'মহাপ্রস্থানের পথে' ছবিতে লেখকের ভূমিকায় কে অভিনয় করেছেন ?

উঃ বসন্ত চৌধুরী।

প্রঃ (১১৬) কোন লেখকের স্মরণীয় সাহিত্যের চলচিত্র রূপ 'রজনী' ?

উঃ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের।

প্রঃ (১১৭) কাদের সবাক বাংলা ছবির জনক বলা হয় ?

উঃ ম্যাডান কোম্পানী।

প্রঃ (১১৮) কোন বাংলা ছবি রাষ্ট্রপতির স্বর্ণপদক লাভ করে এবং কত সালে ?

উঃ কাবুলিওয়ালা। ১৯৫৬ সালে।

প্রঃ (১১৯) আজ পর্যন্ত সত্যজিৎ রায়ের কটা ছবিতে শর্মিলা ঠাকুর কাজ করেছেন ?

উঃ পাঁচটা।

প্রঃ (১২০) কত সালে পীযূষ বসুর 'সন্ন্যাসীরাজা' মুক্তি পায় ?

উঃ ১৯৭৫ সালে।

প্রঃ (১২১) কোন ছবিতে 'বিষ্ণুপ্রিয়ার' ভূমিকায় সুচিত্রা সেন অভিনয় করেন ?

উঃ 'ভগবান শ্রীকৃষ্ণচৈতন্য'।

প্রঃ (১২২) কোন ছবিতে 'মা ও মেয়ের' ভূমিকায় সুচিত্রা সেন অভিনয় করেন ?

উঃ 'উত্তর ফাল্গুনী'।

প্রঃ (১২৩) কোন প্রখ্যাত পরিচালকের প্রথম ছবি আর্য ফিল্মের 'বুকের বোঝা' ?

উঃ নীতিন বসুর।

প্রঃ (১২৪) 'গানে মোর কোন ইন্দ্রধনু'—এটা কোন ছবির গান এবং গানটা কে গেয়েছেন ?

উঃ অগ্নিপরীক্ষা। গানটা সন্ধ্যা মুখোপাধ্যায় গেয়েছেন।

প্রঃ (১২৫) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের কোন উপন্যাসের চিত্ররূপঃ 'হার মানা হার' ?

উঃ মহাশ্বেতা।

প্রঃ (১২৬) কে চলচ্চিত্রে ডাবিং পদ্ধতির স্রষ্টা ?

উঃ জর্জ ড্যানিং।

প্রঃ (১২৭) কাকে বাংলা চলচ্চিত্রে ডি. জি. বলা হয় ?

উঃ ধীরেন গাঙ্গুলীকে।

প্রঃ (১২৮) 'সুভাষচন্দ্র' ছবির পরিচালকের নাম কি ?

উঃ পীযূষ বসু।

প্রঃ (১২৯) 'মহাতীর্থ কালীঘাট' ছবির পরিচালকের নাম কি ?

উঃ ভূপেন রায়।

প্রঃ (১৩০) কোন স্বনামধন্য সুরকার প্রথম আত্মপ্রকাশ করেন 'অভিযাত্রী' ছবিতে ?

উঃ হেমন্ত মুখোপাধ্যায়।

প্রঃ (১৩১) কোন ছবির গান 'আমার স্বপ্নে দেখা রাজকন্যা' এবং গানটার সুরকারের নাম কি ?

উঃ সাগরিকা। সুরকার রবীন চট্টোপাধ্যায়।

প্রঃ (১৩২) কোন বাংলা ছবি ১৯৫৮ সালে রাষ্ট্রপতির স্বর্ণপদক লাভ করে ?

উঃ সাগর সঙ্গমে।

প্রঃ (১৩৩) 'অনুসন্ধান' ছবির পরিচালকের নাম কি ?

উঃ শক্তি সামন্ত।

প্রঃ (১৩৪) কে 'জব চার্নক' হয়েছিলেন 'জব চার্নকের বিবি' ছবিতে ?

উঃ সৌমিত্র চট্টোপাধ্যায়।

প্রঃ (১৩৫) 'নীল আকাশের নীচে' ছবির পরিচালকের নাম কি ?

উঃ মৃণাল সেন।

প্রঃ (১৩৬) উত্তমকুমার অভিনীত মুক্তি পেয়েছে এরকম ছবির মোট সংখ্যা কত ?

উঃ ২১০।

প্রঃ (১৩৭) ঋত্বিক ঘটকের ছবিগুলোর নাম কি ?

উঃ বাড়ি থেকে পালিয়ে, যুক্তি তক্কো গপ্পো, নাগরিক, তিতাস একটি নদীর নাম, মেঘে ঢাকা তারা, অযান্ত্রিক, সুবর্ণরেখা, কোমল গান্ধার।

প্রঃ (১৩৮) ঋত্বিক ঘটকের মোট মুক্তি প্রাপ্ত ছবির সংখ্যা কত ?

উঃ আটটি।

প্রঃ (১৩৯) প্রেমেন্দ্র মিত্রের প্রথম ছবিটি কি এবং কত সালে মুক্তি পেয়েছে ?

উঃ সমাধান। ১৯৪৩ সালে ছবিটা মুক্তি পেয়েছে।

প্রঃ (১৪০) বাংলার প্রথম শরৎ কাহিনী 'আঁধারে আলো' ছবির পরিচালকের নাম কি ?

উঃ নরেশ মিত্র এবং শিশির ভাদুড়ী।

প্রঃ (১৪১) কোন ছবির গান 'মৌ বনে আজ মৌ জমেছে'··· ?

উঃ বন্ধু।

প্রঃ (১৪২) কত সালে উত্তম সুচিত্রা অভিনীত সাগরিকা ছবিটি মুক্তি পায় ?

উঃ ১৯৫৬ সালে।

প্রঃ (১৪৩) কোন ছবির গান 'আমি স্বপ্নে তোমায় দেখেছি' ?

উঃ বিপাশা।

প্রঃ (১৪৪) কে 'পথের পাঁচালী' ছবির প্রয়োজক ?

উঃ পশ্চিমবঙ্গ সরকার ।।

প্রঃ (১৪৫) 'লৌহকপাট' ছবিতে মালা সিনহা কি চরিত্রে অভিনয় করেছেন ?

উঃ ছুটকি।

প্রঃ (১৪৬) আগে টেকনিশিয়ান স্টুডিওর কি নাম ছিল ?

উঃ কালী ফিল্মস।

প্রঃ (১৪৭) শংকরের কাহিনী অবলম্বনে আজ পর্যন্ত কতগুলো বাংলা ছবি হয়েছে ?

উঃ পাঁচটা।

প্রঃ (১৪৮) 'কিছুক্ষণ' ছবির পরিচালক কে ?

উঃ অরবিন্দ মুখার্জী।

প্রঃ (১৪৯) 'হীরক রাজার দেশে' ছবিতে হীরক রাজার ভূমিকায় কে অভিনয় করেছেন ?

উঃ উৎপল দত্ত।

প্রঃ (১৫০) 'পাখী আজ কোন কথা কয়'—কোন ছবির গান এবং গানটা কে গেয়েছেন ?

উঃ জীবন মরণ ছবির গান। গানটা গেয়েছেন কুন্দনলাল সায়গল।

প্রঃ (১৫১) উত্তম সুচিত্রা একসঙ্গে কোন ছবিতে প্রথম অভিনয় করেন ?

উঃ 'সাড়ে চুয়াত্তর'।

প্রঃ (১৫২) ছবি বিশ্বাস 'দেবী' ছবিতে কোন চরিত্রে অভিনয় করেন ?

উঃ কালীকিংকর।

প্রঃ (১৫৩) কোন অভিনেতার ডাকনাম 'সুলাল' ?

উঃ জহর গঙ্গোপাধ্যায়।

প্রঃ (১৫৪) পংকজ মল্লিক কত সালে 'দাদাসাহেব ফালকে' পুরস্কার পান'।

উঃ ১৯৭৩ সালে।

ভ্রম সংশোধন

* ৪৫ পৃষ্ঠায় ১০ নম্বর প্রশ্নের উত্তর হবে কুরুক্ষেত্র, হরিয়ানায়।
* ৬২ পৃষ্ঠায় ৬ নম্বর প্রশ্নের উত্তর হবে ৩ কোটির জায়গায় ৩০ লক্ষ।
* ৬৮ পৃষ্ঠায় ৭১ নম্বর প্রশ্ন ও ৬৮ পৃষ্ঠায় ৭৪ নম্বর প্রশ্ন বাদ যাবে।
* কলকাতার টেলিফোন সম্পর্কে ৬৯ পাতার ৮৮ নম্বর প্রশ্নের উত্তর ঠিক উত্তর অনুধাবনবশতঃ ভুল হয়েছে।